মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আদিপর্ব্ব

ত্রয়োদশখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

শব্দাচার্য্য-পুরাণশাস্ত্রি-সাংখ্যরত্ন-ব্যাকরণতীর্থ-কাব্যতীর্থ-

স্মৃতিতীর্থোপাধিমতা মহোপদেশকেন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকসূরিবর্ত্মস্থসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

গ্রাহকপক্ষে মূল্যং ১৲ সাধারণপক্ষে মূল্যং ১।০

STATE CENTRAL LIBRARY
WEST BENGAL
CALCUTTA
12. 9. 61

চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সর্বাঃ প্রকৃতয়ো নগরাদ্বারণাবতাৎ।
সর্বমঙ্গলসংযুক্তা যথাশাস্ত্রমতন্দ্রিতাঃ ॥১॥
শ্রুত্বাগতান্ পাণ্ডুপুত্রান্ নানাযানৈঃ সহস্রশঃ।
অভিজগ্মুর্নরশ্রেষ্ঠান্ শ্রুত্বৈব পরয়া মুদা ॥২॥ [যুগ্মকম্]
তে সমাসাদ্য কৌন্তেয়ান্ বারণাবতকা জনাঃ।
কৃত্বা জয়াশিষঃ সর্ব্বে পরিবার্য্যাবতস্থিরে ॥৩॥
তৈর্বৃতঃ পুরুষব্যাঘ্রো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
বিবভৌ দেবসঙ্কাশো বজ্রপাণিরিবামরৈঃ ॥৪॥
সৎকৃতাশ্চৈব পৌরৈস্তে পৌরান্ সৎকৃত্য চানঘাঃ।
অলঙ্কৃতং জনাকীর্ণং বিবিশুর্বারণাবতম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ। সর্ব্বমঙ্গলযুক্তা দধিদূর্ব্বাদিসর্ব্ববিধমাঙ্গলিকদ্রব্যান্বিতাঃ অতন্দ্রিতা অনলসাঃ। নরশ্রেষ্ঠান্ পাণ্ডুপুত্রান্ আগতান্ শ্রুত্বা সর্ব্বেতি সম্বন্ধঃ ॥১—২॥

ত ইতি। বারণাবতকা বারণাবতবাসিনঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৩॥

তৈরিতি। দেবসঙ্কাশঃ প্রভাবাদিনা দেবতাতুল্যো যুধিষ্ঠিরঃ। বজ্রপাণিরিন্দ্রঃ ॥৪॥

সৎকৃতা ইতি। সৎকৃতা যথাযোগ্যাভিবাদনাদিনা সম্মানিতাঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, মনুষ্যশ্রেষ্ঠ পাণ্ডবগণ আসিয়াছেন ইহা শুনিয়াই সমস্ত লোক শাস্ত্রানুসারে দধি ও দূর্বাপ্রভৃতি মাঙ্গলিক দ্রব্য লইয়া, নানাবিধ যানে আরোহণ করিয়া, উদ্যোগী হইয়া, অত্যন্ত আনন্দের সহিত বারণাবতনগর হইতে পাণ্ডবগণের অভিমুখে যাইতে লাগিল ॥১—২॥

সেই বারণাবতবাসী লোক সকল পাণ্ডবগণের নিকটে যাইয়া, জয়ধ্বনি ও আশীর্ব্বাদ করিয়া, তাঁহাদিগকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিল ॥৩॥

তখন দেবতার তুল্য প্রভাবশালী পুরুষশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই বারণাবতবাসিলোককর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া, দেবগণে পরিবেষ্টিত দেবরাজের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪॥

তাহার পর, পুরবাসীরা তাঁহাদিগকে আপ্যায়িত করিলে, তাঁহারাও তাঁহাদিগকে আপ্যায়িত করিয়া, সুশোভিত এবং লোকপূর্ণ বারণাবতনগরে প্রবেশ করিলেন ॥৫॥

তে প্রবিশ্য পুরীং বীরাস্তূর্ণং জগ্মুরথো গৃহান্।
ব্রাহ্মণানাং মহীপাল! রতানাং স্বেষু কর্ম্মসু ॥৬॥
নগরাধিকৃতানাঞ্চ গৃহাণি রথিনাং তদা।
উপতস্থুর্নরশ্রেষ্ঠা বৈশ্যশূদ্রগৃহাণ্যপি ॥৭॥
অর্চ্চিতাশ্চ নরৈঃ পৌরৈঃ পাণ্ডবা ভরতর্ষভাঃ।
জগ্মুরাবসথং পশ্চাৎ পুরোচনপুরঃসরাঃ ॥৮॥
তেভ্যো ভক্ষ্যাণি পানানি শয়নানি শুভানি চ।
আসনানি চ মুখ্যানি প্রদদৌ স পুরোচনঃ ॥৯॥
তত্র তে সৎকৃতাস্তেন সুমহার্হপরিচ্ছদাঃ।
উপাস্যমানাঃ পুরুষৈরূষুঃ পুরনিবাসিনঃ ॥১০॥
দশরাত্রোষিতানান্তু তত্র তেষাং পুরোচনঃ।
নিবেদয়ামাস গৃহং শিবাখ্যমশিবং তদা ॥১১॥

ভারতকৌমুদী

ত ইতি। স্বেষু কর্ম্মসু যজনযাজনাদিষু, রতানাং ব্রাহ্মণানাং গৃহানিতি সম্বন্ধঃ ॥৬॥
নগরেতি। নগরাধিকৃতানাং বারণাবতরক্ষকাণাম্, রথিনাং ক্ষত্রিয়াণামিত্যর্থঃ ॥৭॥
অর্চ্চিতা ইতি। আবসথং তদানীমপি জতুগৃহনির্ম্মাণসমাপ্ত্যভাবাদ্যৎকিঞ্চিদ্বনান্তরম্ ॥৮॥
তেভ্য ইতি। তেভ্যঃ কুন্তীপাণ্ডবেভ্যঃ। পানানি পেয়ানি। শয়নানি শয্যাঃ ॥৯॥
তত্রেতি। তে কুন্তীপাণ্ডবাঃ, সৎকৃতাঃ সমাদৃতাঃ, তেন পুরোচনেন। উষুঃ স্থিতাঃ ॥১০॥
দশেতি। শিবাখ্যং শিবনামকম্, প্রকৃতে তু অশিবমমঙ্গলম্, আগ্নেয়দ্রব্যময়ত্বেনাগ্নিভয়-সম্ভবাৎ। "শ্রেয়সং শিবং ভদ্রং কল্যাণং মঙ্গলং শুভম্" ইত্যমরঃ ॥১১॥

মহাবীর পাণ্ডবগণ নগরে প্রবেশ করিয়া সত্বরই (বিনয়নম্রতা দেখাইবার জন্য,) আপন আপন কার্য্যে নিরত ব্রাহ্মণগণের গৃহে গমন করিলেন ॥৬॥

তৎপরে তাঁহারা নগরাধিকারী ক্ষত্রিয়গণের, ক্রমে বৈশ্যগণ ও শূদ্রগণের গৃহেও যাইয়া উপস্থিত হইতে থাকিলেন ॥৭॥

সেই পুরবাসী লোকেরা সম্মান করিলে, ভরতবংশশ্রেষ্ঠ পাণ্ডবগণ পুরোচনকে অগ্রবর্ত্তী করিয়া কোন বাসভবনে গমন করিলেন ॥৮॥

তৎপরে পুরোচন তাঁহাদিগকে খাদ্য, পেয়, ভাল ভাল শয্যা এবং আসন নির্দ্দিষ্ট করিয়া দিল ॥৯॥

পুরোচন বিশেষ সমাদর করিতে থাকিলে, পাণ্ডবগণ মহামূল্য পরিচ্ছদ ধারণ করিয়া সেই বাড়ীতে বাস করিতে লাগিলেন; তখন বহুলোক তাঁহাদের সেবা করিতে থাকিল ॥১০॥

তত্র তে পুরুষব্যাঘ্রা বিবিশুঃ সপরিচ্ছদাঃ।
পুরোচনস্য বচনাৎ কৈলাসমিব গুহ্যকাঃ ॥১২॥
তচ্চাগারমভিপ্রেক্ষ্য সর্বধর্ম্মভৃতাং বরঃ।
উবাচাগ্নেয়মিত্যেবং ভীমসেনং যুধিষ্ঠিরঃ ॥১৩॥
জিঘ্রন্ সোঽস্য বসাগন্ধং সর্পির্জতুবিমিশ্রিতম্।
কৃতং হি ব্যক্তমাগ্নেয়মিদং বেশ্ম পরন্তপ! ॥১৪॥
শণসর্জরসং ব্যক্তমানীয় গৃহকর্ম্মণি।
মুঞ্জবল্বজবংশাদি দ্রব্যং সর্বং ঘৃতোক্ষিতম্ ॥১৫॥ (বিশেষকম্)
শিল্পিভিঃ সুকৃতং হ্যাপ্তৈর্বিনীতৈর্বেশ্মকর্ম্মণি।
বিশ্বস্তং মাময়ং পাপো দগ্ধুকামঃ পুরোচনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। তে পাণ্ডবাঃ। কৈলাসং পর্বতম্, গুহ্যকা যক্ষা ইব ॥১২॥

তচ্চেতি। আগ্নেয়ম্ অগ্ন্যুৎপাদকদ্রব্যময়ম্। সর্পিজতুভ্যাং তদ্গন্ধাভ্যাং বিমিশ্রিতম্। ব্যক্তং স্পষ্টম্। মুঞ্জবল্বজৌ তৃণবিশেষৌ বংশা বেণুঃ ॥১৩—১৫॥

শিল্পিভিরিতি। সুকৃতং সুষ্ঠু নির্ম্মিতম্। আপ্তৈর্বিশ্বস্তৈঃ, বিনীতৈঃ শিক্ষিতৈঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ আগতানিতি চ্ছেদঃ ॥২—১০॥ শিবমিত্যাখ্যামাত্রম্, অর্থতস্ত্বশিবম্,

---

এই ভাবে দশ দিন তাঁহারা সে বাড়ীতে বাস করিলেন, তখন পুরোচন যাইয়া তাহাদিগকে অন্য এক খানি বাড়ীর কথা জানাইল, তাহার নাম—'শিবভবন', বাস্তবিকপক্ষে তাহা অশিব, অর্থাৎ অমঙ্গলজনক ॥১১॥

যক্ষগণ যেমন কৈলাসপর্ব্বতে প্রবেশ করে, সেইরূপ পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণ পুরোচনের কথা অনুসারে সমস্ত আসবাব নিয়া সেই বাড়ীতে যাইয়া প্রবেশ করিলেন ॥১২॥

ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ যুধিষ্ঠির সেই বাড়ী খানি দেখিয়া এবং তাহাতে ঘৃত ও গালার গন্ধ মিশ্রিত চর্ব্বির গন্ধ পাইয়া ভীমকে বলিলেন—'ভীম! এই বাড়ী খানি আগ্নেয় বস্তু দিয়া তৈয়ারি করা; নিশ্চয়ই শণ, ধুনা, মুঁজা, কাঁচলা এবং বাঁশ প্রভৃতি বস্তু ঘৃতাক্ত করিয়া, তাহা দিয়া এই বাড়ী তৈয়ারি করিয়াছে ॥১৩—১৫॥

বিশ্বস্ত এবং গৃহনির্ম্মাণে সুপটু শিল্পীরাই এই বাড়ী খানি তৈয়ারি করিয়াছে; ইহাতে আমরা বিশ্বস্ত হইয়া থাকিতে লাগিলে পরই পাপাত্মা পুরোচন আমাদিগকে দগ্ধ করিতে ইচ্ছা করে ॥১৬॥

তথাহি বর্ত্ততে মন্দঃ সুযোধনবশে স্থিতঃ।
ইমাস্তু তাং মহাবুদ্ধির্বিদুরো দৃষ্টবাংস্তদা ॥১৭॥
আপদং তেন মাং পার্থ! স সংবোধিতবান্ পুরা।
তে বয়ং বোধিতাস্তেন নিত্যমস্মদ্ধিতৈষিণা ॥১৮॥
পিত্রা কনীয়সা স্নেহাদ্‌বুদ্ধিমন্তোঽশিবং গৃহম্।
অনার্য্যৈঃ সুকৃতং গূঢ়ৈর্দুর্য্যোধনবশানুগৈঃ ॥১৯॥ (বিশেষকম্)

ভীমসেন উবাচ।

যদীদং গৃহমাগ্নেয়ং বিহিতং মন্যতে ভবান্।
তত্রৈব সাধু গচ্ছামো যত্র পূর্ব্বোষিতা বয়ম্ ॥২০॥

যুধিষ্ঠির উবাচ।

ইহ যত্তৈর্নিরাকারৈর্বস্তব্যমিতি রোচয়ে।
অপ্রমত্তৈর্বিচিন্বদ্ভির্গতিমিষ্টাং ধ্রুবামিতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তথাহীতি। মন্দঃ ক্ষুদ্রঃ পুরোচনঃ। তামিমামাপদম্। দৃষ্টবান্ অনুমিতবান্। সংবোধিতবান্ সম্যগ্‌জ্ঞাপিতবান্। বুদ্ধিমন্তো বয়ম্, তেন বিদুরেণ, অশিবং গৃহং বোধিতাঃ ॥১৭—১৯॥

যদীতি। বিহিতং পুরোচননিযুক্তলোকৈর্নির্ম্মিতম্। উষিতা অবস্থিতাঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

মারণার্থং কৃতত্বাৎ ॥১১—১৪॥ মুঞ্চঃ শরবন্ধঃ ॥১৫—১৬॥ ইমামাপদং ভাবিনীম্, দৃষ্টবান্ তর্কিতঃ। তেন হেতুনা অশিবং গৃহমিত্যস্মান্ বোধিতবানিতি সম্বন্ধঃ ॥১৭—২০॥ যোগরূপকেণ গৃববাসকর্ত্তব্যতামাহ, ইহেতি। নিরাকারৈরনাবিষ্কৃতবাহ্যচেষ্টৈঃ। ইষ্টাং গতিং

কেন না, এই পুরোচন বড়ই নীচাশয় এবং দুর্য্যোধনের অধীন রহিয়াছে। এদিকে অত্যন্ত বুদ্ধিমান্ বিদুর তখনই আমাদের এই বিপদের বিষয় বুঝিতে পারিয়াছিলেন; তাই তিনি আমাদিগকে বুদ্ধিমান্ ভাবিয়া স্নেহবশতঃ এই অমঙ্গলজনক বাসভবনের বিষয় পূর্ব্বেই বুঝাইয়া দিয়াছিলেন। কারণ, তিনি আমাদের পিতৃদেবের কনিষ্ঠ ভ্রাতা এবং সর্বদাই হিতৈষী। নিশ্চয়ই দুর্য্যোধনের অধীন কতকগুলি নীচ লোক গুপ্তভাবে থাকিয়া এই বাড়ী তৈয়ারি করিয়াছে ॥১৭—১৯॥

ভীম বলিলেন—'আপনি যদি বাড়ী খানাকে আগ্নেয়বস্তুনির্ম্মিত বলিয়া মনে করেন, তবে আমরা ভালয় ভালয় সেই বাড়ীতেই যাই, যেখানে পূর্ব্বে ছিলাম' ॥২০॥

যদি বিন্দেত চাকারমস্মাকং স পুরোচনঃ।
ক্ষিপ্রকারী ততো ভূত্বা প্রসহ্যাপি দহেত নঃ ॥২২॥
নায়ং বিভেত্যুপক্রোশাদধর্ম্মাদ্বা পুরোচনঃ।
তথাহি বর্ত্ততে মন্দঃ সুযোধনবশে স্থিতঃ ॥২৩॥
অপি চেহ প্রদগ্ধেষু ভীষ্মোঽস্মাসু পিতামহঃ।
কোপং কুর্য্যাৎ কিমর্থং বা কৌরবান্ কোপয়ীত সঃ ॥২৪॥
অথবাপীহ দগ্ধেষু ভীষ্মোঽস্মাকং পিতামহঃ।
ধর্ম্ম ইত্যেব কুপ্যেরন্ যে চান্যে কুরুপুঙ্গবাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ইহেতি। যত্তৈরাত্মরক্ষায়াং যত্নবদ্ভিঃ, নিরাকারৈঃ অপ্রকাশিতসশঙ্কভাবৈঃ, অপ্রমত্তৈঃ সাবধানৈঃ, এবামবশ্যকর্ত্তব্যাম্, ইষ্টাম্ ইতো গতিং প্রস্থানম্, বিচিন্বদ্ভিরন্বিষ্যদ্ভিরস্মাভিঃ, ইহ গৃহ এব, বস্তব্যং স্থাতব্যম্, ইতি রোচয়ে কর্ত্তব্যতয়া মন্যে ॥২১॥

কুত ইদমিত্যাহ যদীতি। বিন্দেত লভেত বুধ্যেতেত্যর্থঃ, আকারং সশঙ্কভাবম্ ॥২২॥

নন্বস্য কিং লোকনিন্দাভয়ং পাপভয়ঞ্চ নাস্ত্যতাহ নেতি। উপক্রোশাল্লোকনিন্দাতঃ ॥২৩॥

অপীতি। অপি চ অন্যচ্চ ব্রবীমীত্যর্থঃ। ইহ স্থিত্বা, অস্মাসু প্রদগ্ধেষু অবসরক্রমেণেদং গৃহং দহৎসু সৎসু। কর্ত্তরি ক্ত আর্ষঃ। কোপয়ীত কোপয়েৎ। কথমপি নেত্যর্থঃ, অস্মাকং দাহার্থমেব কৃতস্যাস্মাভির্দাহে দোষাভাবাদিতি ভাবঃ ॥২৪॥

অথবেতি। ইহ এষু গৃহাদিষু পুরোচনেনাস্মদ্দাহার্থং দগ্ধেষু, ধর্ম্মঃ স্বগৃহদাহকর্ত্তরি কোপো

ভারতভাবদীপঃ

নিরুপদ্রবং মার্গম্। পক্ষে ইহ দেহে নিরাকারৈরাকারবিশেষমনালক্ষ্য স্থেয়ম্। যত্তৈঃ শমাদিপরৈঃ। অপ্রমত্তৈঃ স্মৃতিমদ্ভিঃ। এবাং গতিং মোক্ষম্ ॥২১—২২॥ উপক্রোশাৎ গর্হাতঃ ॥২৩॥ অয়ং ভীষ্ম ইতি সম্বন্ধঃ ॥২৪॥ দগ্ধেষ্বস্মাসু, অগ্নিদেষু কোপো ধর্ম্ম ইত্যেব কারণং

যুধিষ্ঠির বলিলেন—'ভীম! আত্মরক্ষায় যত্নবান্ হইয়া, সশঙ্কভাব গোপন রাখিয়া, এবং অবশ্যগন্তব্য স্থান সাবধানে অন্বেষণ করিতে থাকিয়া, এই বাড়ীতে আমাদের বাস করিতে হইবে, ইহা আমি ভাল মনে করি ॥২১॥

কারণ, সে পুরোচন যদি আমাদের সশঙ্কভাব বুঝিতে পারে, তবে হয় ত সত্বর হইয়া বলপূর্ব্বকও আমাদিগকে দগ্ধ করিতে পারে ॥২২॥

কেন না, এই পুরোচন বেটা লোকনিন্দার ভয়ও করে না, বা পাপের ভয়ও করে না; বিশেষতঃ ছোট লোক এবং দুর্য্যোধনেরই অধীনে রহিয়াছে ॥২৩॥

আরও বলিতেছি—এই বাড়ীতে থাকিয়া আমরাই যদি অবসরক্রমে ইহা দগ্ধ করি, তবে পিতামহ ভীষ্ম আমাদের উপরে কেন ক্রুদ্ধ হইবেন কেনই বা অন্য কৌরবদিগকে ক্রুদ্ধ করিবেন ॥২৪॥

বয়ন্তু যদি দাহস্য বিভ্যতঃ প্রদ্রবেমহি।
স্পশৈর্নো ঘাতয়েৎ সর্বান্ রাজ্যলুব্ধঃ সুযোধনঃ ॥২৬॥
অপদস্থান্ পদে তিষ্ঠন্নপক্ষান্ পক্ষসংস্থিতঃ।
হীনকোষান্ মহাকোষঃ প্রয়োগৈর্ঘাতয়েদ্ধ্রুবম্ ॥২৭॥
তদস্মাভিরিমং পাপং তঞ্চ পাপং সুযোধনম্।
বঞ্চয়দ্ভির্নিবস্তব্যং ছন্নাবাসং ক্বচিৎ ক্বচিৎ ॥২৮॥
তে বয়ং মৃগয়াশীলাশ্চরাম বসুধামিমাম্।
তথা নো বিদিতা মার্গা ভবিষ্যন্তি পলায়তাম্ ॥২৯॥

ভারতকৌমুদী

লোকস্বভাব ইত্যেব হেতুনা, অস্মাকং পিতামহো ভীষ্মঃ, অন্যে যে কুরুপুঙ্গবাস্তে সর্ব এব চ প্রয়োক্তারং দুর্য্যোধনং প্রতি কুপ্যেরন্ ॥২৫॥

বয়মিতি। দাহস্য দাহাৎ। প্রদ্রবেমহি পলায়ামহে। স্পশৈশ্চরৈঃ ॥২৬॥

বিক্রম্যাপ্যস্মান্ হন্তুং সমর্থ ইত্যাহ অপদস্থানিতি। প্রয়োগৈর্যোদ্ধনিয়োগৈঃ ॥২৭॥

তদিতি। ইমং পুরোচনম্। ছন্নো গুপ্ত আবাসো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২৮॥

ত ইতি। তথা তেন মৃগয়ার্থবিচরণেন, নঃ অস্মাকম্, পলায়তাং পলায়িষ্যমাণানাম্ ॥২৯॥

ভারতভাবদীপঃ

কৃত্বা ভীষ্মোঽন্যে চ কুপ্যেরন্ ॥২৫॥ দাহস্য দাহাৎ। স্পশৈশ্চারৈঃ ॥২৬॥ অপদং দেশকোষাদ্যক্ষমত্বম্, তত্র স্থিতান্। অপক্ষানসহায়ান্। প্রয়োগৈরুপায়ৈঃ ॥২৭॥ ছন্নাবাসং গূঢ়স্থানম্,

আর, পুরোচন যদি এই সকল দগ্ধ করে, তবে নিজগৃহদাহীর উপরে ক্রোধ হওয়া স্বাভাবিক বলিয়া আমাদের পিতামহ ভীষ্ম এবং অন্যান্য কৌরবশ্রেষ্ঠগণ দুর্য্যোধনের উপরেই ক্রুদ্ধ হইবেন ॥২৫॥

কিন্তু আমরা যদি দাহভয়ে পলাইয়া যাই, তাহা হইলে রাজ্যলোভী দুর্য্যোধন নিশ্চয়ই চর দ্বারা আমাদের সকলকেই হত্যা করাইবে ॥২৬॥

দুর্য্যোধন স্থানস্থিত, আমরা অস্থানস্থিত; তাহার সহায় আছে, আমাদের সহায় নাই এবং সে অত্যন্ত ধনী, আমরা নির্ধন; সুতরাং সে সৈন্য দ্বারাও আমাদিগকে হত্যা করাইতে পারে ॥২৭॥

অতএব এই পাপাত্মা পুরোচনকে এবং সেই পাপাত্মা দুর্য্যোধনকে বঞ্চনা করিয়া এই বাড়ীতেই আজ কোথাও কাল কোথাও এই ভাবে গুপ্তরূপে আমাদের বাস করা উচিত ॥২৮॥

আমরা মৃগয়ায় আসক্ত হইয়া এই দেশের সর্ব্বত্র বিচরণ করিব; তাহাতে পলায়ন করিবার সময়ে আমাদের সমস্ত পথই জানা থাকিবে ॥২৯॥

ভৌমঞ্চ বিলমস্যৈব করবাম সুসংবৃতম্।
গূঢ়শ্বাসান্ ন নস্তত্র হুতাশঃ সম্প্রধক্ষ্যতি ॥৩০॥
বসতোঽত্র যথা চাস্মান্ ন বুধ্যেত পুরোচনঃ।
পৌরো বাপি জনঃ কশ্চিত্তথা কার্য্যমতন্দ্রিতৈঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে ভীমসেনযুধিষ্ঠিরসংবাদো নাম চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তদিতি। ইমং পুরোচনম্। ছন্নো গুপ্তঃ শ্বাসোঽপি যেষাং তান্, নঃ অস্মান ॥৩০॥
বসত ইতি। অত্র বিলে। অতন্দ্রিতৈরনলসৈঃ ॥৩১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নিবস্তব্যমধিষ্ঠাতব্যম্, ক্বচিৎ ক্বচিৎ কালে কালে ॥২৮—২৯॥ ছন্নাবাসমেবাহ, ভৌমমিতি। গূঢ়ঃ শ্বাসোঽপি যেষাং তান্, ইতরৈরবিদিতকর্ত্তব্যানিত্যর্থঃ ॥৩০॥ অত্র বিলে ॥৩১॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪০॥

আর, আজই আমরা ভূতলে গুপ্তভাবে একটা গর্ত্ত করিব; তাহাতে থাকিবার সময়ে আমরা শ্বাস-প্রশ্বাসও গুপ্তভাবেই করিব; তবে আর অগ্নি আমাদিগকে দগ্ধ করিতে পারিবে না ॥৩০॥

সেই গর্ত্তে থাকিবার সময়ে পুরোচন বা কোন পুরবাসী লোক যাহাতে আমাদিগকে জানিতে না পারে, সেই ভাবে সতর্ক হইয়া আমাদের চলিতে হইবে ॥৩১॥

* '...চতুশ্চত্বারিংশদধিকঃ...' '...ষট্চত্বারিংশদধিকঃ...' '...অষ্টপঞ্চাশদধিকঃ...' ইতি পাঠভেদাঃ।

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

বিদুরস্য সুহৃৎ কশ্চিৎ খনকঃ কুশলো নরঃ।
বিবিক্তে পাণ্ডবান্ রাজন্! ইদং বচনমব্রবীৎ ॥১॥
প্রহিতো বিদুরেণাস্মি খনকঃ কুশলো হ্যহম্।
পাণ্ডবানাং প্রিয়ং কার্য্যমিতি কিং করবাণি বঃ ॥২॥
প্রচ্ছন্নং বিদুরেণোক্তঃ শ্রেয়স্ত্বমিতি পাণ্ডবান্।
প্রতিপাদয় বিশ্বাসাদিতি কিং করবাণি বঃ ॥৩॥
কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং রাত্রাবস্যাং পুরোচনঃ।
ভবনস্য তব দ্বারি প্রদাস্যতি হুতাশনম্ ॥৪॥
মাত্রা সহ প্রদগ্ধব্যাঃ পাণ্ডবাঃ পুরুষর্ষভাঃ।
ইতি ব্যবসিতং তস্য ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥৫॥

ভারতকৌমুদী

বিদুরস্যেতি। কুশলঃ সুরঙ্গাদিখননিপুণঃ। বিবিক্তে নির্জ্জনে ॥১॥

প্রহিত ইতি। পাণ্ডবানাং প্রিয়ং ত্বয়া কার্য্যম্ ইত্যুক্তঃ। বিদুরেণ প্রহিতোঽস্মীত্যন্বয়ঃ ॥২॥

প্রচ্ছন্নমিতি। ইতি অহং বিদুরেণোক্তোঽস্মি। কিমিত্যাহ—ত্বম্, বিশ্বাসাৎ আত্মনি পাণ্ডবানাং বিশ্বাসমুৎপাদ্য। ল্যব্‌লোপে পঞ্চমী। ইতি তেষামাদেশসম্পাদনরূপং শ্রেয়ঃ, পাণ্ডবান্ প্রতিপাদয় জ্ঞাপয়। অতএব বো যুষ্মাকম্, কিং করবাণি, তদাদিশেতি শেষঃ ॥৩॥

দুর্য্যোধনমন্ত্রিতজ্ঞায়িনা বিদুরেণ বিজ্ঞাপিতমাহ কৃষ্ণেতি। অস্যাং সম্মুখবর্ত্তিন্যাম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর এক দিন বিদুরের সখা এবং খননকার্য্যে নিপুণ একটি লোক আসিয়া নির্জ্জনে পাণ্ডবদের নিকট এই কথা বলিল—॥১॥

'খনক! তুমি পাণ্ডবগণের প্রিয় কার্য্য করিবে' এই কথা বলিয়া বিদুর আমাকে পাঠাইয়াছেন; আমি খননকার্য্যে নিপুণ; আমি আপনাদের কি করিব, বলুন ॥২॥

বিদুর আমাকে আরও বলিয়াছেন যে, তুমি নিজের উপরে পাণ্ডবদের বিশ্বাস জন্মাইয়া তাহাদিগকে গোপনে এই মাঙ্গলিক বিষয় জানাইবে যে, আমি আপনাদের কি করিব ॥৩॥

আগামী কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীর দিন রাত্রিতে পুরোচন আপনাদের এই বাড়ীর দুয়ারে আগুন লাগাইয়া দিবে ॥৪॥

কিঞ্চিচ্চ বিদুরেণোক্তো ম্লেচ্ছবাচাঽসি পাণ্ডব !।
ত্বয়া চ তত্তথেত্যুক্তমেতদ্বিশ্বাসকারণম্ ॥৬॥
উবাচ তং সত্যধৃতিঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অভিজানামি সৌম্য ! ত্বাং সুহৃদং বিদুরস্য বৈ ॥৭॥
শুচিমাপ্তং প্রিয়ঞ্চৈব সদা চ দৃঢ়ভক্তিকম্।
ন বিদ্যতে কবেঃ কিঞ্চিদবিজ্ঞাতং প্রয়োজনম্ ॥৮॥ (যুগ্মকম্)
যথা তস্য তথা নস্ত্বং নির্বিশেষা বয়ং ত্বয়ি।
ভবতশ্চ যথা তস্য পালয়াস্মান্ যথা কবিঃ ॥৯॥

ভারতকৌমুদী

কথং হুতাশনং প্রদাস্যতীত্যাহ মাত্রেতি। প্রদগ্ধব্যাস্ত্বয়া পুরোচনেন ॥৫॥

আত্মনি বিশ্বাসমুৎপাদয়তি কিঞ্চিদিতি। হে পাণ্ডব ! যুধিষ্ঠির ! ম্লেচ্ছবাচা তদানীন্তনানার্য্যভাষয়া ভীষ্মাদিভিরার্য্যৈরবোধ্যয়া। তৎ বিদুরোক্তম্, তথা জ্ঞাতমিত্যুক্তম্। এতৎ কথনমেব, ময়ি যুষ্মাকং বিশ্বাসকারণম্। তথা চ ত্বয়া তদানীং ম্লেচ্ছভাষয়ৈব জ্ঞাতমিত্যুক্তম্, তচ্চ কেবলং বিদুরেণৈবাবগতম্। এবঞ্চ বিদুরেণ ময়ি তদজ্ঞাপিতে ময়া কথমিদং বক্তুং শক্যতে। অতো বিদুরস্যৈবাহং সুহৃৎ, ন পুনর্দুর্য্যোধনস্য চর ইত্যাশয়ঃ ॥৬॥

উবাচেতি। সত্যধৃতিরিপদ্ভূতিশ্রবণেঽপি যথার্থধৈর্য্যশালী। শুচিং পবিত্রম্, আপ্তং বিশ্বস্তম্। কবের্বহুভাষাভিজ্ঞস্যাস্মানাবিষয়বর্ণনাযোগ্যস্য বিদুরস্য ॥৭—৮॥

যথেতি। নির্বিশেষা বিদুরাদভিন্নাঃ। বয়ং যথা তস্য রক্ষণীয়াস্তথা ভবতশ্চ ॥৯॥

ভারতভাবদীপঃ

বিদুরস্যেতি ॥১—২॥ প্রচ্ছন্নং যথা স্যাৎ তথা পাণ্ডবান্ ভেয়ঃ প্রতিপাদয় ইত্যুক্তোঽহং বঃ কিং করবাণি ॥৩—৫॥ ম্লেচ্ছবাচা ম্লেচ্ছভাষয়া ॥৬—৭॥ কবেঃ সর্বজ্ঞস্যাক্রান্তদর্শিনো বা ॥৮॥ যথা বয়ং তস্য তথা ভবতশ্চ পালনীয়াঃ, অতোঽস্মান্ যথা কবিঃ পালয়তি তথা ত্বমপি

কেন না, পুরোচনের প্রতি দুর্মতি দুর্য্যোধনের এই আদেশ রহিয়াছে যে, তুমি কুন্তীর সহিত পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবগণকে দগ্ধ করিবে ॥৫॥

মহারাজ ! বিদুর ম্লেচ্ছভাষায় কোন বিষয় বলিয়াছিলেন, আপনিও 'বুঝিলাম' বলিয়া সেই ম্লেচ্ছভাষাতেই উত্তর দিয়াছিলেন ; এই যে বলিলাম, ইহাই আমার উপরে আপনাদের বিশ্বাসের কারণ হউক' ॥৬॥

তখন যথার্থ ধৈর্য্যশীল যুধিষ্ঠির তাহাকে বলিলেন—'সৌম্য ! আমি তোমাকে বিদুরের সখা, পবিত্র, বিশ্বস্ত, তাঁহার প্রিয় এবং তাঁহার প্রতি দৃঢ় অনুরাগশালী বলিয়া জানি এবং ইহাও জানি যে, বিদুরের কোন বিষয়ই অবিদিত থাকে না ॥৭—৮॥

তুমি যেমন বিদুরের, তেমন আমাদের ; আমরাও তোমার বিষয়ে

ইদং শরণমাগ্নেয়ং মদর্থমিতি মে মতিঃ।
পুরোচনেন বিহিতং ধার্ত্তরাষ্ট্রস্য শাসনাৎ ॥১০॥
স পাপঃ কোষবাংশ্চৈব সসহায়শ্চ দুর্ম্মতিঃ।
অস্মানপি চ পাপাত্মা নিত্যমেব প্রবাধতে ॥১১॥
স ভবান্ মোক্ষয়ত্বস্মান্ যত্নেনাস্মাদ্ধুতাশনাৎ।
অস্মাস্বিহ হি দগ্ধেষু সকামঃ স্যাৎ সুযোধনঃ ॥১২॥
সমৃদ্ধমায়ুধাগারমিদং তস্য দুরাত্মনঃ।
বপ্রান্তং নিষ্প্রতীকারমাশ্রিত্যৈবং কৃতং মহৎ ॥১৩॥
ইদং তদশুভং নূনং তস্য কর্ম্ম চিকীর্ষিতম্।
প্রাগেব বিদুরো বেদ তেনাস্মানন্ববোধয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

ইদমিতি। শরণং গৃহম্। মদর্থম্ অস্মাকং দাহনার্থম্ ॥১০॥
অথ যূয়ং কথং ন বিক্রম্য নির্গচ্ছথেত্যাহ স ইতি। স দুর্য্যোধনঃ ॥১১॥
স ইতি। স পূর্বোক্তরূপঃ। সকামঃ পূর্ণাভিলাষঃ ॥১২॥
সমৃদ্ধমিতি। বপ্রান্তং প্রাচীরাসন্নম্, আশ্রিত্য। নিষ্প্রতীকারং সুরক্ষিতত্বাৎ ॥১৩॥
ইদমিতি। তৎ অস্মদ্দাহনরূপম্। তস্য দুর্য্যোধনস্য। সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠী ॥১৪॥

ভারতভাবদীপঃ

পালয়েত্যর্থঃ ॥৯॥ শরণং গৃহম্ ॥১০—১২॥ বপ্রান্তং প্রাকারমূলম্। নিষ্প্রতীকারং বহি-

---

বিদুরেরই তুল্য। অতএব আমরা যেমন বিদুরের রক্ষণীয়, তেমন তোমারও রক্ষণীয়। সুতরাং তুমি বিদুরের মতই আমাদিগকে রক্ষা কর ॥৯॥

আমারও ধারণা এই যে, দুর্য্যোধনেরই আদেশ-অনুসারে আমাদিগকে দগ্ধ করিবার জন্য পুরোচন এই আগ্নেয় গৃহ নির্ম্মাণ করিয়াছে ॥১০॥

সেই পাপাত্মা দুর্ম্মতি দুর্য্যোধন, ধন ও সহায়সম্পন্ন বলিয়া আমাদিগকে সর্ব্বদাই উৎপীড়িত করিতে পারিতেছে ॥১১॥

তুমি বিশেষ যত্ন সহকারে আমাদিগকে এই অগ্নি হইতে মুক্ত কর। আমরা এখানে দগ্ধ হইলে, দুর্য্যোধনের অভিলাষ পূর্ণ হইবে ॥১২॥

পুরোচন প্রাচীরের নিকটে দুরাত্মা দুর্য্যোধনের একটা দুর্ভেদ্য বিশাল অস্ত্রাগার নির্ম্মাণ করিয়াছে; উহাতে অস্ত্র পরিপূর্ণ রহিয়াছে ॥১৩॥

সুতরাং এই অমাঙ্গলিক কার্য্য সেই দুর্য্যোধনেরই অভীষ্ট; ইহা পূর্ব্বেই

---

(১১)···নিত্যকালং প্রবাধতে।

সেয়মাপদনুপ্রাপ্তা ক্ষত্তা যাং দৃষ্টবান্ পুরা।
পুরোচনস্যাবিদিতানস্মাংস্ত্বং প্রতিমোচয় ॥১৫॥
স তথেতি প্রতিশ্রুত্য খনকো যত্নমাস্থিতঃ।
পরিখামুৎকিরন্ নাম চকার সুমহদ্বিলম্ ॥১৬॥
চক্রে চ বেশ্মনস্তস্য মধ্যেনাতিমহদ্বিলম্।
কপাটযুক্তমজ্ঞাতং সমং ভূম্যাশ্চ ভারত! ॥১৭॥
পুরোচনভয়াদেব ব্যদধাৎ সংবৃতং মুখম্।
স তস্য তু গৃহদ্বারি বসত্যশুভধীঃ সদা ॥১৮॥

ভারতকৌমুদী

সেতি। অনুপ্রাপ্তা উপস্থিতা। ক্ষত্তা বিদুরঃ। দৃষ্টবান্ অনুমিতবান্ ॥১৫॥

স ইতি। আস্থিত আশ্রিতঃ। পরিখাং পুরীপরিবেষ্টনখাতম্, উৎকিরন্ ততো মৃত্তিকামুত্তোলয়ন্, নাম তদ্ব্যপদেশেনেত্যর্থঃ, সুমহদ্বিলং বাসার্থমেকং গর্ত্তং চকার ॥১৬॥

চক্র ইতি। অতিমহদ্বিলং সুরঙ্গাখ্যমপরং গর্ত্তম্ ভূম্যাঃ সমং সমানোপরিদেশম্ ॥১৭॥

পুরোচনেতি। সংবৃতং মৃত্তিকাভিরেবাবৃতম্। স পুরোচনঃ। তস্য যুধিষ্ঠিরস্য ॥১৮॥

ভারতভাবদীপ

নির্গমনপ্রকারশূন্যম্ ॥১৩—১৫॥ পরিখা প্রাকারপরিধিভূতো গর্ত্তঃ তাম্। নাম প্রসিদ্ধম্। উৎকিরন্ পরিখাপরিষ্কারব্যাজেন বিলাৎ মৃদমুৎকিরন্ বহিঃ ক্ষিপন্ মহাবিলং সুরঙ্গাখ্যং চকার ॥১৬॥ মধ্যেন মধ্যতঃ ॥১৭॥ ব্যদধৎ [illegible] কৃতবান্। স পুরোচনঃ। তে চ পঞ্চ

বিদুর বুঝিতে পারিয়াছিলেন; তাই তিনি পরে আমাদিগকে জানাইয়াছিলেন ॥১৪॥

বিদুর আমাদের যে বিপদ পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিলেন, এই সেই বিপদ উপস্থিত হইয়াছে। অতএব তুমি পুরোচনের অজ্ঞাতভাবে আমাদিগকে মুক্ত কর' ॥১৫॥

'তাহাই হইবে' এইরূপ প্রতিশ্রুত হইয়া সেই খনক পাণ্ডবগণের রক্ষার জন্য সচেষ্ট হইল এবং পরিখা হইতে মাটী তুলিবার ছলে একটা বিশাল গর্ত্ত করিল ॥১৬॥

আর, সেই বাড়ীর মধ্য স্থান হইতে একটা বৃহৎ সুরঙ্গ করিল; সকলের অজ্ঞাতভাবে তাহার উপরে কপাট লাগাইয়া দিল এবং তাহার উপরিভাগ ভূমির সমতল করিল ॥১৭॥

পুরোচনের ভয়ে সেই সুরঙ্গের মুখ মাটী দিয়া আবৃত করিল। কেন না, সেই দুষ্টবুদ্ধি পুরোচন সর্ব্বদাই সেই বাড়ীর দুয়ারে বাস করিত

তত্র তে সায়ুধাঃ সর্ব্বে বসন্তি স্ম ক্ষপাং নৃপ ! ।
দিবা চরন্তি মৃগয়াং পাণ্ডবেয়া বনাদ্বনম্ ॥১৯॥
বিশ্বস্তবদবিশ্বস্তা বঞ্চয়ন্তঃ পুরোচনম্ ।
অতুষ্টাস্তুষ্টবদ্রাজন্ ! উষুঃ পরমবিস্মিতাঃ ॥২০॥
ন চৈনানন্ববুধ্যন্ত নরা নগরবাসিনঃ ।
অন্যত্র বিদুরামাত্যাত্তস্মাৎ খনকসত্তমাৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে জতুগৃহবাসো নামৈকচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র বিলে, তে পাণ্ডবেয়াঃ। ক্ষপাং রাত্রিম্ ॥১৯॥

বিশ্বস্তবদিতি। উষুঃ তস্থুঃ, পুরোচনেনাবিজ্ঞানাদেব পরমবিস্মিতাঃ ॥২০॥

নেতি। এনান্ পাণ্ডবান্, নান্ববুধ্যন্ত বিলবাসিত্বেন ন জ্ঞাতবন্তঃ ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি জতুগৃহে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

গৃহদ্বারি ক্ষপাং বসন্তি স্ম ॥১৮॥ দিবা চ মৃগয়াং চরন্তি, অতো ন দদ্ধুং পুরোচনশ্ছিদ্রং প্রাপেতি ভাবঃ ॥১৯—২১॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪১॥

মহারাজ! এদিকে পাণ্ডবগণ অস্ত্র-শস্ত্র ধারণ করিয়া সেই গর্ত্তের ভিতরে রাত্রিতে বাস করিতেন এবং দিনে এক বন হইতে অপর বনে মৃগয়া করিয়া বেড়াইতেন ॥১৯॥

তাঁহারা শঙ্কাযুক্ত হইয়াও নিঃশঙ্কের ন্যায় এবং অসন্তুষ্ট থাকিয়াও সন্তুষ্টের ন্যায় হইয়া, পুরোচনকে বঞ্চনা করিতে থাকিয়া, অত্যন্ত বিস্মিত হইয়া বাস করিতে লাগিলেন ॥২০॥

কিন্তু একমাত্র বিদুরের অমাত্য সেই খনক ভিন্ন নগরবাসী কোন লোকই পাণ্ডবগণের এই ভাব বুঝিতে পারিল না ॥২১॥

---

* '...পঞ্চচত্বারিংশদধিকঃ...' '...সপ্তচত্বারিংশদধিকঃ...' '...ঊনষষ্ট্যধিকঃ ইতি পাঠান্তরাণি।

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

তাংস্তু দৃষ্ট্বা সুমনসঃ পরিসংবৎসরোষিতান্।
বিশ্বস্তানিব সংলক্ষ্য হর্ষং চক্রে পুরোচনঃ ॥১॥
পুরোচনে তথা হৃষ্টে কৌন্তেয়োঽথ যুধিষ্ঠিরঃ।
ভীমসেনার্জ্জুনৌ চোভৌ যমৌ প্রোবাচ ধর্ম্মবিৎ ॥২॥
অস্মানয়ং সুবিশ্বস্তান্ বেত্তি পাপঃ পুরোচনঃ।
বঞ্চিতোঽয়ং নৃশংসাত্মা কালং মন্যে পলায়নে ॥৩॥
আয়ুধাগারমাদীপ্য দগ্ধ্বা চৈব পুরোচনম্।
ষট্প্রাণিনো নিধায়েহ দ্রবামোঽনভিলক্ষিতাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তানিতি। সুমনসো নিরুদ্বেগচিত্তান্। পরিশব্দোঽত্র বর্জ্জনার্থঃ পূর্বং "ষণ্মাসান্ জাতুষগৃহান্মুক্তা জাতো ঘটোৎকচঃ" ইত্যভিধানাৎ। তেন ষণ্মাসাবস্থিতানিত্যর্থঃ ॥১॥

পুরোচন ইতি। ভীমসেনাদীন্ চতুরো ভ্রাতৄন্ প্রোবাচেত্যর্থঃ ॥২॥

অস্মানিতি। পলায়নে অস্মাকমিমং কালং মন্যে ॥৩॥

আয়ুধেতি। ইহ আয়ুধাগারে, পুরোচনং নিধায়, তচ্চায়ুধাগারম্, আদীপ্য অগ্নিদানেনোদ্ভাস্য দগ্ধ্বা চ, মাতৈকা ভ্রাতরশ্চ পঞ্চেতি ষট্প্রাণিনো বয়ম্, সর্বৈরনভিলক্ষিতাঃ সন্তঃ,

ভারতভাবদীপঃ

তাংস্ত্বিতি ॥১—৩॥ ষট্প্রাণিন ইতি অন্যথা পলায়নশঙ্কয়া পুনরস্মদন্বেষণে মতিঃ স্যাৎ, সা মা ভূদিতি ভাবঃ ॥৪—২২॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ ছয় মাস থাকিয়া নিরুদ্বেগ হইয়াছেন দেখিয়া এবং তাঁহাদিগকে বিশ্বস্তের ন্যায় লক্ষ্য করিয়া পুরোচন আনন্দিত হইল ॥১॥

পুরোচন সেইরূপ আনন্দিত হইলে, ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির—ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের নিকট বলিলেন—॥২॥

এই পাপাত্মা পুরোচন আমাদিগকে বিশ্বস্ত বলিয়া মনে করিতেছে; সুতরাং এ নৃশংস বেটা বঞ্চিত হইল; আমাদের পলায়নের এই সময় বলিয়া আমি মনে করি ॥৩॥

অথ দানাপদেশেন কুন্তী ব্রাহ্মণভোজনম্।
চক্রে নিশি মহারাজ! আজগ্মুস্তত্র যোষিতঃ ॥৫॥
তা বিহৃত্য যথাকামং ভুক্ত্বা পীত্বা চ ভারত!।
জগ্মুর্নিশি গৃহানেব সমনুজ্ঞাপ্য যাদবীম্ ॥৬॥
নিষাদী পঞ্চপুত্রা তু তস্মিন্ ভোজ্যে যদৃচ্ছয়া।
অন্নার্থিনী সমভ্যাগাৎ সপুত্রা কালচোদিতা ॥৭॥
সা পীত্বা মদিরাং মত্তা সপুত্রা মদবিহ্বলা।
সহ সর্ব্বৈঃ সুতৈ রাজন্! তস্মিন্নেব নিবেশনে ॥৮॥
সুষ্বাপ বিগতজ্ঞানা মৃতকল্পা নরাধিপ!।
অথ প্রবাতে তুমুলে নিশি সুপ্তে জনে তদা ॥৯॥
তদুপাদীপয়দ্ভীমঃ শেতে যত্র পুরোচনঃ।
ততো জতুগৃহদ্বারং দীপয়ামাস পাণ্ডবঃ ॥১০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রবামঃ পলায়ামহে। কেচিত্তু অপরানেব ষট্প্রাণিনো নিধায়েতি ব্যাচক্ষতে; তন্ন তথাত্বে ধর্ম্মরাজস্যৈব গুরুতরাধর্ম্মোৎপত্ত্যাপত্তেঃ ॥৪॥

অথেতি। দানাপদেশেন দানকরণচ্ছলেন। যোষিতো ভোজনার্থিন্যঃ ॥৫॥

তা ইতি। তা যোষিতঃ। যাদবীং যদুবংশোৎপন্নাং কুন্তীম্ ॥৬॥

নিষাদীতি। পঞ্চপুত্রা কাপি নিষাদী ব্যাধপত্নী। কালেন চোদিতা প্রেরিতা ॥৭॥

সেতি। নিবেশনে গৃহে। প্রবাতে মহতি বায়ৌ, তুমুলে সতি। তদ্গৃহম্, উপাদীপয়ৎ অগ্নিদানেনোদভাসয়ৎ। দীপয়ামাস অগ্নিদানেনৈব ॥৮—১০॥

এই পুরোচনটাকে অস্ত্রাগারের ভিতরে রাখিয়া, তাহাতে আগুন লাগাইয়া পোড়াইয়া দিয়া, আমরা ছয় জন অন্যের অলক্ষিতভাবে পলাইয়া যাইব ॥৪॥

তাহার পর একদিন কুন্তীদেবী দান করিবার ছলে রাত্রিতে ব্রাহ্মণ ভোজন করাইলেন; তাহাতে অনেক স্ত্রীলোকও সেখানে আসিল ॥৫॥

তাহারা ইচ্ছানুসারে পান, ভোজন ও বিচরণ করিয়া, কুন্তীর অনুমতি লইয়া রাত্রিতে আপন আপন বাড়ীতেই চলিয়া গেল ॥৬॥

কিন্তু পাঁচ পুত্রের মাতা এক ব্যাধপত্নী কালপ্রেরিত হইয়া সেই পুত্রগণের সহিত সেই নিমন্ত্রণে ভোজন করিবার জন্য আসিয়াছিল ॥৭॥

সেই ব্যাধপত্নী পুত্রগণের সহিত মিলিত হইয়া, মদ্য পান করিয়া, মত্তা এমন কি মদে বিহ্বল হইয়া, সকল পুত্রের সহিতই অচৈতন্য মৃতপ্রায় থাকিয়া,

(৬)·· সমনুজ্ঞাপ্য মাধবীম্।

সমন্ততো দদৌ পশ্চাদগ্নিং তত্র নিবেশনে।
জ্ঞাত্বা তু তদ্‌গৃহং সর্ব্বমাদীপ্তং পাণ্ডুনন্দনাঃ ॥১১॥
সুরঙ্গাং বিবিশুস্তূর্ণং মাত্রা সার্দ্ধমরিন্দমাঃ।
ততঃ প্রতাপঃ সুমহান্ শব্দশ্চৈব বিভাবসোঃ ॥১২॥
প্রাদুরাসীত্তদা তেন বুবুধে স জনব্রজঃ।
তদবেক্ষ্য গৃহং দীপ্তমাহুঃ পৌরাঃ কৃশানুনা ॥১৩॥ (বিশেষকম্)

পৌরা ঊচুঃ।

দুর্য্যোধনপ্রযুক্তেন পাপেনাকৃতবুদ্ধিনা।
গৃহমাপ্তবিনাশায় কারিতং দাহিতঞ্চ তৎ ॥১৪॥
অহো ধিগ্‌ধৃতরাষ্ট্রস্য বুদ্ধির্নাতিসমঞ্জসা।
যঃ শুচীন্ পাণ্ডুদায়াদান্ দাহয়ামাস শত্রুবৎ ॥১৫॥

ভারতকৌমুদী

সমন্তত ইতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। নিবেশনে গৃহে। আদীপ্তম্ অগ্নিজ্বালয়া উদ্ভাসিতম্। প্রতাপ উত্তাপঃ। জনব্রজঃ পুরবাসিবর্গঃ, বুবুধে জাগরিতো বভূব। কৃশানুনা অগ্নিনা, দীপ্তমুদ্ভাসিতম্ ॥১১—১৩॥

দুর্য্যোধনেতি। পাপেন কেনচিচ্ছলেন। আপ্তানাং বিশ্বস্তানাং পাণ্ডবানাং বিনাশায় ॥১৪॥

অহো ইতি। নাতিসমঞ্জসা সর্ব্বৈর্নাতিসম্মতা, পাণ্ডবানাং রাজ্যভাগিত্বাত্তু কিঞ্চিৎ সম্মতৈবেতি ভাবঃ। শুচীন্ পবিত্রান্ নির্দোষানিতি যাবৎ, পাণ্ডোর্দায়াদান্ পুত্রান্ ॥১৫॥

সেই বাড়ীতেই ঘুমাইয়া পড়িল। তাহার পর, প্রবল বায়ু বহিত হইতে থাকিলে এবং সমস্ত লোক ঘুমাইয়া পড়িলে, তখন যে ঘরে পুরোচন শয়ন করিয়াছিল, ভীম সেই ঘরেই প্রথম আগুন লাগাইয়া দিলেন; তাহার পর তিনি জতুগৃহের দুয়ারেও আগুন ধরাইয়া দিলেন ॥৮—১০॥

তাহার পর, সেই বাড়ীর সকল দিকেই আগুন লাগাইয়া দিলেন; তাহাতে সে বাড়ী খানা সমস্তই জ্বলিয়া উঠিল; ইহা দেখিয়া পাণ্ডবগণ মাতা কুন্তীর সহিত সত্বর যাইয়া সেই সুরঙ্গের ভিতরে প্রবেশ করিলেন। তাহার পর, সেই আগুনের দারুণ উত্তাপ এবং গুরুতর শব্দ হইতে লাগিল; তাহাতে পুরবাসী লোক সকল জাগিয়া উঠিল এবং তাহারা আগুনে বাড়ী খানা পুড়িতেছে দেখিয়া বলিতে লাগিল ॥১১—১৩॥

পুরবাসীরা বলিল—দুর্য্যোধনের প্রেরিত পাপাত্মা ও দুষ্টবুদ্ধি পুরোচন বিশ্বস্ত পাণ্ডবগণের বিনাশের জন্যই এই বাড়ী খানা করাইয়াছিল, এখন দগ্ধও করাইল ॥১৪॥

দিষ্ট্যা ত্বিদানীং পাপাত্মা দগ্ধোঽয়মতিদুর্ম্মতিঃ।
অনাগসঃ সুবিশ্বস্তান্ যো দদাহ নরোত্তমান্ ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবং তে বিলপন্তি স্ম বারণাবতকা জনাঃ।
পরিবার্য্য গৃহং তচ্চ তস্থু রাত্রৌ সমন্ততঃ ॥১৭॥
পাণ্ডবাশ্চাপি তে সর্ব্বে সহ মাত্রা সুরক্ষিতাঃ।
বিলেন তেন নির্গত্য জগ্মুর্দ্রুতমলক্ষিতাঃ ॥১৮॥
তেন নিদ্রোপরোধেন সাধ্বসেন চ পাণ্ডবাঃ।
ন শেকুঃ সহসা গন্তুং সহ মাত্রা পরন্তপাঃ ॥১৯॥
ভীমসেনস্তু রাজেন্দ্র! ভীমবেগপরাক্রমঃ।
জগাম ভ্রাতৃনাদায় সর্ব্বান্ মাতরমেব চ ॥২০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। অনাগসো নিরপরাধান্। নরোত্তমান্ পাণ্ডবান্ ॥১৬॥
এবমিতি। বারণাবতকা বারণাবতবাসিনঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১৭॥
পাণ্ডবা ইতি। মাত্রা কুন্ত্যা। বিলেন সুরঙ্গয়া। অলক্ষিতা লোকৈরদৃষ্টাঃ ॥১৮॥
তেনেতি। নিদ্রায়া উপরোধেন ব্যাঘাতেন, সাধ্বসেন ভয়েন চ ॥১৯॥
ভীমেতি। ভীমো বেগপরাক্রমো যস্য সঃ ॥২০॥

হায়! ধৃতরাষ্ট্রের বুদ্ধিটা সকলের বিশেষ সম্মত নহে; যিনি নির্দ্দোষ পাণ্ডবগণকে শত্রুর ন্যায় দগ্ধ করাইলেন ॥১৫॥

ভাগ্যবশতঃ পাপাত্মা ও দুষ্টবুদ্ধি পুরোচনটা দগ্ধ হইয়াছে; যে পুরোচন নিরপরাধ, বিশ্বস্ত ও নরশ্রেষ্ঠ পাণ্ডবগণকে দগ্ধ করিয়াছে ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—সেই সকল বারণাবতবাসী লোক এইরূপ বিলাপ করিতে লাগিল এবং সেই বাড়ী খানার সকল দিক্ পরিবেষ্টন করিয়া রাত্রিতে অবস্থান করিল ॥১৭॥

এদিকে পাণ্ডবেরা সকলেও মাতা কুন্তীর সহিত সুরক্ষিতভাবে সেই সুরঙ্গ-পথ দিয়া বাহিরে নির্গত হইয়া অন্যের অলক্ষিত অবস্থায় দ্রুত গমন করিতে লাগিলেন ॥১৮॥

কিন্তু সেই নিদ্রার ব্যাঘাতে এবং ভয়ে ভীম ভিন্ন অপর পাণ্ডবগণ এবং কুন্তীদেবী সহসা গমন করিতে সমর্থ হইলেন না ॥১৯॥

মহারাজ! তখন ভয়ঙ্কর বেগ ও পরাক্রমশালী ভীমসেন মাতাকে এবং সকল ভ্রাতাকে বহন করতঃ গমন করিতে লাগিলেন ॥২০॥

স্কন্ধমারোপ্য জননীং যমাবঙ্কেন বীর্য্যবান্।
পার্থৌ গৃহীত্বা পাণিভ্যাং ভ্রাতরৌ স মহাবলঃ ॥২১॥
তরসা পাদপান্ ভঞ্জন্ মহীং পদ্ভ্যাং বিদারয়ন্।
স জগামাশু তেজস্বী বাতরংহা বৃকোদরঃ ॥২২॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে জতুগৃহদাহো নাম দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিন্নেব কালে তু যথাসম্প্রত্যয়ং কবিঃ।
বিদুরঃ প্রেষয়ামাস তদ্বনং পুরুষং শুচিম্ ॥১॥
আত্মনঃ পাণ্ডবানাঞ্চ বিশ্বাস্যং জ্ঞাতপূর্ব্বকম্।
গঙ্গাসন্তরণার্থায় জ্ঞাতাভিজ্ঞানবাচিকম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স্কন্ধমিতি। যমৌ নকুলসহদেবৌ, অঙ্কেন ক্রোড়েন। পার্থৌ যুধিষ্ঠিরার্জ্জুনৌ। তরসা বেগেন। বাতস্য বায়োরিব রংহো বেগো যস্য তেন ॥২১—২২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এতস্মিন্নিতি। যথাসম্প্রত্যয়ং বিশ্বাসানুসারেণ অস্মিন্ সময়ে পাণ্ডবা গঙ্গাতীরে যাস্যন্তীত্যনুমায়েত্যর্থঃ। শুচিং পবিত্রস্বভাবম্। জ্ঞাতঃ পূর্ব্বঃ পূর্ব্ববৃত্তান্তো যেন তম্। জ্ঞাতং বিদুরাদেব প্রাপ্তম্ অভিজ্ঞানবাচিকং বিশ্বাসচিহ্নভূতঃ সন্দেশো যেন তম্ ॥১—২॥

মাতা কুন্তীকে স্কন্ধে লইয়া, নকুল ও সহদেবকে কোলে করিয়া এবং যুধিষ্ঠির ও অর্জ্জুনকে বাহুতে ধারণ করিয়া মহাবল ভীমসেন শরীরের বেগে গাছ ভাঙ্গিয়া এবং পায়ের আঘাতে ভূতল বিদীর্ণ করিয়া, বায়ুর ন্যায় বেগশালী হইয়া মহাতেজে সত্বর গমন করিতে লাগিলেন ॥২১—২২॥

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই বুদ্ধিমান্ বিদুর নিজের অনুমান অনু-

(২১) উরসা পাদপান্ ভঞ্জন্…। * '…ষট্চত্বারিংশদধিকঃ…' '…অষ্টচত্বারিংশদধিকঃ…' '…ষষ্ট্যধিকঃ…' ইতি পাঠভেদাঃ। ২ শ্লোকঃ কচিন্নাস্তি।

স গত্বা তু যথোদ্দেশং পাণ্ডবান্ দদৃশে বনে।
জনন্যা সহ কৌরব্য! মাপয়ানান্ নদীজলম্ ॥৩॥
বিদিতং তন্মহাবুদ্ধের্বিদুরস্য মহাত্মনঃ।
ততস্তস্যাপি চারেণ চেষ্টিতং পাপচেতসঃ ॥৪॥
ততঃ স প্রেষিতো বিদ্বান্ বিদুরেণ নরস্তদা।
পার্থান্ সন্দর্শয়ামাস মনোমারুতগামিনীম্ ॥৫॥
সর্ববাতসহাং নাবং যন্ত্রযুক্তাং পতাকিনীম্।
শিবে ভাগীরথীতীরে নরৈর্বিশ্রম্ভিভিঃ কৃতাম্ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। স পুরুষঃ। মাপয়ানান্ পাদাভ্যাং তরীতুং শক্যতে ন বেতি মাপয়তঃ ॥৩॥

অথ বিদুরেণাসৌ পুরুষঃ কথং প্রেষিত ইত্যাহ বিদিতমিতি। পাপচেতসস্তস্য দুর্য্যোধনস্য চারেণাপি, ততো হস্তিনানগরাৎ, পাণ্ডবেষু যৎ কর্ত্তুং চেষ্টিতম্, তদ্বিদুরস্য বিদিতম্ ॥৪॥

তত ইতি। ততঃ কারণাদেব। মনোমারুতগামিনীম্ অতীবদ্রুতগামিনীম্। সর্বেত্যাদিকন্তু প্রাগেব ব্যাখ্যাতম্। শিবে সর্বমঙ্গলকরে। বিশ্রম্ভিভির্বিশ্বস্তৈঃ ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি। যথাসম্প্রত্যয়ং যথাসঙ্কেতম্। শুচিং নাবিকম্ ॥১—২॥ মাপয়ানান্ জলপরিমাণং পরীক্ষমাণান্ ॥৩॥ তস্য চেষ্টিতং চারেণ বিদুরস্য বিদিতং যতস্ততো হেতোঃ বিদুরেণ

সারে পাণ্ডবগণকে গঙ্গা পার করিয়া দিবার জন্য তাঁহাদের নিকটে সেই বনের ভিতরে একটী সচ্চরিত্র লোককে পাঠাইয়া দিলেন; সে লোকটী বিদুরের ও পাণ্ডবগণের বিশ্বাসের পাত্র ছিল, পূর্ব্বের ঘটনা জানিত এবং বিদুরের নিকট হইতেই বিশ্বাসজনক সংবাদ লইয়াছিল ॥১—২॥

সেই লোক বিদুরেরই নির্দ্দেশক্রমে বনের ভিতরে যাইয়া পাণ্ডবগণকে দেখিতে পাইল; তখন তাঁহারা কুন্তীর সহিত মিলিত হইয়া গঙ্গার জল মাপিয়া দেখিতেছিলেন ॥৩॥

এদিকে পাপাত্মা দুর্য্যোধনের চরও পাণ্ডবদের সম্বন্ধে যাহা করিবার জন্য সচেষ্ট ছিল, তাহা বুদ্ধিমান্ বিদুরও জানিতেছিলেন ॥৪॥

সেই জন্যই বিদুর তখন সেই অভিজ্ঞ লোকটীকে পাঠাইয়া দিয়াছিলেন। সেই লোকটী যাইয়া পাণ্ডবগণকে দেখাইয়া দিল—মন ও বায়ুর ন্যায় দ্রুতগামী, সর্ব্বপ্রকার বায়ুর বেগ সহ্য করিতে সক্ষম এবং পতাকাযুক্ত একখানি কলের নৌকা গঙ্গার মধ্যে রহিয়াছে; সেই নৌকাখানিকে বিশ্বস্ত লোকেরা মঙ্গলময় গঙ্গাতীরেই নির্ম্মাণ করিয়াছিল ॥৫—৬॥

(৩)…মার্গমাণান্ নদীজলম্। (৫)…পার্থানাং দর্শয়ামাস…।

ততঃ পুনরথোবাচ জ্ঞাপকং পূর্বচোদিতম্।
যুধিষ্ঠির! নিবোধেদং সংজ্ঞার্থং বচনং কবেঃ ॥৭॥
কক্ষঘ্নঃ শিশিরঘ্নশ্চ মহাকক্ষে বিলৌকসঃ।
ন হন্তীত্যেবমাত্মানং যো রক্ষতি স জীবতি ॥৮॥
তেন মাং প্রেষিতং বিদ্ধি বিশ্বস্তং সংজ্ঞয়ানয়া।
ভূয়শ্চৈবাহ মাং ক্ষত্তা বিদুরঃ সর্বতোঽর্থবিৎ ॥৯॥
কর্ণং দুর্য্যোধনঞ্চৈব ভ্রাতৃভিঃ সহিতং রণে।
শকুনিঞ্চৈব কৌন্তেয়! বিজেতাসি ন সংশয়ঃ ॥১০॥
ইয়ং বারিপথে যুক্তা নৌরপ্সু সুখগামিনী।
মোচয়িষ্যতি বঃ সর্ব্বানস্মাদ্দেশান্ন সংশয়ঃ ॥১১॥
অথ তান্ ব্যথিতান্ দৃষ্ট্বা সহ মাত্রা নরোত্তমান্।
নাবমারোপ্য গঙ্গায়াং প্রস্থিতানব্রবীৎ পুনঃ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। জ্ঞাপকম্ আত্মনি বিশ্বাসসূচকম্। সংজ্ঞার্থং ময়ি তদীয়ত্বজ্ঞানার্থম্ ॥৭॥
কিং তদ্বচনমিত্যাহ কক্ষঘ্ন ইতি। ইদমপি প্রাগ্‌বিশদমেব ব্যাখ্যাতম্ ॥৮॥
তেনেতি। তেন বিদুরেণ। অনয়া উক্তশ্লোকোক্তিরূপয়া, সংজ্ঞয়া অন্যৈরজ্ঞাতসঙ্কেতেন ॥৯॥
কর্ণমিতি। বিজেতাসি বিজেষ্যসে, স্বযোগ্যতাবশাদস্মাকমাশীর্বাদাচ্চেতি ভাবঃ ॥১০॥
ইয়মিতি। যুক্তা যোগ্যা। সুখগামিনী তরঙ্গাদিভিরনুদ্বেলনীয়ত্বাদিত্যাশয়ঃ ॥১১॥
অথেতি। ব্যথিতান্ দুঃখিতান্, দুর্য্যোধনাত্যাচারাৎ স্বদেশপরিত্যাগাচ্চেত্যভিপ্রায়ঃ ॥১২॥

তাহার পর, সেই লোক পুনরায় বিশ্বাসসূচক পূর্ব্ব বৃত্তান্ত বলিল—'পাণ্ডব-শ্রেষ্ঠ! আমি যে বিদুরেরই লোক, তাহা জানিবার জন্য বিদুরেরই এই বাক্য শ্রবণ করুন' ॥৭॥

৮ শ্লোকের অনুবাদ পূর্বে (১৫৩২ পৃষ্ঠায়) দ্রষ্টব্য।

সেই বিদুর আমাকে পাঠাইয়া দিয়াছেন এবং এই সঙ্কেত দ্বারাই আপনি আমাকে বিশ্বস্ত বলিয়া মনে করুন। আর, সর্ববিষয়জ্ঞ বিদুর পুনরায় আমার নিকট বলিয়া দিয়াছেন ॥৯॥

'হে কুন্তীনন্দন! কর্ণ, ভ্রাতৃগণের সহিত দুর্য্যোধন এবং শকুনিকে নিশ্চয়ই আপনি যুদ্ধে জয় করিতে পারিবেন' ॥১০॥

জলপথে চলিবার উপযুক্ত এবং জলে সুখগামিনী এই নৌকাখানি আপনাদের সকলকেই এই শত্রুপূর্ণ দেশ হইতে মুক্ত করিবে, ইহাতে সন্দেহ নাই ॥১১॥

বিদুরো মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পরিষ্বজ্য বচো মুহুঃ।
অরিষ্টং গচ্ছতাব্যগ্রাঃ পন্থানমিতি চাব্রবীৎ ॥১৩॥
ইত্যুক্ত্বা স তু তান্ বীরান্ পুমান্ বিদুরচোদিতঃ।
তারয়ামাস রাজেন্দ্র! গঙ্গাং নাবা নরর্ষভান্ ॥১৪॥
তারয়িত্বা ততো গঙ্গাং পারং প্রাপ্তাংশ্চ সর্বশঃ।
জয়াশিষঃ প্রযুজ্যাথ যথাগতমগাদ্ধি সঃ ॥১৫॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ প্রতিসন্দিশ্য বৈ কবেঃ।
গঙ্গামুত্তীর্য্য বেগেন জগ্মুর্গূঢ়মলক্ষিতাঃ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি জতুগৃহে গঙ্গোত্তরণং নাম ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিদুর ইতি। বচ ইতি বাক্যম্। অ-রিষ্টং নির্বিঘ্নম্, অব্যগ্রা অনাকুলাঃ সন্তঃ ॥১৩॥
ইতীতি। বিদুরেণ চোদিতঃ প্রেরিতঃ। নাবা তয়া নৌকয়া ॥১৪॥
তারয়িত্বেতি। সর্বশঃ সর্বান্ পাণ্ডবান্ প্রতি। স পুরুষঃ ॥১৫॥
পাণ্ডব ইতি। কবের্বিদুরস্য সমীপে, প্রতিসন্দিশ্য সর্বমাত্মবৃত্তান্তং সম্প্রেষ্য ॥১৬॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি জতুগৃহে ত্রিচত্বারিংশদধিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ততঃ স্বস্থানান্নরঃ প্রবাসিতঃ প্রেষিত ইতি সার্দ্ধশ্লোকো বাক্যম্ ॥৪॥ স নরো দর্শয়ামাস ॥৫—১৬॥
ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৩॥

তাহার পর, সেই লোক কুন্তীর সহিত পাণ্ডবগণকে দুঃখিত দেখিয়া, তাঁহাদিগকে নৌকায় তুলিয়া লইয়া, গঙ্গায় চলিবার সময়ে পুনরায় বলিল-॥১২॥

'বিদুর আপনাদের মস্তকাঘ্রাণ এবং স্নেহালিঙ্গন করিয়া বার বার এই কথা বলিয়া দিয়াছেন—'তোমরা সুস্থভাবে ও নির্বিঘ্নে পথে গমন করিও' ॥১৩॥

এই কথা বলিয়া বিদুরের প্রেরিত সেই লোকটী নরশ্রেষ্ঠ ও মহাবীর পাণ্ডবগণকে নৌকায় করিয়া গঙ্গা পার করিয়া দিল ॥১৪॥

তৎপরে গঙ্গা পার করিয়া দিয়া সেই লোকটী, তীরে উত্থিত পাণ্ডবগণের প্রতি জয়োচ্চারণ ও আশীর্ব্বাদ করিয়া, যে খান হইতে আসিয়াছিল, সেই খানেই চলিয়া গেল ॥১৫॥

মহাত্মা পাণ্ডবগণও বিদুরের নিকটে আপনাদের সমস্ত বৃত্তান্ত জানাইতে

* 'সপ্তচত্বারিংশদধিকঃ...' '...ঊনপঞ্চাশদধিকঃ...' '...একষষ্ট্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ।

চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

অথ রাত্র্যাং ব্যতীতায়ামশেষো নাগরো জনঃ।
তত্রাজগাম ত্বরিতো দিদৃক্ষুঃ পাণ্ডুনন্দনান্ ॥১॥
নির্বাপয়ন্তো জ্বলনং তে জনা দদৃশুস্ততঃ।
জাতুষং তদ্‌গৃহং দগ্ধমমাত্যঞ্চ পুরোচনম্ ॥২॥
নূনং দুর্য্যোধনেনেদং বিহিতং পাপকর্ম্মণা।
পাণ্ডবানাং বিনাশায়েত্যেবং তে চুক্রুশুর্জনাঃ ॥৩॥
বিদিতে ধৃতরাষ্ট্রস্য ধার্ত্তরাষ্ট্রো ন সংশয়ঃ।
দগ্ধবান্ পাণ্ডুদায়াদান্ ন হ্যেনং প্রতিষিদ্ধবান্ ॥৪॥
নূনং শান্তনবোঽপীহ ন ধর্ম্মমনুবর্ত্ততে।
দ্রোণশ্চ বিদুরশ্চৈব কৃপশ্চান্যে চ কৌরবাঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। নাগরো বারণাবতনগরবাসী। দিদৃক্ষুর্দ্রষ্টুমিচ্ছুঃ ॥১॥
নির্ব্বাপয়ন্ত ইতি। জ্বলনমগ্নিম্। অমাত্যং দুর্য্যোধনসচিবম্ ॥২॥
নূনমিতি। নূনং নিশ্চিতমেব। চুক্রুশুঃ পরস্পরমামন্ত্র্য বিষাদং চক্রুঃ ॥৩॥
নাগরাণামনুমানমাহ বিদিত ইতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ ॥৪॥
নূনমিতি। অনুবর্ত্ততে অনুসরতি, তেনাপ্যনিষেধাদিতি ভাবঃ ॥৫॥

বলিয়া, গঙ্গাতীর অতিক্রম করিয়া, অন্যের অলক্ষিত হইয়া, বেগে ও গুপ্তভাবে চলিতে লাগিলেন ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, রাত্রি প্রভাত হইলে, বারণাবতবাসী সমস্ত লোক পাণ্ডবগণকে দেখিবার জন্য সেখানে উপস্থিত হইল ॥১॥

তদনন্তর তাহারা অগ্নি নির্ব্বাপণ করিয়া দেখিল—সেই জতুগৃহ দগ্ধ হইয়াছে এবং দুর্য্যোধনের অমাত্য পুরোচনও দগ্ধ হইয়াছে ॥২॥

তৎপরে তাহারা পরস্পর আলোচনা করিল যে, নিশ্চয়, পাপিষ্ঠ দুর্য্যোধনই পাণ্ডবগণের বিনাশের জন্য এই কার্য্য করিয়াছে ॥৩॥

এবং ধৃতরাষ্ট্রের বিদিত অবস্থাতেই দুর্য্যোধন পাণ্ডবগণকে দগ্ধ করিয়াছে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, ধৃতরাষ্ট্র যখন দুর্য্যোধনকে নিষেধ করেন নাই ॥৪॥

তে বয়ং ধৃতরাষ্ট্রস্য প্রেষয়ামো দুরাত্মনঃ।
সংবৃত্তস্তে পরঃ কামঃ পাণ্ডবান্ দগ্ধবানসি ॥৬॥
ততো ব্যপোহমানাস্তে পাণ্ডবার্থে হুতাশনম্।
নিষাদীং দদৃশুর্দগ্ধাং পঞ্চপুত্রামনাগসম্ ॥৭॥
খনকেন তু তেনৈব বেশ্ম শোধয়তা বিলম্।
পাংশুভিঃ পিহিতং তচ্চ পুরুষৈস্তৈর্ন লক্ষিতম্ ॥৮॥
ততস্তে জ্ঞাপয়ামাসুর্ধৃতরাষ্ট্রস্য নাগরাঃ।
পাণ্ডবানগ্নিনা দগ্ধানমাত্যঞ্চ পুরোচনম্ ॥৯॥
শ্রুত্বা তু ধৃতরাষ্ট্রস্তদ্রাজা সুমহদপ্রিয়ম্।
বিনাশং পাণ্ডুপুত্রাণাং বিললাপ সুদুঃখিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রেষয়ামো বৃত্তান্তমিমং বক্তুং দূতমিতি শেষঃ। সংবৃত্তঃ সফলো জাতঃ ॥৬॥

তত ইতি। ব্যপোহমানাস্তর্কয়ন্তঃ অন্বিষ্যন্ত ইত্যর্থঃ। হুতাশনং তদ্দগ্ধস্থানম্ ॥৭॥

অথ পাণ্ডবানন্বিষ্যন্তস্তাঞ্চ সুরঙ্গাং পশ্যন্তঃ কথং নাগরাঃ পাণ্ডবার্থে ন সন্দিগ্ধবন্ত ইত্যাহ খনকেনেতি। বেশ্ম তদ্ভবনম্, শোধয়তা পরিষ্কুর্ব্বতা নিঃসন্দেহার্থং যথাপূর্ব্বং কুর্ব্বতেত্যর্থঃ, পাংশুভির্ধূলিভিঃ, পিহিতমাবৃতম্; তত্তস্মাচ্চ, তৈর্নাগরৈঃ ॥৮॥

তত ইতি। ধৃতরাষ্ট্রস্য সমীপে। অমাত্যং পুরোচনঞ্চ দগ্ধং জ্ঞাপয়ামাসুঃ ॥৯॥

শ্রুত্বেতি। বিনাশং তদ্বিষয়কং বৃত্তম্ ॥১০॥

এবং ভীষ্মও নিশ্চয়ই এবিষয়ে ধর্ম্মের অনুসরণ করেন নাই; কিংবা দ্রোণ, কৃপ, বিদুর বা অন্যান্য কৌরবগণও ধর্ম্মের অপেক্ষা রাখেন নাই ॥৫॥

সে যাহা হউক, আমরা এই বলিয়া দুরাত্মা ধৃতরাষ্ট্রের নিকটে দূত পাঠাইব যে, তোমার উৎকট অভিলাষ পূর্ণ হইয়াছে; পাণ্ডবগণকে দগ্ধ করিতে পারিয়াছ ॥৬॥

তাহার পর, তাহারা পাণ্ডবগণের সন্ধানের জন্য অগ্নিদগ্ধ স্থানগুলি খুজিতে থাকিয়া দেখিল—নিরপরাধা ব্যাধপত্নী পাঁচটী পুত্রের সহিত দগ্ধ হইয়াছে ॥৭॥

কিন্তু সেই খনকই বাড়ীখানি পরিষ্কার করিতে থাকিয়া সেই গর্ত্ত ও সুরঙ্গটাকে মাটী দিয়া পরিপূর্ণ করিয়া রাখিয়া গিয়াছিল। সুতরাং বারণাবত-বাসী সেই সকল লোক তাহা দেখিতে পাইয়াছিল না ॥৮॥

তাহার পর, তাহারা ধৃতরাষ্ট্রের নিকট জানাইল যে, পাণ্ডবগণ অগ্নিতে দগ্ধ হইয়া গিয়াছেন, অমাত্য পুরোচনও দগ্ধ হইয়াছে ॥৯॥

রাজা ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের মৃত্যুবিষয়ের সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া বহুতর বিলাপ করিলেন (এবং বলিলেন—) ॥১০॥

অদ্য পাণ্ডুর্ম্মৃতো রাজা মম ভ্রাতা মহাযশাঃ।
তেষু বীরেষু দগ্ধেষু মাত্রা সহ বিশেষতঃ ॥১১॥
গচ্ছন্তু পুরুষাঃ শীঘ্রং নগরং বারণাবতম্।
সৎকারয়ন্তু তান্ বীরান্ কুন্তিরাজসুতাঞ্চ তাম্ ॥১২॥
কারয়ন্তু চ কুল্যানি শুভানি চ বৃহন্তি চ।
যে চ তত্র মৃতাস্তেষাং সুহৃদো যান্তু তানপি ॥১৩॥
এবং গতে ময়া শক্যং যদ্‌যৎ কারয়িতুং হিতম্।
পাণ্ডবানাঞ্চ কুন্ত্যাশ্চ তৎ সর্ব্বং ক্রিয়তাং ধনৈঃ ॥১৪॥
সমেতাশ্চ ততঃ সর্ব্বে ভীষ্মেণ সহ কৌরবাঃ।
ধৃতরাষ্ট্রঃ সপুত্রশ্চ গঙ্গামভিমুখা যযুঃ ॥১৫॥
একবস্ত্রা নিরানন্দা নিরাভরণবেষ্টনাঃ।
উদকং কর্ত্তুকামা বৈ পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদ্যেতি। পুত্রস্য পিতৃরূপত্বাৎ পুত্রস্থিতৌ পিতৃস্থিতিঃ, তন্মরণে চ তন্মরণমিত্যাশয়ঃ ॥১১॥

গচ্ছন্ত্বিতি। সৎকারয়ন্তু গৃহদাহে নিঃশেষদাহাসম্ভবাৎ নিঃশেষেণ দহন্ত্বিত্যর্থঃ ॥১২॥

কারয়ন্ত্বিতি। কুল্যানি অস্মাকং কৌলিকনিয়মানুবর্ত্তীনি শ্রাদ্ধাদীনি। যে পাণ্ডবেতরে ॥১৩॥

এবমিতি। গতে কৃতে। যদ্‌যৎ ঔর্দ্ধদেহিকং দানাদিকম্ ॥১৪॥

সমেতা ইতি। সমেতাঃ সম্মিলিতাঃ। নিরাভরণবেষ্টনা অলঙ্কারোষ্ণীষশূন্যাঃ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৬॥ ব্যপোহমানা নির্ব্বাপয়ন্তঃ ॥৭—১২॥ কুল্যান্যস্থীনি, কারয়ন্তু সংস্কার-

'সেই মহাবীরগণ তাহাদের মাতার সহিত দগ্ধ হওয়ায় অদ্যই আমার যশস্বী ভ্রাতা পাণ্ডু যথার্থপক্ষে মরিয়া গেলেন ॥১১॥

সত্বর বারণাবতনগরে লোক যাউক, যাইয়া সেই বীরগণের ও কুন্তীর সৎকার করুক ॥১২॥

এবং আমাদের কৌলিক নিয়ম অনুসারে মাঙ্গলিক ও ঔর্দ্ধদেহিক কার্য্য করাউক; আর, অন্যান্য যাহারা সেখানে মরিয়াছে, তাহাদের বন্ধুবর্গও তাহাদের নিকট যাউক ॥১৩॥

এইরূপ করা হইলে, পাণ্ডবগণের জন্য এবং কুন্তীর জন্য আমারও যে যে হিতকার্য্য করান উচিত, সে সকলও ধন ব্যয় করিয়া করুক ॥১৪॥

তাহার পর, পুত্রগণের সহিত ধৃতরাষ্ট্র এবং ভীষ্মের সহিত সকল কুরুবংশীয়-

১৫—১৬ শ্লোকৌ কতিপয়পুস্তকে ন দৃশ্যেতে।

এবং গত্বা ততশ্চক্রে জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
উদকং পাণ্ডুপুত্রাণাং ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ ॥১৭॥
রুরুদুঃ সহিতাঃ সর্বে ভৃশং শোকপরায়ণাঃ।
হা যুধিষ্ঠির! কৌরব্য! হা ভীম! ইতি চাপরে ॥১৮॥
হা ফাল্গুনেতি চাপ্যন্যে হা যমাবিতি চাপরে।
কুন্তীমার্ত্তাশ্চ শোচন্ত উদকং চক্রিরে জনাঃ ॥১৯॥
অন্যে পৌরজনাশ্চৈবমন্বশোচন্ত পাণ্ডবান্।
বিদুরস্ত্বল্পশশ্চক্রে শোকং বেদ পরং হি সঃ ॥২০॥
পাণ্ডবাশ্চাপি নির্গত্য নগরাদ্বারণাবতাৎ।
নদীং গঙ্গামনুপ্রাপ্তা মাতৃষষ্ঠা মহাবলাঃ ॥২১॥

ভারতকৌমুদী

এবমিতি। জ্ঞাতিভির্ভীষ্মাদিভিঃ। উদকম্ উদকেন তর্পণম্ ॥১৭॥
রুরুদুরিতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥১৮॥
হেতি। যমৌ নকুলসহদেবৌ ॥১৯॥
অন্ত ইতি। হি যস্মাৎ, স বিদুরঃ, পরং জতুগৃহদাহাৎ পরবর্ত্তিনং বৃত্তান্তম্ ॥২০॥
পাণ্ডবা ইতি। মাতা ষষ্ঠী যেষাং তে ॥২১॥

ভারতভাবদীপঃ

যন্তু। "কুলং জনপদে গোত্রে সজাতীয়গণেঽপি চ। ভবনে চ তনৌ ক্লীবং কণ্টকার্য্যৌষধৌ

গণ মিলিত হইয়া, অলঙ্কার ও উষ্ণীষ পরিত্যাগ করিয়া, এক বস্ত্রে এবং বিষণ্ণ মনে মহাত্মা পাণ্ডবগণের তর্পণ করিবার জন্য গঙ্গার অভিমুখে গমন করিলেন ॥১৫—১৬॥

তদনন্তর অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র জ্ঞাতিবর্গে পরিবেষ্টিত হইয়া, গঙ্গায় যাইয়া, পাণ্ডবগণের উদ্দেশে তর্পণ করিলেন ॥১৭॥

তখন সকলে মিলিয়া অত্যন্ত শোকার্ত্ত হইয়া রোদন করিতে লাগিলেন। কেহ কেহ বলিলেন—হা যুধিষ্ঠির! অপর কেহ কেহ বলিলেন—হা ভীম! ॥১৮॥

অন্য কেহ কেহ কহিলেন—হা অর্জ্জুন! অপরেরা বলিলেন হা নকুল-সহদেব! এবং অন্য লোকেরা কাতর হইয়া কুন্তীর নিমিত্ত শোক করিতে থাকিয়া তর্পণ করিল ॥১৯॥

অন্যান্য পুরবাসীরাও পাণ্ডবগণের জন্য শোক করিতে লাগিল। কিন্তু বিদুর অল্প অল্প শোক করিলেন; কেন না, তিনি জতুগৃহদাহের পরেও পাণ্ডবগণের বৃত্তান্ত জানিতেন ॥২০॥

দাশানাং ভুজবেগেন নদ্যাঃ স্রোতোজবেন চ।
বায়ুনা চানুকূলেন তূর্ণং পারমবাপ্নুবন্ ॥২২॥
ততো নাবং পরিত্যজ্য প্রযযুর্দক্ষিণাং দিশম্।
বিজ্ঞায় নিশি পন্থানং নক্ষত্রগণসূচিতম্ ॥২৩॥
যতমানা বনং রাজন্! গহনং প্রতিপেদিরে।
ততঃ শ্রান্তাঃ পিপাসার্ত্তা নিদ্রান্ধাঃ পাণ্ডুনন্দনাঃ।
পুনরূচুর্মহাবীর্য্যং ভীমসেনমিদং বচঃ ॥২৪॥
ইতঃ কষ্টতরং কিন্নু যদ্বয়ং গহনে বনে।
দিশশ্চ ন বিজানীমো গন্তুঞ্চৈব ন শক্নুমঃ ॥২৫॥
তঞ্চ পাপং ন জানীমো যদি দগ্ধঃ পুরোচনঃ।
কথং নু বিপ্রমুচ্যেম ভয়াদস্মাদলক্ষিতাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দাশানামিতি। দাশানাং নৌকাচালকানাং ধীবরাণাম্ ॥২২॥
তত ইতি। প্রযযুঃ পাণ্ডবা ইতি পূর্ব্বানুকর্ষঃ। নক্ষত্রগণেন সূচিতং বিজ্ঞাপিতম্ ॥২৩॥
যতমানা ইতি। যতমানা আশ্রয়স্থানং লব্ধুং চেষ্টমানাঃ। ষট্পদমিদং পদ্যম্ ॥২৪॥
ইত ইতি। গহনে নিবিড়ে। ন শক্নুমঃ পরিশ্রান্তত্বাদ্দিগজ্ঞানাচ্চ ॥২৫॥
তমিতি। যদীতি সম্ভাবনায়াম্। অলক্ষিতা অন্যৈরজ্ঞাতাঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

কুলী"তি মেদিনী। কুল্যং স্যাৎ কীকসেঽপীতি চ, কুল্যানি চৈত্যানীত্যন্যে, মহাবৃক্ষেণ বা

এদিকে মহাবল পাণ্ডবগণ মাতার সহিত বারণাবতনগর হইতে নির্গত হইয়া গঙ্গানদীতে যাইয়া উপস্থিত হইলেন ॥২১॥

তখন নৌকাচালক ধীবরগণের বাহুর বেগে, নদীর স্রোতের বেগে এবং অনুকূল বায়ুর সাহায্যে তাঁহারা সত্বরই পর পারে যাইয়া উপস্থিত হইলেন ॥২২॥

তাহার পর, তাঁহারা নৌকা পরিত্যাগ করিয়া, রাত্রিতেও নক্ষত্র দেখিয়া পথ জানিয়া দক্ষিণ দিকে গমন করিতে লাগিলেন ॥২৩॥

মহারাজ! পাণ্ডবগণ আশ্রয়স্থান লাভ করিবার জন্য যত্নবান্ হইয়া, নিবিড় বনে যাইয়া উপস্থিত হইলেন। তাহার পর, তাঁহারা পরিশ্রান্ত, পিপাসার্ত্ত এবং নিদ্রায় কাতর হইয়া পুনরায় ভীমসেনকে এই কথা বলিলেন—॥২৪॥

'ইহা অপেক্ষা আর কি দুঃখ হইতে পারে যে, আমরা এই নিবিড় বনমধ্যে দিক্ নির্ণয় করিতে পারিতেছি না এবং চলিতেও পারিতেছি না ॥২৫॥

আর, সেই পাপাত্মা পুরোচন দগ্ধ হইল কিনা তাহাও জানিতে পারিলাম

পুনরস্মানুপাদায় তথৈব ব্রজ ভারত ! ।
ত্বং হি নো বলবানেকো যথা সততগস্তথা ॥২৭॥
ইত্যুক্তো ধর্ম্মরাজেন ভীমসেনো মহাবলঃ ।
আদায় কুন্তীং ভ্রাতৄংশ্চ জগামাশু মহাবলঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি জতুগৃহে পাণ্ডববনপ্রবেশো নাম চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ ।
তেন বিক্রমমাণেন উরুবেগসমীরিতম্ ।
বনং সবৃক্ষবিটপং ব্যাঘূর্ণিতমিবাভবৎ ॥১॥

ভারতকৌমুদী

পুনরিতি । নঃ অস্মাকং মধ্যে । সততগো বায়ুঃ ॥২৭॥

ইতীতি । আদায় পূর্ব্ববদেব স্কন্ধাদাবারোপ্য । একো মহাবলো মহাসাহসঃ ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি জতুগৃহে চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

তেনেতি । বিক্রমমাণেন বিক্রম্য গচ্ছতা । উরুর্মহান্ যো বেগস্তেন সমীরিতম্ ॥১॥

ভারতভাবদীপঃ

মহাপ্রাসাদেন বা অঙ্কিতানি চত্বরাণীত্যর্থঃ ॥১৩—২৮॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৪॥

না এবং অন্যের অজ্ঞাতভাবে এই ভয় হইতে কি করিয়া মুক্ত হইব, তাহাও বুঝিতেছি না' ॥২৬॥

(যুধিষ্ঠির বলিলেন—) 'ভীম ! তুমি পুনরায় সেই ভাবেই আমাদিগকে বহিয়া লইয়া চল। কেন না, একমাত্র তুমিই আমাদের মধ্যে বায়ুর ন্যায় বলবান্' ॥২৭॥

যুধিষ্ঠির এই কথা বলিলে, মহাবল ও মহাসাহস ভীমসেন মাতা কুন্তীকে এবং ভ্রাতৃগণকে বহিয়া লইয়া চলিতে লাগিলেন ॥২৮॥

* '...অষ্টচত্বারিংশদধিকঃ...' '...পঞ্চাশদধিকঃ...' '...একষষ্ট্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ ।

জঙ্ঘাবাতো ববৌ চাস্য শুচিশুক্রাগমে যথা।
আবর্জিতলতাবৃক্ষং মার্গং চক্রে মহাবলঃ ॥২॥
সমৃদ্ধান্ পুষ্পিতাংশ্চৈব ফলিতাংশ্চ বনস্পতীন্।
অবরুজ্য যযৌ গুল্মান্ পথস্তস্য সমীপজান্ ॥৩॥
স বোধিত ইব ক্রুদ্ধো বনে ভঞ্জন্ মহাদ্রুমান্।
ত্রিপ্রস্রুতমদঃ শুষ্মী ষষ্টিবর্ষী মতঙ্গরাট্ ॥৪॥
গচ্ছতস্তস্য বেগেন তার্ক্ষ্যমারুতরংহসঃ।
ভীমস্য পাণ্ডুপুত্রাণাং মূর্চ্ছেব সমজায়ত ॥৫॥

ভারতকৌমুদী

জঙ্ঘেতি। শুচিশুক্রয়োর্জ্যৈষ্ঠাষাঢ়য়োরাগমে। আবর্জিতা নতীকৃতা লতা বৃক্ষাশ্চ যস্য তম্ ॥২॥

সমৃদ্ধানিতি। সমৃদ্ধান্ শাখাপল্লবাদিসম্পন্নান্। অবরুজ্য ভঙ্ক্ত্বা ॥৩॥

স ইতি। বোধিতঃ প্রতিযূথপং জ্ঞাপিতঃ। ত্রিভ্যো গণ্ডকর্ণপায়ুভ্যঃ প্রস্রুতো গলিতো মদো দানজলং যস্য স তাদৃশঃ, শুষ্মী গর্ব্বেণোষ্ণতাশালী, ষষ্টিবর্ষী যুবা। স ভীমো যযৌ ॥৪॥

গচ্ছত ইতি। তার্ক্ষ্যো গরুড়ঃ মারুতো বায়ুশ্চ তয়োরিব রংহো বেগো যস্য তস্য ॥৫॥

ভারতভাবদীপঃ

তেনেতি ॥১॥ শুচিশুক্রাগমে জ্যৈষ্ঠাষাঢ়য়োঃ সন্ধিসময়ে। আবর্জ্জিতাঃ সমীকৃতা লতা বৃক্ষাশ্চ যস্মিন্ ॥২॥ অবরুজ্য ভঙ্ক্ত্বা ॥৩॥ রোষিতো রোষং প্রাপিতঃ, ত্রিষু গণ্ড-কর্ণমূল-গুহ্যদেশেষু প্রস্রুতো মদো যস্য সঃ, শুষ্মী তেজস্বী "শুষ্মং তেজসি সূর্য্যে না" ইতি মেদিনী।

বৈশম্পায়ন বলিলেন—ভীম পাদক্ষেপ করিয়া চলিতে থাকিলে, তাহার গুরুতর বেগে বৃক্ষ ও শাখাযুক্ত বনগুলি সঞ্চালিত হইয়া যেন ঘূর্ণিত হইতে লাগিল ॥১॥

জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে যেমন বায়ু বহিত হয়, সেইরূপ তাঁহার জঙ্ঘার বায়ু বহিত হইতে থাকিল; এই ভাবে তিনি পথের নিকটবর্ত্তী লতা ও বৃক্ষগুলি অবনত করিয়া চলিলেন ॥২॥

পথের নিকটবর্ত্তী শাখা, পল্লব, পুষ্প ও ফলযুক্ত বৃক্ষ এবং গুল্মসমূহকে ভগ্ন করিয়া তিনি চলিতে লাগিলেন ॥৩॥

যাহার গণ্ড, কর্ণ ও গুহ্যদেশ হইতে মদজল গলিত হইয়া থাকে, সেইরূপ পূর্ণ যুবা এবং অন্তরের তেজে গরম হস্তিরাজ যেমন অন্য হস্তীর আগমন জানিয়া ক্রুদ্ধ হইয়া, বৃহৎ বৃক্ষ সকল ভগ্ন করিয়া গমন করে, ভীমও সেই ভাবে গমন করিতে লাগিলেন ॥৪॥

(৪) স রোষিত ইব ক্রুদ্ধঃ…।

অসকৃচ্চাপি সন্তীর্য্য দূরপারং ভুজপ্লবৈঃ।
পথি প্রচ্ছন্নমাসেদুর্ধার্ত্তরাষ্ট্রভয়াত্তদা ॥৬॥
কৃচ্ছ্রেণ মাতরঞ্চৈব সুকুমারীং যশস্বিনীম্।
অবহৎ স তু পৃষ্ঠেন রোধঃসু বিষমেষু চ ॥৭॥
অগমচ্চ বনোদ্দেশমল্পমূলফলোদকম্।
ক্রূরপক্ষিমৃগং ঘোরং সায়াহ্নে ভরতর্ষভ! ॥৮॥
ঘোরা সমভবৎ সন্ধ্যা দারুণা মৃগপক্ষিণঃ।
অপ্রকাশা দিশঃ সর্ব্বা বাতৈরাসন্ননার্ত্তবৈঃ ॥৯॥
শীর্ণপর্ণফলৈ রাজন্! বহুগুল্মক্ষুপৈর্দ্রুমৈঃ।
ভগ্নাবভুগ্নভূয়িষ্ঠৈর্নানাদ্রুমসমাকুলৈঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসকৃদিতি। ভুজয়োঃ প্লবৈরুৎক্ষেপৈঃ, সন্তীর্য্য প্রাপ্তা নদীরতিক্রম্য। প্রচ্ছন্নং বনাবৃতম্ ॥৬॥

কৃচ্ছ্রেণেতি। সুকুমারীং কোমলাঙ্গীম্। রোধঃসু নদীতীরেষু, বিষমেষু উচ্চাবচস্থানেষু ॥৭॥

অগমদিতি। ক্রূরা হিংস্রাঃ পক্ষিণো মৃগাঃ পশবশ্চ যত্র তম্ ॥৮॥

ঘোরেতি। অনার্ত্তবৈঃ অনৃতুসম্ভবৈঃ অকালাগতৈরিত্যর্থঃ। বহবো গুল্মক্ষুপা গুল্মহ্রস্বশাখবৃক্ষা যেষু তৈঃ। ভগ্না অবভুগ্না অবনতাশ্চ বৃক্ষা ভূয়িষ্ঠা যেষু তৈঃ। অপ্রকাশা আসন্ ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

ষষ্টিবর্ষীতি পূর্ণযৌবনঃ ॥৪—৫॥ দূরপারং গঙ্গাপ্রবাহম্। বনেঽপি তস্মাৎ বিভ্যতীতি ভাবঃ। ভুজপ্লবৈর্ভুজাভ্যাং প্লবনৈঃ, বহুত্বং ব্যাপারভেদাৎ ॥৬॥ রোধঃসু উচ্চভাগেষু ॥৭—৮॥

গরুড় ও বায়ুর ন্যায় বেগশালী ভীমসেনের গমনের বেগে অন্যান্য পাণ্ডবদের যেন মূর্চ্ছা উপস্থিত হইল ॥৫॥

পাণ্ডবেরা তখন দুর্য্যোধনের ভয়ে পথে পথে বাহু দ্বারাই বার বার অনেক নদী উত্তীর্ণ হইয়া দূরবর্ত্তী বৃক্ষ-লতাচ্ছন্ন তীর দেশ প্রাপ্ত হইলেন ॥৬॥

ভীমসেন কোমলাঙ্গী মাতা কুন্তীদেবীকে পিঠে লইয়া অতিকষ্টে নদীর তীরে এবং উঁচু-নীচু জায়গায় বহন করিয়া নিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, তিনি সন্ধ্যাকালে যাইয়া একটা ভয়ঙ্কর বনের নিকটে উপস্থিত হইলেন সেখানে ফল, মূল ও জল অল্প ছিল; কিন্তু হিংস্র জন্তু ও হিংস্র পক্ষী বহুতর ছিল ॥৮॥

ক্রমে ঘোর সন্ধ্যাকাল উপস্থিত হইল, ভয়ঙ্কর পশু ও পক্ষিগণ বিচরণ

তে শ্রমেণ চ কৌরব্যাস্তৃষ্ণয়া চ প্রপীড়িতাঃ।
নাশক্নুবংস্তদা গন্তুং নিদ্রয়া চ প্রবৃদ্ধয়া ॥১১॥
ন্যবিশন্ত হি তে সর্ব্বে নিরাস্বাদে মহাবনে।
ততস্তৃষ্ণাপরিক্ষামা কুন্তী পুত্রানথাব্রবীৎ ॥১২॥
মাতা সতী পাণ্ডবানাং পঞ্চানাং মধ্যতঃ স্থিতা।
তৃষ্ণয়া হি পরীতাস্মি পুত্রান্ ভৃশমথাব্রবীৎ ॥১৩॥
তচ্ছ্রুত্বা ভীমসেনস্য মাতৃস্নেহাৎ প্রজল্পিতম্।
কারুণ্যেন মনস্তপ্তং গমনায়োপচক্রমে ॥১৪॥
ততো ভীমো বনং ঘোরং প্রবিশ্য বিজনং মহৎ।
ন্যগ্রোধং বিপুলচ্ছায়ং রমণীয়ং দদর্শ হ ॥১৫॥

ভারতকৌমুদী

ত ইতি। কৌরব্যা ভীমেতরে পাণ্ডবাঃ। প্রবৃদ্ধয়া উৎকটয়া ॥১১॥
ন্যবিশন্তেতি। নিরাস্বাদে খাদ্যরহিতে অসুন্দরে বা। তৃষ্ণয়া পরিক্ষামা ক্ষীণস্বরা ॥১২॥
মাতেতি। পরীতা পরিব্যাপ্তকণ্ঠদেশা। ইতি পুত্রান্ ভৃশমব্রবীৎ ॥১৩॥
তদিতি। তৎ প্রজল্পিতং শ্রুত্বা। কারুণ্যেন দয়য়া। উপচক্রমে ভীমসেনঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অনার্ত্তবৈঃ অনৃতুভবৈঃ উৎপাতরূপৈরিত্যর্থঃ ॥৯॥ গুল্মঃ স্তম্বঃ, ক্ষুপো হ্রস্বশাখো বৃক্ষঃ।

করিতে লাগিল, অকালের বায়ুর বেগে শুক্‌নো পাতা উড়িয়া, ফল পড়িয়া, বহুতর স্থূলো, ছোট গাছ ও বড় গাছ ভাঙ্গিয়া পড়িয়া এবং নানা গাছ ঘুরিতে থাকিয়া সকল দিক্ আচ্ছন্ন করিয়া ফেলিল ॥৯—১০॥

তখন ভীমভিন্ন অপর পাণ্ডবগণ পরিশ্রমে, পিপাসায় এবং প্রবল নিদ্রার আবেশে গমন করিতে সমর্থ হইলেন না ॥১১॥

সুতরাং তাঁহারা সকলেই ভয়ঙ্কর বনমধ্যে প্রবেশ করিলেন। তাহার পর কুন্তী তৃষ্ণায় কাতর হইয়া পুত্রগণকে বলিলেন—॥১২॥

'আমি পঞ্চ পাণ্ডবের মাতা হইয়া এবং তাহাদেরই মধ্যে থাকিয়া আজ পিপাসায় অত্যন্ত কাতর হইয়া পড়িলাম'। এই কথা তিনি বার বার পুত্রগণকে বলিলেন ॥১৩॥

তাঁহার সেই কাতরোক্তি শুনিয়া ভীমসেনের হৃদয় মাতৃস্নেহ এবং দয়ায় আকুল হইয়া পড়িল; তাই তিনি জল আনিবার জন্য যাইবার উপক্রম করিলেন ॥১৪॥

(১২)···ততস্তৃষা পরিক্লান্তা···।

তত্র নিক্ষিপ্য তান্ সর্ব্বানুবাচ ভরতর্ষভঃ।
পানীয়ং মৃগয়ামীহ বিশ্রমধ্বমিতি প্রভো! ॥১৬॥
এতে রুবন্তি মধুরং সারসা জলচারিণঃ।
ধ্রুবমত্র জলস্থানং মহচ্চেতি মতির্মম ॥১৭॥
অনুজ্ঞাতঃ স গচ্ছেতি ভ্রাত্রা জ্যেষ্ঠেন ভারত!।
জগাম তত্র যত্র স্ম সারসা জলচারিণঃ ॥১৮॥
স তত্র পীত্বা পানীয়ং স্নাত্বা চ ভরতর্ষভঃ।
তেষামর্থে চ জগ্রাহ ভ্রাতৄণাং ভ্রাতৃবৎসলঃ ॥১৯॥
উত্তরীয়েণ পানীয়মানয়ামাস ভারত!।
পঙ্কজানামনেকৈশ্চ পত্রৈর্ব্বধ্বা পৃথক্ পৃথক্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। ন্যগ্রোধং বটবৃক্ষম্ ॥১৫॥

তত্রেতি। তত্র ন্যগ্রোধতলে, নিক্ষিপ্য সংস্থাপ্য। ভরতর্ষভো ভীমঃ। মৃগয়ামি অন্বিষ্যামি ॥১৬॥

এত ইতি। সারসাঃ পক্ষিবিশেষাঃ। অত্র অঙ্গুল্যা নির্দ্দিষ্টে দেশে ॥১৭॥

অন্বিতি। জ্যেষ্ঠেন ভ্রাত্রা যুধিষ্ঠিরেণ। স্মেতি পাদপূরণে ॥১৮॥

স ইতি। স ভীমসেনঃ। পানীয়ং জলম্। জগ্রাহ পানীয়মেব ॥১৯॥

অথ কেন পাত্রেণ জগ্রাহেত্যাহ উত্তরীয়েণেতি। বধ্বা পুটকং কৃত্বেত্যর্থঃ ॥২০॥

তাহার পর, ভীমসেন ভয়ঙ্কর, নির্জন ও বিশাল বনের ভিতরে প্রবেশ করিয়া বিশাল-ছায়াযুক্ত সুন্দর একটা বটগাছ দেখিতে পাইলেন ॥১৫॥

তাহার নীচে সকলকে রাখিয়া বলিলেন—'আমি জলের অন্বেষণ করি; আপনারা এই খানেই বিশ্রাম করুন' ॥১৬॥

জলচারী এই সারসপক্ষিগণ মধুর রব করিতেছে; অতএব আমার মনে হয় যে, নিশ্চয়ই ঐ স্থানে বিশাল জলাশয় আছে' ॥১৭॥

'যাও, জল আনয়ন কর' যুধিষ্ঠির এইরূপ অনুমতি করিলে, যেখানে জলচারী সারসগণ রব করিতেছিল, ভীম সেই খানে গমন করিলেন ॥১৮॥

ভ্রাতৃবৎসল ভরতবংশশ্রেষ্ঠ ভীমসেন সেখানে যাইয়া, জলপান ও স্নান করিয়া, ভ্রাতাদের জন্য জল লইলেন ॥১৯॥

অনেক অনেক পদ্মপত্র দ্বারা পৃথক পৃথক পুটক বাঁধিয়া, সে পুটকগুলিকে আবার উত্তরীয়বস্ত্রে লইয়া, জল আনয়ন করিলেন ॥২০॥

[২০] দ্বিতীয়ার্দ্ধং কতিপয়পুস্তকে নাস্তি।

গব্যূতিমাত্রাদাগত্য ত্বরিতো মাতরং প্রতি।
শোক-দুঃখ-পরীতাত্মা নিশশ্বাসোরগো যথা ॥২১॥
স সুপ্তং মাতরং দৃষ্ট্বা ভ্রাতৄংশ্চ বসুধাতলে।
ভৃশং শোকপরীতাত্মা বিললাপ বৃকোদরঃ ॥২২॥
অতঃ কষ্টতরং কিন্নু দ্রষ্টব্যং হা ভবিষ্যতি।
যৎ পশ্যামি মহীসুপ্তান্ ভ্রাতৄনদ্য সুমন্দভাক্ ॥২৩॥
শয়নেষু পরার্দ্ধেষু যে পুরা বারণাবতে।
নাধিজগ্মুস্তদা নিদ্রাং তেঽদ্য সুপ্তা মহীতলে ॥২৪॥
স্বসারং বসুদেবস্য শত্রুসঙ্ঘাবমর্দ্দিনঃ।
কুন্তিরাজসুতাং কুন্তীং সর্ব্বলক্ষণপূজিতাম্ ॥২৫॥
স্নুষাং বিচিত্রবীর্য্যস্য ভার্য্যাং পাণ্ডোর্মহাত্মনঃ।
তথৈব চাস্মজ্জননীং পুণ্ডরীকোদরপ্রভাম্ ॥২৬॥

ভারতকৌমুদী

গব্যূতীতি। গব্যূতিমাত্রাৎ ক্রোশদ্বয়পথাৎ। "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ ॥২১॥
স ইতি। সুপ্তাং নিদ্রিতাম্। বসুধাতলে মৃত্তিকায়ামেব ॥২২॥
অত ইতি। সুমন্দং ভাগ্যং ভজত ইতি সুমন্দভাক্ ॥২৩॥
শয়নেষ্বিতি। শয়নেষু শয্যাসু, পরার্দ্ধেষু উৎকৃষ্টেষু ॥২৪॥
স্বসারমিতি। স্বসারং ভগিনীম্। সর্ব্বৈর্লক্ষণৈশ্চিহ্নৈঃ পূজিতাং নারীষু প্রশস্তাম্।

ভারতভাবদীপঃ

অবভুগ্নো নামিতঃ ॥১০—১১॥ তৃষা তৃষ্ণয়া ॥১২—২০॥ গব্যূতিমাত্রাৎ ক্রোশদ্বয়াৎ ॥২১—২২॥

ভীমসেন এই ভাবে দুই ক্রোশপথ হইতে সত্বর মাতার নিকট আসিয়া, শোকে ও দুঃখে কাতর হইয়া, সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥২১॥

তিনি মাতাকে ও ভ্রাতৃগণকে ভূতলে নিদ্রিত দেখিয়া, শোকে অত্যন্ত কাতর হইয়া বিলাপ করিতে লাগিলেন ॥২২॥

'হায়! ইহা অপেক্ষা অধিক কি কষ্ট দেখা যাইতে পারে যে, অতিমন্দ-ভাগ্য আমি আজ ভ্রাতৃগণকে ভূতলে নিদ্রিত দেখিতেছি ॥২৩॥

যাঁহারা পূর্ব্বে বারণাবতনগরে উৎকৃষ্ট শয্যায় শয়ন করিয়াও নিদ্রা লাভ করেন নাই, তাঁহারাই আজ ভূতলে নিদ্রা যাইতেছেন ॥২৪॥

শত্রুসমূহবিজয়ী বসুদেবের ভগিনী, কুন্তিরাজের কন্যা, সর্ব্বসুলক্ষণসম্পন্না, বিচিত্রবীর্য্য রাজার পুত্রবধূ, মহাত্মা পাণ্ডু রাজার ভার্য্যা, আমাদের মাতা, পদ্ম-

[২৩]…দ্রষ্টব্যং হি ভবিষ্যতি। ·· (২৫)…শত্রুসংহারমর্দ্দিনঃ…।

সুকুমারতরামেনাং মহার্হশয়নোচিতাম্।
শয়ানাং পশ্যতাদ্যেহ পৃথিব্যামতথোচিতাম্ ॥২৭॥ (বিশেষকম্)
ধর্ম্মাদিন্দ্রাচ্চ বাতাচ্চ সুষুবে যা সুতানিমান্।
সেয়ং ভূমৌ পরিশ্রান্তা শেতে প্রাসাদশায়িনী ॥২৮॥
বিপদ উপস্থিত হইলে, যে কোন উপায়ে তাহা হইতে উদ্ধার পাইয়া প্রাণ ধারণ করিবে এবং ধর্ম্মের অনুসরণ করিয়া আদরপূর্ব্বক সকল কার্য্যই করিবে ॥১৩॥

বিপদের সময় যিনি পরের ধর্ম্ম রক্ষা করেন, তিনিই শ্রেষ্ঠ ধর্ম্মজ্ঞ; আর ধর্ম্ম হইতে ভ্রষ্ট হওয়াকেই ধার্ম্মিকের বিপদ বলা হয় ॥১৪॥

ধর্ম্ম প্রাণ রক্ষা করে, এই জন্যই ধর্ম্মকে প্রাণদাতা বলে। অতএব যে যে উপায়ে ধর্ম্ম করা যায়, তাহাতে কোন নিন্দা নাই ॥১৫॥

যুধিষ্ঠির উবাচ।

এবমেব যথাত্থ ত্বং হিড়িম্বে! নাত্র সংশয়ঃ।
স্থাতব্যস্তু ত্বয়া সত্যে যথা ব্রূয়াং সুমধ্যমে!॥১৬॥
স্নাতং কৃতাহ্নিকং ভদ্রে! কৃতকৌতুকমঙ্গলম্।
ভীমসেনং ভজেথাস্ত্বং প্রাগস্তগমনাদ্রবেঃ॥১৭॥
অহঃসু বিহরানেন যথাকামং মনোজবা।
অয়ং ত্বানয়িতব্যস্তে ভীমসেনঃ সদা নিশি॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

তথেতি তৎ প্রতিজ্ঞায় ভীমসেনোঽব্রবীদিদম্।
শৃণু রাক্ষসি! সত্যেন সময়ং তে বদাম্যহম্॥১৯॥
যাবৎ কালেন ভবতি পুত্রস্যোৎপাদনং শুভে!।
তাবৎ কালং গমিষ্যামি ত্বয়া সহ সুমধ্যমে!॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। আত্থ ব্রবীষি। সত্যে স্থাতব্যং ন পুনঃ প্রতারণা কর্ত্তব্যেতি ভাবঃ॥১৬॥
স্নাতমিতি। দিবসে তু তাদৃশং রাক্ষসমায়াভয়মস্মাকং নাস্তীত্যাশয়ঃ॥১৭॥
অহঃস্বিতি। অনেন ভীমেন সহ। মনস ইব জবো বেগো যস্যাঃ সা॥১৮॥
তথেতি। সময়ং ত্বয়া সার্দ্ধং মম বিহারকালম্॥১৯॥
যাবদিতি। গমিষ্যামি যথেষ্টবিহারায়েতি ভাবঃ॥২০॥

যুধিষ্ঠির বলিলেন—'হিড়িম্বে! তুমি যাহা বলিলে, তাহা সত্য; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তবে, সুন্দরি! আমি যেরূপ বলিতেছি, তোমার সেই-রূপ সত্য রক্ষা করিতে হইবে॥১৬॥

ভদ্রে! ভীম স্নান, আহ্নিক ও মাঙ্গলিক বেশ-ভূষাদি করিলে পর, সূর্য্যাস্তের পূর্ব্বে তুমি উহার সহিত বিহার করিবে॥১৭॥

তুমি মনের ন্যায় বেগশালিনী হইয়া দিনের বেলায় ইচ্ছানুসারে উহার সহিত বিহার করিবে; কিন্তু প্রত্যহই রাত্রিবেলায় উহাকে আমাদের নিকটে আনিয়া দিতে হইবে'॥১৮॥

বৈশম্পায়ন কহিলেন—'তাহাই হইবে' এইরূপ স্বীকার করিয়া ভীম এই কথা বলিলেন—'রাক্ষসি! শোন, আমি তোমার নিকট সত্যভাবে বিহারের সময় বলিতেছি—॥১৯॥

'সুন্দরি! যে পর্য্যন্ত তোমার পুত্র জন্মিবে, সেই পর্য্যন্তই আমি তোমার সহিত বিহার করিবার জন্য গমন করিব, (তাহার পরে আর পারিব না)॥২০॥

তথেতি তৎ প্রতিশ্রুত্য হিড়িম্বা রাক্ষসী তদা।
ভীমসেনমুপাদায় সোর্দ্ধমাচক্রমে ততঃ ॥২১॥
শৈলশৃঙ্গেষু রম্যেষু দেবতায়তনেষু চ।
মৃগপক্ষিবিঘুষ্টেষু রমণীয়েষু সর্ব্বদা ॥২২॥
কৃত্বা চ পরমং রূপং সর্ব্বাভরণভূষিতা।
সঞ্জল্পন্তী সুমধুরং রময়ামাস পাণ্ডবম্ ॥২৩॥ (যুগ্মকম্)
তথৈব বনদুর্গেষু পুষ্পিতদ্রুমসানুষু।
সরঃসু রমণীয়েষু পদ্মোৎপলযুতেষু চ ॥২৪॥
নদীদ্বীপপ্রদেশেষু বৈদূর্য্যসিকতাসু চ।
সুতীর্থবনতোয়াসু তথা গিরিনদীষু চ ॥২৫॥
কাননেষু বিচিত্রেষু পুষ্পিতদ্রুমবল্লিষু।
হিমবদ্গিরিকুঞ্জেষু গুহাসু বিবিধাসু চ ॥২৬॥
প্রফুল্লশতপত্রেষু সরঃস্বমলবারিষু।
সাগরস্য প্রদেশেষু মণিহেমচিতেষু চ ॥২৭॥

ভারতকৌমুদী

তথেতি। সা হিড়িম্বা, উর্দ্ধম্, আচক্রমে গতবতী ॥২১॥

শৈলেতি। মৃগপক্ষিভির্বিঘুষ্টেষু শব্দিতেষু। পরমং সুন্দরম্ ॥২২—২৩॥

তথেতি। সপ্তম্যন্তানাং পদানাং বক্ষ্যমাণয়া রময়ামাসেত্যনয়া ক্রিয়য়ান্বয়ঃ। বনান্যেব দুর্গাস্তেষু। পুষ্পিতা দ্রুমা যেষু তাদৃশেষু সানুষু পর্বতসমতলদেশেষু। বৈদূর্য্যরূপাঃ সিকতাস্তাসু। শোভনানি তীর্থানি ঘট্টাঃ বনানি তোয়ানি চ যাসাং তাসু। পুষ্পিতা দ্রুমা বল্লয়ো লতাশ্চ যেষু তেষু। প্রফুল্লানি বিকসিতানি শতপত্রাণি পদ্মানি যেষু তেষু। মণিভির্হেম-

'তাহাই হইবে' এইরূপ স্বীকার করিয়া হিড়িম্বা রাক্ষসী তখনই ভীমকে লইয়া উপরের দিকে চলিয়া গেল ॥২১॥

তাহার পর, হিড়িম্বা মনোহর রূপ ধারণ করিয়া, সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া, অতিমধুর বাক্য বলিতে থাকিয়া, পশু-পক্ষীর রবযুক্ত মনোহর পর্ব্বত-শৃঙ্গে এবং সুন্দর সুন্দর দেবতার স্থানে যাইয়া ভীমের সহিত বিহার করিতে লাগিল ॥২২—২৩॥

এবং দুর্গম বন, পুষ্পিত-বৃক্ষ-পূর্ণ পার্ব্বত্য সমতল ভূমি, পদ্ম ও উৎপলযুক্ত মনোহর সরোবর, নদীর দ্বীপ, বৈদূর্য্যমণিময়-বালুকাভূমি, সুন্দর ঘাট, বন ও জলযুক্ত পার্ব্বত্যনদী, পুষ্পিত বৃক্ষ-লতা-পূর্ণ বিচিত্র বন, হিমালয়কুঞ্জ, নানা-

(২৭) পল্বলেষু চ রম্যেষু মহাশালবনেষু চ। দেবারণ্যেষ…।

পত্তনেষু চ রম্যেষু তথৈবোপবনেষু চ।
দেবারণ্যেষু পুণ্যেষু তথা পর্ব্বতসানুষু ॥২৮॥
গুহ্যকানাং নিবাসেষু তাপসায়তনেষু চ।
সর্ব্বর্ত্তু ফলপুষ্পেষু মানসেষু সরঃসু চ ॥২৯॥
বিভ্রতী পরমং রূপং রময়ামাস পাণ্ডবম্।
রময়ন্তী তথা ভীমং তত্র তত্র মনোজবা ॥৩০॥ (কুলকম্)
প্রজজ্ঞে রাক্ষসী পুত্রং ভীমসেনান্মহাবলম্।
বিরূপাক্ষং মহাবক্ত্রং শঙ্কুকর্ণং বিভীষণম্ ॥৩১॥
ভীমনাদং সুতাম্রোষ্ঠং তীক্ষ্ণদংষ্ট্রং মহারবম্।
মহেষ্বাসং মহাবীর্য্যং মহাসত্ত্বং মহাভুজম্ ॥৩২॥
মহাজবং মহাকায়ং মহামায়মরিন্দমম্।
দীর্ঘঘোণং মহোরস্কং বিকটোদ্বদ্ধপিণ্ডিকম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ভিশ্চ চিতেষু ব্যাপ্তেষু। পত্তনেষু নগরেষু। গুহ্যকানাং যক্ষাণাম্। সর্ব্বেষু ঋতুষু ফলানি পুষ্পাণি চ যেষু তেষু, মানসেষু তদাখ্যেষু। গৌরবাদ্বহুবচনম্। রময়ন্তী হাবভাবাদিনা আনন্দয়ন্তী, মনোজবা মনোবদেব বেগবতী হিড়িম্বা ॥২৪—৩০॥

প্রজজ্ঞ ইতি। প্রজজ্ঞে জনয়ামাস। সকর্ম্মকত্বমার্ষম্। রাক্ষসী হিড়িম্বা। বিরূপে বিকৃতে অক্ষিণী যস্য তম্। শঙ্কুবৎ সূক্ষ্মাগ্রৌ কর্ণৌ যস্য তম্, বিশেষেণ ভীষণস্তম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। মহাসত্ত্বং বিশেষাধ্যবসায়শীলম্। দীর্ঘা ঘোণা নাসিকা যস্য তম্

ভারতভাবদীপঃ

বাধকম্ ॥১৪—৩০॥ শঙ্কুকর্ণং তীক্ষ্ণাগ্রস্তব্ধকর্ণম্ ॥৩১—৩২॥ দীর্ঘঘোণং দীর্ঘনাসিকম্।

বিধ গুহা, প্রস্ফুটিত পদ্ম ও নির্ম্মল-জলযুক্ত সরোবর, মণিময় ও সুবর্ণময় সমুদ্রতীর, মনোহর নগর ও উপবন, পবিত্র দেববন ও পার্ব্বত্য সমতল ভূমি, যক্ষালয়, তপস্বীর আশ্রম এবং সকল ঋতুতেই পুষ্প ও ফলযুক্ত মানসসরোবর, এই সকল স্থানে মনের ন্যায় বেগগামিনী হিড়িম্বা মনোহর রূপ ধারণ করিয়া, হাব-ভাবাদি দ্বারা ভীমসেনকে আনন্দিত করিতে থাকিয়া, তাঁহার সহিত বিহার করিল ॥২৪—৩০॥

তাহার পর, হিড়িম্বা ভীমসেন হইতে একটী বলবান্ পুত্র প্রসব করিল; তাহার নয়নযুগল বিকৃত, মুখমণ্ডল বিশাল, কর্ণযুগল শঙ্কুর (পেরেকের) ন্যায় সূক্ষ্মাগ্র, শব্দ ভয়ঙ্কর, ওষ্ঠ তাম্রবর্ণ, দন্ত সুতীক্ষ্ণ, কণ্ঠস্বর বিকট, ধনুর্বিদ্যা অধিক, তেজ গুরুতর, অধ্যবসায় অত্যন্ত, বাহুযুগল সুদীর্ঘ, বেগ গুরুতর, শরীর বিশাল,

অমানুষং মানুষজং ভীমবেগং মহাবলম্।
যঃ পিশাচানতীত্যান্যান্ বভূবাতীব রাক্ষসান্॥৩৪॥ (কলাপকম্)
বালোঽপি যৌবনং প্রাপ্তোঽমানুষেষু বিশাংপতে!।
সর্ব্বাস্ত্রেষু পরং বীরঃ প্রকর্ষমগমদ্বলী॥৩৫॥
সদ্যো হি গর্ভান্ রাক্ষস্যো লভন্তে প্রসবন্তি চ।
কামরূপধরাশ্চৈব ভবন্তি বহুরূপিকাঃ॥৩৬॥
প্রণম্য বিকচঃ পাদাবগৃহ্লাৎ স পিতুস্তদা।
মাতুশ্চ পরমেষ্বাসস্তৌ চ নামাস্য চক্রতুঃ॥৩৭॥
ঘটোহাস্যোৎকচ ইতি মাতা তং প্রত্যভাষত।
অব্রবীত্তেন নামাস্য ঘটোৎকচ ইতি স্ম হ॥৩৮॥

ভারতকৌমুদী

বিকটং বিশালং যথা স্যাত্তথা উদ্বদ্ধা জানুগুল্ফয়োর্মধ্যে ধৃতা পিণ্ডিকা রথচক্রনাভিবৎ গোলাংসস্তূপো যেন তম্। অমানুষং রাক্ষসম্। অন্যান্ পিশাচান্ রাক্ষসাংশ্চ অতীত্য অতীব তুঙ্গ ইত্যর্থঃ॥৩১—৩৪॥

নন্থ প্রসূতমাত্রে কথমীদৃশতেত্যাহ বাল ইতি। অমানুষেষু রাক্ষসেষু মধ্যে॥৩৫॥
অথ তথাপি কথমেতদুপপদ্যত ইত্যাহ সদ্য ইতি। সদ্য ইতি সর্ব্বত্রান্বীয়তে॥৩৬॥
প্রণম্যেতি। বিশিষ্টাঃ কচাঃ কেশা যস্য সঃ। পরমেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ॥৩৭॥

ভারতভাবদীপঃ

বিকটে বক্রে উদ্বদ্ধে উচ্চে পিণ্ডিকে জানুগুল্ফান্তরে, পাশ্চাত্যপ্রদেশঃ পিণ্ডিকা, তে যস্য তং বিকটোদ্বদ্ধপিণ্ডিকম্॥৩৩—৩৬॥ বিকচঃ কেশহীনঃ॥৩৭॥ ঘট ইতি। ঘটসাদৃশ্যাৎ ঘটঃ শিরঃ। "ঘটঃ সমাধিভেদে না শিরঃকূটকটেষু চ" ইতি মেদিনী। হ স্পষ্টম্, অস্য

মায়া ভয়ঙ্কর, নাসিকা দীর্ঘ, বক্ষ বৃহৎ, জানু ও গুল্ফের পশ্চাদ্ভাগ বিশাল ও গোল এবং আকৃতি অতিভীষণ ছিল; আর সে মানুষ হইতে জন্মিয়াও অমানুষ (রাক্ষস) হইয়াছিল এবং অন্যান্য রাক্ষস ও পিশাচগণকে অতিক্রম করিয়া তখনই অতিভীষণ হইয়াছিল॥৩১—৩৪॥

মহারাজ! সেই হিড়িম্বার পুত্র বালক হইয়াও যৌবন লাভ করিয়াছিল এবং বলবান্ বীর হইয়া রাক্ষসের মধ্যে সমস্ত অস্ত্রে অত্যন্ত উৎকর্ষ লাভ করিয়াছিল॥৩৫॥

কারণ, রাক্ষসীরা গর্ভ ধারণ করিয়া সদ্যই প্রসব করে এবং সেই সন্তানও সদ্যই কামরূপী ও বহুরূপী হইয়া থাকে॥৩৬॥

বিলক্ষণ-কেশ-যুক্ত সেই হিড়িম্বাপুত্র তখনই পিতা ও মাতাকে নমস্কার করিয়া তাঁহাদের চরণ ধারণ করিল; তাঁহারাও উহার নামকরণ করিলেন॥৩৭॥

অনুরক্তশ্চ তানাসীৎ পাণ্ডবান্ স ঘটোৎকচঃ।
তেষাঞ্চ দয়িতো নিত্যমাত্মভূতো বভূব সঃ ॥৩৯॥
সংবাসসময়ো জীর্ণ ইত্যাভাষ্য ততস্তু তান্।
হিড়িম্বা সময়ং কৃত্বা স্বাং গতিং প্রত্যপদ্যত ॥৪০॥
ঘটোৎকচো মহাকায়ঃ পাণ্ডবান্ পৃথয়া সহ।
অভিবাদ্য যথান্যায়মব্রবীচ্চ প্রভাষ্য তান্ ॥৪১॥
কিং করোম্যহমার্য্যাণাং নিঃশঙ্কং বদতানঘাঃ।।
তং ব্রুবন্তং ভৈমসেনিং কুন্তী বচনমব্রবীৎ ॥৪২॥
ত্বং কুরূণাং কুলে জাতঃ সাক্ষাদ্ভীমসমো হ্যসি।
জ্যেষ্ঠঃ পুত্রোঽসি পঞ্চানাং সাহায্যং কুরু পুত্রক! ॥৪৩॥

ভারতকৌমুদী

ঘটেতি। ঘটস্যেব উহো বিতর্কো যস্য তত্তাদৃশং যৎ আস্যং মুখং মস্তকমিত্যর্থঃ তত্র ঊর্দ্ধাঃ কচাঃ কেশা যস্য সঃ। ইতি হেতোঃ। অব্রবীৎ লোক ইতি শেষঃ ॥৩৮॥

অন্বিতি। অনু লক্ষ্যীকৃত্য রক্তো ভক্ত্যাসক্তঃ। আত্মভূত আত্মীয়ান্তর্গতঃ ॥৩৯॥

সংবাসেতি। সংবাসস্য ভীমেন সহ বাসস্য সময়ঃ জীর্ণঃ অতীতঃ, পুত্রোৎপত্তিপর্য্যন্তং পূর্বং ভীমেন নিয়মিতত্বাদিতি ভাবঃ। সময়ং শপথম্। স্বাং গতিং স্বস্থানম্ ॥৪০॥

ঘটোৎকচ ইতি। পৃথয়া কুন্ত্যা। প্রভাষ্য সম্বোধ্য ॥৪১॥

কিমিতি। আর্য্যাণাং পূজ্যানাং ভবতাম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

পুত্রস্য উৎকচো বিকেশো যতস্ততো ঘট উৎকচো যস্যেতি যোগাৎ ঘটোৎকচ ইতি নামাব্রবীৎ

সেই হিড়িম্বাপুত্রের মাথাটা ঘটের মত এবং তাহাতে উঁচু উঁচু চুল ছিল বলিয়া হিড়িম্বা তাহাকে 'ঘটোৎকচ' বলিল; তাহাতেই সকলে তাহাকে 'ঘটোৎকচ' বলিয়া ডাকিত ॥৩৮॥

সেই ঘটোৎকচ পাণ্ডবগণের প্রতি অনুরক্ত হইয়াছিল বলিয়া সে তাঁহাদের সর্ব্বদা প্রিয় এবং আত্মীয়ের মধ্যে গণ্য হইয়াছিল ॥৩৯॥

ভীমের সহিত সহবাস করিবার সময় অতীত হইয়াছিল বলিয়া হিড়িম্বা পাণ্ডবগণের নিকট বিদায় লইয়া এবং একটি শপথ করিয়া স্বস্থানে চলিয়া গেল ॥৪০॥

বিশালশরীর ঘটোৎকচ কুন্তীর সহিত পাণ্ডবগণকে যথানিয়মে অভিবাদন করিয়া এবং তাঁহাদিগকে সম্বোধন করিয়া বলিল—॥৪১॥

'হে নিষ্পাপগণ! আমি আপনাদের কি করিব, তাহা নিঃশঙ্কভাবে বলুন'। ঘটোৎকচ এই কথা বলিলে, কুন্তী তাহাকে বলিলেন—॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

পৃথয়াঽপ্যেবমুক্তস্তু প্রণম্যৈব বচোঽব্রবীৎ।
যথা হি রাবণো লোকে ইন্দ্রজিচ্চ মহাবলঃ।
বর্ম্মবীর্য্যসমো লোকে বিশিষ্টশ্চাভবং নৃষু ॥৪৪॥
কৃত্যকাল উপস্থাস্যে পিতৄনিতি ঘটোৎকচঃ।
আমন্ত্র্য রক্ষসাং শ্রেষ্ঠঃ প্রতস্থে চোত্তরাং দিশম্ ॥৪৫॥
স হি সৃষ্টো মঘবতা শক্তিহেতোর্মহাত্মনা।
কর্ণস্যাপ্রতিবীর্য্যস্য প্রতিযোদ্ধা মহারথঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি হৈড়িম্বে ঘটোৎকচোৎপত্তির্নামোনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ত্বমিতি। পঞ্চানাং পাণ্ডবানাম্ ॥৪৩॥

পৃথয়েতি। ইন্দ্রজিচ্চ তৎপুত্রস্তৎসম এব মহাবল আসীদিতি শেষঃ। তথৈবাহং পিতুর্ভীমসেনস্য বর্ম্মণা দেহেন বীর্য্যেণ চ সমঃ অভবম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

কৃত্যেতি। কৃত্যকালে কার্য্যকালে। এতেন হিড়িম্বায়া অপি সময় উক্তঃ ॥৪৫॥

নন্থ ঘটোৎকচঃ কথমীদৃশীকৃত্য বিধাত্রা সৃষ্ট ইত্যাহ স ইতি। মঘবতা ইন্দ্রেণ। শক্তিহেতোঃ স্বদত্তশক্তিনামাস্ত্রব্যয়হেতোঃ ॥৪৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি হৈড়িম্বে উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥৩৮॥ আত্মনিত্যং স্ববশঃ ॥৩৯॥ সংবাসসময়ঃ সহবাসকালঃ, জীর্ণঃ অতীতঃ; পুত্রোৎপত্তি-

---

'তুমি কুরুবংশে জন্মিয়াছ, সাক্ষাৎ ভীমের তুল্য হইয়াছ এবং পঞ্চ পাণ্ডবের জ্যেষ্ঠ পুত্র হইয়াছ; অতএব পুত্র! তুমি আমাদের সাহায্য কর' ॥৪৩॥

বৈশম্পায়ন কহিলেন—কুন্তী এইরূপ বলিলে, ঘটোৎকচ প্রণাম করিয়া তাঁহাকে বলিল—'পূর্ব্বকালে যেমন রাবণ ছিলেন, তাঁহার পুত্র ইন্দ্রজিৎও তেমনই মহাবল ছিলেন; আমিও সেইরূপ মনুষ্যলোকে আকারে ও বলে পিতার তুল্যই বিশিষ্ট হইয়াছি ॥৪৪॥

অতএব কার্য্যের সময়ে আমি পিতৃগণের নিকট উপস্থিত হইব' এই কথা বলিয়া বিদায় লইয়া, রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচ উত্তর দিকে চলিয়া গেল ॥৪৫॥

৪১—৪৪ অয়মংশঃ কতিপয়পুস্তকে নাস্তি। * '· ত্রিপঞ্চাশদধিকঃ…' '…পঞ্চপঞ্চাশদধিকঃ…' '…উনসপ্তত্যুত্তরঃ…' ইতি পাঠান্তরাণি।

পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

তে বনেন বনং গত্বা ঘ্নন্তো মৃগগণান্ বহূন্।
অপক্রম্য যযূ রাজন্! ত্বরমাণা মহারথাঃ ॥১॥
মৎস্যান্ ত্রিগর্ত্তান্ পাঞ্চালান্ কীচকানন্তরেণ চ।
রমণীয়ান্ বনোদ্দেশান্ প্রেক্ষমাণাঃ সরাংসি চ ॥২॥
জটাঃ কৃত্বাত্মনঃ সর্বে বল্কলাজিনবাসসঃ।
সহ কুন্ত্যা মহাত্মানো বিভ্রতস্তাপসং বপুঃ ॥৩॥
কচিদ্বহন্তো জননীং ত্বরমাণা মহারথাঃ।
কচিচ্ছন্দেন গচ্ছন্তস্তে জগ্মুঃ প্রসভং পুনঃ ॥৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত ইতি। বনেন বনপথেন, বনং বনান্তরম্। এতেন পাণ্ডবা হিড়িম্বাশ্রিতবনং বিহায় ঘটোৎকচোৎপত্তিপর্য্যন্তং বনান্তর এবাসন্নিতি প্রতীয়তে। অপক্রম্য বনান্নির্গত্য ॥১॥

মৎস্যানিতি। মৎস্যাদয়ো দেশাঃ। অন্তরেণ তত্তদ্দেশমধ্যেন। আত্মন আত্মন ইতি বীপ্সা জ্ঞেয়া। বপুরাকারম্। ছন্দেন অভিপ্রায়েণ শনৈঃ শনৈরিত্যর্থঃ। "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ। প্রসভং সবলং সবেগমিতি তাৎপর্য্যম্ ॥২—৪॥

ভারতভাবদীপঃ

পর্য্যন্তমেব তস্য কৃতত্বাৎ ॥৪০—৪৪॥ সময়মেবাহ—কৃত্যেতি ॥৪৫॥ ঘটোৎকচোৎপত্তি-প্রয়োজনমাহ—স হীতি ॥৪৬॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৯॥

মহাত্মা ইন্দ্র নিজদত্ত শক্তি-অস্ত্র ব্যয় করাইবার জন্য অপ্রতিবল কর্ণের প্রতিযোদ্ধা মহারথ কবিবার উদ্দেশে ঘটোৎকচকে সৃষ্টি করিয়াছিলেন ॥৪৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবগণ বনপথে অন্য বনে যাইয়া, বহুতর মৃগ বধ করিয়া, সে বন হইতে নির্গত হইয়া, সত্বর গমন করিতে লাগিলেন ॥১॥

তাঁহারা সকলেই জটা, বল্কল ও মৃগচর্ম্ম ধারণ করিয়া, তপস্বী সাজিয়া, মৎস্য, ত্রিগর্ত্ত, পাঞ্চাল ও কীচকদেশের ভিতর দিয়া, মনোহর বনপ্রান্ত এবং সরোবর দেখিতে থাকিয়া, কোথাও কুন্তীর সহিত, কোথাও কুন্তীকে বহন

(১) তে বলেন বনং গত্বা…, তে বনেন বনং বীরাঃ…। (৪)…কচিচ্ছন্দেন…।

ব্রাহ্মং বেদমধীয়ানা বেদাঙ্গানি চ সর্ব্বশঃ।
নীতিশাস্ত্রঞ্চ ধর্ম্মজ্ঞা দদৃশুস্তে পিতামহম্ ॥৫॥
তেঽভিবাদ্য মহাত্মানং কৃষ্ণদ্বৈপায়নং তদা।
তস্থুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে সহ মাত্রা পরন্তপাঃ ॥৬॥

ব্যাস উবাচ।

ময়েদং ব্যসনং পূর্ব্বং মনসা বিদিতং নৃপাঃ!।
যথা তু তৈরধর্ম্মেণ ধার্ত্তরাষ্ট্রৈর্বিবাসিতাঃ ॥৭॥
তদ্বিদিত্বাস্মি সম্প্রাপ্তশ্চিকীর্ষুঃ পরমং হিতম্।
ন বিষাদোঽত্র কর্ত্তব্যঃ সর্ব্বমেতৎ সুখায় বঃ ॥৮॥
সমাস্তে চৈব মে সর্ব্বে যূয়ং চৈব ন সংশয়ঃ।
দীনতো বালতশ্চৈব স্নেহং কুর্ব্বন্তি বান্ধবাঃ ॥৯॥

ভারতকৌমুদী

ব্রাহ্মমিতি। ব্রাহ্মং ব্রহ্মপ্রতিপাদকং শাস্ত্রমুপনিষদাদি। পিতামহং ব্যাসম্ ॥৫॥
ত ইতি। তে পাণ্ডবাঃ। মাত্রা কুন্ত্যা ॥৬॥
ময়েতি। ব্যসনং বিপৎ। হে নৃপাঃ! নৃপপুত্রাঃ! ॥৭॥
তদিতি। সম্প্রাপ্তো যুষ্মাকং সন্নিধাবুপস্থিতঃ। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

ত ইতি। বনেন বনং বনাদ্বনম্ ॥১—৪॥ ব্রাহ্মং বেদং ব্রহ্মপ্রতিপাদকমুপনিষদ্-

করিয়া লইয়া, কোথাও ধীরে এবং কোথাও বেগে গমন করিতে লাগিলেন ॥২—৪॥

উপনিষদ, বেদ, সমস্ত বেদাঙ্গ এবং নীতিশাস্ত্র পাঠ করিতে থাকিয়া যাইতে যাইতে তাঁহারা কোন সময়ে আপনাদের পিতামহ বেদব্যাসকে দেখিতে পাইলেন ॥৫॥

তখন কুন্তীর সহিত তাঁহারা সকলেই মহাত্মা বেদব্যাসকে নমস্কার করিয়া, কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন ॥৬॥

তখন বেদব্যাস বলিলেন—'রাজপুত্রগণ! আমি পূর্ব্বেই তোমাদের এই বিপদের বিষয় মনে মনে জানিতে পারিয়াছি যে, ধৃতরাষ্ট্রের পুত্রেরা অন্যায় করিয়া তোমাদিগকে নির্ব্বাসিত করিয়াছে ॥৭॥

তাহা জানিয়াই আমি তোমাদের বিশেষ মঙ্গল সাধন করিবার জন্য উপস্থিত হইয়াছি। তোমরা ইহাতে দুঃখ করিও না; এ সমস্তই তোমাদের সুখের জন্য হইতেছে ॥৮॥

(৯)···সোহং কুর্ব্বন্তি মানবাঃ।

তস্মাদভ্যধিকঃ স্নেহো যুষ্মাসু মম সাম্প্রতম্।
স্নেহপূর্ব্বং চিকীর্ষামি হিতং বস্তন্নিবোধত ॥১০॥
ইদং নগরমভ্যাসে রমণীয়ং নিরাময়ম্।
বসতেহ প্রতিচ্ছন্না মমাগমনকাঙ্ক্ষিণঃ ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

এবং স তান্ সমাশ্বাস্য ব্যাসঃ সত্যবতীসুতঃ।
একচক্রামভিগতঃ কুন্তীমাশ্বাসয়ৎ প্রভুঃ ॥১২॥
পুনরেব চ ধর্ম্মাত্মা ইদং বচনমব্রবীৎ।

ব্যাস উবাচ।

জীব পুত্রি! সুতস্তেঽয়ং ধর্ম্মনিত্যো যুধিষ্ঠিরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

সমা ইতি। যূয়ম্, তে ধার্ত্তরাষ্ট্রাশ্চ সর্ব্ব এব মে সমাস্তুল্যাঃ, উভয়ত্রাপি তুল্যসম্পর্কাৎ। দীনতো বালতশ্চেত্যুভয়ত্রাপি ভাবপ্রধাননির্দ্দেশঃ। তেন দৈন্যাদ্বাল্যাচ্চেত্যর্থঃ ॥৯॥

তস্মাদিতি। তস্মাদিদানীং দীনত্বাৎ। বো যুষ্মাকম্ ॥১০॥

ইদমিতি। অভ্যাসে সমীপে। প্রতিচ্ছন্না ঈদৃশবেশেনৈব গুপ্তস্বরূপাঃ ॥১১॥

এবমিতি। একচক্রাং তদাখ্যাং নগরীম্, অভি লক্ষ্যীকৃত্য, গতঃ প্রস্থিতঃ ॥১২॥

তোমরা এবং তাহারা সকলেই আমার নিকট সমান; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তথাপি দীনতা ও শিশুতানিবন্ধন বন্ধুগণ অধিক স্নেহ জন্মাইয়া থাকে ॥৯॥

অতএব এখন তোমাদের উপরেই আমার অধিক স্নেহ দাঁড়াইয়াছে। তাই আমি স্নেহপূর্ব্বক তোমাদের হিত করিবার ইচ্ছা করিতেছি; তাহা শোন ॥১০॥

মনোহর অথ চ রোগপীড়াবিহীন এই একটী নগর নিকটে দেখা যাইতেছে; পুনরায় আমার আগমনের প্রতীক্ষা করিয়া তোমরা এই গুপ্তবেশেই এখানে বাস কর' ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—সত্যবতীনন্দন বেদব্যাস এইভাবে পাণ্ডবগণকে আশ্বস্ত করিয়া, একচক্রাপুরীর দিকে যাইতে থাকিয়া, কুন্তীকে আশ্বস্ত করিতে লাগিলেন ॥১২॥

ধর্ম্মাত্মা বেদব্যাস পুনরায় এই কথা বলিলেন। ব্যাস কহিলেন—'কুন্তি! বাঁচিয়া থাক; সর্ব্বদা ধর্ম্মপরায়ণ পুরুষশ্রেষ্ঠ তোমার এই পুত্র যুধিষ্ঠির ধর্ম্ম

---

(১৩) অয়ং শ্লোকঃ কচিন্নাস্তি।...জীবৎপুত্রি।...।

ধর্ম্মেণ পৃথিবীং জিত্বা মহাত্মা পুরুষর্ষভঃ।
পৃথিব্যাং পার্থিবান্ সর্ব্বান্ প্রশাসিষ্যতি ধর্ম্মরাট্ ॥১৪॥ (যুগ্মকম্)
পৃথিবীমখিলাং জিত্বা সর্বাং সাগরমেখলাম্।
ভীমসেনার্জ্জুনবলাদ্ ভোক্ষ্যতে নাত্র সংশয়ঃ ॥১৫॥
পুত্রাস্তব চ মাদ্র্যাশ্চ সর্ব্ব এব মহারথাঃ।
সরাষ্ট্রে বিহরিষ্যন্তি সুখং সুমনসঃ সদা ॥১৬॥
যক্ষ্যন্তি চ নরব্যাঘ্রা নির্জ্জিত্য পৃথিবীমিমাম্।
রাজসূয়াশ্বমেধাদ্যৈঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ ॥১৭॥
অনুগৃহ্য সুহৃদ্বর্গং ভোগৈশ্বর্য্যসুখেন চ।
পিতৃপৈতামহং রাজ্যমিমে ভোক্ষ্যন্তি তে সুতাঃ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা নিবেশ্যৈতান্ ব্রাহ্মণস্য নিবেশনে।
অব্রবীৎ পাণ্ডবশ্রেষ্ঠমৃষির্দ্বৈপায়নস্তদা ॥১৯॥

ভারতকৌমুদী

পুনরিতি। ধর্ম্মাত্মা ব্যাসঃ। পুত্রি! কুন্তি!। পার্থিবান্ নৃপতীন্ ॥১৩—১৪॥
পৃথিবীমিতি। ন বিদ্যতে খিলং প্রতিবন্ধকং যস্যামিত্যখিলমিত্যপৌনরুক্ত্যম্ ॥১৫॥
পুত্রা ইতি। সুমনসঃ শত্রোরভাবাৎ প্রসন্নচিত্তাঃ ॥১৬॥
যক্ষ্যন্তীতি। নরব্যাঘ্রা ইমে পাণ্ডবাঃ ॥১৭॥
অন্বিতি। ভোগৈশ্বর্য্যসুখেন তত্তৎসম্পাদনেন ॥১৮॥
এবমিতি। এতান্ পাণ্ডবান্। নিবেশনে ভবনে ॥১৯॥

অনুসারে পৃথিবী জয় করিয়া, ধর্ম্মরাজ হইয়া, পৃথিবীর সকল রাজাকে শাসন করিবে ॥১৩—১৪॥

যুধিষ্ঠির ভীম ও অর্জ্জুনের শক্তিতে বিনা বাধায় সমুদ্রবেষ্টিত সমস্ত পৃথিবী জয় করিয়া ভোগ করিবে; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৫॥

তোমার ও মাদ্রীর পুত্রেরা সকলেই মহারথ; সুতরাং ইহারা সর্ব্বদাই আপন রাজ্যে প্রসন্নচিত্ত হইয়া সুখে বিচরণ করিবে ॥১৬॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবগণ এই পৃথিবী জয় করিয়া, প্রচুর দক্ষিণা দিয়া, রাজসূয় ও অশ্বমেধপ্রভৃতি যজ্ঞ করিবে ॥১৭॥

তোমার এই পুত্রেরা ভোগ, সম্পদ ও সুখ সম্পাদন করিয়া বন্ধুবর্গের প্রতি অনুগ্রহ করিতে থাকিয়া পৈতৃক রাজ্য ভোগ করিবে' ॥১৮॥

ইহ মাং সম্প্রতীক্ষধ্বমাগমিষ্যাম্যহং পুনঃ।
দেশকালৌ বিদিত্বৈব লপ্স্যধ্বং পরমাং মুদম্ ॥২০॥
স তৈঃ প্রাঞ্জলিভিঃ সর্ব্বৈস্তথেত্যুক্তো নরাধিপ!।
জগাম ভগবান্ ব্যাসো যথাগতমৃষিঃ প্রভুঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি হৈড়িম্বে একচক্রাপ্রবেশো নাম পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইহেতি। দেশকালৌ বিদিত্বা কস্মিন্ দেশে কালে বা কিং কর্ত্তব্যমিতি জ্ঞাত্বা ॥২০॥
স ইতি। যথা আগতং তথৈব জগামেত্যর্থঃ ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি হৈড়িম্বে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ভাগং ব্রাহ্মণযোগ্যং বা। পিতামহং ব্যাসম্ ॥৫—১১॥ একচক্রামভিগতঃ তৈঃ সহেতি শেষঃ ॥১২—২১॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫০॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া মহর্ষি বেদব্যাস পাণ্ডবগণকে কোন ব্রাহ্মণের বাড়ীতে প্রবেশ করাইয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৯॥

'তোমরা এইখানে থাকিয়া আমার প্রতীক্ষা কর; আমি আবার আসিব। দেশ ও কাল বুঝিয়া চলিতে পারিলে তোমরা বিশেষ আনন্দ লাভ করিতে পারিবে' ॥২০॥

মহারাজ! তখন পাণ্ডবেরা সকলেই কৃতাঞ্জলি হইয়া বলিলেন—'তাহাই হইবে'। তখন ভগবান্ বেদব্যাস যেখান হইতে আসিয়াছিলেন, সেই খানেই চলিয়া গেলেন ॥২১॥

* '...চতুঃপঞ্চাশদধিকঃ...' '...ষট্পঞ্চাশদধিকঃ...' '...সপ্তত্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ।

একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

———:*:———

জনমেজয় উবাচ।

একচক্রাং গতাস্তে তু কুন্তীপুত্রা মহারথাঃ।
অত ঊর্দ্ধং দ্বিজশ্রেষ্ঠ! কিমকুর্ব্বত পাণ্ডবাঃ ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

একচক্রাং গতাস্তে তু কুন্তীপুত্রা মহারথাঃ।
ঊষুর্নাতিচিরং কালং ব্রাহ্মণস্য নিবেশনে ॥২॥
রমণীয়ানি পশ্যন্তো বনানি বিবিধানি চ।
পার্থিবানপি চোদ্দেশান্ সরিতশ্চ সরাংসি চ ॥৩॥ (যুগ্মকম্)
চেরুর্ভিক্ষাং তদা তে তু সর্ব্ব এব বিশাংপতে!।
বভূবুর্নাগরাণাঞ্চ স্বৈর্গুণৈঃ প্রিয়দর্শনাঃ ॥৪॥
নিবেদয়ন্তি স্ম তদা কুন্ত্যাং ভৈক্ষ্যং সদা নিশি।
তয়া বিভক্তান্ ভাগাংস্তে ভুঞ্জতে স্ম পৃথক্ পৃথক্ ॥৫॥

ভারতকৌমুদী

একেতি। পাণ্ডবা ইত্যুক্তাবপি পুনঃ কুন্তীপুত্রা ইত্যুপাদানং তেষাং প্রাধান্যজ্ঞাপনার্থং গোবৃষন্যায়াৎ ॥১॥

একেতি। ঊষুঃ স্থিতাঃ। নাতিচিরং ষণ্মাসান্, "ষণ্মাসানেকচক্রায়াম্" ইতি পূর্ব্বোক্তেঃ। পার্থিবান্ ভৌমান্, উদ্দেশান্ ঘট্টচত্বরাদীন্ ॥২—৩॥

চেরুরিতি। নাগরাণাং নগরবাসিনাং জনানাম্। স্বৈর্গুণৈর্বিনয়াদিভিঃ। ব্রাহ্মণানাং দ্রোণাদীনাং যুদ্ধব্যবসায় ইব ক্ষত্রিয়াণামপি যুধিষ্ঠিরাদীনামাপদি ভিক্ষাব্যবসায়ো ন দোষায় ॥৪॥

নিবেদয়ন্তীতি। নিবেদয়ন্তি স্ম অর্পয়ামাসুঃ। ভৈক্ষ্যং ভিক্ষালব্ধং দ্রব্যম্ ॥৫॥

জনমেজয় বলিলেন—হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! মহারথ পাণ্ডবগণ একচক্রানগরে ত গমন করিলেন, তাহার পর তাঁহারা কি করিলেন? ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারথ পাণ্ডবগণ একচক্রায় যাইয়া মনোহর নানাবিধ বন, স্থান, নদী ও সরোবর দেখিতে থাকিয়া, সেই ব্রাহ্মণের বাড়ীতে অনতিদীর্ঘকাল বাস করিয়াছিলেন ॥২—৩॥

মহারাজ! তখন তাঁহারা সকলেই ভিক্ষা করিতেন এবং আপন আপন গুণে নগরবাসিগণের প্রিয়দর্শন হইয়া পড়িলেন ॥৪॥

অর্দ্ধং তে ভুঞ্জতে বীরাঃ সহ মাত্রা পরন্তপাঃ।
অর্দ্ধং ভৈক্ষ্যস্য সর্ব্বস্য ভীমো ভুঙ্‌ক্তে মহাবলঃ ॥৬॥
তথা তু তেষাং বসতাং তস্মিন্ রাষ্ট্রে মহাত্মনাম্।
অতিচক্রাম সুমহান্ কালোঽথ ভরতর্ষভ! ॥৭॥
ততঃ কদাচিদ্ভৈক্ষ্যায় গতাস্তে ভরতর্ষভাঃ।
সঙ্গত্যা ভীমসেনস্তু তত্রাস্তে পৃথয়া সহ ॥৮॥
অথার্ত্তিজং মহাশব্দং ব্রাহ্মণস্য নিবেশনে।
ভৃশমুৎপতিতং ঘোরং কুন্তী শুশ্রাব ভারত! ॥৯॥
রোরূয়মাণাংস্তান্ দৃষ্ট্বা পরিদেবয়তশ্চ সা।
কারুণ্যাৎ সাধুভাবাচ্চ কুন্তী রাজন্! ন চক্ষমে ॥১০॥

ভারতকৌমুদী

অর্দ্ধমিতি। তে ভীমেতরে পাণ্ডবাঃ। ভৈক্ষ্যস্য ভিক্ষালব্ধদ্রব্যস্য ॥৬॥
তথেতি। সুমহান্ ষণ্মাসাত্মকঃ ॥৭॥
তত ইতি। সঙ্গত্যা কার্য্যবিশেষসম্বন্ধেন দৈবযোগেন বা। আস্তে তিষ্ঠতি স্ম ॥৮॥
অথেতি। আর্ত্তিজং পীড়াজাতম্। উৎপতিতম্ উত্থিতম্ ॥৯॥
রোরূয়েতি। রোরূয়মাণান্ ভৃশং রুবত আর্ত্তনাদং কুর্ব্বতঃ। পরিদেবয়তো বিলপতঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

একচক্রামিতি ॥১—২॥ পাথিবান্ পৃথিবীসম্বন্ধিনঃ ॥৩॥ ভৈক্ষ্যং ভিক্ষালব্ধমন্নম্, চেরু-

---

তাঁহারা দিনের বেলায় ভিক্ষা করিয়া রাত্রিতে আসিয়া প্রত্যহই কুন্তীর নিকট ভিক্ষালব্ধ বস্তু সমর্পণ করিতেন; কুন্তী তাহা ভাগ করিয়া দিলে, তাঁহারা পৃথক্ পৃথক্ ভাবে ভোজন করিতেন ॥৫॥

যুধিষ্ঠিরপ্রভৃতি চারি জন কুন্তীর সহিত ভিক্ষালব্ধ বস্তুর অর্দ্ধ ভোজন করিতেন; আর অপরার্দ্ধ এক ভীমসেনই ভোজন করিতেন ॥৬॥

হে ভরতশ্রেষ্ঠ! সেই ভাবে সেই রাজ্যে বাস করিবার সময়ে তাঁহাদের বহু দিন অতীত হইল ॥৭॥

তাহার পর, এক দিন যুধিষ্ঠিরপ্রভৃতি চারি জন ভিক্ষা করিতে গেলেন; কিন্তু কোন কারণবশতঃ ভীম কুন্তীর সহিত সেই বাড়ীতেই থাকিলেন ॥৮॥

তৎপরে সেই ব্রাহ্মণের বাড়ীতে ভয়ঙ্কর আর্ত্তনাদ হইতে লাগিল; কুন্তী তাহা শুনিতে পাইলেন ॥৯॥

তাঁহারা আর্ত্তনাদ ও বিলাপ করিতেছেন জানিয়া কুন্তী দয়া ও সৌজন্য-বশতঃ তাহা সহ্য করিতে পারিলেন না ॥১০॥

মথ্যমানেন দুঃখেন হৃদয়েন পৃথা তদা।
উবাচ ভীমং কল্যাণী কৃপান্বিতমিদং বচঃ ॥১১॥
বসামঃ সুসুখং পুত্র! ব্রাহ্মণস্য নিবেশনে।
অজ্ঞাতা ধার্ত্তরাষ্ট্রস্য সৎকৃতা বীতমন্যবঃ ॥১২॥
সা চিন্তয়ে সদা পুত্র! ব্রাহ্মণস্যাস্য কিন্ত্বহম্।
প্রিয়ং কুর্য্যামিতি গৃহে যৎ কুর্য্যুরুষিতাঃ সুখম্ ॥১৩॥
এতাবান্ পুরুষস্তাত! কৃতং যস্মিন্ন নশ্যতি।
যাবচ্চ কুর্য্যাদন্যোঽস্য কুর্য্যাদভ্যধিকং ততঃ ॥১৪॥
তদিদং ব্রাহ্মণস্যাস্য দুঃখমাপতিতং ধ্রুবম্।
তত্রাস্য যদি সাহায্যং কুর্য্যামুপকৃতং ভবেৎ ॥১৫॥

ভারতকৌমুদী

মথ্যেতি। দুঃখেন মথ্যমানেন হৃদয়েনোপলক্ষিতা, পৃথা কুন্তী ॥১১॥

বসাম ইতি। সৎকৃতা আদৃতাঃ, বীতমন্যবস্ত্যক্তদৈন্যাঃ ॥১২॥

সেতি। গৃহে উষিতাঃ স্থিতা অপরে সজ্জনাঃ, যৎ কুর্য্যুঃ ॥১৩॥

এতাবানিতি। যস্মিন্ পুরুষে, কৃতমুপকৃতম্, ন নশ্যতি প্রত্যুপকারকরণান্ন নিষ্ফলীভবতি; স এব এতাবান্ মহান্ পুরুষঃ। অন্যো যুষ্মদ্ভিন্নঃ। কুর্য্যাৎ অস্মৎপক্ষ ইতি শেষঃ ॥১৪॥

তদিতি। আপতিতমুপস্থিতম্। উপকৃতং প্রত্যুপকারঃ কৃতো ভবেৎ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ঙ্কিতবন্তঃ, আপদি ক্ষত্রিয়স্যাপি তদৌচিত্যাৎ ॥৪—৯॥ পরিদেবয়তো বিবিধং লালপ্যমানান্ ॥১০—১২॥ গৃহে সুখমুষিতাঃ দুর্ব্বাসঃপ্রভৃতয় ইব ॥১৩॥ কৃতমুপকৃতম্, ন নশ্যতি প্রত্যুপকারং

তখন কুন্তী দুঃখবশতঃ উদ্বেলিত হৃদয়ে ভীমের নিকট এই দয়াযুক্ত বাক্য বলিলেন—॥১১॥

'বৎস! আমরা এই ব্রাহ্মণের বাড়ীতে আদৃত ও দৈন্যহীন হইয়া দুর্য্যোধনের অজ্ঞাতভাবে অতিসুখে বাস করিতেছি ॥১২॥

বৎস! আমি সর্ব্বদাই চিন্তা করি যে, অন্যান্য সজ্জনেরা সুখে গৃহে বাস করিয়া গৃহীর যেরূপ প্রিয় কার্য্য করিয়া থাকেন, আমি এই ব্রাহ্মণের সেইরূপ কি প্রিয় কার্য্য করিতে পারি ॥১৩॥

যে ব্যক্তি উপকারীর প্রত্যুপকার করে, সে-ই মহাপুরুষ। সুতরাং অন্যে ইহার যে প্রত্যুপকার করিত, তদপেক্ষা অধিক তোমাদের করিতে হইবে ॥১৪॥

নিশ্চয়ই এই ব্রাহ্মণের কোন দুঃখ উপস্থিত হইয়াছে; তাহাতে আমি যদি উঁহার সাহায্য করিতে পারি, তাহা হইলে বাস্তবিক প্রত্যুপকার করা হইবে ॥১৫॥

ভীমসেন উবাচ।

জ্ঞায়তামস্য যদ্দুঃখং যতশ্চৈব সমুত্থিতম্।
বিদিত্বা ব্যবসিষ্যামি যদ্যপি স্যাৎ সুদুষ্করম্ ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবং তৌ কথয়ন্তৌ তু ভূয়ঃ শুশ্রুবতুঃ স্বনম্।
আর্ত্তিজং তস্য বিপ্রস্য সভার্য্যস্য বিশাংপতে! ॥১৭॥
অন্তঃপুরং ততস্তস্য ব্রাহ্মণস্য মহাত্মনঃ।
বিবেশ ত্বরিতা কুন্তী বদ্ধবৎসেব সৌরভী ॥১৮॥
ততস্তং ব্রাহ্মণং তত্র ভার্য্যয়া চ সুতেন চ।
দুহিত্রা চৈব সহিতং দদর্শ বিকৃতাননম্ ॥১৯॥

ব্রাহ্মণ উবাচ।

ধিগিদং জীবিতং লোকে নলসারমনর্থকম্।
দুঃখমূলং পরাধীনং ভৃশমপ্রিয়ভাগি চ ॥২০॥

ভারতকৌমুদী

জ্ঞায়তামিতি। ব্যবসিষ্যামি তদ্দুঃখনাশায় যতিষ্যে ॥১৬॥
এবমিতি। তৌ কুন্তীভীমসেনৌ। আর্ত্তিজং পীড়াজাতম্, স্বনং পূর্ব্ববদেব শব্দম্ ॥১৭॥
অন্তরিতি। গৃহাভ্যন্তরে বদ্ধো বৎসো যস্যাঃ সা, সৌরভী ধেনুরিব ॥১৮॥
তত ইতি। বিকৃতাননং দুঃখমলিনমুখম্ ॥১৯॥
ধিগিতি। নলস্য তদাখ্যতৃণস্যেব সারো যস্য তৎ অন্তঃসারশূন্যমিত্যর্থঃ ॥২০॥

ভীম বলিলেন—'উহার যাহা হইতে যে দুঃখ উপস্থিত হইয়াছে, তাহা জানুন; তৎপরে যদি অতিদুষ্করও হয়, তথাপি তাহা করিবার চেষ্টা করিব' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী ও ভীম পরস্পর এইরূপ আলোচনা করিতেছিলেন, তখন আবার তাঁহারা ভার্য্যার সহিত সেই ব্রাহ্মণের আর্ত্তনাদ শুনিলেন ॥১৭॥

তাহার পর, ঘরের ভিতরে বাছুর বাঁধা থাকিলে, গরু যেমন সেখানে সত্বর প্রবেশ করে, কুন্তীও সেইরূপ সেই ব্রাহ্মণের অন্তঃপুরে সত্বর প্রবেশ করিলেন ॥১৮॥

কুন্তী যাইয়া দেখিলেন—সেখানে ভার্য্যা, পুত্র ও কন্যার সহিত ব্রাহ্মণ অবস্থান করিতেছেন; বিষাদে তাঁহার মুখখানা মলিন হইয়া রহিয়াছে ॥১৯॥

ব্রাহ্মণ বলিতেছিলেন—'জগতে এই জীবন নলের মত অসার, অনর্থক,

(১৮) অভ্যন্তরং ততস্তস্য…। (২০)…হতসারমনর্থকম…।

জীবিতে পরমং দুঃখং জীবিতে পরমো জ্বরঃ।
জীবিতে বর্ত্তমানস্য দ্বন্দ্বানামাগমো ধ্রুবঃ ॥২১॥
আত্মা হ্যেকো হি ধর্ম্মার্থৌ কামঞ্চৈব নিষেবতে।
এতৈশ্চ বিপ্রয়োগোঽপি দুঃখং পরমনন্তকম্ ॥২২॥
আহুঃ কেচিৎ পরং মোক্ষং স চ নাস্তি কথঞ্চন।
অর্থপ্রাপ্তৌ চ নরকঃ কৃৎস্ন এবোপপদ্যতে ॥২৩॥
অর্থেপ্সুতা পরং দুঃখমর্থপ্রাপ্তৌ ততোঽধিকম্।
জাতস্নেহস্য চার্থেষু বিপ্রয়োগে মহত্তরম্ ॥২৪॥
যাবন্তো যস্য সংযোগা দ্রব্যৈরিষ্টৈর্ভবন্ত্যত।
তাবন্তোঽস্য নিখন্যন্তে হৃদয়ে শোকশঙ্কবঃ ॥২৫॥

ভারতকৌমুদী

জীবিত ইতি। জ্বরো নানাবিষয়কঃ সন্তাপঃ। দ্বন্দ্বানাং পরস্পরবিরোধিনাং শীতোষ্ণাদীনাম্ ॥২১॥

আত্মেতি। আত্মা জীবঃ। বিপ্রয়োগো বিচ্ছেদঃ। দুঃখং দুঃখজনকঃ ॥২২॥

আহুরিতি। নাস্তি তত্ত্বজ্ঞানাভাবাৎ। নরকস্তদ্ভোগদুঃখম্ ॥২৩॥

অর্থেতি। বিপ্রয়োগে ব্যয়েনার্থস্য বিরহে, মহত্তরমেব দুঃখম্। ইত্থমন্যত্রাপ্যুক্তম্। যথা—"অর্থানামর্জনে দুঃখমর্জিতানাঞ্চ রক্ষণে। নাশে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থং দুঃখভাজনম্॥" ॥২৪॥

যাবন্ত ইতি। দ্রব্যৈঃ পুত্রকলত্রধনাদিভিঃ। নিখন্যন্তে বিধাত্রা, তেষাং বিয়োগসম্ভবাৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

বিনা নাবসীদতি, এতাবানেব পুরুষো ন চান্যঃ ॥১৪—১৭॥ সৌরভী কামধেনুসম্ভতির্গোঃ

দুঃখভোগের কারণ, পরাধীন এবং অত্যন্ত অপ্রিয়প্রাপ্তির হেতু। অতএব ইহাকে ধিক্ ॥২০॥

বাঁচিয়া থাকিলেই গুরুতর দুঃখ, গুরুতর সন্তাপ এবং শীত ও উষ্ণপ্রভৃতি পরস্পরবিরোধী ভাব নিশ্চয়ই উপস্থিত হইয়া থাকে ॥২১॥

একমাত্র জীবই ধর্ম্ম, অর্থ ও কামের সেবা করে, আবার এই গুলি না পাইলেই গুরুতর দুঃখ অনুভব করে ॥২২॥

কেহ কেহ বলেন—পুরুষার্থের মধ্যে মুক্তিই শ্রেষ্ঠ; কিন্তু তাহা ত কোন প্রকারেই হইবার নহে। তবে, পাওয়া যায় অর্থ; তাহাতে আবার সমস্ত নরক ভোগ হয় ॥২৩॥

অর্থলাভের চেষ্টায় গুরুতর দুঃখ, অর্থলাভ হইয়া গেলে তদপেক্ষা অধিক দুঃখ এবং অর্থের প্রতি মমতা জন্মিলে পর, তাহা নষ্ট হইলে, আরও গুরুতর দুঃখ ॥২৪॥

তদিদং জীবিতং প্রাপ্য অল্পকালং মহাভয়ম্ ।
ত্যাগো হি ন ময়া প্রাপ্তো ভার্য্যয়া সহিতেন চ ॥২৬॥
নহি যোগং প্রপশ্যামি যেন মুচ্যেয়মাপদঃ ।
পুত্রদারেণ বা সার্দ্ধং প্রদ্রবেয়মনাময়ম্ ॥২৭॥
যতিতং বৈ ময়া পূর্ব্বং বেত্থ ব্রাহ্মণি ! তত্তথা ।
ক্ষেমং যতস্ততো গন্তুং ত্বয়া তু মম ন শ্রুতম্ ॥২৮॥
ইহ জাতা বিবৃদ্ধাস্মি পিতা চাপি মমেতি বৈ ।
উক্তবত্যসি দুর্ম্মেধে ! যাচ্যমানা ময়াঽসকৃৎ ॥২৯॥
স্বর্গতো হি পিতা বৃদ্ধস্তথা মাতা চিরং তব ।
বান্ধবা ভূতপূর্ব্বাশ্চ তত্র বাসে তু কা রতিঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তদিতি। ত্যাগো রোগাদিনা জীবিতস্যৈব। তথা সতীদং দুঃখং ন স্যাদিতি ভাবঃ ॥২৬॥
নহীতি। যোগমুপায়ম্। প্রদ্রবেয়ং পলায়েয়, অনাময়ং পরলোকমিত্যর্থঃ ॥২৭॥
যতিতমিতি। যতো যস্মিন্ দেশে, ক্ষেমং মঙ্গলমস্তি। ততস্তস্মিন্। শ্রুতং তদ্বাক্যম্ ॥২৮॥
ইহেতি। ইহ দেশে। যাচ্যমানা নিরাপদং দেশং গন্তুং প্রার্থ্যমানা ত্বম্ ॥২৯॥
স্বরিতি। মাতাপি স্বর্গতা। বান্ধবাঃ পিতৃব্যাদয়োঽপি স্বর্গতা ইতি সম্বন্ধঃ ॥৩০॥

অভীষ্ট বস্তুর সহিত যাহার যতগুলি সংযোগ হয়, বিধাতা তাহার হৃদয়ে ততগুলি শোক-শঙ্কু (পেরেক) প্রবেশ করাইয়া রাখেন ॥২৫॥

অতএব আমি ভার্য্যার সহিত অল্পকালের জন্য এই দারুণ জীবন লাভ করিয়া, ইহাকে আর ত্যাগ করিতে পারিলাম না ॥২৬॥

আমি সে রূপ কোন উপায় দেখিতেছি না, যাহা দ্বারা এই বিপদ হইতে মুক্তি লাভ করিতে পারি। অথবা স্ত্রী-পুত্রাদির সঙ্গেই একেবারে পরলোকে পলাইয়া যাই ॥২৭॥

ব্রাহ্মণি! আমি পূর্ব্বে যে চেষ্টা করিয়াছিলাম, তাহা তুমি জান। যে খানে কোন বিপদ ছিল না, আমি সেই খানে যাইতে চাহিয়াছিলাম; তুমি আমার সে কথা তখন শোন নাই ॥২৮॥

বুদ্ধিহীন ব্রাহ্মণি! দেশান্তরে যাইবার জন্য আমি বার বার প্রার্থনা করিলে, তুমি বলিয়াছ—'এই খানেই জন্মিয়াছি ও বাড়িয়াছি এবং পিতাও এই খানেই ছিলেন' ॥২৯॥

বহুকাল পূর্ব্বে তোমার পিতা ও মাতা বৃদ্ধ হইয়া স্বর্গে গিয়াছিলেন, ভূত-

২৫—২৬ শ্লোকৌ সর্ব্বত্র ন দৃশ্যেতে। [৩০] স্বর্গতোঽপি···।

সোঽয়ং তে বন্ধুকামায়া অশৃণ্বত্যা বচো মম।
বন্ধুপ্রণাশঃ সম্প্রাপ্তো ভৃশং দুঃখকরো মম ॥৩১॥
অথবা মদ্বিনাশোঽয়ং নহি শক্যামি কঞ্চন।
পরিত্যক্তুমহং বন্ধুং স্বয়ং জীবন্নৃশংসবৎ ॥৩২॥
সহধর্ম্মচরীং দান্তাং নিত্যং মাতৃসমাং মম।
সখায়ং বিহিতাং দেবৈর্নিত্যং পরমিকাং গতিম্ ॥৩৩॥
পিত্রা মাত্রা চ বিহিতাং সদা গার্হস্থ্যভাগিনীম্।
বরয়িত্বা যথান্যায়ং মন্ত্রবৎ পরিণীয় চ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। বন্ধুকামায়া বন্ধুভিঃ সহ বাসমিচ্ছন্ত্যাঃ। সম্প্রাপ্ত উপস্থিতঃ ॥৩১॥

অথবেতি। অয়ং প্রাপ্তো মদ্বিনাশ এব ভবত্বিত্যর্থঃ। হি যস্মাৎ ॥৩২॥

অথ স্ত্রীত্বেনাসারাং মামেব পরিত্যজেত্যাহ সহেতি। দান্তাম্ ইন্দ্রিয়দমনশীলাম্। গৌরবে মাতৃসমামিত্যাশয়ঃ। গতিমাশ্রয়ভূতাম্। মন্ত্রবদ্‌যথা স্যাত্তথা পরিণীয় আনীতামিতি

ভারতভাবদীপঃ

॥১৮—২৬॥ যোগমুপায়ম্ ॥২৭—২৯॥ ভূতপূর্ব্বাঃ পূর্ব্বং ভূতাঃ, নষ্টা ইত্যর্থঃ ॥৩০—৩২॥ মাতৃসমাম্ আদিভূমিসমাং গোসমাং বা। "মাতা গৌর্য্যাদিজননী গোব্রাহ্মণ্যাদিভূমিষু" ইতি মেদিনী ॥৩৩—৫০॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫১॥

পূর্ব্ব বন্ধুগণও স্বর্গে গিয়াছিলেন; তবে আর সে দেশে বাস করিবার ইচ্ছা ছিল কেন? ॥৩০॥

তুমি বন্ধুগণের সহিত এক দেশে বাস করিবার ইচ্ছায় আমার কথা শোন নাই; হায়! এখন আমার দারুণ দুঃখজনক সেই বন্ধুনাশই উপস্থিত হইল ॥৩১॥

অথবা, এটা আমারই বিনাশই হউক। কারণ, আমি নৃশংসের মত নিজে জীবিত থাকিয়া কোন বন্ধুকেই পরিত্যাগ করিতে পারিব না ॥৩২॥

যিনি সহধর্ম্মিণী, সর্ব্বদা ইন্দ্রিয়সংযমশালিনী এবং মাতৃতুল্যা, দেবতারা যাঁহাকে আমার সখী করিয়া নির্ম্মাণ করিয়াছেন, যিনি সর্ব্বদাই প্রধান আশ্রয়, পিতা ও মাতা যাঁহাকে সর্ব্বদার জন্যই আমার গৃহস্থ ধর্ম্মের অংশভাগিনী করিয়া দিয়াছেন, আমি যাঁহাকে বরণ করিয়া এবং যথানিয়মে মন্ত্রপাঠপূর্ব্বক পরিণয় করিয়া আনিয়াছি, যিনি সৎকুলোৎপন্না, সৎস্বভাবসম্পন্না, সন্তানের জননী, সচ্চরিত্রা এবং কোন অপকার করেন নাই, আর সর্ব্বদাই যিনি আমার

[৩১]…অশৃণ্বন্ত্যা বচো মম…। [৩২]…ন হি শক্যামি কিঞ্চন…।

কুলীনাং শীলসম্পন্নামপত্যজননীমপি।
ত্বামহং জীবিতস্যার্থে সাধ্বীমনপকারিণীম্ ॥৩৫॥
পরিত্যক্তুং ন শক্ষ্যামি ভার্য্যাং নিত্যমনুব্রতাম্।
কুত এব পরিত্যক্তুং সুতাং শক্ষ্যাম্যহং স্বয়ম্ ॥৩৬॥
বালামপ্রাপ্তবয়সমজাতব্যঞ্জনাকৃতিম্।
ভর্ত্তুরর্থায় নিক্ষিপ্তাং ন্যাসং ধাত্রা মহাত্মনা ॥৩৭॥
যয়া দৌহিত্রজাল্লোঁকানাশংসে পিতৃভিঃ সহ।
স্বয়মুৎপাদ্য তাং বালাং কথমুৎস্রষ্টুমুৎসহে ॥৩৮॥ (কুলকম্)
মন্যন্তে কেচিদধিকং স্নেহং পুত্রে পিতুর্নরাঃ।
কন্যায়াং কেচিদপরে মম তুল্যাবুভৌ স্মৃতৌ ॥৩৯॥
যস্যাং লোকাঃ প্রসূতিশ্চ স্থিতা নিত্যমথো সুখম্।
অপাপাং তামহং বালাং কথমুৎস্রষ্টুমুৎসহে ॥৪০॥

ভারতকৌমুদী

শেষঃ। জীবিতস্য মম জীবনস্য। অনুব্রতামনুকূলাম্। ন জাতং ব্যঞ্জনং স্ত্রীত্বসূচকং স্তনাদিচিহ্নং যস্যাং সা তাদৃশী আকৃতির্যস্যাস্তাম্। ন্যাসং নিক্ষেপমিব, নিক্ষিপ্তাং ময়ি স্থাপিতাম্। আশংসে প্রাপ্ত্যাশাবিষয়ীকরোমি। উৎস্রষ্টুং ত্যক্তুম্, উৎসহে শক্নোমি। কুতোঽপি নেত্যর্থঃ ॥৩৩—৩৮॥

মন্যন্ত ইতি। উভৌ কন্যাপুত্রৌ, তুল্যৌ সমানস্নেহভাগিনৌ ॥৩৯॥

যস্যামিতি। প্রসূতির্দৌহিত্রঃ, তেন চ লোকাঃ স্বর্গাঃ ॥৪০॥

অনুকূল হইয়া চলিয়া থাকেন, এহেন ভার্য্যাকে আমি পরিত্যাগ করিতে পারিব না। ত'ার পর, আমি নিজেই বা কি করিয়া কন্যাটীকে পরিত্যাগ করিতে সমর্থ হইব; যে এখনও বালিকা, যাহার এখনও বয়স হয় নাই বা স্ত্রীলোকের কোন চিহ্ন হয় নাই এবং আমি পিতৃগণের সহিত যাহা দ্বারা দৌহিত্র-সম্পাদিত স্বর্গ লাভ করিবার আশা করি, আর নিজেই যাহাকে উৎপাদন করিয়াছি, সেই বালিকা কন্যাটীকে কি করিয়া আমি ত্যাগ করিতে পারি? ॥৩৩—৩৮॥

পুত্রের উপরেই পিতার অধিক স্নেহ হয় ইহা কতকগুলি লোক মনে করে, আবার কন্যার উপরেই অধিক স্নেহ হয় বলিয়া অন্য লোকেরা মনে করে; কিন্তু আমার কাছে দু-ই তুল্য ॥৩৯॥

আর, যাহার পুত্রের উপরে স্বর্গ লাভ নির্ভর করে এবং যে সর্ব্বদাই সুখের

---

(৩৬)···সুতং শক্ষ্যাম্যহং স্বয়ম্। (৩৭) বালমপ্রাপ্তবয়সম্···।

কুত এব পরিত্যক্তুং সুতং শক্ষ্যাম্যহং স্বয়ম্।
প্রার্থয়েয়ং পরাং প্রীতিং যস্মিন্ স্বর্গফলানি চ ॥৪১॥
যস্য জাতস্য পিতরো মুখং দৃষ্ট্বা দিবং গতাঃ।
অহং মুক্তঃ পিতৃঋণাদযস্য জাতস্য তেজসা ॥৪২॥
দয়িতং মে কথং বালমহং ত্যক্তুমিহোৎসহে।
তমহং জ্যেষ্ঠপুত্রং মে কুলনির্হারকং বিভুম্ ॥৪৩॥
মম পিণ্ডোদকনিধিং কথং ত্যক্ষ্যামি পুত্রকম্।
ত্যাগোঽয়ং মম সম্প্রাপ্তো মম বা মে সুতস্য বা ॥৪৪॥
তব বা তব পুত্র্যা বা অত্র বাসস্য তৎ ফলম্।
ন শৃণোষি বচো মহ্যং তৎফলং ভুঙ্ক্ষ্ব ভামিনি! ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তর্হি পুত্রং পরিত্যজেত্যাহ কুত ইতি। যস্মিন্ সতি স্বর্গফলানি চ প্রার্থয়েয়ম্ ॥৪১॥

যস্যেতি। দিবং গতাঃ, "লোকানন্ত্যদিবঃ প্রাপ্তিঃ পুত্রপৌত্রপ্রপৌত্রকৈঃ" ইতি স্মরণাৎ ॥৪২॥

দয়িতমিতি। দ্বিতীয়স্যাহংপদস্য ত্যক্ষ্যামীতি পরেণান্বয়ঃ। অতএব বিশেষকমিদম্। কুলস্য নির্হারকং সন্তানোৎপাদনাৎ পরত্রাপি প্রাপকম্। ত্যাগো জীবনস্য। বিষাদান্মমেত্যস্য দ্বিদ্বিরুক্তাবপি ন দোষঃ, "দৈন্যেঽথ লাটানুপ্রাসে" ইত্যাদিসাহিত্যদর্পণাৎ। মহ্যং মম ॥৪৩—৪৫॥

কারণ, সেই নিরপরাধা ও বালিকা কন্যাটীকে আমি কি করিয়া ত্যাগ করিতে পারি? ॥৪০॥

আমি নিজে কি করিয়া পুত্রটীকেই বা পরিত্যাগ করিতে পারিব? কেন না, যাহা দ্বারা পরম আনন্দ এবং স্বর্গ লাভ করিবার ইচ্ছা করি ॥৪১॥

জন্মিবার পরে যাহার মুখ দেখিয়া পিতৃলোকেরা স্বর্গে গমন করিয়াছেন এবং আমিও যাহার প্রভাবে পিতৃ-ঋণ হইতে মুক্ত হইয়াছি ॥৪২॥

আমিই আমার সেই প্রিয় ও বালক পুত্রটীকে কি করিয়া ত্যাগ করিতে সমর্থ হইব? সে আমার জ্যেষ্ঠপুত্র, সে আমার বংশরক্ষক এবং আমার শ্রাদ্ধ ও তর্পণের একমাত্র অধিকারী; এঅবস্থায় আমি সেই পুত্রকে কি করিয়া ত্যাগ করিব। অতএব আমার, আমার পুত্রের, তোমার এবং তোমার কন্যার সকলেরই এই প্রাণত্যাগের সময় উপস্থিত হইয়াছে। কোপনে! তুমি যে আমার কথা শোন নাই, এখন তাহার ফলভোগ কর ॥৪৩—৪৫॥

৪১ ইতঃ প্রভৃতি সপ্ত শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

অথবাহং ন শক্ষ্যামি স্বয়ং মর্ত্তুং সুতং মম।
একং ত্যক্তুং ন শক্নোমি ভবতীঞ্চ সুতামপি ॥৪৬॥
অথ মদ্রক্ষণার্থং বা নহি শক্ষ্যামি কঞ্চন।
পরিত্যক্তুং মহং বন্ধুং স্বয়ং জীবন্নৃশংসবৎ ॥৪৭॥
ত্যক্তা হ্যেতে ময়া ব্যক্তং নেহ শক্ষ্যন্তি জীবিতুম্।
এষাঞ্চান্যতমত্যাগো নৃশংসো গর্হিতো বুধৈঃ ॥৪৮॥
আত্মত্যাগে কৃতে চেমে মরিষ্যন্তি ময়া বিনা।
স কৃচ্ছ্র মহমাপন্নো ন শক্তস্তর্ত্তুমাপদম্ ॥৪৯॥
অহো ধিক্ কাং গতিং ত্বদ্য গমিষ্যামি সবান্ধবঃ।
সর্ব্বৈঃ সহ মৃতং শ্রেয়ো ন চ মে জীবিতুং ক্ষমম্ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বকবধে ব্রাহ্মণবিষাদো নামৈকপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথবেতি। মর্ত্তুং প্রাণাংস্ত্যক্তুম্। ভবতীং ত্বাং ভার্য্যাম্ ॥৪৬॥

অথ বন্ধুস্তরমানীয় ত্যজ্যতামিত্যাহ অথেতি। বন্ধুং ভার্য্যাপুত্রকন্যাভ্যো ভিন্নম্ ॥৪৭॥

তদা খল্বাত্মত্যাগ এব তে শ্রেয়ানিত্যাহ ত্যক্তা ইতি। ময়া আত্মানং ত্যজতা, ত্যক্তা বিরহিতাঃ, এতে ভার্য্যাদয়ঃ, ব্যক্তং ধ্রুবমেব ইহ জীবিতুং ন শক্ষ্যন্তি, পালকাভাবাৎ ॥৪৮॥

উক্তমেবার্থং স্পষ্টয়তি আত্মেতি। কৃচ্ছ্রং কষ্টম্, আপন্নঃ প্রাপ্তঃ ॥৪৯॥

কেবল আমি নিজে মরিতে পারিব না, অথবা একমাত্র পুত্রটীকে, বা একমাত্র তোমাকে, কিংবা একমাত্র কন্যাটীকে পরিত্যাগ করিতে পারিব না ॥৪৬॥

অথবা আমাদের সকলেরই রক্ষার জন্য আমি নিজে জীবিত থাকিয়া নৃশংসের মত অন্য কোন বন্ধুকে আনিয়া দিতে পারিব না ॥৪৭॥

তা'র পর, আমি তোমাদিগকে ত্যাগ করিলে, নিশ্চয়ই তোমরা জীবিত থাকিতে পারিবে না। তোমাদের মধ্যে কাহাকেও ত্যাগ করা নৃশংসের কার্য্য এবং তাহা সজ্জনগর্হিত ॥৪৮॥

আমি যদি জীবন ত্যাগ করি, তবে আমা ব্যতীত তোমরা মরিয়া যাইবে। সুতরাং আমি দারুণ কষ্টে পড়িয়াছি; এ বিপদ হইতে উদ্ধার পাইবার কোনই উপায় নাই ॥৪৯॥

(৪৮) যাবন্তি পুস্তকানি পর্য্যালোচ্যন্তে, তাবন্ত এবাত্র পাঠভেদাঃ পরিলক্ষ্যন্তে।

* 'পঞ্চপঞ্চাশদধিকঃ...' '...সপ্তপঞ্চাশদধিকঃ...' '...একসপ্তত্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ।

দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

———:*:———

ব্রাহ্মণ্যুবাচ।

ন সন্তাপস্ত্বয়া কার্য্যঃ প্রাকৃতেনেব কর্হিচিৎ।
ন হি সন্তাপকালোঽয়ং বৈদ্যস্য তব বিদ্যতে ॥১॥
অবশ্যং নিধনং সর্ব্বৈর্গন্তব্যমিহ মানবৈঃ।
অবশ্যম্ভাবিন্যর্থে বৈ সন্তাপো নেহ বিদ্যতে ॥২॥
ভার্য্যা পুত্রোঽথ দুহিতা সর্ব্বমাত্মার্থমিষ্যতে।
ব্যথাং জহি স্ববুদ্ধ্যা ত্বং স্বয়ং যাস্যামি তত্র চ ॥৩॥
এতদ্ধি পরমং নার্য্যাঃ কার্য্যং লোকে সনাতনম্।
প্রাণানপি পরিত্যজ্য যদ্ভর্ত্তুর্হিতমাচরেৎ ॥৪॥

ভারতকৌমুদী

অহো ইতি। গতিমুপায়ম্। গমিষ্যামি প্রাপ্স্যামি। ক্ষমমুচিতম্ ॥৫০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি বকবধে একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

নেতি। প্রাকৃতেন অজ্ঞজনেনেব। বিদ্যামনুশীলয়তীতি বৈদ্যস্তস্য ॥১॥

অবশ্যমিতি। অর্থে বিষয়ে। সন্তাপো বিষাদঃ ॥২॥

ভার্য্যেতি। ব্যথাং মনঃপীড়াম্। স্বয়মহম্। তত্র বকরাক্ষসভোজনস্থানে ॥৩॥

এতদিতি। পরমমুৎকৃষ্টম্। সনাতনং চিরকালাগতম্ ॥৪॥

হায়! আমি আজ বন্ধুবর্গের সহিত কি উপায় অবলম্বন করিব। যাহা হউক, সকলেরই এক সঙ্গে মরা ভাল; কিন্তু আমার জীবিত থাকা উচিত নহে ॥৫০॥

——:☺:——

ব্রাহ্মণী বলিলেন—'আপনি কখনও মূর্খলোকের ন্যায় বিষাদ প্রকাশ করিবেন না। কারণ, আপনি বিদ্বান্; সুতরাং আপনার এটা বিষাদ করিবার সময় নহে ॥১॥

এই জগতে সকল লোকেরই মৃত্যুমুখে পতিত হইতে হইবে, ইহা নিশ্চয়। সুতরাং নিশ্চিত বিষয়ে সন্তাপ করিবার কোন কারণ নাই ॥২॥

ভার্য্যা, পুত্র ও কন্যা এসমস্তই মানুষ নিজের জন্য ইচ্ছা করিয়া থাকে। অতএব আপনি বিষাদ পরিত্যাগ করুন, আমিই সেখানে যাইব ॥৩॥

তচ্চ তত্র কৃতং কর্ম্ম তবাপীদং সুখাবহম্।
ভবত্যমুত্র চাক্ষয্যং লোকেঽস্মিংশ্চ যশস্করম্ ॥৫॥
এষ চৈব গুরুর্ধর্ম্মো যং প্রবক্ষ্যাম্যহং তব।
অর্থশ্চ তব ধর্ম্মশ্চ ভূয়ানত্র প্রদৃশ্যতে ॥৬॥
যদর্থমিষ্যতে ভার্য্যা প্রাপ্তঃ সোঽর্থস্ত্বয়া ময়ি।
কন্যা চৈব কুমারশ্চ কৃতাহমনৃণা ত্বয়া ॥৭॥
সমর্থঃ পোষণে চাপি সুতয়ো রক্ষণে তথা।
ন ত্বহং সুতয়োঃ শক্তা তথা রক্ষণপোষণে ॥৮॥
মম হি ত্বদ্বিহীনায়াঃ সর্ব্বপ্রাণধনেশ্বর!।
কথং স্যাতাং সুতৌ বালৌ ভবেয়ঞ্চ কথং ত্বহম্ ॥৯॥

ভারতকৌমুদী

তদিতি। তত্র বকভোজনস্থানে, তৎ তস্য খাদ্যপ্রাপণরূপং কর্ম্ম, ময়া কৃতং সৎ। অমুত্র পরলোকে, অক্ষয্যং মমাক্ষয়ফলজনকম্ ॥৫॥

এষ ইতি। গুরুর্মহান্। ভূয়ান্ বহুলঃ ॥৬॥

যদর্থমিতি। কোঽসাবর্থ ইত্যাহ কন্যা কুমারশ্চেতি। কৃতা কন্যাপুত্রোৎপাদনাৎ ॥৭॥

সমর্থ ইতি। সমর্থো ভবান্। তথা ভবানিব, ন শক্তা, স্ত্রীত্বাদিতি ভাবঃ ॥৮॥

মমেতি। কথং কিম্ভূতৌ। কথং কীদৃশী। সর্ব্বথৈব বিকৃতা ভবাম ইতি ভাবঃ ॥৯॥

ইহাই স্ত্রীলোকের চিরকালের উৎকৃষ্ট কার্য্য যে, সে প্রাণ পরিত্যাগ করিয়াও ভর্ত্তার হিত সাধন করে ॥৪॥

সুতরাং আমা দ্বারা সেখানে সে কার্য্য সম্পন্ন হইলে, তাহা আপনারও সুখজনক হইবে, আর আমারও ইহলোকে যশ এবং পরলোকে অক্ষয় ফল জন্মাইবে ॥৫॥

আমি আপনার নিকট যাহা বলিব, তাহাই প্রধান ধর্ম্ম এবং তাহাতে আপনার ধর্ম্ম ও অর্থ উভয়ই বহুপরিমাণে দেখা যাইতেছে ॥৬॥

লোকে যে জন্য ভার্য্যা ইচ্ছা করে, তাহা আপনি আমাতে পাইয়াছেন। কেন না, আপনি পুত্র ও কন্যা দু-ই পাইয়াছেন; এবং আপনিও আমাতে পুত্র-কন্যা জন্মাইয়া আমাকে ঋণশূন্য করিয়াছেন ॥৭॥

এখন আপনি সেই পুত্র ও কন্যার ভরণ-পোষণে এবং রক্ষণাবেক্ষণে সমর্থ; কিন্তু আমি আপনার মত তাহাতে সমর্থ নহি ॥৮॥

প্রাণেশ্বর! স্বামী! আপনি না থাকিলে, আমার এই শিশু পুত্র ও কন্যা কি রকম হইয়া যাইবে, আমিই বা কি রকম হইয়া পড়িব ॥৯॥

কথং হি বিধবাঽনাথা বালপুত্রা বিনা ত্বয়া।
মিথুনং জীবয়িষ্যামি স্থিতা সাধুগতে পথি ॥১০॥
অহং কৃতাবলেপৈশ্চ প্রার্থ্যমানামিমাং সুতাম্।
অযুক্তৈস্তব সম্বন্ধে কথং শক্ষ্যামি রক্ষিতুম্ ॥১১॥
উৎসৃষ্টমামিষং ভূমৌ প্রার্থয়ন্তি যথা খগাঃ।
প্রার্থয়ন্তি জনাঃ সর্ব্বে পতিহীনাং তথা স্ত্রিয়ম্ ॥১২॥
সাঽহং বিচাল্যমানা বৈ প্রার্থ্যমানা দুরাত্মভিঃ।
স্থাতুং ন পথি শক্ষ্যামি সজ্জনেষ্টে দ্বিজোত্তম! ॥১৩॥
কথং তব কুলস্যৈকামিমাং বালামসংস্কৃতাম্।
পিতৃপৈতামহে মার্গে নিযোক্তুমহমুৎসহে ॥১৪॥

ভারতকৌমুদী

কথমিতি। মিথুনং পুত্রকন্যাদ্বয়ম্। সাধুগতে সজ্জনাচরিতে ॥১০॥
অহমিতি। কৃতাবলেপৈস্তৎকন্যাগ্রহণে কৃতগর্ব্বৈর্জনৈঃ। অযুক্তৈঃ কুলাদিনা অযোগ্যৈঃ ॥১১॥
উৎসৃষ্টমিতি। ভূমৌ উৎসৃষ্টং ত্যক্তম্, আমিষং মাংসম্ ॥১২॥
সেতি। বিচাল্যমানা সৎপথাদবতার্য্যমাণা। সজ্জনেষ্টে সতীজনাভীষ্টে ॥১৩॥
কথমিতি। অসংস্কৃতাম্ অবিবাহিতাম্। মার্গে যোগ্যসম্বন্ধে। উৎসহে শক্নোমি ॥১৪॥

ভারতভাবদীপঃ

নেতি। বৈদ্যস্য বিদ্যাবতঃ ॥১—৪॥ তত্র ভর্ত্তৃহিতনিমিত্তম্, তচ্চ প্রাণত্যাগরূপং কর্ম্ম ॥৫—১০॥ অহঙ্কৃতাঃ গর্ব্বিতাঃ, অবলিপ্তাঃ কলঙ্কিতাঃ। "অবলেপস্তু গর্ব্বে স্যাল্লেপনে

আপনিও চলিয়া যাইবেন, পুত্রটীও বালক; এঅবস্থায় আমি বিধবা ও অনাথা হইয়া, সৎপথে থাকিয়া, কি করিয়া এই দুইটীকে বাঁচাইব ॥১০॥

আপনার বংশে সম্বন্ধ করিবার পক্ষে অযোগ্য, অথ চ গর্বিত লোকেরা যখন এই কন্যাটীকে চাহিবে, তখন আমি কি করিয়া ইহাকে রক্ষা করিব ॥১১॥

ভূতলে মাংস ফেলিয়া রাখিলে, পক্ষিগণ যেমন তাহা প্রার্থনা করে, তেমন সকল পুরুষই পতিহীনা রমণীকে প্রার্থনা করে ॥১২॥

হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! দুরাত্মারা আমাকে প্রার্থনা করিয়া যখন সৎপথ হইতে বিচলিত করিবে, তখন আমি সে সৎপথে থাকিতে পারিব বলিয়া বোধ হয় না ॥১৩॥

আপনার বংশে এই একটিমাত্র কন্যা, ইহার এখনও বিবাহ হয় নাই; এ অবস্থায় আমি কি করিয়া আপনার পৈতৃক নিয়মে ইহাকে সৎপাত্রে দান করিতে সমর্থ হইব ॥১৪॥

(১১) অহঙ্কৃতাবলিপ্তৈশ্চ···। (১২)···বীরহীনাং তথা স্ত্রিয়ম্।

কথং শক্ষ্যামি বালেঽস্মিন্ গুণানাধাতুমীপ্সিতান।
অনাথে সর্বতো লুপ্তে যথা ত্বং ধর্ম্মদর্শিবান্ ॥১৫॥
ইমামপি চ তে বালামনাথাং পরিভূয় মাম্।
অনর্হাঃ প্রার্থয়িষ্যন্তি শূদ্রা বেদশ্রুতিং যথা ॥১৬॥
তাঞ্চেদহং ন দিৎসেয়ং সদ্গুণৈরুপবৃংহিতাম্।
প্রমথ্যৈনাং হরেয়ুস্তে হবির্ধ্বাঙ্ক্ষা ইবাধ্বরাৎ ॥১৭॥
সম্প্রেক্ষমাণা পুত্রং তে নানুরূপমিবাত্মনঃ।
অনর্হবশমাপন্নামিমাঞ্চাপি সুতাং তব ॥১৮॥
অবজ্ঞাতা চ লোকেষু তথাত্মানমজানতী।
অবলিপ্তৈর্নরৈর্ব্রহ্মন্! মরিষ্যামি ন সংশয়ঃ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কথমিতি। গুণান্ বিদ্যাদীন্ আধাতুং প্রবর্ত্তয়িতুম্। সর্বতো লুপ্তে সর্বচারিত্রভ্রষ্টে ॥১৫॥
ইমামিতি। অনর্হা অযোগ্যা জনাঃ। শ্রূয়ত ইতি শ্রুতিঃ শব্দঃ ॥১৬॥
তামিতি। দিৎসেয়ং দাতুমিচ্ছেয়ম্। উপবৃংহিতাং বর্দ্ধিতাম্। ধ্বাঙ্ক্ষাঃ কাকাঃ ॥১৭॥
সমিতি। আত্মন আত্মবংশস্য। অনর্হবশমাপন্নাম্ অযোগ্যপাত্রাধীনতাং প্রাপ্তাম্। তথা অবজ্ঞাপাত্রত্বেন। অবলিপ্তৈঃ সৎকুলত্বাদিনা গর্বিতৈঃ। মরিষ্যামি আত্মহত্যয়া ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

দূষণেঽপি চ" ইতি মেদিনী ॥১১—১৩॥ মার্গে সৎকুলসম্বন্ধরূপে ॥১৪॥ গুণান্ বিদ্যাদীন্

এই বালকটীর কোন অভিভাবক থাকিবে না; সুতরাং এ, সর্ব্বপ্রকার সচ্চরিত্র হইতে ভ্রষ্ট হইতে থাকিবে; তখন আপনি যেমন পারিবেন, তেমন আমি কি করিয়া ইহার অভীষ্ট গুণ শিক্ষা দেওয়াইতে পারিব ॥১৫॥

শূদ্রেরা যেমন বেদলাভের প্রার্থনা করে, তেমন অযোগ্য লোকেরা আমাকে অগ্রাহ্য করিয়া, আপনার এই অনাথা বালিকা কন্যাটীকে প্রার্থনা করিবে ॥১৬॥

তা'র পর, আমি যদি সদ্গুণসম্পন্না এই কন্যাটীকে দান করিতে ইচ্ছা না করি, তবে কাক যেমন যজ্ঞস্থান হইতে হবি হরণ করে, তেমন তাহারা বল-পূর্ব্বক আপনার এই কন্যাটীকে হরণ করিবে ॥১৭॥

ক্রমে, পুত্রটী আপনার বংশের অযোগ্য হইয়া গিয়াছে, কন্যাটীও অযোগ্য পাত্রের অধীন হইয়া পড়িয়াছে, ইহা আমি দেখিতে থাকিব; অথ চ (নিজের কোন ক্ষমতা না থাকায়) আত্মাকে অবজ্ঞার পাত্র বলিয়া মনে করিব না; কিন্তু গর্বিত লোকেরা আমাকে অবজ্ঞাই করিতে থাকিবে; তখন আমি নিশ্চয়ই আত্মহত্যা করিয়া মরিব ॥১৮—১৯॥

(১৭)···ত্বদ্গুণৈঃ···তদ্গুণৈঃ···। (১৯)···যথাস্থানমজানতী···।

তৌ চ হীনৌ ময়া বালৌ ত্বয়া চৈব তথাত্মজৌ।
বিনশ্যেতাং ন সন্দেহো মৎস্যাবিব জলক্ষয়ে ॥২০॥
ত্রিতয়ং সর্ব্বথাঽপ্যেবং বিনশিষ্যত্যসংশয়ম্।
ত্বয়া বিহীনং তস্মাত্ত্বং মাং পরিত্যক্তুমর্হসি ॥২১॥
ব্যুষ্টিরেষা পরা স্ত্রীণাং পূর্ব্বং ভর্ত্তুঃ পরা গতিঃ।
ননু ব্রহ্মন্! সপুত্রাণামিতি ধর্ম্মবিদো বিদুঃ ॥২২॥
পরিত্যক্তঃ সুতশ্চায়ং দুহিতেয়ং তথা ময়া।
বান্ধবাশ্চ পরিত্যক্তাস্ত্বদর্থং জীবিতঞ্চ মে ॥২৩॥
যজ্ঞৈস্তপোভির্নিয়মৈর্দানৈশ্চ বিবিধৈস্তথা।
বিশিষ্যতে স্ত্রিয়া ভর্ত্তুর্নিত্যং প্রিয়হিতে স্থিতিঃ ॥২৪॥
তদিদং যচ্চিকীর্ষামি ধর্ম্মং পরমসম্মতম্।
ইষ্টঞ্চৈব হিতঞ্চৈব তব চৈব কুলস্য চ ॥২৫॥

ভারতকৌমুদী

তাবিতি। বিনশ্যেতাম্, আত্মন এবাযোগ্যত্বাৎ অযোগ্যেন পত্যা রক্ষণাসম্ভবাচ্চ ॥২০॥

ত্রিতয়মিতি। ত্রিতয়ম্—অহং পুত্রঃ কন্যা চেতি ত্রয়ম্ ॥২১॥

ব্যুষ্টিরিতি। সপুত্রাণাং স্ত্রীণাম্, এষা পরা উৎকৃষ্টা, ব্যুষ্টিঃ সমৃদ্ধিঃ, যৎ, ভর্ত্তুঃ পূর্ব্বম্, তাসাং পরা পরলোকসম্বন্ধিনী গতির্ভবতি। "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ চ" ইত্যমরঃ ॥২২॥

পরিত্যক্ত ইতি। মে মম জীবিতং জীবনঞ্চ ময়া পরিত্যক্তমিতি সম্বন্ধঃ ॥২৩॥

যজ্ঞৈরিতি। নিয়মৈর্ব্রতৈঃ। বিশিষ্যতে প্রাধান্যেনাঙ্গীক্রিয়তে মুনিভিঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥১৫—১৬॥ ধ্বাঙ্ক্ষাঃ কাকাঃ ॥১৭—২১॥ পরা ব্যুষ্টিঃ মহদ্ভাগ্যম্। "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ

তখন এই বালক পুত্র ও বালিকা কন্যা ইহারা আপনার ও আমার অভাবে, জলাভাবে মৎস্যের ন্যায় বিনষ্ট হইবে; ইহাতে কোন সন্দেহ নাই ॥২০॥

এই ভাবে একমাত্র আপনার অভাবে তিনটী লোকই বিনষ্ট হইবে, ইহাতে কোন সন্দেহ নাই। অতএব আপনি আমাকেই ত্যাগ করুন ॥২১॥

ব্রাহ্মণ! পুত্রবতী স্ত্রীদিগের ইহা পরম সৌভাগ্য যে, তাঁহারা ভর্ত্তার পূর্ব্বে পরলোকে গমন করেন; ইহা ধর্ম্মজ্ঞেরা মনে করেন ॥২২॥

আমি আপনার জন্য নিজের জীবন, এই পুত্র, এই কন্যা এবং সমস্ত বন্ধুবর্গকে পরিত্যাগ করিলাম ॥২৩॥

কেন না, নানাবিধ যজ্ঞ, তপস্যা, ব্রত ও দান অপেক্ষা সর্ব্বদা ভর্ত্তার প্রিয় ও হিত সাধনে থাকাই স্ত্রীলোকের প্রধান ধর্ম্ম ॥২৪॥

---

(২২)…পরাং গতিম্। গন্তং ব্রহ্মন্!…।

ইষ্টানি চাপ্যপত্যানি দ্রব্যাণি সুহৃদঃ প্রিয়াঃ।
আপদ্ধর্ম্মপ্রমোক্ষায় ভার্য্যা চাপি সতাং মতম্ ॥২৬॥
আপদর্থে ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি ॥২৭॥
দৃষ্টাদৃষ্টফলার্থং হি ভার্য্যা পুত্রো ধনং গৃহম্।
সর্ব্বমেতদ্বিধাতব্যং বুধানামেষ নিশ্চয়ঃ ॥২৮॥
একতো বা কুলং কৃৎস্নমাত্মা বা কুলবর্দ্ধনঃ।
ন সমং সর্ব্বমেবেতি বুধানামেষ নিশ্চয়ঃ ॥২৯॥
স কুরুষ্ব ময়া কার্য্যং তারয়াত্মানমাত্মনা।
অনুজানীহি মামার্য্য! সুতৌ মে পরিপালয় ॥৩০॥

ভারতকৌমুদী

তদিতি। অহং যৎ চিকীর্ষামি, তদিদং পরমসম্মতং ধর্ম্মমিত্যাদিসম্বন্ধঃ ॥২৫॥
ইষ্টানীতি। আপদো ধর্ম্মাদবস্থাতঃ প্রমোক্ষায় ইতি সতাং মতম্ ॥২৬॥
আপদিতি। আপদর্থে আপন্নিবৃত্তৌ বিষয়ে ॥২৭॥
দৃষ্টেতি। দৃষ্টফলং জীবনাদি, অদৃষ্টফলং স্বর্গাদি। বিধাতব্যং নিযোক্তব্যম্ ॥২৮॥
একত ইতি। আত্মা বা অপরতঃ। সর্বং তদুভয়ং ন সমম্, আত্মনঃ প্রধানত্বাৎ ॥২৯॥
স ইতি। কার্য্যং স্বজীবনরক্ষণম্। আত্মনা আত্মসম্বন্ধিন্যা ময়া ॥৩০॥

ভারতভাবদীপঃ

স্ত্রী" ইতি মেদিনী ॥২২—২৭॥ ফলার্থং বিধাতব্যমিতি সম্বন্ধঃ ॥২৮॥ আত্মনা সমং সর্ব্বং

আমি যাহা করিতে ইচ্ছা করিতেছি, তাহা সাধুসম্মত ধর্ম্ম এবং আপনার ও আপনার বংশের অভীষ্ট ও হিতজনক ॥২৫॥

অভীষ্ট সন্তান, ধন, সুহৃদ, প্রিয় লোক এবং ভার্য্যা, এ সমস্তই আপদ হইতে উদ্ধার পাইবার জন্য; ইহা সাধুদিগের মত ॥২৬॥

বিপদ নিবৃত্তির জন্য ধন রক্ষা করিবে, সে ধন দ্বারাও ভার্য্যা রক্ষা করিবে এবং সে ধন ও ভার্য্যা উভয় দ্বারাই সর্ব্বদা আপনাকে রক্ষা করিবে ॥২৭॥

ভার্য্যা, পুত্র, ধন এবং গৃহ, এসমস্তই লৌকিক ফল ও অলৌকিক ফলের জন্য নিয়োগ করিবে; ইহাই জ্ঞানিগণের মত ॥২৮॥

এক দিকে সমস্ত বংশ এবং অপর দিকে বংশবর্দ্ধক নিজে; এই দুইও সমান নহে; ইহাও জ্ঞানিগণের মত ॥২৯॥

অতএব আপনি আমা দ্বারা নিজের জীবন রক্ষা করুন, আপনার বস্তু দ্বারাই আপনাকে উদ্ধার করুন, আমাকে অনুমতি দিন, আর আমার সন্তান দুইটীকে প্রতিপালন করিতে থাকুন ॥৩০॥

অবধ্যাং স্ত্রিয়মিত্যাহুর্ধর্ম্মজ্ঞা ধর্ম্মনিশ্চয়ে।
ধর্ম্মজ্ঞান্ রাক্ষসানাহুর্ন হন্যাৎ স চ মামপি ॥৩১॥
নিঃসংশয়ো বধঃ পুংসাং স্ত্রীণাং সংশয়িতো বধঃ।
অতো মামেব ধর্ম্মজ্ঞ! প্রস্থাপয়িতুমর্হসি ॥৩২॥
ভুক্তং প্রিয়াণ্যবাপ্তানি ধর্ম্মশ্চ চরিতো ময়া।
ত্বৎ প্রসূতিঃ প্রিয়া প্রাপ্তা ন মাং তপ্স্যত্যজীবিতম্ ॥৩৩॥
জাতপুত্রা চ বৃদ্ধা চ প্রিয়কামা চ তে সদা।
সমীক্ষ্যৈতদহং সর্ব্বং ব্যবসায়ং করোম্যতঃ ॥৩৪॥
উৎসৃজ্যাপি হি মামার্য্য! প্রাপ্স্যস্যন্যামপি স্ত্রিয়ম্।
ততঃ প্রতিষ্ঠিতো ধর্ম্মো ভবিষ্যতি পুনস্তব ॥৩৫॥

ভারতকৌমুদী

মৎপ্রেরণে মজ্জীবনস্থিতিরপি সম্ভবতীত্যাহ অবধ্যামিতি। ন হন্যাৎ ধীবুদ্ধ্যা ॥৩১॥
নন্থ রাক্ষসাঃ কথমপি ন ধর্ম্মজ্ঞা ইত্যাহ নিরিতি। সংশয়িতঃ স্ত্রীত্বাদেব ॥৩২॥
ভুক্তমিতি। ভুক্তং স্রক্‌চন্দনাদিভোগঃ কৃতঃ, প্রিয়াণি তব মধুরবচনাদীনি অবাপ্তানি। ত্বৎ ত্বত্তঃ, প্রিয়া প্রসূতিঃ সন্তানঃ প্রাপ্তা। জীবিতস্যাভাবঃ অজীবিতং মরণম্ ॥৩৩॥
জাতেতি। সমীক্ষ্য পর্য্যালোচ্য। ব্যবসায়ং মরণাধ্যবসায়ম্ ॥৩৪॥
উৎসৃজ্যেতি। উৎসৃজ্য পরিত্যজ্য। ধর্ম্মো গার্হস্থ্যম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

নেতি এষ বুধানাং নিশ্চয়ঃ ॥২৯—৩২॥ ত্বৎ ত্বত্তঃ, প্রসূতিঃ সন্ততিঃ। অজীবিতং মরণম্

ধর্ম্মজ্ঞেরা ধর্ম্মনিশ্চয় করিবার সময়ে বলিয়াছেন যে, স্ত্রীলোক অবধ্য; আর রাক্ষসদিগকেও তাঁহারা ধর্ম্মজ্ঞ বলিয়াছেন। অতএব সে রাক্ষস আমাকে নাও মারিতে পারে ॥৩১॥

পুরুষের বধ নিশ্চিত, আর স্ত্রীলোকের বধ সংশয়িত। সুতরাং আপনি আমাকেই পাঠাইয়া দিন ॥৩২॥

আমি ভোগ করিয়াছি, প্রিয় বস্তু পাইয়াছি, ধর্ম্ম আচরণ করিয়াছি এবং আপনা হইতে প্রিয়তম সন্তান লাভ করিয়াছি। সুতরাং এখন আর আমার মৃত্যু আমাকে সন্তপ্ত করিতে পারিবে না ॥৩৩॥

আমার পুত্র জন্মিয়াছে, আমি বৃদ্ধ হইয়া উঠিয়াছি এবং সর্ব্বদাই আপনার প্রিয় কামনা করিয়াছি; এই সকল পর্য্যালোচনা করিয়া আমি এখন মৃত্যুর জন্য উদ্যম করিতেছি ॥৩৪॥

(৩৩)···চরিতো মহান্। ত্বৎ প্রসূতিং প্রিয়াং প্রাপ্তাম্···।

ন চাপ্যধর্ম্মঃ কল্যাণ! বহুপত্নীকতা নৃণাম্।
স্ত্রীণামধর্ম্মঃ সুমহান্ ভর্ত্তুঃ পূর্ব্বস্য লঙ্ঘনে ॥৩৬॥
এতৎ সর্বং সমীক্ষ্য ত্বমাত্মত্যাগঞ্চ গর্হিতম্।
আত্মানং তারয়াদ্যাশু কুলঞ্চেমৌ চ দারকৌ ॥৩৭॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তয়া ভর্ত্তা তাং সমালিঙ্গ্য ভারত!।
মুমোচ বাষ্পং শনকৈঃ সভার্য্যো ভৃশদুঃখিতঃ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বকবধে ব্রাহ্মণীবাক্যং নাম দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। নৃণাং পুরুষাণাম্। লঙ্ঘনে অতিক্রমে অন্যভর্ত্তৃগ্রহণ ইত্যর্থঃ ॥৩৬॥

এতদিতি। সমীক্ষ্য পর্য্যালোচ্য। আত্মত্যাগঞ্চ গর্হিতং সমীক্ষ্যেতি সম্বন্ধঃ ॥৩৭॥

এবমিতি। সভার্য্যো ভার্য্যাপি বাষ্পং মুমোচেত্যর্থঃ ॥৩৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী সমাখ্যায়ামাদিপর্বণি বকবধে দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥৩৩—৩৫॥ পূর্ব্বস্য লঙ্ঘনে তং বিনা ভর্ত্রন্তরকরণে ॥৩৬—৩৮॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫২॥

আর্য্য! আপনি আমাকে পরিত্যাগ করিয়াও অন্য স্ত্রী লাভ করিতে পারিবেন এবং তাহা হইতেই পুনরায় আপনার গৃহস্থধর্ম্ম প্রতিষ্ঠিত হইবে ॥৩৫॥

হে মঙ্গলাস্পদ! পুরুষের বহুস্ত্রী গ্রহণ করা অধর্ম্ম নহে; কিন্তু পূর্ব্ব পতি ছাড়িয়া অন্য পতি গ্রহণ করা স্ত্রীলোকের গুরুতর অধর্ম্ম ॥৩৬॥

আপনি এই সমস্ত পর্য্যালোচনা করিয়া এবং আত্মত্যাগ করাকে নিন্দনীয় মনে করিয়া আপনাকে, বংশকে এবং এই সন্তান দুইটীকে উদ্ধার করুন' ॥৩৭॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ব্রাহ্মণী এইরূপ বলিলে, ব্রাহ্মণ তাঁহাকে আলিঙ্গন করিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া, তাঁহার সহিত ধীরে ধীরে অশ্রুবিসর্জন করিতে লাগিলেন ॥৩৮॥

---

* '...ষট্পঞ্চাশদধিকঃ...' '...অষ্টপঞ্চাশদধিকঃ...' '...দ্বিসপ্তত্যধিকঃ...' ইতি পাঠান্তরাণি।

ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

তয়োর্দুঃখিতয়োর্বাক্যমতিমাত্রং নিশম্য তু।
ততো দুঃখপরীতাঙ্গী কন্যা তাবভ্যভাষত ॥১॥
কিমেবং ভৃশদুঃখার্ত্তৌ রোরূয়েতামনাথবৎ।
মমাপি শ্রূয়তাং বাক্যং শ্রুত্বা চ ক্রিয়তাং ক্ষমম্ ॥২॥
ধর্ম্মতোঽহং পরিত্যাজ্যা যুবয়োর্নাত্র সংশয়ঃ।
ত্যক্তব্যাং মাং পরিত্যজ্য ত্রাহি সর্বং ময়ৈকয়া ॥৩॥
ইত্যর্থমিষ্যতেঽপত্যং তারয়িষ্যতি মামিতি।
তস্মিন্নুপস্থিতে কালে তরধ্বং প্লববন্ময়া ॥৪॥
ইহ বা তারয়েদ্দুর্গাদুত বা প্রেত্য তারয়েৎ।
সর্ব্বথা তারয়েৎ পুত্রঃ পুত্র ইত্যুচ্যতে বুধৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

তয়োরিতি। তয়োর্মাতাপিত্রোঃ। অতিমাত্রং দুঃখিতয়োরিতি সম্বন্ধঃ ॥১॥
কিমিতি। রোরূয়েতাম্ আর্ত্তনাদং কুর্য্যাতাম্। ক্ষমমুচিতম্ ॥২॥
ধর্ম্মত ইতি। পরিত্যাজ্যা বরায় দেয়া। পরিত্যজ্য বকায় দত্ত্বা, দানমাত্রাবিশেষাৎ ॥৩॥
ইতীতি। ইতি ইদমপত্যম্, মাং বিপদি তারয়িষ্যতি। প্লববৎ নৌকয়েব ॥৪॥

ভারতভাবদীপঃ

তয়োরিতি ॥১—২॥ ত্যক্তব্যাম্ অবশ্যদেয়াম্, পরিত্যজ্য রক্ষসে দত্ত্বা ॥৩॥ প্লববৎ

বৈশম্পায়ন বলিলেন—অত্যন্ত দুঃখিত পিতা ও মাতার কথা শুনিয়া কন্যাটী নিতান্ত দুঃখিত হইয়া তাঁহাদিগকে বলিল—॥১॥

'আপনারা অত্যন্ত দুঃখিত হইয়া অনাথের ন্যায় কেন এ রকম আর্ত্তনাদ করিতেছেন? আমার কথাও শুনুন, শুনিয়া, যাহা সঙ্গত হয়, তাহা করুন ॥২॥

আপনাদের ত ধর্ম্মানুসারে আমাকে ত্যাগ করিতেই হইবে; এ বিষয়ে ত কোন সন্দেহই নাই। অতএব ত্যক্তব্যা আমাকে ত্যাগ করিয়া, একা আমা দ্বারাই সকলকে রক্ষা করুন ॥৩॥

লোকে এই জন্যই সন্তান ইচ্ছা করে যে, সন্তান বিপদ হইতে উদ্ধার করিবে। তাহার সময় উপস্থিত হইয়াছে; সুতরাং নৌকার ন্যায় আমা দ্বারা আপনারা বিপৎসাগর হইতে উত্তীর্ণ হউন ॥৪॥

[৫]…উত বা প্রেত্য ভারত!…।

আকাঙ্ক্ষন্তে চ দৌহিত্রান্ ময়ি নিত্যং পিতামহাঃ।
তান্ স্বয়ং বৈ পরিত্রাস্যে রক্ষন্তী জীবিতং পিতুঃ ॥৬॥
ভ্রাতা চ মম বালোঽয়ং গতে লোকমমুং ত্বয়ি।
অচিরেণৈব কালেন বিনশ্যেত ন সংশয়ঃ ॥৭॥
তাতেঽপি হি গতে স্বর্গং বিনষ্টে চ মমানুজে।
পিণ্ডঃ পিতৄণাং ব্যুচ্ছিদ্যেত্ততেষাং বিপ্রিয়ং ভবেৎ ॥৮॥
পিত্রা ত্যক্তা তথা মাত্রা ভ্রাত্রা চাহমসংশয়ম্।
দুঃখাদ্দুখতরং প্রাপ্য ম্রিয়েঽহমতথোচিতা ॥৯॥
ত্বয়ি ত্বরোগে নির্ম্মুক্তে মাতা ভ্রাতা চ মে শিশুঃ।
সন্তানশ্চৈব পিণ্ডশ্চ প্রতিষ্ঠাস্যত্যসংশয়ম্ ॥১০॥

ভারতকৌমুদী

তর্হি অপত্যত্বাবিশেষাৎ পুত্রঃ কথং ন ত্যজ্যত ইত্যাহ ইহেতি। প্রেত্য পরলোকে ॥৫॥
ত্বয্যুৎপৎস্যমানো দৌহিত্রোঽপি পুত্রবদেবেত্যাহ আকাঙ্ক্ষন্ত ইতি। স্বয়মহম্ ॥৬॥
ভ্রাতেতি। অমুং পরম্। ত্বয়ি পিতরি। বিনশ্যেত রক্ষকাভাবাৎ ॥৭॥
তাত ইতি। ব্যুচ্ছিদ্যেৎ লুপ্যেত, দাতুরভাবাৎ। কর্ম্মকর্ত্তরি পরস্মৈপদমার্ষম্ ॥৮॥
পিত্রেতি। ম্রিয়ে যুষ্মাকং শোকেন, অতথোচিতা অশোকমরণযোগ্যা ॥৯॥
নন্থ মন্মাত্রমরণে মাতৃভ্রাত্রোরপি কথং শোক ইত্যাহ ত্বয়ীতি। নির্ম্মুক্তে মৃতে ॥১০॥

ভারতভাবদীপঃ

নৌকয়েব ময়া তরধ্বং দুঃসহদুঃখনদীমতিক্রামধ্বম্ ॥৪॥ পুত্রঃ পুন্নাম্নো নরকাৎ ত্রায়ত ইতি

পুত্র ইহলোকে বিপদ হইতে উদ্ধার করে এবং পরলোকে নরক হইতে উদ্ধার করে; অতএব পুত্র সর্ব্বপ্রকারেই উদ্ধার করিয়া থাকে। এই জন্যই জ্ঞানীরা পুত্র বলিয়া থাকেন ॥৫॥

তবে, পিতৃলোকেরা আমাতেও দৌহিত্রের আশা করেন বটে; কিন্তু আমি পিতার জীবন রক্ষা করিয়া নিজেই তাঁহাদিগকে পরিত্রাণ করিব ॥৬॥

আপনি পরলোকে চলিয়া গেলে, আমার এই বালক ভ্রাতাটী অচিরকাল-মধ্যেই বিনষ্ট হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৭॥

পিতাও স্বর্গে গেলে এবং আমার ছোট ভাইটীও মরিয়া গেলে, পিতৃলোকের পিণ্ডলোপই হইবে; তাহা তাঁহাদের অত্যন্ত অপ্রিয় হইয়া পড়িবে ॥৮॥

শোকে আমার মৃত্যু হওয়া উচিত নহে; অথ চ পিতা, মাতা এবং ভ্রাতা ইঁহারা সকলেই আমাকে পরিত্যাগ করিলে, আমি নিশ্চয়ই সংসারে গুরুতর দুঃখ পাইয়া শোকেই মরিয়া যাইব ॥৯॥

আত্মা পুত্রঃ সখা ভার্য্যা কৃচ্ছ্রস্তু দুহিতা কিল।
স কৃচ্ছ্রান্মোচয়াত্মানং মাঞ্চ ধর্ম্মে নিযোজয় ॥১১॥
অন্যথা কৃপণা বালা যত্র ক্বচন গামিনী।
ভবিষ্যামি ত্বয়া তাত! বিহীনা কৃপণা সদা ॥১২॥
অথবাহং করিষ্যামি কুলস্যাস্য বিমোচনম্।
ফলসংস্থা ভবিষ্যামি কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥১৩॥
অথবা যাস্যসে তত্র ত্যক্ত্বা মাং দ্বিজসত্তম!।
পীড়িতাহং ভবিষ্যামি তদবেক্ষস্ব মামপি ॥১৪॥
তদস্মদর্থং ধর্ম্মার্থং প্রসবার্থঞ্চ সত্তম!।
আত্মানং পরিরক্ষস্ব ত্যক্তব্যাং মাঞ্চ সংত্যজ।
অথেতি। সঙ্গত্যা স্বরাদিসংলগ্নভাবেন। পৃষ্ঠতঃ শুশ্রাবেতি সম্বন্ধঃ। পরিপূর্ণার্থম্ উচ্চারণভঙ্গ্যৈব পরিপূর্ণার্থপ্রকাশকম্। অলঙ্কৃতং ষড়ঙ্গানুসরণাদ্বিশুদ্ধম্ ॥১২॥

একদা হিমালয় হইতে নির্গত হিংস্রজলজন্তুতে পরিপূর্ণ ভয়ঙ্কর একটা নদী দেখিয়া বশিষ্ঠ পুনরায় তাহার স্রোতে ঝাপাইয়া পড়িলেন ॥৮॥

কিন্তু সে নদীটা বশিষ্ঠকে অগ্নিতুল্য ব্রাহ্মণ ভাবিয়া, তরঙ্গের বেগে তাঁহাকে তীরে তুলিয়া দিয়া, শতগুণ বেগে প্রস্থান করিল; তাহাতেই তাহার নাম হইল—'শতদ্রু' ॥৯॥

তাহার পর, বশিষ্ঠ সে ঘটনাতেও আপনাকে স্থলগত দেখিয়া, 'নিজে মরিতে পারিব না' এই কথা বলিয়া পুনরায় আশ্রমের দিকে চলিলেন ॥১০॥

তিনি নানাবিধ পর্ব্বত এবং নানাবিধ দেশ অতিক্রম করিয়া আপন আশ্রমের নিকটবর্ত্তী হইলে, অদৃশ্যন্তীনাম্নী পুত্রবধূ তাঁহার অনুসরণ করিলেন ॥১১॥

তাহার পর, তিনি পিছনের দিকে বেদপাঠধ্বনি শুনিতে পাইলেন; সে

(১৩)…অহমিত্যদৃশ্যন্তীমং সা স্নুষা প্রত্যভাষত।…অহং হ্যদৃশ্যন্তী নাম তং স্নুষা প্রত্যভাষত।

শক্ত্রের্ভার্য্যা মহাভাগ! তপোযুক্তা তপস্বিনী।
অহমেকাকিনী চাপি ত্বয়া গচ্ছামি নাপরঃ ॥১৪॥

বশিষ্ঠ উবাচ।

পুত্রি! কস্যৈষ সাঙ্গস্য বেদস্যাধ্যয়নস্বনঃ।
পুরা সাঙ্গস্য বেদস্য শক্ত্রেরিব ময়া শ্রুতঃ ॥১৫॥

অদৃশ্যন্ত্যুবাচ।

অয়ং কুক্ষৌ সমুৎপন্নঃ শক্ত্রের্গর্ভঃ সুতস্য তে।
সমা দ্বাদশ তস্যেহ বেদানভ্যসতো মুনে! ॥১৬॥

গন্ধর্ব্ব উবাচ।

এবমুক্তস্তয়া হৃষ্টো বশিষ্ঠঃ শ্রেষ্ঠভাগৃষিঃ।
অস্তি সন্তানমিত্যুক্ত্বা মৃত্যোঃ পার্থ! ন্যবর্ত্তত ॥১৭॥

ভারতকৌমুদী

অন্বিতি। স বশিষ্ঠঃ। অদৃশ্যন্তী তদাখ্যা, স্নুষা পুত্রবধূঃ ॥১৩॥

শক্ত্রেরিতি। তপোযুক্তা বৈধব্যব্রতশালিনী, অতএব তপস্বিনী দীনা ॥১৪॥

পুত্রীতি। পুরা ময়া শ্রুতঃ, শক্ত্রেঃ সাঙ্গস্য বেদস্য অধ্যয়নস্বন ইবেতি সম্বন্ধঃ ॥১৫॥

অয়মিতি। হে মুনে! অয়ং কুক্ষৌ মমোদরে সমুৎপন্নঃ, তে তব সুতস্য শক্ত্রের্গর্ভঃ পুত্রঃ। ইহ ইদানীম্, বেদানভ্যসতস্তস্য, দ্বাদশ সমা বৎসরা বর্ত্তন্তে ॥১৬॥

এবমিতি। শ্রেষ্ঠভাক্ মুনিষু শ্রেষ্ঠস্থানবর্ত্তী। মৃত্যোর্মরণাৎ ॥১৭॥

ধ্বনি ব্যাকরণপ্রভৃতি ষড়ঙ্গবিশুদ্ধ, সম্পূর্ণ অর্থপ্রকাশক এবং উদাত্তাদিস্বরসঙ্গত হইতেছিল ॥১২॥

তদনন্তর তিনি বলিলেন—'এ কে আমার পিছনে আসিতেছে?'। তিনি এইরূপ বলিলে, সেই অদৃশ্যন্তীনাম্নী পুত্রবধূ তাঁহাকে বলিলেন— ॥১৩॥

'মহাত্মন্! আমি বৈধব্যব্রতচারিণী ও দীনা আপনার পুত্র শক্ত্রির ভার্য্যা; আমি একাকিনীই আপনার সহিত যাইতেছি, অন্য কেহ নহে'.॥১৪॥

বশিষ্ঠ বলিলেন—'তনয়ে! আমি পূর্ব্বে শক্ত্রির যেমন সাঙ্গ-বেদ-পাঠের ধ্বনি শুনিতাম, সেইরূপ কাহার এই সাঙ্গ-বেদ-পাঠের ধ্বনি?' ॥১৫॥

অদৃশ্যন্তী বলিলেন—'ভগবন্! আমার গর্ভে একটী পুত্র রহিয়াছে, এটী আপনার পুত্র শক্ত্রি হইতে উৎপন্ন; বর্ত্তমান সময়ে ইহার বার বৎসর বয়স হইয়াছে; এই-ই বেদপাঠ করিতেছে'.॥১৬॥

গন্ধর্ব্ব বলিল—অদৃশ্যন্তী এই কথা বলিলে, মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠ অত্যন্ত আন-

(১৪)···তপোযুক্তা তপস্বিনম্। কচিদুত্তরার্দ্ধং নাস্তি। (১৫)···বেদাধ্যয়ননিস্বনঃ···।

ততঃ প্রতিনিবৃত্তঃ স তয়া বধ্বা সহানঘ ! ।
কল্মাষপাদমাসীনং দদর্শ বিজনে বনে ॥১৮॥
স তু দৃষ্ট্বৈব তং রাজা ক্রুদ্ধ উত্থায় ভারত ! ।
আবিষ্টো রক্ষসোগ্রেণ ইয়েষাত্তুং তদা মুনিম্ ॥১৯॥
অদৃশ্যন্তী তু তং দৃষ্ট্বা ক্রূরকর্ম্মাণমগ্রতঃ ।
ভয়সংবিগ্নয়া বাচা বশিষ্ঠমিদমব্রবীৎ ॥২০॥
অসৌ মৃত্যুরিবোগ্রেণ দণ্ডেন ভগবন্নিতঃ ।
প্রগৃহীতেন কাষ্ঠেন রাক্ষসোঽভ্যেতি দারুণঃ ॥২১॥
তং নিবারয়িতুং শক্তো নান্যোঽস্তি ভুবি কশ্চন ।
ত্বদৃতেঽদ্য মহাভাগ ! সর্ব্ববেদবিদাং বর ! ॥২২॥
পাহি মাং ভগবন্ ! পাপাদস্মাদ্দারুণদর্শনাৎ ।
রাক্ষসোঽয়মিহাত্তুং বৈ নূনমাবাং সমীহতে ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রতিনিবৃত্ত আশ্রমং প্রতি গচ্ছন্ ॥১৮॥
স ইতি। উগ্রেণ রক্ষসা রাক্ষসেনাবিষ্টঃ। অত্তুং ভক্ষয়িতুম ॥১৯॥
অদৃশ্যন্তীতি। ভয়েন সংবিগ্নয়া বিকলয়া অস্পষ্টয়েতি যাবৎ ॥২০॥
অসাবিতি। কাষ্ঠেন কাষ্ঠময়েন দণ্ডেনোপলক্ষিতঃ ॥২১॥
তমিতি। ত্বদৃতে ত্বাং বিনা ॥২২॥

নন্দিত হইলেন এবং 'বংশ রহিয়াছে' এই কথা বলিয়া মৃত্যু হইতে নিবৃত্তি পাইলেন ॥১৭॥

তাহার পর তিনি পুত্রবধূর সহিত আশ্রমের দিকে যাইতে লাগিলেন, তখন নির্জন-বন-মধ্যে কল্মাষপাদ রাজাকে উপবিষ্ট দেখিলেন ॥১৮॥

অর্জ্জুন ! ভয়ঙ্কররাক্ষসাবিষ্ট সেই রাজা বশিষ্ঠকে দেখিয়াই ক্রুদ্ধ হইয়া, উঠিয়া, তখনই তাঁহাকে ভক্ষণ করিবার ইচ্ছা করিল ॥১৯॥

তখন অদৃশ্যন্তী সেই হিংস্রস্বভাব রাজাকে সম্মুখে দেখিয়া ভয়বিকলবাক্যে বশিষ্ঠকে এই কথা বলিলেন—॥২০॥

'ভগবন্ ! সাক্ষাৎ মৃত্যুর ন্যায় ঐ ভয়ঙ্কর রাক্ষস কাষ্ঠময় ভয়ঙ্কর দণ্ড উত্তোলন করিয়া এই দিকেই আসিতেছে !' ॥২১॥

হে মহাত্মন্ ! হে বেদজ্ঞশ্রেষ্ঠ ! আপনি ব্যতীত জগতে অন্য কোন লোকই আজ উহাকে বারণ করিতে সমর্থ হইবে না ॥২২॥

২৩ শ্লোকাৎ পরম্ অধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

বশিষ্ঠ উবাচ।

মা ভৈঃ পুত্রি! ন ভেতব্যং রাক্ষসাত্তু কথঞ্চন।
নৈতদ্রক্ষো ভয়ং যস্মাৎ পশ্যসি ত্বমুপস্থিতম্ ॥২৪॥
রাজা কল্মাষপাদোঽয়ং বীর্য্যবান্ প্রথিতো ভুবি।
স এষোঽস্মিন্ বনোদ্দেশে নিবসত্যতিভীষণঃ ॥২৫॥

গন্ধর্ব্ব উবাচ।

তমাপতন্তং সম্প্রেক্ষ্য বশিষ্ঠো ভগবানৃষিঃ।
বারয়ামাস তেজস্বী হুঙ্কারেণৈব ভারত! ॥২৬॥
মন্ত্রপূতেন চ পুনঃ স তমভ্যুক্ষ্য বারিণা।
মোক্ষয়ামাস বৈ শাপাত্তস্মাদ্‌ঘোরান্নরাধিপম্ ॥২৭॥

ভারতকৌমুদী

পাহীতি। পাপাৎ পাপিষ্ঠাৎ, অস্মাৎ রাক্ষসাৎ। অত্তুং ভক্ষয়িতুম্ ॥২৩॥
মেতি। এতৎ রক্ষো রাক্ষসো ন ॥২৪॥
রাজেতি। বীর্য্যবান্ প্রথিতো বীর্য্যবত্তয়া প্রসিদ্ধ ইত্যর্থঃ ॥২৫॥
তমিতি। আপতন্তম্ আগচ্ছন্তম্ ॥২৬॥
মন্ত্রেতি। শাপাৎ শাপনিবন্ধনরাক্ষসভাবাৎ ॥২৭॥

ভারতভাবদীপঃ

ততো দৃষ্ট্বেতি ॥১—১০॥ বধ্বা স্নুষয়া ॥১১—২৩॥ মা ভৈঃ মা ভৈষীঃ, গাতিস্থেতি সূত্রেভ্য ইতি বিভেতেরপি গ্রহণপক্ষে সিচো লুক্ ॥২৪—২৬॥ তস্মাদ্ যোগাৎ, অভ্যুক্ষণাদ্ যোগজ-

ভগবন্! আপনি এই ভয়ঙ্করাকৃতি পাপিষ্ঠ রাক্ষস হইতে আমাকে রক্ষা করুন। নিশ্চয়ই এই রাক্ষস এখনই আমাদিগকে ভক্ষণ করিবার চেষ্টা করিবে' ॥২৩॥

বশিষ্ঠ বলিলেন—'পুত্রি! ভয় করিও না, এ রাক্ষস হইতে কোন প্রকারেই ভয়ের সম্ভাবনা নাই। কারণ, এ রাক্ষস নহে, যাহা হইতে ভয় উপস্থিত হইয়াছে বলিয়া তুমি মনে করিতেছ ॥২৪॥

ইনি জগতে বলবান্ বলিয়া প্রসিদ্ধ কল্মাষপাদ রাজা; তিনিই এই ভয়ঙ্কর আকৃতি ধারণ করিয়া এই বনে বাস করিতেছেন' ॥২৫॥

গন্ধর্ব্ব বলিল—ভগবান্ বশিষ্ঠমুনি সেই রাক্ষসকে আসিতে দেখিয়া হুঙ্কার দ্বারাই বারণ করিলেন ॥২৬॥

এবং তিনি মন্ত্রপূত জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া সেই রাজাকে সেই ভয়ঙ্কর শাপ হইতে মুক্ত করিলেন ॥২৭॥

স হি দ্বাদশ বর্ষাণি বাশিষ্ঠস্যৈব তেজসা।
গ্রস্ত আসীদ্‌গ্রহেণেব পর্ব্বকালে দিবাকরঃ ॥২৮॥
রক্ষসা বিপ্রমুক্তোঽথ স নৃপস্তদ্বনং মহৎ।
তেজসা রঞ্জয়ামাস সন্ধ্যাভ্রমিব ভাস্করঃ ॥২৯॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞামভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
উবাচ নৃপতিঃ কালে বশিষ্ঠমৃষিসত্তমম্ ॥৩০॥
সৌদাসোঽহং মহাভাগ! যাজ্যস্তে মুনিসত্তম!।
অস্মিন্ কালে যদিষ্টন্তে ব্রূহি তৎ করবাণি কিম্ ॥৩১॥

বশিষ্ঠ উবাচ।

বৃত্তমেতদ্‌যথাকালং গচ্ছ রাজ্যং প্রশাধি বৈ।
ব্রাহ্মণাংস্তু মনুষ্যেন্দ্র! মাবমংস্থাঃ কদাচন ॥৩২॥

ভারতকৌমুদী

স ইতি। বাশিষ্ঠস্য শক্তেঃ। গ্রহেণ রাহুণা। পর্ব্বকালে অমাবস্যায়াম্ ॥২৮॥
রক্ষসেতি। বিপ্রমুক্তস্ত্যক্তঃ। সন্ধ্যাভ্রং সন্ধ্যাকালীনং মেঘম্ ॥২৯॥
প্রতীতি। সংজ্ঞাং পূর্ব্বচৈতন্যম্ ॥৩০॥
সৌদাস ইতি। কল্মাষপাদস্যৈব সৌদাস ইতি নামান্তরম্ ॥৩১॥
বৃত্তমিতি। বৃত্তং জাতম্, এতত্তব রাক্ষসত্বম্। ততো ন দুঃখং কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

সামর্থ্যাৎ ॥২৭॥ প্রাগেবৈতৎ কুতো ন কৃতমিত্যত আহ—স হীতি। বশিষ্ঠস্য শক্তিরূপস্য

অমাবস্যার দিন সূর্য্য যেমন রাহু দ্বারা আক্রান্ত হন, সেইরূপ কল্মাষপাদ রাজা বশিষ্ঠপুত্র শক্তিরই অভিসম্পাতে বার বৎসরপর্য্যন্ত আক্রান্ত ছিলেন ॥২৮॥

রাক্ষস ছাড়িয়া গেলে, সূর্য্য যেমন আপন তেজে সন্ধ্যাকালীন মেঘকে রঞ্জিত করেন, রাজাও তেমন আপন কান্তিতে সেই বিশাল বনটাকে রঞ্জিত করিলেন ॥২৯॥

তাহার পর, রাজা পূর্ব্ব চৈতন্য লাভ করিয়া অভিবাদনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া ঋষিশ্রেষ্ঠ বশিষ্ঠকে বলিলেন—॥৩০॥

'মহাত্মন্! আমি সৌদাস, আপনার যজমান। এখন আপনার যাহা ইচ্ছা, তাহা বলুন, আমি কি করিব' ॥৩১॥

বশিষ্ঠ বলিলেন—'তোমার এই অবস্থা যথাসময়ে ঘটিয়াছিল। এখন যাও, রাজ্য শাসন কর; কিন্তু রাজা! কখনও ব্রাহ্মণের অপমান করিও না' ॥৩২॥

(৩১)···ব্রূহি কিং করবাণি তে।

রাজোবাচ।

নাবমংস্যে মহাভাগ! কদাচিদ্‌ব্রাহ্মণর্ষভান্।
ত্বন্নিদেশে স্থিতঃ সম্যক্ পূজয়িষ্যাম্যহং দ্বিজান্ ॥৩৩॥
ইক্ষ্বাকূণাঞ্চ যেনাহম্ অনৃণঃ স্যাং দ্বিজোত্তম!।
তত্ত্বত্তঃ প্রাপ্তুমিচ্ছামি সর্ব্ববেদবিদাং বর! ॥৩৪॥
অপত্যমীপ্সিতং মহ্যং দাতুমর্হসি সত্তম!।
শীলরূপগুণোপেতমিক্ষ্বাকুকুলবৃদ্ধয়ে ॥৩৫॥

গন্ধর্ব্ব উবাচ।

দদানীত্যেব তং তত্র রাজানং প্রত্যুবাচ হ।
বশিষ্ঠঃ পরমেষ্বাসং সত্যসন্ধো দ্বিজোত্তমঃ ॥৩৬॥
ততঃ প্রতিযযৌ কালে বশিষ্ঠঃ সহ তেন বৈ।
খ্যাতাং পুরীমিমাং লোকেষ্বযোধ্যাং মনুজেশ্বর! ॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। ত্বন্নিদেশে তবাদেশস্যৈবাধীনতায়াম্ ॥৩৩॥
ইক্ষ্বাকূণামিতি। অনৃণঃ স্যাং পুত্রলাভেনেত্যাশয়ঃ। ত্বত্তস্তব সকাশাৎ ॥৩৪॥
তচ্চ কিমিত্যাহ অপত্যমিতি। অপত্যং পুত্রম্ ॥৩৫॥
দদানীতি। পরমেষ্বাসং মহাধানুষ্কম্। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ ॥৩৬॥
তত ইতি। তেন রাজ্ঞা। হে মনুজেশ্বর! মনুষ্যশ্রেষ্ঠ! ইত্যর্জ্জুনসম্বোধনম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

॥২৮—৩১॥ বৃত্তং নিষ্পন্নম্, এতৎ যৎ ত্বয়া কর্ত্তব্যমস্মদিষ্টম্, বিরুদ্ধলক্ষণয়া ইয়মুক্তিঃ। ত্বয়ৈব

রাজা বলিলেন—'মহাত্মন্! আমি আর কখনও ব্রাহ্মণের অপমান করিব না; বরং আপনার আদেশের অধীন থাকিয়া ব্রাহ্মণগণের সম্মানই করিব ॥৩৩॥

হে ব্রাহ্মণোত্তম! হে বেদজ্ঞশ্রেষ্ঠ! আমি যাহা দ্বারা ইক্ষ্বাকুবংশীয় পূর্ব্বপুরুষগণের ঋণমুক্ত হইতে পারি, তাহা আপনার নিকট লাভ করিবার ইচ্ছা করি ॥৩৪॥

ইক্ষ্বাকুবংশের বৃদ্ধির জন্য রূপ, গুণ ও সৎস্বভাবযুক্ত একটী পুত্র আমাকে দান করুন ॥৩৫॥

গন্ধর্ব্ব বলিল—সত্যপ্রতিজ্ঞ ও ব্রাহ্মণশ্রেষ্ঠ বশিষ্ঠ মহাধনুর্দ্ধর রাজাকে কহিলেন—'তোমাকে পুত্র দান করিব' ॥৩৬॥

অর্জ্জুন! তাহার পর বশিষ্ঠ সেই রাজার সহিত যথাসময়ে জগদ্বিখ্যাত অযোধ্যানগরীতে গমন করিলেন ॥৩৭॥

তং প্রজাঃ প্রতিমোদন্ত্যঃ সর্বাঃ প্রত্যুদ্গতাস্তদা।
অপাপ্মানং মহাত্মানং দিবৌকস ইবেশ্বরম্ ॥৩৮॥
সুচিরায় মনুষ্যেন্দ্রো নগরীং পুণ্যলক্ষণাম্।
বিবেশ সহিতস্তেন বশিষ্ঠেন মহর্ষিণা ॥৩৯॥
দদৃশুস্তং মহীপালমযোধ্যাবাসিনো জনাঃ।
পুরোহিতেন সহিতং দিবাকরমিবোদিতম্ ॥৪০॥
স চ তাং পূরয়ামাস লক্ষ্ম্যা লক্ষ্মীবতাং বরঃ।
অযোধ্যাং ব্যোম শীতাংশুঃ শরৎকাল ইবোদিতঃ ॥৪১॥
সংসিক্তমৃষ্টপন্থানং পতাকাধ্বজশোভিতম্।
মনঃ প্রহ্লাদয়ামাস তস্য তৎ পুরমুত্তমম্ ॥৪২॥
তুষ্টপুষ্টজনাকীর্ণা সা পুরী কুরুনন্দন!।
অশোভত তদা তেন শক্রেণেবামরাবতী ॥৪৩॥

ভারতকৌমুদী

তমিতি। প্রতিমোদন্ত্যো রাজ্ঞো দর্শনাদেবানন্দন্ত্যঃ। ঈশ্বরং দেবরাজম্ ॥৩৮॥

সুচিরায়েতি। মনুষ্যেন্দ্রঃ কল্মাষপাদঃ। নগরীমযোধ্যাম্ ॥৩৯॥

দদৃশুরিতি। পুরোহিতেন বশিষ্ঠেন ॥৪০॥

স ইতি। লক্ষ্ম্যা কান্ত্যা। লক্ষ্মীবতাং কান্তিমতাম্। মোপধত্বাদ্বন্তুপ্রত্যয়ঃ। ব্যোম আকাশমিব। শীতাংশুশ্চন্দ্রঃ ॥৪১॥

সংসিক্তেতি। আদৌ সংসিক্তাঃ পরঞ্চ মৃষ্টাঃ পন্থানো যত্র তৎ। আর্ষমিদং পদম্ ॥৪২॥

তখন দেবতারা যেমন দেবরাজের প্রত্যুদ্গমন করেন, তেমন সমস্ত প্রজা আনন্দিত হইয়া সেই নিষ্পাপ ও মহাত্মা রাজার প্রত্যুদ্গমন করিল ॥৩৮॥

তদনন্তর, বহুকাল পরে রাজা মহর্ষি বশিষ্ঠের সহিত মিলিত হইয়া পুণ্য-লক্ষণা অযোধ্যানগরীতে প্রবেশ করিলেন ॥৩৯॥

তখন অযোধ্যাবাসী লোকেরা উদিত সূর্য্যের ন্যায় বশিষ্ঠের সহিত রাজাকে দেখিতে লাগিল ॥৪০॥

শরৎকালোদিত চন্দ্র যেমন আপন কান্তি দ্বারা আকাশ পরিপূর্ণ করেন, সুন্দরশ্রেষ্ঠ রাজাও তেমন আপন কান্তি দ্বারা অযোধ্যানগরী পরিপূর্ণ করিলেন ॥৪১॥

ভৃত্যেরা অযোধ্যার পথগুলিকে পূর্ব্বেই প্রক্ষালিত ও পরিমার্জ্জিত করিয়া রাখিয়াছিল এবং ধ্বজপতাকা দ্বারা শোভিত করিয়াছিল; সুতরাং সে পুরী রাজার মন আনন্দিত করিল ॥৪২॥

ততঃ প্রবিষ্টে রাজর্ষৌ তস্মিংস্তৎ পুরমুত্তমম্।
রাজ্ঞস্তস্যাজ্ঞয়া দেবী বশিষ্ঠমুপচক্রমে ॥৪৪॥
মহর্ষিঃ সংবিদং কৃত্বা সম্বভূব তয়া সহ।
দেব্যা দিব্যেন বিধিনা বশিষ্ঠঃ শ্রেষ্ঠভাগৃষিঃ ॥৪৫॥
ততস্তস্যাং সমুৎপন্নে গর্ভে স মুনিসত্তমঃ।
রাজ্ঞাভিবাদিতস্তেন জগাম পুনরাশ্রমম্ ॥৪৬॥
দীর্ঘকালেন সা গর্ভং সুষুবে ন তু তং যদা।
তদা দেব্যশ্মনা কুক্ষিং নির্বিভেদ যশস্বিনী ॥৪৭॥
তদা দ্বাদশমে বর্ষে স জজ্ঞে পুরুষর্ষভঃ।
অশ্মকো নাম রাজর্ষিঃ পৌদন্যং যো ন্যবেশয়ৎ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি চৈত্ররথে বাশিষ্ঠে সৌদাসসুতোৎপত্তির্নাম সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তুষ্টেতি। সা অযোধ্যা। তেন রাজ্ঞা। শক্রেণ ইন্দ্রেণ ॥৪৩॥

তত ইতি। দেবী কল্মাষপাদমহিষী। উপচক্রমে পুত্রজননায়োপগতা বভূব ॥৪৪॥

মহর্ষিরিতি। সংবিদং কৃত্বা 'অস্যাং যঃ পুত্রোঃ জায়েত স রাজ্ঞ এব ভবেৎ' ইত্যেবং প্রতিজ্ঞাং বিধায়। "সংবিদাগূঃ প্রতিজ্ঞানম্" ইত্যমরঃ। সম্বভূব রমণায় মিলিত ইতি শেষঃ। দিব্যেন অলৌকিকেন অকামুকভাবেনেত্যর্থঃ ॥৪৫॥

তত ইতি। তস্যাং মহিষ্যাম্। স বশিষ্ঠঃ ॥৪৬॥

দীর্ঘেতি। দেবী মহিষী, অশ্মনা সুধারেণ প্রস্তরেণ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

রক্ষোঽভিভূতেন মম পুত্রশতং ভক্ষিতমিতি ভাবঃ ॥৩২—৩১॥ পন্থানমিত্যার্ষং পুংস্ত্বম্

অর্জ্জুন! হৃষ্ট পুষ্ট লোকে পরিপূর্ণ সেই অযোধ্যানগরী, ইন্দ্র দ্বারা অমরাবতীর ন্যায় তখন রাজা দ্বারা শোভা পাইতে লাগিল ॥৪৩॥

রাজর্ষি কল্মাষপাদ মনোহর অযোধ্যানগরীতে প্রবেশ করিলে, তাঁহারই আদেশ অনুসারে তাঁহার মহিষী আসিয়া বশিষ্ঠের সহিত মিলিত হইলেন ॥৪৪॥

মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠও শপথ করিয়া অকামুকভাবে সেই মহিষীর সহিত রমণ করিলেন ॥৪৫॥

তাহার পর, মহিষীর গর্ভ উৎপন্ন হইলে, রাজা বশিষ্ঠকে অভিবাদন করিলেন; পরে বশিষ্ঠ পুনরায় আশ্রমে চলিয়া গেলেন ॥৪৬॥

(৪৮) ততোঽপি দ্বাদশে বর্ষে…। * '…পঞ্চসপ্তত্যধিকঃ…' '…সপ্তসপ্ত্যধিকঃ…' '…অষ্টসপ্তত্যধিকঃ…' '…ত্রিনবত্যধিকঃ…' ইতি পাঠান্তরাণি।

একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

গন্ধর্ব্ব উবাচ।

আশ্রমস্থা তত্র পুত্রমদৃশ্যন্তী ব্যজায়ত।
শক্ত্রেঃ কুলকরং রাজন্! দ্বিতীয়মিব শক্ত্রিণম্ ॥১॥
জাতকর্ম্মাদিকাস্তস্য ক্রিয়াঃ স মুনিসত্তমঃ।
পৌত্রস্য ভরতশ্রেষ্ঠ! চকার ভগবান্ স্বয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

তদেতি। দ্বাদশ মা মানং সংখ্যা যস্য তস্মিন্। পৌদন্যং নাম নগরম্ ॥৪৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি চৈত্ররথে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

আশ্রমেতি। অদৃশ্যন্তী তদাখ্যা সা বশিষ্ঠপুত্রবধূঃ, ব্যজায়ত অজনয়ৎ। সকর্ম্মকত্ব-মার্ষম্। অস্মাদেব প্রমাণাৎ শক্ত্রিশব্দ ইকারান্তো নকারান্তশ্চ মন্তব্যঃ ॥১॥

জাতেতি। ক্রিয়াঃ সংস্কারকর্ম্মাণি। স বশিষ্ঠঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥৪২—৪৪॥ সংবিদমৈকমত্যম্, সম্বভূব মিথুনীবভূব, দিব্যেন স্বর্গ্যেণ অলৌল্যেন ইত্যর্থঃ ॥৪৫—৪৭॥ পৌদন্যং পুরম্, "বৌদন্যম্" ইতি তু পঠিতুং যুক্তম্, আদিবিকারো বা। বোদনং নিশামনং তদর্হম্, বোদনমিতি ভাষায়াং প্রসিদ্ধম্ ॥৪৮॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭০॥

এদিকে সেই মহিষী যখন দীর্ঘকালেও সে গর্ভ প্রসব করিতে পারিলেন না, তখন তিনি একখানি সুধার পাষাণ দ্বারা উদর বিদীর্ণ করিলেন ॥৪৭॥

তখন বার বৎসরের সময়ে সেই গর্ভ নির্গত হইল, যে পুরুষশ্রেষ্ঠ পরবর্ত্তী কালে 'অশ্মক'—নামে রাজর্ষি হইয়া পৌদন্যনামক রাজধানী স্থাপন করিয়াছিলেন ॥৪৮॥

গন্ধর্ব্ব বলিল—অর্জ্জুন! এদিকে বশিষ্ঠের পুত্রবধূ অদৃশ্যন্তীদেবী সেই আশ্রমে থাকিয়া শক্ত্রির বংশকর দ্বিতীয় শক্ত্রির ন্যায় একটি পুত্র প্রসব করিলেন ॥১॥

মুনিশ্রেষ্ঠ বশিষ্ঠ নিজেই সেই পৌত্রটীর জাতকর্ম্মপ্রভৃতি সমস্ত সংস্কারকার্য্য করিলেন ॥২॥

পরাসুঃ স্থাপিতস্তেন বশিষ্ঠঃ স যতো মুনিঃ।
গর্ভস্থেন ততো লোকে পরাশর ইতি স্মৃতঃ ॥৩॥
অমন্যত স ধর্ম্মাত্মা বশিষ্ঠং পিতরং মুনিম্।
জন্মপ্রভৃতি তস্মিংস্তু পিতরীবান্ববর্ত্তত ॥৪॥
স তাত ইতি বিপ্রর্ষিং বশিষ্ঠং প্রত্যভাষত।
মাতুঃ সমক্ষং কৌন্তেয়! অদৃশ্যন্ত্যাঃ পরন্তপ! ॥৫॥
তাতেতি পরিপূর্ণার্থং তস্য তন্মধুরং বচঃ।
অদৃশ্যন্ত্যশ্রুপূর্ণাক্ষী শৃণ্বতী তমুবাচ হ ॥৬॥
মা তাত তাত তাতেতি ব্রূহ্যেনং পিতরং পিতুঃ।
রক্ষসা ভক্ষিতস্তাত! তব তাতো বনান্তরে ॥৭॥

ভারতকৌমুদী

পরেতি। তেন গর্ভস্থেন শক্ত্রিপুত্রেণ, যতো হেতোঃ, পরাসুর্বংশলোপাশঙ্কয়া নিষ্প্রাণ ইব, স বশিষ্ঠো মুনিঃ, স্থাপিত আত্মনা সবংশো রক্ষিতঃ; ততো হেতোঃ, স শক্ত্রিপুত্রঃ, পরাশর ইতি নাম্না লোকে স্মৃতঃ। তথা চ পরাসুং পিতামহবশিষ্ঠস্য পরাসুভাবং শৃণাতি হিনস্তীতি পরাশরঃ, পৃষোদরাদিত্বান্মধ্যবর্ত্তিসুশব্দলোপঃ, শৃণাতেশ্চ পচাদিত্বাদচ্ ॥৩॥

অমন্যতেতি। স পরাশরঃ। অন্ববর্ত্তত পিতৃসম্বোধনাদিনা ॥৪॥

স ইতি। স পরাশরঃ। অদৃশ্যন্ত্যাস্তদাখ্যায়া মাতুঃ ॥৫॥

তাতেতি। পরিপূর্ণার্থং সঙ্গতার্থম্, স্বদ্বারা তেনৈব বংশতননাদিতি ভাবঃ ॥৬॥

মেতি। পিতুঃ পিতরং পিতামহং বশিষ্ঠম্। হে তাত! বৎস! ॥৭॥

ভারতভাবদীপঃ

আশ্রমস্থেতি ॥১—২॥ পরাসুরিতি পরাসোরাশাসনমবস্থানং যেন স পরাশরঃ, পরা

সেই শক্ত্রির পুত্রটি বংশরক্ষা করিয়া যে হেতু মৃতপ্রায় বশিষ্ঠকে আশ্বস্ত করিয়াছিলেন, সেই হেতু জগতে তাঁহার নাম হইয়াছিল—'পরাশর' ॥৩॥

পরাশর বশিষ্ঠকেই পিতা বলিয়া মনে করিতেন এবং জন্মাবধি পিতার নিকট যেমন ভাবে চলিতে হয়, বশিষ্ঠের নিকট তেমন ভাবেই চলিতেন ॥৪॥

এবং তিনি মাতা অদৃশ্যন্তীদেবীর সমক্ষেই বশিষ্ঠকে পিতা বলিয়া ডাকিতেন ॥৫॥

একদিন বশিষ্ঠের প্রতি সেই পরাশরের 'তাত!' এইরূপ যোগার্থযুক্ত মধুর বাক্য শুনিয়া অদৃশ্যন্তীদেবী অশ্রুপূর্ণনয়নে তাঁহাকে বলিলেন—॥৬॥

'বৎস! তুমি তোমার এই পিতামহকে 'তাত! তাত!' বলিয়া সম্বোধন করিও না; এক রাক্ষস বনের ভিতরে তোমার পিতাকে ভক্ষণ করিয়াছে ॥৭॥

(৩) পরাসুশ্চ যতস্তেন…। (৫)…বিপ্রর্ষির্বশিষ্ঠম্…।

মন্যসে যং তু তাতেতি নৈষ তাতস্তবানঘ ! ।
আর্য্য এষ পিতা তস্য পিতুস্তব যশস্বিনঃ ॥৮॥
স এবমুক্তো দুঃখার্ত্তঃ সত্যবাগৃষিসত্তমঃ ।
সর্ব্বলোকবিনাশায় মতিং চক্রে মহামনাঃ ॥৯॥
তং তথা নিশ্চিতাত্মানং স মহাত্মা মহাতপাঃ ।
ঋষির্ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো মৈত্রাবরুণিরগ্রধীঃ ।
বশিষ্ঠো বারয়ামাস হেতুনা যেন তচ্ছৃণু ॥১০॥

বশিষ্ঠ উবাচ ।

কৃতবীর্য্য ইতি খ্যাতো বভূব পৃথিবীপতিঃ ।
যাজ্যো বেদবিদাং লোকে ভৃগূণাং পার্থিবর্ষভঃ ॥১১॥
স তানগ্রভুজস্তাত ! ধান্যেন চ ধনেন চ ।
সোমান্তে তর্পয়ামাস বিপুলেন বিশাংপতিঃ ॥১২॥

ভারতকৌমুদী

মন্যস ইতি। আর্য্যঃ শ্বশুরত্বান্মম মান্যঃ ॥৮॥

স ইতি। স পরাশরঃ। সর্ব্বেষাং লোকানাং রাক্ষসানাং বিনাশায় ॥৯॥

তমিতি। নিশ্চিতাত্মানং সর্ব্বরাক্ষসবিনাশায় নির্দ্ধারিতচিত্তম্। মৈত্রাবরুণির্মিত্রাবরুণয়োঃ পুত্রঃ, অগ্রা শ্রেষ্ঠা ধীর্বুদ্ধির্যস্য সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

কৃতেতি। ভৃগূণাং তদ্বংশীয়ানাম্ ॥১১॥

স ইতি। স কৃতবীর্য্যঃ। অগ্রভুজঃ পুরোহিতত্বাদগ্রে ভোক্তৃন্। সোমস্য যাগস্যান্তে ॥১২॥

বৎস! তুমি যাঁহাকে পিতা বলিয়া মনে করিয়াছ, তিনি তোমার পিতা নহেন। এই মাননীয় ব্যক্তি তোমার পিতার পিতা' ॥৮॥

মাতা এইরূপ বলিলে, সত্যবাদী ঋষিশ্রেষ্ঠ পরাশর অত্যন্ত দুঃখিত হইয়া সমস্ত রাক্ষস বিনাশ করিবার ইচ্ছা করিলেন ॥৯॥

তিনি সেইরূপ স্থির করিলে, মিত্রাবরুণনন্দন, বুদ্ধিমান্, বেদজ্ঞশ্রেষ্ঠ এবং প্রধান তপস্বী বশিষ্ঠ যে ভাবে তাঁহাকে বারণ করিয়াছিলেন, তাহা শোন ॥১০॥

বশিষ্ঠ বলিলেন—বেদজ্ঞ ভৃগুবংশের যজমান কৃতবীর্য্যনামে বিখ্যাত এক রাজা ছিলেন ॥১১॥

সেই কৃতবীর্য্য রাজা নিজের সোমযাগ সমাপ্ত হইলে, দক্ষিণাস্বরূপ প্রচুর ধন-ধান্য দ্বারা সেই ভৃগুবংশীয়দিগকে সন্তুষ্ট করিতেন ॥১২॥

(১০)···মৈত্রাবরুণিরস্ত্যধীঃ। (১২)···বিপুলেন বিশাংপতে।।

তস্মিন্ নৃপতিশার্দ্দূলে স্বর্যাতেঽথ কথঞ্চন।
বভূব তৎকুলেয়ানাং দ্রব্যকার্য্যমুপস্থিতম্ ॥১৩॥
ভৃগূণাস্তু ধনং জ্ঞাত্বা রাজানঃ সর্ব্ব এব তে।
যাচিষ্ণবোঽভিজগ্মুস্তাংস্ততো ভার্গবসত্তমান্ ॥১৪॥
ভূমৌ তু নিদধুঃ কেচিদ্ভৃগবো ধনমক্ষয়ম্।
দদুঃ কেচিদ্দ্বিজাতিভ্যো জ্ঞাত্বা ক্ষত্রিয়তো ভয়ম্ ॥১৫॥
ভৃগবস্তু দদুঃ কেচিত্তেষাং বিত্তং যথেপ্সিতম্।
ক্ষত্রিয়াণাং তদা তাত! কারণান্তরদর্শনাৎ ॥১৬॥
ততো মহীতলং তাত! ক্ষত্রিয়েণ যদৃচ্ছয়া।
খনতাধিগতং বিত্তং কেনচিদ্ভৃগুবেশ্মনি ॥১৭॥
তদ্বিত্তং দদৃশুঃ সর্বে সমেতাঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
অবমন্য ততঃ ক্রোধাদ্ভৃগূংস্তান্ শরণাগতান্ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তৎকুলেয়ানাং তৎকুলজাতানাম্। দ্রব্যকার্য্যং ধনসাধ্যং কর্ম্ম ॥১৩॥
ভৃগূণামিতি। ধনং ধনাস্তিত্বম্। যাচিষ্ণব ইত্যার্ষত্বাদিষ্ণুচ্ ॥১৪॥
ভূমাবিতি। ভূমৌ ভূম্যভ্যন্তরে। অক্ষয়ং কর্ত্তুমিতি শেষঃ ॥১৫॥
ভৃগব ইতি। কারণান্তরদর্শনাৎ ক্ষত্রিয়ৈর্ব্বলপ্রয়োগেণ গ্রহণানুমানাৎ ॥১৬॥
তত ইতি। অধিগতং প্রাপ্তম্, বিত্তং ধনম্। কস্যচিদ্ভৃগোর্ব্বেশ্মনি ॥১৭॥
তদিতি। অবমন্য স্থিতেঽপি ধনে তদ্গোপনাদবজ্ঞায় ॥১৮॥

তাহার পর, কৃতবীর্য্য পরলোক গমন করিলে, একদা তাঁহার বংশধরদিগের ধনের প্রয়োজন উপস্থিত হইল ॥১৩॥

তাই তাঁহারা সকলেই ভৃগুবংশীয়দিগের ধন আছে জানিয়া তাহা প্রার্থনা করিবার জন্য সেই ভৃগুবংশীয়গণের নিকট উপস্থিত হইলেন ॥১৪॥

কতকগুলি ভৃগুবংশীয় ধনকে অক্ষয় করিবার জন্য তাহা মাটীর ভিতরে রাখিয়াছিলেন, আবার কেহ কেহ ক্ষত্রিয়দের ভয়ে ব্রাহ্মণদিগকে দিয়া ফেলিয়াছিলেন ॥১৫॥

এবং না দিলে ক্ষত্রিয়েরা বলপূর্ব্বক লইয়া যাইবে ইহা ভাবিয়া অনেকে তখনই সেই ক্ষত্রিয়গণকে তাঁহাদের ইচ্ছানুসারে ধন সমর্পণ করিলেন ॥১৬॥

বৎস! তাহার পর কোন ক্ষত্রিয় কোন ভার্গবের ঘরের মাটী খুড়িতে থাকিয়া, ঈশ্বরের ইচ্ছায় ধন পাইলেন ॥১৭॥

তৎপরে সকল ক্ষত্রিয়ই আসিয়া, ক্রোধবশতঃ সেই শরণাগত ভার্গবদিগকে অবজ্ঞা করিয়া সেই ধন দেখিতে লাগিলেন ॥১৮॥

নিজঘ্নুঃ পরমেষ্বাসাঃ সর্ব্বাংস্তান্ নিশিতৈঃ শরৈঃ।
আগর্ভাদবকৃন্তন্তশ্চেরুঃ সর্বাং বসুন্ধরাম্ ॥১৯॥
তত উচ্ছিদ্যমানেষু ভৃগুষ্বেবং ভয়াত্তদা।
ভৃগুপত্ন্যো গিরিং দুর্গং হিমবন্তং প্রপেদিরে ॥২০॥
তাসামন্যতমা গর্ভং ভয়াদ্দধ্রে মহৌজসম্।
ঊরুণৈকেন বামোরুর্ভর্ত্তুঃ কুলবিবৃদ্ধয়ে ॥২১॥
তং গর্ভমুপলভ্যাশু ব্রাহ্মণ্যেকা ভয়ার্দ্দিতা।
গত্বা বৈ কথয়ামাস ক্ষত্রিয়াণামুপহ্বরে ॥২২॥
ততস্তে ক্ষত্রিয়া জগ্মুস্তং গর্ভং হন্তুমুদ্যতাঃ।
দদৃশুর্ব্রাহ্মণীং তেঽথ দীপ্যমানাং স্বতেজসা ॥২৩॥

ভারতকৌমুদী

নিজঘ্নুরিতি। পরমেষ্বাসা মহাধনুষ্কাঃ ক্ষত্রিয়াঃ। আগর্ভাদ্গর্ভমারভ্য ॥১৯॥
তত ইতি। দুর্গং দুর্গমম্। প্রপেদিরে প্রাপ্তাঃ ॥২০॥
তাসামিতি। বামোরুঃ সুন্দরোরুদ্বয়া। একেন ঊরুণা দধ্রে উদরাদানীয় ধৃতবতী ॥২১॥
তমিতি। উপলভ্য জ্ঞাত্বা। উপহ্বরে নির্জনে ॥২২॥
তত ইতি। অথ গমনানন্তরম্। তে ক্ষত্রিয়াঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

আঙ্পূর্ব্বাৎ শাসের্ডরন্ প্রত্যয়ঃ কল্প্যঃ ॥৩—৯॥ মৈত্রাবরুণির্মিত্রাবরুণয়োঃ পুত্রঃ, অস্ত্যধীঃ অন্তে সিদ্ধান্তে সাধ্বী অস্ত্যা ধীঃ যস্য সোঽস্ত্যধীঃ ॥১০—২১॥ তদ্গর্ভং তস্যা গর্ভমুপলভ্য ব্রাহ্মণী যা কাচিৎ ভয়ার্দ্দিতা জ্ঞাতস্যাপি গর্ভস্য কিমিতি গোপনং কৃতমিতি হেতোর্ভীতা

তদনন্তর মহাধনুর্দ্ধর ক্ষত্রিয়গণ নিশিত বাণ দ্বারা সেই সকল ভার্গবকে বধ করিলেন এবং গর্ভপর্য্যন্ত নষ্ট করিতে থাকিয়া সর্ব্বত্র বিচরণ করিতে লাগিলেন ॥১৯॥

এই ভাবে ভৃগুবংশ উৎসন্নপ্রায় হইলে, তাঁহাদের পত্নীরা ভয়বশতঃ সেই সময়েই দুর্গম হিমালয়পর্ব্বতে যাইয়া আশ্রয় লইলেন ॥২০॥

তাঁহাদের মধ্যে কোন ভৃগুপত্নী ভর্ত্তার বংশরক্ষা করিবার জন্য ক্ষত্রিয়ের ভয়ে এক খানি ঊরু দ্বারা গর্ভটীকে ধারণ করিলেন ॥২১॥

তখন কোন ব্রাহ্মণী সেই গর্ভের বিষয় জানিয়া, ভয়বশতঃ সত্বর যাইয়া, নির্জনে ক্ষত্রিয়দের নিকট সেই বৃত্তান্ত বলিয়া দিলেন ॥২২॥

তাহার পর, সেই ক্ষত্রিয়েরা সেই গর্ভ নষ্ট করিবার জন্য উদ্যত হইয়া উপ-

(২২)···ব্রাহ্মণী যা ভয়ার্দ্দিতা। গত্বৈকা কথয়ামাস···।

অথ গর্ভঃ স ভিত্ত্বোরুং ব্রাহ্মণ্যা নির্জ্জগাম হ।
মুষ্ণন্ দৃষ্টীঃ ক্ষত্রিয়াণাং মধ্যাহ্ন ইব ভাস্করঃ।
ততশ্চক্ষুর্বিহীনাস্তে গিরিদুর্গেষু বভ্রমুঃ ॥২৪॥
ততস্তে মোঘসঙ্কল্পা ভয়ার্ত্তাঃ ক্ষত্রিয়াঃ পুনঃ।
ব্রাহ্মণীং শরণং জগ্মুর্দৃষ্ট্যর্থং তামনিন্দিতাম্ ॥২৫॥
ঊচুশ্চৈনাং মহাভাগাং ক্ষত্রিয়াস্তে বিচেতসঃ।
জ্যোতিঃপ্রহীণা দুঃখার্ত্তাঃ শান্তার্চ্চিষ ইবাগ্নয়ঃ ॥২৬॥
ভগবত্যাঃ প্রসাদেন গচ্ছেৎ ক্ষত্রমনাময়ম্।
উপারম্য চ গচ্ছেম সহিতাঃ পাপকর্ম্মণঃ ॥২৭॥
সপুত্রা ত্বং প্রসাদং নঃ কর্ত্তুমর্হসি শোভনে!।
পুনর্দৃষ্টিপ্রদানেন রাজ্ঞঃ সন্ত্রাতুমর্হসি ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ঔর্ব্বে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথেতি। মুষ্ণন্ হরন্ নাশয়ন্নিত্যর্থঃ। দৃষ্টীশ্চক্ষূংষি। "দৃগ্দৃষ্টিঃ" ইত্যমরঃ। পূর্ব্বজন্মার্জ্জিতঃ পৈতৃকো বাঽয়ং তপঃপ্রভাবো গর্ভস্য। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৪॥

তত ইতি। মোঘসঙ্কল্পা হননাশক্তত্বাদ্ব্যর্থাভিলাষাঃ। দৃষ্ট্যর্থং চক্ষুর্লাভার্থম্ ॥২৫॥

ঊচুরিতি। জ্যোতিঃপ্রহীণা নয়নতেজঃশূন্যাঃ। শান্তার্চ্চিষো নিবৃত্তশিখাঃ ॥২৬॥

ভগবত্যা ইতি। অনাময়ং নীরোগং সৎ। পাপকর্ম্মণঃ সকাশাৎ উপারম্য নিবৃত্য ॥২৭॥

স্থিত হইলেন; পরে তাঁহারা সেই ব্রাহ্মণীকে আপন তেজে জাজ্বল্যমানা দেখিলেন ॥২৩॥

তদনন্তর, সেই গর্ভ ব্রাহ্মণীর উরুদেশ ভেদ করিয়া, মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় সেই ক্ষত্রিয়দিগের দৃষ্টিশক্তি নষ্ট করতঃ নির্গত হইল। তৎপরে সেই ক্ষত্রিয়েরা অন্ধ হইয়া সেই পর্ব্বতেই কিছুকাল ভ্রমণ করিলেন ॥২৪॥

পরে, তাঁহারা ব্যর্থসঙ্কল্প ও ভয়ার্ত্ত হইয়া, পুনরায় দৃষ্টিশক্তি লাভ করিবার জন্য সেই প্রশংসনীয় ব্রাহ্মণীরই শরণাপন্ন হইলেন ॥২৫॥

এবং নির্ব্বাপিতপ্রায় অগ্নির ন্যায় নয়নতেজোবিহীন সেই ক্ষত্রিয়েরা আকুলচিত্ত ও দুঃখার্ত্ত হইয়া সেই ব্রাহ্মণীকে বলিলেন—॥২৬॥

(২৫) ততস্তে মোহমাপন্না রাজানো নষ্টদৃষ্টয়ঃ…। (২৭)…গচ্ছেৎ ক্ষত্রং সচক্ষুষম্…।

* '…ষট্সপ্তত্যধিকঃ…' '…অষ্টসপ্তত্যধিকঃ…' '…ঊনাশীত্যধিকঃ…' '…চতুর্নবত্যধিকঃ…' ইতি পাঠান্তরাণি।

দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

ব্রাহ্মণ্যুবাচ।

নাহং গৃহ্ণামি বস্তাতাঃ! দৃষ্টীর্নাস্মি রুষান্বিতা।
অয়ন্তু ভার্গবো নূনমূরুজঃ কুপিতোঽদ্য বঃ ॥১॥
তেন চক্ষূংষি বস্তাতাঃ! ব্যক্তং কোপান্মহাত্মনা।
স্মরতা নিহতান্ বন্ধূনাদত্তানি ন সংশয়ঃ ॥২॥

ভারতকৌমুদী

সপুত্রেতি। রাজ্ঞঃ ক্ষত্রিয়ানস্মান্। "রাজা বাহুজঃ ক্ষত্রিয়ো বিরাট্" ইত্যমরঃ ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

নেতি। বো যুষ্মাকম্, দৃষ্টীশ্চক্ষূংষি, ন গৃহ্ণামি ন নাশয়ামীত্যর্থঃ ॥১॥

তেনেতি। ব্যক্তং ধ্রুবম্। আদত্তানি গৃহীতানি নাশিতানি ॥২॥

ভারতভাবদীপঃ

উপহ্বরে সমীপে ॥২২॥ "দুদ্রুবুস্তামনিন্দিতাম্" ইতি পাঠে হন্তুমিতি শেষঃ ॥২৩—২৬॥ উপারম্য পাপনিবৃত্তিং কৃত্বা, পাপকর্ম্মণোঽপি বয়ম্ ॥২৭—২৮॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭১॥

'দেবি! অপর ক্ষত্রিয়েরা আপনার অনুগ্রহে সুস্থ হইয়া চলিয়া যাইবে এবং আমরাও এই পাপের কার্য্য হইতে নিবৃত্তি পাইয়া সম্মিলিত হইয়াই চলিয়া যাইব ॥২৭॥

অতএব আপনি আমাদের প্রতি অনুগ্রহ করুন, পুনরায় দৃষ্টিশক্তি দান করিয়া ক্ষত্রিয়গণকে রক্ষা করুন' ॥২৮॥

ব্রাহ্মণী বলিলেন—'বৎসগণ! আমি কুপিত হইয়া তোমাদের দৃষ্টি হরণ করি নাই, কিন্তু নিশ্চয় এই উরুজাত ভৃগুবংশীয় বালকই তোমাদের প্রতি ক্রুদ্ধ হইয়াছে ॥১॥

বৎসগণ! তোমরা উহার বন্ধুবর্গকে বধ করিয়াছ, তাহা স্মরণ করিয়া নিশ্চয়ই সেই বালক ক্রোধবশতঃ তোমাদের দৃষ্টি হরণ করিয়াছে ॥২॥

গর্ভানপি যদা যূয়ং ভৃগূণাং ঘ্নত পুত্রকাঃ!।
তদাঽয়মূরুণা গর্ভো ময়া বর্ষশতং ধৃতঃ ॥৩॥
ষড়ঙ্গশ্চাখিলো বেদ ইমং গর্ভস্থমেব হ।
বিবেশ ভৃগুবংশস্য ভূয়ঃপ্রিয়চিকীর্ষয়া ॥৪॥
সোঽয়ং পিতৃবধাদ্ব্যক্তং ক্রোধাদ্বো হন্তুমিচ্ছতি।
তেজসা তস্য দিব্যেন চক্ষূংষি মুষিতানি বঃ ॥৫॥
তমেব যূয়ং যাচধ্বমৌর্ব্বং মম সুতোত্তমম্।
অয়ং বঃ প্রণিপাতেন তুষ্টো দৃষ্টীঃ প্রমোক্ষ্যতি ॥৬॥

বশিষ্ঠ উবাচ।

এবমুক্তাস্ততঃ সর্বে রাজানস্তে তমূরুজম্।
ঊচুঃ প্রসীদেতি তদা প্রসাদঞ্চ চকার সঃ ॥৭॥

ভারতকৌমুদী

গর্ভানিতি। যদা যতঃ। ঘ্নত ব্যনাশয়ত। অড়াগমাভাব আর্ষঃ। তদা ততঃ ॥৩॥
ষড়িতি। বিবেশ প্রাপ। ভূয়ঃপ্রিয়াণাং প্রচুরপ্রীতিকরকার্য্যাণাং চিকীর্ষয়া ॥৪॥
স ইতি। দিব্যেন অলৌকিকেন। মুষিতানি হৃতানি ॥৫॥
তমিতি। উরুতো জাত ইত্যৌর্ব্বস্তং তদাখ্যম্। প্রমোক্ষ্যতি ত্যক্ষ্যতি ॥৬॥
এবমিতি। রাজানঃ ক্ষত্রিয়াঃ। স ঔর্ব্বঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নাহমিতি। ভো তাতাঃ ॥১॥ আদত্তানি আত্তানি, দদ দানেঽস্য রূপম্ ॥২—৫॥ তাত!

পুত্রগণ! যখন তোমরা ভৃগুপত্নীগণের গর্ভপর্য্যন্ত নষ্ট করিতেছিলে, তখন আমি দীর্ঘকালপর্য্যন্ত উরু দ্বারা এই গর্ভ ধারণ করিয়াছিলাম ॥৩॥

ছয়টী অঙ্গের সহিত সমস্ত বেদ ভৃগুবংশের প্রীতিসম্পাদনের জন্য গর্ভস্থ অবস্থাতেই এই বালকের অন্তরে প্রকাশ পাইয়াছিল ॥৪॥

নিশ্চয়, সেই বালকই পিতৃবধনিবন্ধন ক্রোধবশতঃ তোমাদিগকেও বধ করিবার ইচ্ছা করিয়াছে এবং তাহার অলৌকিক তেজেই তোমাদের দৃষ্টি হরণ করিয়াছে ॥৫॥

অতএব তোমরা আমার পুত্র সেই ঔর্ব্বের নিকটে যাইয়া প্রার্থনা কর, তোমাদের অনুনয়ে সন্তুষ্ট হইয়া সে তোমাদের দৃষ্টি ছাড়িয়া দিবে' ॥৬॥

বশিষ্ঠ বলিলেন—ব্রাহ্মণী এইরূপ কহিলে, সেই ক্ষত্রিয়েরা সকলেই যাইয়া ঔর্ব্বকে বলিলেন যে, 'আপনি প্রসন্ন হউন'। তখন ঔর্ব্ব প্রসন্ন হইলেন ॥৭॥

[৩] গর্ভানপি যদা নূনং···। (৬) তমিমং তাত! যাচধ্বম্··।

অনেনৈব চ বিখ্যাতো নাম্না লোকেষু সত্তমঃ।
স ঔর্ব্ব ইতি বিপ্রর্ষিরূরুং ভিত্ত্বা ব্যজায়ত ॥৮॥
চক্ষূংষি প্রতিলব্ধ্বা চ প্রতিজগ্ম স্ততো নৃপাঃ।
ভার্গবস্তু মুনির্মেনে সর্বলোকপরাভবম্ ॥৯॥
স চক্রে তাত! লোকানাং বিনাশায় মহামনাঃ।
সর্ব্বেষামেব কার্ৎস্ন্যেন মনঃ প্রবণমাত্মনঃ ॥১০॥
ইচ্ছন্নপচিতিং কর্ত্তুং ভৃগূণাং ভৃগুনন্দনঃ।
সর্ব্বলোকবিনাশায় তপসা মহতৈধিতঃ ॥১১॥
তাপয়ামাস লোকান্ স সদেবাসুরমানুষান্।
তপসোগ্রেণ মহতা নন্দয়িষ্যন্ পিতামহান্ ॥১২॥

ভারতকৌমুদী

নন্থ "যাচধ্বমৌর্ব্বম্" ইত্যুক্তৌ কো হেতুরিত্যাহ অনেনেতি। যত উরুং ভিত্ত্বা ব্যজায়ত, অতঃ সত্তমঃ স বিপ্রর্ষিঃ 'ঔর্ব্বঃ' ইত্যনেনৈব নাম্না লোকেষু বিখ্যাতঃ; উরুতো জাত ইতি যোগাৎ ॥৮॥

চক্ষূংষীতি। সর্ব্বেষু লোকেষু তেষাং প্রাধান্যাত্তৎপরাভবেনৈব সর্ব্বপরাভব ইতি ভাবঃ ॥৯॥

স ইতি। কার্ৎস্ন্যেন সাকল্যেন। আত্মনো মনঃ, প্রবণমুন্মুখম্, চক্রে ॥১০॥

ইচ্ছন্নিতি। অপচিতিং পূজাং পূজাহেতুভূতং গৌরবমিত্যর্থঃ। এধিতো বর্দ্ধিতঃ ॥১১॥

তাপয়ামাসেতি। নন্দয়িষ্যন্ প্রমোদয়িষ্যন্, পিতামহান্ পিতৃলোকান্ ॥১২॥

ভারতভাবদীপঃ

হে তাতাঃ! সম্বোধনার্থো নিপাতো বাঽয়ম্ ॥৬—৭॥ উরুত উৎপন্ন ঔর্ব্ব ইতি নিরুক্তিমাহ,

যে হেতু তিনি মাতার উরুদেশ ভেদ করিয়া জন্মিয়াছিলেন, সেই হেতুই সেই প্রধান ব্রহ্মর্ষি 'ঔর্ব্ব'—নামে জগতে বিখ্যাত হইয়াছিলেন ॥৮॥

তদনন্তর, ক্ষত্রিয়েরা পুনরায় চক্ষু লাভ করিয়া ফিরিয়া গেলেন; তাহাতেই ঔর্ব্বমুনি সমস্ত লোকের পরাভব হইল বলিয়া মনে করিলেন ॥৯॥

বৎস! তৎপরে ঔর্ব্ব সমস্ত লোক বিনষ্ট করিবার ইচ্ছা করিলেন ॥১০॥

তিনি ভৃগুবংশের গৌরব বৃদ্ধি করিবার ইচ্ছা করিয়া সমস্ত লোক বিনাশের জন্য ক্রমে গুরুতর তপস্যায় বর্দ্ধিত হইয়া উঠিলেন ॥১১॥

তিনি পিতৃলোককে আনন্দিত করিবেন বলিয়া ক্রমে গুরুতর ও ভয়ঙ্কর তপস্যা দ্বারা দেবতা, অসুর ও মানুষাদির সহিত সমস্ত লোক সন্তপ্ত করিতে লাগিলেন ॥১২॥

ততস্তং পিতরস্তাত! বিজ্ঞায় কুলনন্দনম্।
পিতৃলোকাদুপাগম্য সর্ব্ব ঊচুরিদং বচঃ ॥১৩॥
ঔর্ব্ব! দৃষ্টঃ প্রভাবস্তে তপসোগ্রস্য পুত্রক!।
প্রসাদং কুরু লোকানাং নিয়চ্ছ ক্রোধমাত্মনঃ ॥১৪॥
নানীশৈর্হি তদা তাত! ভৃগুভির্ভাবিতাত্মভিঃ।
বধো হ্যপেক্ষিতঃ সর্ব্বৈঃ ক্ষত্রিয়াণাং বিহিংসতাম্ ॥১৫॥
আয়ুষা বিপ্রকৃষ্টেন যদা নঃ খেদ আবিশৎ।
তদাস্মাভির্ব্বধস্তাত! ক্ষত্রিয়ৈরীপ্সিতঃ স্বয়ম্ ॥১৬॥
নিখাতং যচ্চ বৈ বিত্তং ভৃগুভির্ভৃগুবেশ্মনি।
বৈরায়ৈব তদান্যস্তং ক্ষত্রিয়ান্ কোপয়িষ্ণুভিঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। তং সর্ব্বলোকবিনাশায়োন্মুখম্, বিজ্ঞায় ॥১৩॥

ঔর্ব্বেতি। তপস ইতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। নিয়চ্ছ সংবৃণু ॥১৪॥

নেতি। হে তাত! বৎস! তদা ক্ষত্রিয়ৈঃ স্বস্ববধসময়ে, ভাবিতাত্মভিস্তপসা সক্ষমীকৃতাত্মভিঃ সর্ব্বৈর্ভৃগুভিঃ, অনীশৈস্তেষাং ক্ষত্রিয়াণাং বধে অসমর্থৈঃ সদ্ভিঃ, বিহিংসতাং ক্ষত্রিয়াণাম্, বধো নোপেক্ষিতঃ, অপি তু কারণান্তরাদেবোপেক্ষিত ইতি ভাবঃ ॥১৫॥

আয়ুষেতি। বিপ্রকৃষ্টেন দূরবর্ত্তিনা দীর্ঘেণেত্যর্থঃ। খেদো দুঃখম্ ॥১৬॥

নিখাতমিতি। আন্যস্তং ভূমৌ রোপিতম্। কোপয়িষ্ণুভিরিত্যার্ষ ইষ্ণুচ্প্রত্যয়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

অনেনেতি ॥৮—৯॥ আত্মনো মনঃ সর্ব্বেষামপচিতিং কর্ত্তুং প্রবণম্ উন্মুখম্, ইচ্ছন্ স্বমনো-

বৎস! তাহার পর, পিতৃলোকেরা তাঁহাকে সমস্ত-লোক-বিনাশে উদ্যত জানিয়া, পিতৃলোক হইতে আসিয়া এই কথা বলিলেন—॥১৩॥

'পুত্র! ঔর্ব্ব! তোমার দারুণ তপস্যার প্রভাব আমরা দেখিয়াছি; তুমি জগতের উপরে প্রসন্ন হও, ক্রোধ সম্বরণ কর ॥১৪॥

বৎস! তখন প্রভাবশালী ভৃগুবংশীয়েরা অসমর্থ হইয়া হিংসাকারী ক্ষত্রিয়দের বধ উপেক্ষা করিয়াছিলেন না ॥১৫॥

বৎস! আমাদের দীর্ঘ আয়ু আছে ভাবিয়া যখন খেদ উপস্থিত হইয়াছিল, তখন আমরা নিজেরাই ক্ষত্রিয় দ্বারা নিজেদের বধ ইচ্ছা করিয়াছিলাম ॥১৬॥

তা'র পর, ভৃগুবংশীয়েরা ঘরের ভিতরে যে ধন পুতিয়া রাখিয়াছিলেন,

১৩ শ্লোকাৎ পরম্ 'পিতর ঊচুঃ' ইতি কচিৎ পাঠঃ। [১৬]···ক্রোধ আবিশৎ···।
[১৭]···কেনচিদ্ভৃগুবেশ্মনি···।

কিং হি বিত্তেন নঃ কার্য্যং স্বর্গেপ্সূনাং দ্বিজোত্তম ! ।
যদস্মাকং ধনাধ্যক্ষঃ প্রভূতং ধনমাহরৎ ॥১৮॥
যদা তু মৃত্যুরাদাতুং ন নঃ শক্নোতি সর্ব্বশঃ ।
তদাস্মাভিরয়ং দৃষ্ট উপায়স্তাত ! সম্মতঃ ॥১৯॥
আত্মহা চ পুমাংস্তাত ! ন লোকাল্লভতে শুভান্ ।
ততোঽস্মাভিঃ সমীক্ষ্যৈবং নাত্মনাত্মা নিপাতিতঃ ॥২০॥
ন চৈতন্নঃ প্রিয়ং তাত ! যদিদং কর্ত্তুমিচ্ছসি ।
নিয়চ্ছেদং মনঃ পাপাৎ সর্ব্বলোকপরাভবাৎ ॥২১॥

ভারতকৌমুদী

কিমিতি। বিত্তেন ধনেন। ধনাধ্যক্ষঃ কুবেরঃ, আহরৎ আনীয় দত্তবান্ ॥১৮॥

যদেতি। অয়ং ক্ষত্রিয়কর্ত্তৃকবধরূপঃ। সম্মতঃ সর্ব্বাভিপ্রেতঃ ॥১৯॥

অথ ক্ষত্রিয়ৈরাত্মবধং কলঙ্কজনকমকারয়িত্বা কথং স্বয়মেব তং ন কৃতবন্ত ইত্যাহ আত্মহেতি। আত্মহা আত্মঘাতী। সমীক্ষ্য পর্য্যালোচ্য। নিপাতিতো বিনাশিতঃ ॥২০॥

অথ ময়া সর্ব্বলোকবিনাশে যুষ্মাকং কা ক্ষতিরিত্যাহ নেতি। নিয়চ্ছ নিবর্ত্তয় ॥২১॥

ভারতভাবদীপঃ

ইপচিতিং কর্ত্তুং যোজয়তীত্যর্থঃ ॥১০—১৫॥ বিপ্রকৃষ্টেন অতিদূরগেণ বহুনা, ক্ষত্রিয়ৈঃ নিমিত্তমাত্রৈঃ ॥১৬—১৯॥ আত্মহেতি। এতেন ভৃগুপতনাদিনা মরণং ব্রাহ্মণেতরবিষয়ং

তাহা ক্ষত্রিয়গণকে ক্রুদ্ধ করিয়া তাহাদের সহিত শত্রুতা জন্মাইবার জন্যই করিয়াছিলেন ॥১৭॥

কেন না, আমরা স্বর্গলিপ্সু ছিলাম; সুতরাং আমাদের ধন দ্বারা কি প্রয়োজন ছিল?। বিশেষতঃ কুবেরই আমাদিগকে প্রচুর ধন আনিয়া দিতেন ॥১৮॥

বৎস! যম যখন আমাদিগকে গ্রহণ করিতে পারিতেছিলেন না, তখনই আমরা সর্ব্বসম্মতিক্রমে এই উপায় পর্য্যালোচনা করিয়াছিলাম ॥১৯॥

বৎস! আত্মঘাতী লোক স্বর্গে যাইতে পারে না; এইরূপ পর্য্যালোচনা করিয়াই আমরা আত্মঘাতী হই নাই ॥২০॥

বৎস! তুমি এই যাহা করিবার ইচ্ছা করিতেছ, ইহা আমাদের প্রীতিকর নহে। সুতরাং তুমি সমস্তলোকবিনাশরূপ পাপকার্য্য হইতে মনকে নিবৃত্ত কর ॥২১॥

---

[২০]···সমীক্ষ্যৈবমাত্মবাত্মা···।

মা বধীঃ ক্ষত্রিয়াংস্তাত! ন লোকান্ সপ্ত পুত্রক!।
দূষয়ন্তং তপস্তেজঃ ক্রোধমুৎপতিতং জহি ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ঔর্ব্বে ঔর্ব্ববারণং নাম দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

ঔর্ব্ব উবাচ।

উক্তবানস্মি যাং ক্রোধাৎ প্রতিজ্ঞাং পিতরস্তদা।
সর্ব্বলোকবিনাশায় ন সা মে বিতথা ভবেৎ ॥১॥
বৃথা-রোষ-প্রতিজ্ঞো বৈ নাহং ভবিতুমুৎসহে।
অনিস্তীর্ণো হি মাং রোষো দহেদগ্নিরিবারণিম্ ॥২॥

ভারতকৌমুদী

মেতি। তপস্তেজো দূষয়ন্তম্, উৎপতিতম্ আত্মন্যুৎপন্নং ক্রোধম্, জহি নাশয় ॥২২।

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

উক্তবানিতি। হে পিতরঃ!। বিতথা মিথ্যা ॥১॥

ভারতভাবদীপঃ

দর্শিতম্ ॥২০—২১॥ মা বধীরিতি ক্ষত্রিয়ান্ তদনিয়ন্তৃত্বেন অনপরাধিনঃ সপ্ত লোকান্ ভূরাদীংশ্চ মা বধীঃ, কিন্তু তপঃসম্ভৃতং তেজো দূষয়ন্তং ক্রোধং জহি। পাঠান্তরমুপেক্ষ্যম্ ॥২২॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭২॥

বৎস! পুত্র! তুমি সপ্ত লোককে বা ক্ষত্রিয়গণকে বিনষ্ট করিও না। ক্রোধ তপস্যার প্রভাবকে দূষিত করে; সুতরাং সে ক্রোধ জন্মিয়া থাকিলেও তাহা রুদ্ধ কর' ॥২২॥

ঔর্ব্ব বলিলেন—'পিতৃগণ! আমি ক্রোধবশতঃ সমস্ত লোক বিনাশ করিবার জন্য তখন যে প্রতিজ্ঞা করিয়াছি, তাহা কখনও মিথ্যা হইবে না ॥১॥

* '...সপ্তসপ্তত্যধিকঃ...' '...ঊনাশীত্যধিকঃ...' ...অশীত্যধিকঃ...' '...পঞ্চনবত্যধিকঃ...' ইতি পাঠান্তরাণি।

যো হি কারণতঃ ক্রোধং সঞ্জাতং ক্ষন্তুমর্হতি।
নালং স মনুজঃ সম্যক্ ত্রিবর্গং পরিরক্ষিতুম্ ॥৩॥
অশিষ্টানাং নিয়ন্তা হি শিষ্টানাং পরিরক্ষিতা।
স্থানে রোষঃ প্রযুক্তঃ স্যান্নৃপৈঃ সর্ব্বজিগীষুভিঃ ॥৪॥
অশ্রৌষমহমুরুস্থো গর্ভশয্যাগতস্তদা।
আরাবং মাতৃবর্গস্য ভৃগূণাং ক্ষত্রিয়ৈর্বধে ॥৫॥
সংহারো হি যদা লোকে ভৃগূণাং ক্ষত্রিয়াধমৈঃ।
আগর্ভোচ্ছেদনাৎ ক্রান্তস্তদা মাং মন্যুরাবিশৎ ॥৬॥
প্রকীর্ণকেশাঃ কিল মে মাতরঃ পিতরস্তথা।
ভয়াৎ সর্ব্বেষু লোকেষু নাধিজগ্মুঃ পরায়ণম্ ॥৭॥

ভারতকৌমুদী

বৃথেতি। অনিস্তীর্ণঃ তাং প্রতিজ্ঞামনুত্তীর্ণঃ। অরিণম্ অগ্ন্যুৎপাদনকাষ্ঠম্ ॥২॥
য ইতি। কারণতো ন্যায্যপর্য্যাপ্তকারণাৎ সঞ্জাতম্। ক্ষন্তুং সোঢ়ুং সম্বরীতুমিত্যর্থঃ। অলং সমর্থঃ। এতেনান্যায্যাপর্য্যাপ্তকারণজাত এব ক্রোধঃ সম্বরণীয় ইতি সূচিতম্ ॥৩॥
ন্যায্যপর্য্যাপ্তক্রোধাসম্বরণে দৃষ্টান্তমাহ অশিষ্টানামিতি। স্থানে উপযুক্তবিষয়ে ॥৪॥
আত্মনঃ ক্রোধস্য ন্যায্যপর্য্যাপ্তকারণজত্বমাহ অশ্রৌষমিতি। আরাবং বিলাপম্ ॥৫॥
সংহার ইতি। আগর্ভোচ্ছেদনাৎ সংহারঃ, ক্রান্ত আরব্ধঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

উক্তবানিতি ॥১॥ অনিস্তীর্ণঃ অকৃতকার্য্যঃ ॥২॥ বৃথোৎপন্নঃ ক্রোধো জেতব্যো ন তু সকারণক ইত্যাহ, যো হীতি ॥৩॥ ক্রোধকারণান্যাহ, অশিষ্টানামিতি। স্থানে যুক্তম্ ॥৪॥

আমি আমার ক্রোধ ও প্রতিজ্ঞাকে নিষ্ফল করিতে পারিব না। কেন না, আমি প্রতিজ্ঞা হইতে উত্তীর্ণ হইতে না পারিলে, অগ্নি যেমন অরণিকাষ্ঠকে দগ্ধ করে, তেমন ক্রোধ আমাকে দগ্ধ করিবে ॥২॥

যে মানুষ কারণসঙ্গত ক্রোধ সম্বরণ করে, সে মানুষ সম্যক্ ভাবে ত্রিবর্গ-(ধর্ম্ম, অর্থ ও কাম-) রক্ষা করিতে সমর্থ হয় না ॥৩॥

সমস্ত বিজয়াভিলাষী রাজারা অশিষ্টদিগের নিয়ামক ও শিষ্টদিগের রক্ষক ক্রোধকে উপযুক্ত স্থানে প্রয়োগ করিয়া থাকেন ॥৪॥

ক্ষত্রিয়েরা যখন ভৃগুবংশীয়গণকে বধ করে, আমি তখন মাতার উরুদেশে গর্ভে থাকিয়া মাতৃবর্গের সেই বিলাপ শুনিয়াছিলাম ॥৫॥

ক্ষত্রিয়াধমেরা যে পর্য্যন্ত ভৃগুবংশীয়গণকে বধ করিয়াছিল, সে পর্য্যন্ত আমি সহ্য করিয়াছিলাম; তা'র পর, যখন গর্ভপর্য্যন্ত নষ্ট করিতে লাগিল, তখন আমার ক্রোধ জন্মিল ॥৬॥

তান্ ভৃগূণাং যদা দারান্ কশ্চিন্নাভ্যুপপদ্যতে।
মাতা তদা দধারেয়মূরুণৈকেন মাং শুভা ॥৮॥
প্রতিষেদ্ধা হি পাপস্য যদা লোকেষু বিদ্যতে।
তদা লোকেষু সর্ব্বেষু পাপকৃন্নোপপদ্যতে ॥৯॥
যদা তু প্রতিষেদ্ধারং পাপো ন লভতে ক্বচিৎ।
তিষ্ঠন্তি বহবো লোকাস্তদা পাপেষু কর্ম্মসু ॥১০॥
জানন্নপি চ যঃ পাপং শক্তিমান্ ন নিয়চ্ছতি।
ঈশঃ সন্ সোঽপি তেনৈব কর্ম্মণা সম্প্রযুজ্যতে ॥১১॥

ভারতকৌমুদী

প্রকীর্ণেতি। পরায়ণং বিশেষাশ্রয়ং রক্ষকমিতি যাবৎ। নাধিজগ্মুর্ন প্রাপ্তবন্তঃ ॥৭॥
তানিতি। নাভ্যুপপদ্যতে রক্ষিতুং নাশ্রয়তি ॥৮॥
প্রতীতি। নোপপদ্যতে ন ভবতি ॥৯॥
যদেতি। পাপঃ পাপকারী। তিষ্ঠন্তি প্রবৃত্তা ইতি শেষঃ ॥১০॥
জানন্নিতি। শক্তিমান্ অস্ত্রাদিনা সমর্থঃ। ঈশস্তপসা সমর্থো বা ॥১১॥

ভারতভাবদীপঃ

চ্ছিপরীতং ক্ষত্রিয়াশ্চক্রুরিত্যাহ, অশ্রৌষমিতি ॥৫॥ ক্রান্তঃ উপক্রান্তঃ ॥৬॥ তর্হি ক্ষত্রিয়া এব বধ্যা ন তু লোকা ইত্যত আহ, সম্পূর্ণেতি দ্বাভ্যাম্। কেশো জরায়ুরূপা মাংসপেশী, সম্পূর্ণঃ কোশো যাসাং তাঃ পরিপক্বগর্ভা ইত্যর্থঃ। "কোশোঽর্থসঞ্চয়ে মাংসপেশ্যাম্" ইতি বিশ্বঃ। "সম্পূর্ণশোকা" ইত্যপি পঠন্তি, লোকৈঃ সত্যপি সামর্থ্যে মন্মাতৃণাং ত্রাণং ন কৃতমিতস্তেঽপি বধ্যা এবেত্যর্থঃ ॥৭—৮॥ এতদেবোপপাদয়তি, প্রতিষেদ্ধেতি। প্রতিষেদ্ধরি সতি পাপকৃদেব নোপলভ্যতে, অসতি তু সর্ব্বোঽপি পাপ এব প্রবর্ত্তত ইতি শ্লোকদ্বয়ার্থঃ

আমার মাতৃগণ ও পিতৃগণ ভয়ে মুক্তকেশ হইয়া সমস্ত জগতেই রক্ষক পাইয়া ছিলেন না ॥৭॥

যখন কোন লোকই ভৃগুপত্নীদিগকে রক্ষা করিল না, তখন আমার কল্যাণার্থিনী এই মাতা এক খানি উরুতে আমাকে ধারণ করিয়াছিলেন ॥৮॥

যদি জগতে পাপের প্রতিষেদ্ধা থাকে, তাহা হইলে সমস্ত জগতে কেহই পাপকারী হয় না ॥৯॥

আর, যদি পাপকারী কোথাও প্রতিষেদ্ধা না পায়, তবে বহু লোকই পাপকার্য্যে প্রবৃত্ত থাকে ॥১০॥

এবং দৈহিকশক্তিশালী কিংবা তপঃশক্তিশালী যে লোক জানিয়াও পাপকার্য্যের নিষেধ না করে, সেও সেই পাপে লিপ্ত হয় ॥১১॥

রাজভিশ্চেশ্বরৈশ্চৈব যদি বৈ পিতরো মম।
শক্তৈর্ন শকিতাস্ত্রাতুমিষ্টং মত্বেহ জীবিতম্ ॥১২॥
অত এষামহং ক্রুদ্ধো লোকানামীশ্বরো হ্যহম্।
ভবতাঞ্চ বচো নালমহং সমভিবর্ত্তিতুম্ ॥১৩॥ (যুগ্মকম্)
মমাপি চেদ্ভবেদেবমীশ্বরস্য সতো মহৎ।
উপেক্ষমাণস্য পুনর্লোকানাং কিল্বিষাদ্ভয়ম্ ॥১৪॥
যশ্চায়ং মন্যুজো মেঽগ্নির্লোকানাদাতুমিচ্ছতি।
দহেদেষ চ মামেব নিগৃহীতঃ স্বতেজসা ॥১৫॥ (যুগ্মকম্)
ভবতাঞ্চ বিজানামি সর্ব্বলোকহিতৈপ্সুতাম্।
তস্মাদ্বিধধ্বং যচ্ছ্রেয়ো লোকানাং মম চেশ্বরাঃ! ॥১৬॥

পিতর ঊচুঃ।

য এষ মন্যুজস্তেঽগ্নির্লোকানাদাতুমিচ্ছতি।
অপ্সু তং তং মুঞ্চ ভদ্রন্তে লোকা হ্যপ্সু প্রতিষ্ঠিতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

রাজভিরিতি। ঈশ্বরৈস্তপঃশক্তিশালিভিঃ। যদি যতঃ। ইহ জীবিতমিষ্টং মত্বা জীবননাশাশঙ্কয়েত্যর্থঃ। ঈশ্বরস্তপঃশক্তিশালী। সমভিবর্ত্তিতুম্ অনুসর্ত্তুম্, নালং ন সমর্থঃ॥১২—১৩॥

মমেতি। লোকানাং নাশজনিতাদিতি শেষঃ। তদেতি পূরণীয়ম্। আদাতুং নাশয়িতুমিত্যর্থঃ। নিগৃহীতো নিরুদ্ধঃ, স্বতেজসা নিজসংযমপ্রভাবেণ ॥১৪—১৫॥

ভবতামিতি। বিধধ্বং কুরুত। হে ঈশ্বরাঃ! শক্তিমন্তঃ পিতরঃ! ॥১৬॥

ভারতভাবদীপঃ

॥৯—১০॥ পাপং পাপকারিণম্ ॥১১—১৩॥ কিল্বিষাৎ অশাসনজাৎ ॥১৪—১৬॥ আদাতু-

রাজারা ও তপস্বীরা সমর্থ থাকিয়াও আপনাদের জীবন পরম প্রিয়তম মনে করিয়া যখন আমার পিতৃগণকে রক্ষা করেন নাই, তখন আমি তপঃশক্তিশালী এবং ক্রুদ্ধ হইয়াও এই জনসাধারণের ও আপনাদের কথার অনুসরণ করিতে পারিব না ॥১২—১৩॥

আমি তপঃশক্তিশালী; এ অবস্থাতেও আমি যদি এই লোকসংহার উপেক্ষা করি, কিংবা আমারও লোকসংহারপাপের ভয় হয়, তবে আমার এই যে কোপানল লোকসংহার করিবার ইচ্ছা করিতেছে, এই কোপানল নিজসংযমে নিরুদ্ধ হইয়া আমাকেই দগ্ধ করিবে ॥১৪—১৫॥

আবার আমি আপনাদেরও সর্ব্বলোক-হিতৈষিতা জানি। অতএব হে ঈশ্বরগণ! যাহাতে জগতের ও আমার মঙ্গল হয়, তাহা আপনারা করুন ॥১৬॥

আপোময়াঃ সর্বরসাঃ সর্ব্বমাপোময়ং জগৎ।
তস্মাদপ্সু বিমুঞ্চেমং ক্রোধাগ্নিং দ্বিজসত্তম! ॥১৮॥
অয়ং তিষ্ঠতু তে বিপ্র! যদীচ্ছসি মহোদধৌ।
মন্যুজোঽগ্নির্দহন্নাপো লোকা হ্যাপোময়াঃ স্মৃতাঃ ॥১৯॥
এবং প্রতিজ্ঞা সত্যেয়ং তবানঘ! ভবিষ্যতি।
ন চৈবং সামরা লোকা গমিষ্যন্তি পরাভবম্ ॥২০॥

বশিষ্ঠ উবাচ।

ততস্তং ক্রোধজং তাত! ঔর্ব্বোঽগ্নিং বরুণালয়ে।
উৎসসর্জ্জ স চৈবাপ উপযুঙ্‌ক্তে মহোদধৌ ॥২১॥
মহদ্ধয়শিরো ভূত্বা যত্তদ্বেদবিদো বিদুঃ।
তমগ্নিমুদ্গিরদ্বক্ত্রাৎ পিবত্যাপো মহোদধৌ ॥২২॥

ভারতকৌমুদী

য ইতি। মন্যুজঃ ক্রোধজাতঃ। আদাতুং নাশয়িতুম্। অপ্সু জলে ॥১৭॥
জলে ক্ষেপণে হেত্বন্তরমাহ আপ ইতি। আপঃশব্দঃ সকারান্তোঽপি ॥১৮॥
অয়মিতি। অয়ং মন্যুজোঽগ্নিরিতি সম্বন্ধঃ। আপো জলম্ ॥১৯॥
এবমিতি। এবমিত্থং করণে। সামরাঃ সদেবাঃ। পরাভবং নাশম্ ॥২০॥
তত ইতি। বরুণালয়ে সমুদ্রে। স চাগ্নিঃ। উপযুঙ্‌ক্তে ভক্ষয়তি ॥২১॥

ভারতভাবদীপঃ

মুচ্ছেত্তুম্ ॥১৭॥ আপোময়া ইতি। কারণীভূতাসু অপ্‌সু দগ্ধাসু লোকা অপি দগ্ধপ্রায়া ইত্যর্থঃ

পিতৃলোকেরা বলিলেন—ঔর্ব্ব! তোমার মঙ্গল হউক; তোমার যে ক্রোধানল জগৎ নষ্ট করিতে ইচ্ছা করিতেছে, তাহা তুমি জলে নিক্ষেপ কর। কেন না, জলেই ত জগৎ রহিয়াছে ॥১৭॥

সমস্ত রস জলময় এবং সমস্ত জগৎ জলময়। অতএব হে ব্রাহ্মণশ্রেষ্ঠ! তোমার এই ক্রোধানল জলে নিক্ষেপ কর ॥১৮॥

ব্রাহ্মণ! তুমি যদি ইচ্ছা কর, তবে তোমার এই ক্রোধানল জল দগ্ধ করিতে থাকিয়া সমুদ্রেই অবস্থান করুক। কারণ, লোক সকল জলময় ॥১৯॥

হে নিষ্পাপ ঔর্ব্ব! এইরূপ করিলে, তোমার এই প্রতিজ্ঞাও সত্য হইবে, দেবতাদের সহিত সমস্ত জগৎও নষ্ট হইবে না' ॥২০॥

বশিষ্ঠ বলিলেন—বৎস! পরাশর! তাহার পর ঔর্ব্ব সেই ক্রোধানলকে সমুদ্রে নিক্ষেপ করিলেন; সেই ক্রোধানলই সমুদ্রে থাকিয়া তাহার জল পান করে ॥২১॥

তস্মাত্ত্বমপি ভদ্রন্তে ন লোকান্ হন্তুমর্হসি।
পরাশর! পরাল্লোঁকান্ জানন্ জ্ঞানবতাং বর! ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি চৈত্ররথে ঔর্ব্বে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

গন্ধর্ব্ব উবাচ।

এবমুক্তঃ স বিপ্রর্ষির্বশিষ্ঠেন মহাত্মনা।
ন্যযচ্ছদাত্মনঃ ক্রোধং সর্বলোকপরাভবাৎ ॥১॥

ভারতকৌমুদী

মহদিতি। হয়শিরো বড়বামস্তকম্। তম্ ঔর্ব্বক্রোধজম্। আপো জলম্ ॥২২॥

তস্মাদিতি। লোকান্, পরান্ উৎকৃষ্টান্ জানন্, তান্ লোকান্, হন্তুং নার্হসি ॥২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্বণি চৈত্ররথে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এবমিতি। স পরাশরঃ। ন্যযচ্ছৎ নিবর্ত্তিতবান্। সর্বেষাং লোকানাং পরাভবা-দ্বিনাশাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

॥১৮—২০॥ উপযুঙ্ক্তে ভক্ষয়তি ॥২১॥ হয়শিরঃ বড়বামুখম্ ॥২২—২৩॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৩॥

বেদজ্ঞেরা বলিয়া থাকেন—ঔর্ব্বের ক্রোধ বিশাল বড়বামস্তক হইয়া, তাহার মুখ হইতে সেই অগ্নি উদ্গিরণ করিতে থাকিয়া, সমুদ্রের জল পান করে ॥২২॥

অতএব হে জ্ঞানিশ্রেষ্ঠ পরাশর! তোমার মঙ্গল হউক; তুমিও জগৎকে উৎকৃষ্ট জানিয়া তাহা নষ্ট করিতে পার না' ॥২৩॥

গন্ধর্ব্ব বলিল—মহাত্মা বশিষ্ঠ এইরূপ বলিলে, পরাশর সমস্ত জগৎ বিনাশ বিষয় হইতে আপন ক্রোধকে নিবর্ত্তিত করিলেন ॥১॥

* ...অষ্টসপ্তত্যধিকঃ...' '...অশীত্যধিকঃ...' '...ষন্নবত্যধিকঃ...' ইতি পাঠভেদাঃ।

ঈজে চ স মহাতেজাঃ সর্ববেদবিদাং বরঃ।
ঋষী রাক্ষসসত্রেণ শাক্ত্রেয়োঽথ পরাশরঃ ॥২॥
ততো বৃদ্ধাংশ্চ বালাংশ্চ রাক্ষসান্ স মহামুনিঃ।
দদাহ বিততে যজ্ঞে শক্ত্রের্বধমনুস্মরন্ ॥৩॥
নহি তং বারয়ামাস বশিষ্ঠো রক্ষসাং বধাৎ।
দ্বিতীয়ামস্য মা ভাঙ্ক্ষং প্রতিজ্ঞামিতি নিশ্চয়াৎ ॥৪॥
ত্রয়াণাং পাবকানাং স সত্রে তস্মিন্ মহামুনিঃ।
আসীৎ পুরস্তাদ্দীপ্তানাং চতুর্থ ইব পাবকঃ ॥৫॥
তেন যজ্ঞেন শুভ্রেণ হূয়মানেন শক্তিতঃ।
তদ্ধি দীপিতমাকাশং সূর্য্যেণেব ঘনাত্যয়ে ॥৬॥
তং বশিষ্ঠাদয়ঃ সর্ব্বে মুনয়স্তত্র মেনিরে।
তেজসা দীপ্যমানং তং দ্বিতীয়মিব ভাস্করম্ ॥৭॥

ভারতকৌমুদী

ঈজ ইতি। রাক্ষসসত্রেণ ঈজে রাক্ষসসত্রাখ্যং যজ্ঞং কৃতবান্। শাক্ত্রেয়ঃ শক্তিপুত্রঃ ॥২॥
তত ইতি। বিততে অঙ্গানুষ্ঠানাদিনা বিস্তারিতে ॥৩॥
নহীতি। অস্য পরাশরস্য। মা ভাঙ্ক্ষং ন নিবর্ত্তয়েয়ম্ ॥৪॥
ত্রয়াণামিতি। ত্রয়াণাং দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়াখ্যানাম্ ॥৫॥
তেনেতি। শুভ্রেণ ন্যায়াজিতত্বান্নির্দোষেণ ঘৃতাদিনা দ্রব্যেণ ॥৬॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৩॥ মা ভাঙ্ক্ষং ন নাশয়েয়ম্ ॥৪—৫॥ শুভ্রেণ পাপিনাং নিগ্রহাৎ নির্ম্মলেন

তাহার পর, অত্যন্ত তেজস্বী সকল-বেদজ্ঞশ্রেষ্ঠ শক্তিপুত্র পরাশরমুনি রাক্ষসসত্রনামক যজ্ঞ করিতে আরম্ভ করিলেন ॥২॥

তদনন্তর তিনি পিতৃহত্যা স্মরণ করিয়া সেই যজ্ঞে বালক ও বৃদ্ধ সকল রাক্ষসকেই দগ্ধ করিতে থাকিলেন ॥৩॥

কিন্তু পরাশরের দ্বিতীয় প্রতিজ্ঞা আর ভঙ্গ করিব না এইরূপ স্থির করিয়া বশিষ্ঠ তাঁহাকে রাক্ষসবধ হইতে নিবারণ করিলেন না ॥৪॥

সুতরাং পরাশর সেই যজ্ঞে সম্মুখে দীপ্যমান তিনটী অগ্নির চতুর্থ অগ্নির ন্যায় হইয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৫॥

বর্ষাকাল অতীত হইলে সূর্য্য দ্বারা আকাশ যেমন উদ্ভাসিত হয়, তেমন শক্তি অনুসারে উৎকৃষ্ট দ্রব্য আহুত হইতে থাকিলে সেই যজ্ঞদ্বারাও আকাশ উদ্ভাসিত হইতে লাগিল ॥৬॥

ততঃ পরমদুষ্প্রাপ্যমন্যৈ ঋষিরুদারধীঃ।
সমাপিপয়িষুঃ সত্রং তমত্রিঃ সমুপাগমৎ ॥৮॥
তথা পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুশ্চৈব মহাক্রতুঃ।
তত্রাজগ্মুরমিত্রঘ্ন! রক্ষসাং জীবিতেপ্সয়া ॥৯॥
পুলস্ত্যস্তু বধাত্তেষাং রক্ষসাং ভরতর্ষভ!।
উবাচেদং বচঃ পার্থ! পরাশরমরিন্দমম্ ॥১০॥
কচ্চিত্তাতাপবিঘ্নং তে কচ্চিন্নন্দসি পুত্রক!।
অজানতামদোষাণাং সর্ব্বেষাং রক্ষসাং বধাৎ ॥১১॥
প্রজোচ্ছেদমিমং মহ্যং নহি কর্ত্তুং ত্বমর্হসি।
নৈষ তাত! দ্বিজাতীনাং ধর্ম্মো দৃষ্টস্তপস্বিনাম্ ॥১২॥

ভারতকৌমুদী

তমিতি। তং প্রসিদ্ধম্। তং প্রক্রান্তং পরাশরম্ ॥৭॥

তত ইতি। অন্যৈ ঋষিভিঃ, পরমদুষ্প্রাপ্যম্ অতীবদুষ্করম্ ॥৮॥

তথেতি। জীবিতেপ্সয়া জীবনরক্ষেচ্ছয়া ॥৯॥

পুলস্ত্য ইতি। বধাদ্ধেতোঃ। অরিন্দমং রাক্ষসরূপশত্রুনাশকম্ ॥১০॥

কচ্চিদিতি। অপবিঘ্নং নির্ব্বিঘ্নং কার্য্যম্। অজানতাং ত্বৎপিতৃবধবৃত্তান্তমপি অনবগচ্ছতাম্, অতএব অদোষাণাম্, রক্ষসাম্, বধাৎ, নন্দসি আনন্দমনুভবসি ॥১১॥

প্রজেতি। প্রজোচ্ছেদং সন্তানবিলোপম্। মহ্যং মম ॥১২॥

ভারতভাবদীপঃ

তেন যজ্ঞেন যজ্ঞিয়েন দ্রব্যেণ হূয়মানেন ॥৬—১০॥ অপবিঘ্নং তে সত্রমিতি শেষঃ, অজানতা-

বশিষ্ঠপ্রভৃতি সমস্ত মুনিরাই সেই যজ্ঞে পরাশরকে দ্বিতীয় সূর্য্যের ন্যায় তেজ দ্বারা দীপ্তিমান্ মনে করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর, অন্যের দুষ্কর সেই যজ্ঞ সমাপ্ত করিবার ইচ্ছায় উদারবুদ্ধি অত্রিমুনি পরাশরের নিকট উপস্থিত হইলেন ॥৮॥

অর্জ্জুন! পুলস্ত্য, পুলহ, ক্রতু এবং মহাক্রতু ইঁহারাও রাক্ষসগণের জীবন রক্ষা করিবার ইচ্ছায় সেখানে আসিলেন ॥৯॥

কিন্তু তাঁহাদের মধ্যে পুলস্ত্য রাক্ষসগণের হত্যা চলিতেছিল বলিয়া শত্রুহন্তা পরাশরকে এই কথা বলিলেন—॥১০॥

'বৎস! তোমার কার্য্য নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে ত? পুত্র! যাহারা তোমার পিতৃবধের বৃত্তান্তও জানে না, সেই নির্দ্দোষ রাক্ষসগণকে বধ করিয়া তুমি আনন্দ লাভ করিতেছ ত? ॥১১॥

শম এব পরো ধর্ম্মস্তমাচর পরাশর ! ।
অধর্ম্মিষ্ঠং বরিষ্ঠঃ সন্ কুরুষে ত্বং পরাশর ! ॥১৩॥
শক্তিঞ্চাপি হি ধর্ম্মজ্ঞং নাতিক্রান্তুমিহার্হসি।
প্রজায়াশ্চ মমোচ্ছেদং ন চৈবং কর্ত্তুমর্হসি ॥১৪॥
শাপাদ্ধি শক্তের্বাশিষ্ঠ ! তদা তদুপপাদিতম্।
আত্মজেন স দোষেণ শক্তির্নীত ইতো দিবম্ ॥১৫॥
নহি তং রাক্ষসঃ কশ্চিচ্ছক্তো ভক্ষয়িতুং মুনে ! ।
আত্মনৈবাত্মনস্তেন সৃষ্টো মৃত্যুস্তদাভবৎ ॥১৬॥
নিমিত্তভূতস্তত্রাসীদ্বিশ্বামিত্রঃ পরাশর ! ।
রাজা কল্মাষপাদশ্চ দিবমারুহ্য মোদতে ॥১৭॥

ভারতকৌমুদী

শম ইতি। শমঃ কামক্রোধাদিনিবৃত্তিঃ। অধর্ম্মিষ্ঠম্ অধর্ম্ম্যমিদং হিংসনম্ ॥১৩॥
শক্তিমিতি। নাতিক্রান্তুং পাপানুষ্ঠানেন লঙ্ঘয়িতুম্। প্রজায়াঃ সন্তানস্য ॥১৪॥
শাপাদিতি। তৎ শক্তেরেব হননম্, উপপাদিতং রক্ষসা কৃতম্ ॥১৫॥
নহীতি। নহি শক্তঃ, প্রভাবাতিরেকাদিতি ভাবঃ। তেন শক্তিনা ॥১৬॥
নিমিত্তেতি। তত্র শক্তিবধে, বিশ্বামিত্রো রাজা কল্মাষপাদশ্চ নিমিত্তভূত আসীৎ, একেন কল্মাষপাদশরীরে রাক্ষসপ্রবেশনাৎ অপরেণ চ স্বশরীরে রাক্ষসধারণাদিতি ভাবঃ। তেন চ শক্তির্দিবমারুহ্য মোদতে। অতএবাত্র রাক্ষসস্য নাধিকোঽপরাধ ইত্যাশয়ঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মিতি পাপমপি কৃত্বা নন্দসীতি সাধিক্ষেপঃ প্রশ্নঃ ॥১১॥ মহ্যং মম ॥১২—১৩॥ শক্তিঞ্চেতি পুত্রদোষেণ পিতা নশ্যতীত্যুক্তম্ ॥১৪॥ শাপাৎ শক্তিনা শপ্তো রাজা শক্তিমেব

বৎস ! তুমি আমার বংশনাশ করিতে পারিবে না। কারণ, তপস্বী ব্রাহ্মণদের এরূপ ধর্ম্ম আমরা কখনও দেখি নাই ॥১২॥

পরাশর ! শান্তিই ব্রাহ্মণদের পরম ধর্ম্ম ; তুমি তাহাই অবলম্বন কর। কিন্তু তুমি শ্রেষ্ঠ ব্রাহ্মণ হইয়া এটা অধর্ম্মের কার্য্য করিতেছ ॥১৩॥

তোমার পিতা শক্তি ধর্ম্মজ্ঞ ছিলেন ; সুতরাং তুমি পাপানুষ্ঠান করিয়া তাঁহার পথ অতিক্রম করিও না ; তুমি আমার বংশনাশ করিও না ॥১৪॥

পরাশর ! শক্তির শাপেই তখন সেই ঘটনা ঘটিয়াছিল ; সুতরাং শক্তি নিজের দোষেই স্বর্গে গিয়াছেন ॥১৫॥

শক্তি তখন নিজেই নিজের মৃত্যু সৃষ্টি করিয়াছিলেন ; না হইলে কোন রাক্ষসই তাঁহাকে ভক্ষণ করিতে সমর্থ হইত না ॥১৬॥

যে চ শক্ত্র্যবরাঃ পুত্রা বশিষ্ঠস্য মহামুনেঃ।
তে চ সর্ব্বে মুদা যুক্তা মোদন্তে সহিতাঃ সুরৈঃ ॥১৮॥
সর্ব্বমেতদ্বশিষ্ঠস্য বিদিতং বৈ মহামুনে!।
রক্ষসাঞ্চ সমুচ্ছেদ এষ তাত! তপস্বিনাম্ ॥১৯॥
নিমিত্তভূতস্ত্বঞ্চাত্র ক্রতৌ বাশিষ্ঠনন্দন!।
তৎ সত্রং মুঞ্চ ভদ্রং তে সমাপ্তমিদমস্তু তে ॥২০॥

গন্ধর্ব্ব উবাচ।

এবমুক্তঃ পুলস্ত্যেন বশিষ্ঠেন চ ধীমতা।
তদা সমাপয়ামাস সত্রং শাক্ত্রো মহামুনিঃ ॥২১॥
সর্ব্বরাক্ষসসত্রায় সম্ভৃতং পাবকং তদা।
উত্তরে হিমবৎপার্শ্বে উৎসসর্জ্জ মহাবনে ॥২২॥

ভারতকৌমুদী

য ইতি। শক্ত্র্যবরাঃ শক্তিতঃ কনিষ্ঠাঃ। তত্রাপি তাবেব নিমিত্তভূতাবিত্যর্থঃ ॥১৮॥
সর্ব্বমিতি। সমুচ্ছেদো জাত ইতি শেষঃ। তপস্বিনাং শোচ্যানাম্ ॥১৯॥
নিমিত্তেতি। বাশিষ্ঠঃ শক্তিস্তস্য নন্দন! পুত্র!। মুঞ্চ ত্যজ ॥২০॥
এবমিতি। শাক্ত্রঃ শক্তিপুত্রঃ পরাশরঃ ॥২১॥
সর্ব্বেতি। সর্ব্বেষাং রাক্ষসানাং সত্রায় বধার্থকযজ্ঞায়, সম্ভৃতং সংগৃহীতম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

ভক্ষিতবান্, অতঃ শক্ত্রেরেব অয়মপরাধো ন রক্ষসামিত্যর্থঃ ॥১৫—১৬॥ মোদতে শক্তিঃ

সুতরাং পরাশর! তাহাতে বিশ্বামিত্র এবং কল্মাষপাদ রাজা নিমিত্ত ছিলেন; এখন শক্তি স্বর্গে আরোহণ করিয়া আনন্দ লাভ করিতেছেন ॥১৭॥

আর, শক্তির কনিষ্ঠ যে সকল বশিষ্ঠপুত্র ছিলেন, তাঁহারাও এখন সেই কারণেই আনন্দিত হইয়া দেবগণের সহিত বিচরণ করিতেছেন ॥১৮॥

বৎস পরাশর! এ সমস্তই মহর্ষি বশিষ্ঠের বিদিত আছে। আর, এখন শোচনীয় রাক্ষসগণের এই উচ্ছেদ হইল ॥১৯॥

শক্তিনন্দন! এ যজ্ঞেও তুমি নিমিত্ত। অতএব তুমি এ যজ্ঞ ত্যাগ কর, তোমার মঙ্গল হউক, তোমার এ যজ্ঞ এই খানেই সমাপ্ত হউক ॥২০॥

গন্ধর্ব্ব বলিল—জ্ঞানী পুলস্ত্য ও বশিষ্ঠ এইরূপ বলিলে, মহর্ষি পরাশর তখনই যজ্ঞ সমাপ্ত করিলেন ॥২১॥

এবং তিনি রাক্ষসসত্রের জন্য সংগৃহীত অগ্নিকে হিমালয়ের উত্তর পার্শ্বে গহন বনমধ্যে নিক্ষেপ করিলেন ॥২২॥

স তত্রাদ্যাপি রক্ষাংসি বৃক্ষানশ্মন এব চ।
ভক্ষয়ন্ দৃশ্যতে বহ্নিঃ সদা পর্ব্বণি পর্ব্বণি ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

অর্জ্জুন উবাচ।

রাজ্ঞা কল্মাষপাদেন গুরৌ ব্রহ্মবিদাং বরে।
কারণং কিং পুরস্কৃত্য ভার্য্যা বৈ সন্নিযোজিতা ॥১॥
জানতা বৈ পরং ধর্ম্মং বশিষ্ঠেন মহাত্মনা।
অগম্যাগমনং কস্মাৎ কৃতং তেন মহর্ষিণা ॥২॥
অধর্ম্মিষ্ঠং বশিষ্ঠেন কৃতঞ্চাপি পুরা সখে!।
এতন্মে সংশয়ং সর্ব্বং ছেত্তুমর্হসি পৃচ্ছতঃ ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্মনঃ পাষাণান্। পর্ব্বণি পর্ব্বণি প্রত্যেকচতুর্দ্দশ্যাদৌ ॥২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজ্ঞেতি। পুরস্কৃত্য আশ্রিত্যেত্যর্থঃ। সন্নিযোজিতা রমণায়েতি শেষঃ ॥১॥

জানতেতি। পরভার্য্যাত্বাৎ পুত্রবধূতুল্যত্বাচ্চ অগম্যত্বমিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥১৭—১৮॥ সমুচ্ছেদে এষ ত্বং নিমিত্তভূত ইতি যোজনা ॥১৯॥ মুঞ্চ ত্যজ ॥২০—২৩॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৪॥

অদ্যাপি সেখানে প্রত্যেক পর্ব্বেই সেই অগ্নি রাক্ষস, বৃক্ষ ও প্রস্তর দগ্ধ করিয়া থাকে দেখা যায় ॥২৩॥

অর্জ্জুন বলিলেন—সখে! গুরু এবং বেদজ্ঞশ্রেষ্ঠ বশিষ্ঠের নিকটে কল্মাষপাদ রাজা কি কারণে আপন ভার্য্যাটীকে নিযুক্ত করিয়াছিলেন? ॥১॥

আবার, মহাত্মা ও মহর্ষি বশিষ্ঠই বা কেন ধর্ম্মের পরম তত্ত্ব জানিয়াও অগম্যাগমন করিয়াছিলেন? ॥২॥

* '...একোনাশীত্যধিকঃ...' '...একাশীত্যধিকঃ...' '...দ্ব্যশীত্যধিকঃ...' '...সপ্তনবত্যধিকঃ...' ইতি পাঠান্তরাণি।

গন্ধর্ব্ব উবাচ।

ধনঞ্জয়! নিবোধেদং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
বশিষ্ঠং প্রতি দুর্দ্ধর্ষ! তথা মিত্রসহং নৃপম্ ॥৪॥
কথিতং তে ময়া সর্ব্বং যথা শপ্তঃ স পার্থিবঃ।
শক্তিনা ভরতশ্রেষ্ঠ! বাশিষ্ঠেন মহাত্মনা ॥৫॥
স তু শাপবশং প্রাপ্তঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ।
নির্জগাম পুরাদ্রাজা সহদারঃ পরন্তপঃ ॥৬॥
অরণ্যং নির্জনং গত্বা সদারঃ পরিচক্রমে।
নানামৃগগণাকীর্ণং নানাসত্ত্বসমাকুলম্ ॥৭॥
নানাগুল্মলতাচ্ছন্নং নানাদ্রুমসমাবৃতম্।
অরণ্যং ঘোরসন্নাদং শাপগ্রস্তঃ পরিভ্রমন্ ॥৮॥
স কদাচিৎ ক্ষুধাবিষ্টো মৃগয়ন্ ভক্ষ্যমাত্মনঃ।
দদর্শ সুপরিক্লিষ্টঃ কস্মিংশ্চিন্নির্জনে বনে ॥৯॥

ভারতকৌমুদী

অধর্ম্মিষ্ঠমিতি। এতৎ পৃচ্ছতো মে ইতি সম্বন্ধাদেতদিত্যস্য ক্লীবত্বম্ ॥৩॥
ধনেতি। মিত্রসহং কল্মাষপাদম্। তয়োরুভয়োর্বিষয় ইত্যর্থঃ ॥৪॥
কথিতমিতি। স পার্থিবঃ কল্মাষপাদঃ ॥৫॥
স ইতি। ক্রোধেন পর্য্যাকুলেক্ষণঃ অস্থিরনয়নঃ ॥৬॥
অরণ্যমিতি। পরিচক্রমে বিচচার। নানা সত্ত্বৈর্জন্তুভিঃ সমাকুলং পূর্ণম্ ॥৭॥

বশিষ্ঠ কেন এমন অধর্ম্মের কার্য্য করিয়াছিলেন? ইহা আমি জিজ্ঞাসা করিতেছি, তুমি আমার সকল সংশয় দূর কর' ॥৩॥

গন্ধর্ব্ব বলিল—মহাবীর অর্জ্জুন! বশিষ্ঠ ও কল্মাষপাদ রাজার বিষয়ে তুমি যাহা আমার নিকট জিজ্ঞাসা করিলে, তাহা শোন ॥৪॥

হে ভরতশ্রেষ্ঠ! মহাত্মা শক্তি যে কল্মাষপাদ রাজাকে অভিসম্পাত করিয়াছিলেন, তাহা আমি তোমার নিকট সমস্তই বলিয়াছি ॥৫॥

কল্মাষপাদ রাজা অভিশপ্ত হইয়া ক্রোধবশতঃ আঘূর্ণিত নয়নে ভার্য্যার সহিত রাজধানী হইতে নির্গত হইলেন ॥৬॥

নানাবিধ পশু ও প্রাণিগণে পরিপূর্ণ নির্জন বনে যাইয়া তিনি ভার্য্যার সহিত বিচরণ করিতে লাগিলেন ॥৭॥

শাপগ্রস্ত সেই রাজা কোন সময়ে নানাবিধ বৃক্ষ, লতা ও গুল্মে সমাচ্ছন্ন এবং হিংস্রজন্তুর ভয়ঙ্কর গর্জ্জনে মুখরিত সেই বনমধ্যে বিচরণ করিতে থাকিয়া, ক্ষুধায়

ব্রাহ্মণীং ব্রাহ্মণঞ্চৈব মৈথুনায়োপসঙ্গতৌ।
তৌ তং বীক্ষ্য সুবিত্রস্তাবকৃতার্থৌ প্রধাবিতৌ ॥১০॥ (বিশেষকম্)
তয়োর্বিদ্রবতোর্বিপ্রং জগ্রাহ নৃপতির্বলাৎ।
দৃষ্ট্বা গৃহীতং ভর্ত্তারমথ ব্রাহ্মণ্যভাষত ॥১১॥
শৃণু রাজন্! মম বচো যত্ত্বাং বক্ষ্যামি সুব্রত!।
আদিত্যবংশপ্রভবস্ত্বং হি লোকে পরিশ্রুতঃ ॥১২॥
অপ্রমত্তঃ স্থিতো ধর্ম্মে গুরুশুশ্রূষণে রতঃ।
শাপোপহত! দুর্দ্ধর্ষ! ন পাপং কর্ত্তুমর্হসি ॥১৩॥
ঋতুকালে তু সম্প্রাপ্তে ভর্ত্তৃব্যসনকর্ষিতা।
অকৃতার্থা হ্যহং ভর্ত্রা প্রসবার্থং সমাগতা।
প্রসীদ নৃপতিশ্রেষ্ঠ! ভর্ত্তাঽয়ং মে বিসৃজ্যতাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

নানেতি। ঘোরাঃ সন্নাদা হিংস্রজন্তূনাং রবা যত্র তৎ। মৃগয়ন্ অন্বিষ্যন্। অকৃতার্থৌ রাজ্ঞো দর্শনাদেব অসম্পাদিতরমণৌ, প্রধাবিতৌ দ্রুতং পলায়িতুমারব্ধবন্তৌ ॥৮—১০॥

তয়োরিতি। বিদ্রবতোর্দ্রুতং পলায়মানয়োস্তয়োর্মধ্যে ॥১১॥

শৃণ্বিতি। আদিত্যবংশপ্রভবঃ সূর্য্যবংশোৎপন্নঃ ॥১২॥

অপ্রমত্ত ইতি। অপ্রমত্তঃ সাবধানঃ ॥১৩॥

ঋত্বিতি। ভর্ত্তুর্ব্যসনেন কোপজদোষেণ মানেনেত্যর্থঃ, কর্ষিতা ক্লিষ্টা। প্রসবার্থং পুত্রার্থম্। বিসৃজ্যতাং পরিত্যজ্যতাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

কাতর হইয়া, খাদ্য অন্বেষণ করতঃ, কোন নির্জন স্থানে মৈথুনের জন্য উপস্থিত এক ব্রাহ্মণ ও ব্রাহ্মণীকে দেখিতে পাইলেন। সে ব্রাহ্মণ ও ব্রাহ্মণী রাজাকে দেখিয়াই অত্যন্ত ভীত হইয়া অপূর্ণমনোরথে দ্রুত পলায়ন করিতে লাগিলেন ॥৮—১০॥

তাঁহারা পলায়ন করিতে লাগিলে, রাজা বলপূর্ব্বক ব্রাহ্মণকে ধরিয়া ফেলিলেন এবং ব্রাহ্মণ ধৃত হইয়াছেন দেখিয়া ব্রাহ্মণী বলিলেন—॥১১॥

'রাজা! আমি আপনাকে যে কথা বলিব, তাহা শ্রবণ করুন। আপনি সূর্য্যবংশোৎপন্ন বলিয়া জগতে প্রসিদ্ধ ॥১২॥

এবং অবহিত হইয়া ধর্ম্মে অবস্থান করিতেছেন ও গুরুশুশ্রূষায় রত আছেন; অতএব হে শাপগ্রস্ত মহাবীর! আপনি পাপ করিবেন না ॥১৩॥

আমার ঋতুকাল উপস্থিত, অথ চ গৃহে ভর্ত্তার দোষে দুঃখভোগ করিয়াছি; তাই তথায় অকৃতার্থ হইয়া পুত্রোৎপাদনের জন্য তাঁহারই সহিত এই খানে

এবং বিক্রোশমানায়াস্তস্যাস্তু স নৃশংসবৎ।
ভর্ত্তারং ভক্ষয়ামাস ব্যাঘ্রো মৃগমিবেপ্সিতম্ ॥১৫॥
তস্যাঃ ক্রোধাভিভূতায়া যান্যশ্রূণ্যপতন্ ভুবি।
সোঽগ্নিঃ সমভবদ্দীপ্তস্তঞ্চ দেশং ব্যদীপয়ৎ ॥১৬॥
ততঃ সা শোকসন্তপ্তা ভর্ত্তৃব্যসনকর্ষিতা।
কল্মাষপাদং রাজর্ষিমশপদ্‌ব্রাহ্মণী রুষা ॥১৭॥
যস্মান্মমাকৃতার্থায়াস্ত্বয়া ক্ষুদ্র! নৃশংসবৎ।
প্রেক্ষন্ত্যা ভক্ষিতো মেঽদ্য প্রিয়ো ভর্ত্তা মহাযশাঃ ॥১৮॥
তস্মাত্ত্বমপি দুর্বুদ্ধে! মচ্ছাপপরিবিক্ষতঃ।
পত্নীমৃতাবনুপ্রাপ্য সদ্যস্ত্যক্ষ্যসি জীবিতম্ ॥১৯॥ (যুগ্মকম্)
যস্য চর্ষের্বশিষ্ঠস্য ত্বয়া পুত্রা বিনাশিতাঃ।
তেন সঙ্গম্য তে ভার্য্যা তনয়ং জনয়িষ্যতি ॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। বিক্রোশমানায়া বিলপন্ত্যাঃ, তস্যা ব্রাহ্মণ্যাঃ ॥১৫॥

তস্যা ইতি। অগ্নিঃ অগ্নিরিব। ব্যদীপয়ৎ প্রাজ্বলয়দিব, তদ্বদনিষ্টসাধনাৎ ॥১৬॥

তত ইতি। ভর্ত্তুর্ব্যসনেন বিপদা মরণেনেত্যর্থঃ, কর্ষিতা ক্লিষ্টা ॥১৭॥

যস্মাদিতি। অকৃতার্থায়া ইদানীমপি পুত্রাদুৎপত্তেরিতি ভাবঃ। মম শাপেন পরিবিক্ষতো নষ্টবুদ্ধিঃ। ঋতৌ ঋতুকালে, অনুপ্রাপ্য মৈথুনায় লব্ধ্বা ॥১৮—১৯॥

আসিয়াছি। অতএব হে রাজশ্রেষ্ঠ! আপনি প্রসন্ন হউন, আমার ভর্ত্তাকে ছাড়িয়া দিন ॥১৪॥

ব্রাহ্মণী এইরূপ বিলাপ করিতে থাকিলেও ব্যাঘ্র যেমন হরিণ ভক্ষণ করে, তেমনই রাজা নৃশংসের ন্যায় তাঁহার ভর্ত্তাকে ভক্ষণ করিলেন ॥১৫॥

তখন ব্রাহ্মণী অত্যন্ত ক্রুদ্ধ হইলে, তাঁহার যে সকল অশ্রুবিন্দু পতিত হইল, তাহা অগ্নির ন্যায় হইয়া সে দেশটাকেই যেন জ্বালাইয়া দিতে লাগিল ॥১৬॥

তাহার পর, ভর্ত্তার মৃত্যুতে দুঃখিতা ও শোকাতুরা সেই ব্রাহ্মণী ক্রোধবশতঃ কল্মাষপাদ রাজাকে অভিসম্পাত করিলেন—॥১৭॥

'হে ক্ষুদ্রহৃদয় দুর্বুদ্ধি রাজা! অদ্যাপি আমার পুত্র হয় নাই, এই অবস্থায় আমার সমক্ষেই নৃশংসের ন্যায় তুমি যখন আমার প্রিয়তম ভর্ত্তাকে ভক্ষণ করিলে, তখন তুমিও আমার শাপে নষ্টজ্ঞান হইয়া, ঋতুকালে পত্নীর সহিত মিলিত হইয়া, তখনই জীবন ত্যাগ করিবে ॥১৮—১৯॥

স তে বংশকরঃ পুত্রো ভবিষ্যতি নৃপাধম ! ।
এবং শপ্ত্বা তু রাজানং সা তমাঙ্গিরসী শুভা ॥২১॥
তস্যৈব সন্নিধৌ দীপ্তং প্রবিবেশ হুতাশনম্ ।
বশিষ্ঠশ্চ মহাভাগঃ সর্ব্বমেতদবৈক্ষত ॥২২॥ (যুগ্মকম্)
জ্ঞানযোগেন মহতা তপসা স পরন্তপ ! ।
মুক্তশাপশ্চ রাজর্ষিঃ কালেন মহতা ততঃ ॥২৩॥
ঋতুকালেঽভিপতিতো মদয়ন্ত্যা নিবারিতঃ ।
নহি সস্মার স নৃপস্তং শাপং কামমোহিতঃ ॥২৪॥
দেব্যাঃ সোঽথ বচঃ শ্রুত্বা সম্ভ্রান্তো নৃপসত্তমঃ ।
তং শাপমনুসংস্মৃত্য পর্য্যতপ্যদ্ভৃশং তদা ॥২৫॥

ভারতকৌমুদী

যস্যেতি। তেন বশিষ্ঠেন সহ ॥২০॥

স ইতি। আঙ্গিরসী অঙ্গিরোগোত্রোৎপন্না। দীপ্তং প্রজ্বলিতম্। অবৈক্ষত ধ্যান-মহিম্না অবগতবান্ ॥২১—২২॥

জ্ঞানেতি। শাপেন শক্ত্রেরভিসম্পাতেন মুক্তঃ চকারাদ্বশিষ্ঠানুগ্রহেণ চ ॥২৩॥

ঋত্বিতি। অভিপতিতো রন্তুমুদ্যতঃ। মদয়ন্ত্যা তদাখ্যয়া ভার্য্যয়া ॥২৪॥

দেব্যা ইতি। দেব্যা মহিষ্যাঃ। সম্ভ্রান্তশ্চকিতঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

রাজ্ঞেতি ॥১॥ অগম্যা স্নুষাতুল্যত্বাৎ ॥২—৯॥ অকৃতার্থৌ অকৃতপুত্রত্বাৎ ॥১০—২৩॥ মদয়ন্ত্যা মহিষ্যা ॥২৪—২৬॥

ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৫॥

তা'র পর, যে বশিষ্ঠমুনির পুত্রগণকে তুমি বিনাশ করিয়াছ, সেই বশিষ্ঠের সহিত সঙ্গম করিয়াই তোমার স্ত্রী পুত্র জন্মাইবে ॥২০॥

এবং সেই পুত্রই তোমার বংশকর হইবে'। অঙ্গিরার গোত্রসম্ভূতা সেই ব্রাহ্মণী রাজাকে এই অভিসম্পাত করিয়া তাঁহার সমক্ষেই প্রজ্জ্বলিত অগ্নিতে প্রবেশ করিলেন। মহাত্মা বশিষ্ঠ এসমস্ত বিষয়ই ধ্যানে জানিতে পারিয়াছিলেন ॥২১—২২॥

তাহার বহুকাল পরে, জ্ঞান, যোগ, গুরুতর তপস্যা এবং বশিষ্ঠের অনুগ্রহে রাজর্ষি কল্মাষপাদ সেই শক্ত্রির শাপ হইতে মুক্তি লাভ করেন ॥২৩॥

তাহার পর, মহিষীর ঋতুসময়ে রাজা তাঁহার সহিত রমণ করিতে উদ্যত হন, তখন মহিষী বারণ করেন; তথাপি কামমোহিত রাজা সে শাপ স্মরণ করিলেন না ॥২৪॥

এতস্মাৎ কারণাদ্রাজা বশিষ্ঠং সম্ব্যযোজয়ৎ।
স্বদারেষু নরশ্রেষ্ঠ! শাপদোষসমন্বিতঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি চৈত্ররথে বাশিষ্ঠং সমাপ্তং নাম পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ

অর্জ্জুন উবাচ।

অস্মাকমনুরূপো বৈ যঃ স্যাদ্গন্ধর্ব্ব! বেদবিৎ।
পুরোহিতস্তমাচক্ষ্ব সর্ব্বং হি বিদিতং তব ॥১॥

গন্ধর্ব্ব উবাচ।

যবীয়ান্ দেবলস্যৈষ বনে ভ্রাতা তপস্যতি।
ধৌম্য উৎকোচকে তীর্থে তং বৃণুধ্বং যদীচ্ছথ ॥২॥

ভারতকৌমুদী

এতস্মাদিতি। শাপদোষসমন্বিতো ব্রাহ্মণীশাপগ্রস্ত এব ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

অস্মাকমিতি। অনুরূপঃ শুচিত্বাদিনা যোগ্যঃ। আচক্ষ্ব ব্রূহি ॥১॥

যবীয়ানিতি। যবীয়ান্ কনিষ্ঠঃ। উৎকোচকে তদাখ্যে ॥২॥

তদনন্তর মহিষীর কথা শুনিয়া রাজা চকিত হইলেন এবং সেই ব্রাহ্মণীর শাপ স্মরণ করিয়া অত্যন্ত অনুতাপ করিলেন ॥২৫॥

অর্জ্জুন! এই কারণেই সেই ব্রাহ্মণীর শাপগ্রস্ত রাজা আপন ভার্য্যার সহিত সঙ্গত হইবার জন্য বশিষ্ঠকে নিযুক্ত করিয়াছিলেন ॥২৬॥

অর্জ্জুন বলিলেন—'গন্ধর্ব্বরাজ! যিনি আমাদের উপযুক্ত পুরোহিত হইতে পারেন, তাঁহার বিষয় তুমি বল। কেন না, তোমারও সমস্তই জানা আছে ॥১॥

গন্ধর্ব্ব কহিল—'অর্জ্জুন! দেবলের কনিষ্ঠ ভ্রাতা ধৌম্য উৎকোচকতীর্থে তপোবনে থাকিয়া তপস্যা করিতেছেন; যদি তোমরা ইচ্ছা কর, তবে তাঁহাকেই যাইয়া পৌরোহিত্যে বরণ কর' ॥২॥

* '...অশীত্যধিকঃ...' '...ত্র্যশীত্যধিকঃ...' '...ত্র্যশীত্যধিকঃ...' '...অষ্টনবত্যধিকঃ...' ইতি পাঠান্তরাণি।

বৈশম্পায়ন উবাচ।

ততোঽর্জ্জুনোঽস্ত্রমাগ্নেয়ং প্রদদৌ তদ্যথাবিধি।
গন্ধর্ব্বায় তদা প্রীতো বচনঞ্চেদমব্রবীৎ ॥৩॥
ত্বয্যেব তাবত্তিষ্ঠন্তু হয়া গন্ধর্ব্বসত্তম!।
কার্য্যকালে গ্রহীষ্যামঃ স্বস্তি তেঽস্ত্বিতি চাব্রবীৎ ॥৪॥
তেঽন্যোন্যমভিসম্পূজ্য গন্ধর্ব্বঃ পাণ্ডবাশ্চ হ।
রম্যাদ্ভাগীরথীতীরাদ্যথাকামং প্রতস্থিরে ॥৫॥
তত উৎকোচকং তীর্থং গত্বা ধৌম্যাশ্রমন্তু তে।
তং বব্রুঃ পাণ্ডবা ধৌম্যং পৌরোহিত্যায় ভারত! ॥৬॥
তান্ ধৌম্যঃ প্রতিজগ্রাহ সর্ববেদবিদাং বরঃ।
বন্যেন ফলমূলেন পৌরোহিত্যেন চৈব হ ॥৭॥
তে সমাশংসিরে লব্ধাং শ্রিয়ং রাজ্যঞ্চ পাণ্ডবাঃ।
ব্রাহ্মণং তং পুরস্কৃত্য পাঞ্চালীঞ্চ স্বয়ংবরে ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ গন্ধর্ব্বজয়হেতুভূতম্ ॥৩॥

ত্বয়ীতি। হয়াঃ ত্বয়া মহ্যং দাতুমিষ্টা অশ্বাঃ। স্বস্তি মঙ্গলম্ ॥৪॥

ত ইতি। অভিসম্পূজ্য নমস্কারাদিনা সম্মান্য ॥৫॥

তত ইতি। তীর্থং তত্রত্যং ধৌম্যাশ্রমঞ্চ গত্বেত্যর্থঃ ॥৬॥

তানিতি। বন্যেন ফলমূলেনাতিথিতয়া প্রতিজগ্রাহ আদদ্রে; পৌরোহিত্যেন তদঙ্গীকারেণ চ প্রতিজগ্রাহ স্বীচকার আত্মীয়ীচকারেত্যর্থঃ ॥৭॥

ত ইতি। রাজ্যঞ্চ লব্ধম্, পাঞ্চালীঞ্চ লব্ধাম্, সমাশংসিরে আশাবিষয়ীচক্রুঃ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন গন্ধর্ব্বকে যথাবিধানে সেই আগ্নেয় অস্ত্র দান করিলেন এবং সন্তুষ্টচিত্তে এই কথা কহিলেন—॥৩॥

'গন্ধর্ব্বরাজ! সেই ঘোড়াগুলি তোমার কাছেই থা'ক্, আমরা যথাসময়ে সে গুলি লইব। তোমার মঙ্গল হউক' একথাও বলিলেন ॥৪॥

তাহার পর, গন্ধর্ব্ব ও পাণ্ডবগণ পরস্পর সম্মান দেখাইয়া সেই মনোহর গঙ্গাতীর হইতে ইচ্ছানুসারে প্রস্থান করিলেন ॥৫॥

তদনন্তর পাণ্ডবেরা উৎকোচকতীর্থে ধৌম্যের আশ্রমে যাইয়া সেই ধৌম্যকেই পৌরোহিত্যে বরণ করিলেন ॥৬॥

সর্ব্ববেদজ্ঞশ্রেষ্ঠ ধৌম্যও বন্য ফল-মূল দ্বারা তাঁহাদিগকে অতিথিরূপে গ্রহণ করিলেন এবং পৌরোহিত্য স্বীকার করিয়া আত্মীয়তা স্থাপন করিলেন ॥৭॥

পুরোহিতেন তেনাথ গুরুণা সঙ্গতাস্তদা।
নাথবন্তমিবাত্মানং মেনিরে ভরতর্ষভাঃ ॥৯॥
স হি বেদার্থতত্ত্বজ্ঞস্তেষাং গুরুরুদারধীঃ।
তেন ধর্ম্মবিদা পার্থা যাজ্যা ধর্ম্মবিদঃ কৃতাঃ ॥১০॥
বীরাংস্তু স হি তান্ মেনে প্রাপ্তরাজ্যান্ স্বধর্ম্মতঃ।
বুদ্ধি-বীর্য্য-বলোৎসাহৈর্যুক্তান্ দেবানিব দ্বিজঃ ॥১১॥
কৃতস্বস্ত্যয়নাস্তেন ততস্তে মনুজাধিপাঃ।
মেনিরে সহিতা গন্তুং পাঞ্চাল্যাস্তং স্বয়ংবরম্ ॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি চৈত্ররথে ধৌম্যপুরোহিতকরণং নাম ষট্সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুরোহিতেনেতি। সঙ্গতাঃ সম্মিলিতাঃ। নাথবন্তম্ অভিভাবকবন্তম্ ॥৯॥
স ইতি। গুরুঃ অভূৎ। পরঞ্চ তেন গুরুণা ধৌম্যেন ॥১০॥
বীরানিতি। বীর্য্যং দৈহিকং সামর্থ্যম্, বলঞ্চ মানসং সামর্থ্যম্ ॥১১॥
কৃতেতি। কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলসাধকং দেবপূজাদি যৈস্তে। মেনিরে ঈষুঃ ॥১২॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি চৈত্ররথে ষট্সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অস্মাকমিতি ॥১—৬॥ প্রতিজগ্রাহ অঙ্গীচকার ॥৭॥ পাঞ্চালীঞ্চ লব্ধামাশংসিরে ॥৮—১২॥
ইতি আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৬॥

পাণ্ডবগণ সেই ব্রাহ্মণকে পুরোহিত পাইয়া রাজ্য, রাজলক্ষ্মী এবং স্বয়ংবরে দ্রৌপদীকে লাভ করিয়াছেন বলিয়া আশা করিতে লাগিলেন ॥৮॥

এবং তাঁহারা তখন উপদেষ্টা ধৌম্য পুরোহিতের সহিত মিলিত হইয়া আপনাদিগকে অভিভাবকশালী বলিয়া মনে করিতে থাকিলেন ॥৯॥

বেদজ্ঞ এবং উদারবুদ্ধি ধৌম্য পাণ্ডবদের পুরোহিত হইয়া তাঁহাদিগকে ক্রমশঃ ধর্ম্মজ্ঞ করিয়া তুলিবার চেষ্টা করিতে লাগিলেন ॥১০॥

আর, দেবতার ন্যায় দৈহিক বল, মানসিক বল ও উৎসাহশালী মহাবীর পাণ্ডবগণ ধর্ম্ম অনুসারেই রাজ্য লাভ করিয়াছেন বলিয়া ধৌম্য মনে করিতে থাকিলেন ॥১১॥

তাহার পর, পাণ্ডবগণ স্বস্ত্যয়ন করিয়া ধৌম্য পুরোহিতের সহিতই দ্রৌপদীর স্বয়ংবরে যাইবার ইচ্ছা করিলেন ॥১২॥

* '...একাশীত্যধিকঃ...' '...ত্র্যশীত্যধিকঃ...' '...চতুরশীত্যধিকঃ...' '.. একোনদ্বিশততমঃ.. ' ইতি পাঠান্তরাণি।

বৈশম্পায়ন উবাচ।

ততোঽর্জ্জুনোঽস্ত্রমাগ্নেয়ং প্রদদৌ তদ্যথাবিধি।
গন্ধর্ব্বায় তদা প্রীতো বচনঞ্চেদমব্রবীৎ ॥৩॥
ত্বয্যেব তাবত্তিষ্ঠন্তু হয়া গন্ধর্ব্বসত্তম!।
কার্য্যকালে গ্রহীষ্যামঃ স্বস্তি তেঽস্ত্বিতি চাব্রবীৎ ॥৪॥
তেঽন্যোন্যমভিসম্পূজ্য গন্ধর্ব্বঃ পাণ্ডবাশ্চ হ।
রম্যাদ্ভাগীরথীতীরাদ্যথাকামং প্রতস্থিরে ॥৫॥
তত উৎকোচকং তীর্থং গত্বা ধৌম্যাশ্রমন্তু তে।
তং বব্রুঃ পাণ্ডবা ধৌম্যং পৌরোহিত্যায় ভারত! ॥৬॥
তান্ ধৌম্যঃ প্রতিজগ্রাহ সর্ববেদবিদাং বরঃ।
বন্যেন ফলমূলেন পৌরোহিত্যেন চৈব হ ॥৭॥
তে সমাশংসিরে লব্ধাং শ্রিয়ং রাজ্যঞ্চ পাণ্ডবাঃ।
ব্রাহ্মণং তং পুরস্কৃত্য পাঞ্চালীঞ্চ স্বয়ংবরে ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ গন্ধর্ব্বজয়হেতুভূতম্ ॥৩॥

ত্বয়ীতি। হয়াঃ ত্বয়া মহ্যং দাতুমিষ্টা অশ্বাঃ। স্বস্তি মঙ্গলম্ ॥৪॥

ত ইতি। অভিসম্পূজ্য নমস্কারাদিনা সম্মান্য ॥৫॥

তত ইতি। তীর্থং তত্রত্যং ধৌম্যাশ্রমঞ্চ গত্বেত্যর্থঃ ॥৬॥

তানিতি। বন্যেন ফলমূলেনাতিথিতয়া প্রতিজগ্রাহ আদদ্রে; পৌরোহিত্যেন তদঙ্গীকারেণ চ প্রতিজগ্রাহ স্বীচকার আত্মীয়ীচকারেত্যর্থঃ ॥৭॥

ত ইতি। রাজ্যঞ্চ লব্ধম্, পাঞ্চালীঞ্চ লব্ধাম্, সমাশংসিরে আশাবিষয়ীচক্রুঃ ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন গন্ধর্ব্বকে যথাবিধানে সেই আগ্নেয় অস্ত্র দান করিলেন এবং সন্তুষ্টচিত্তে এই কথা কহিলেন—॥৩॥

'গন্ধর্ব্বরাজ! সেই ঘোড়াগুলি তোমার কাছেই থা'ক্, আমরা যথাসময়ে সে গুলি লইব। তোমার মঙ্গল হউক' একথাও বলিলেন ॥৪॥

তাহার পর, গন্ধর্ব্ব ও পাণ্ডবগণ পরস্পর সম্মান দেখাইয়া সেই মনোহর গঙ্গাতীর হইতে ইচ্ছানুসারে প্রস্থান করিলেন ॥৫॥

তদনন্তর পাণ্ডবেরা উৎকোচকতীর্থে ধৌম্যের আশ্রমে যাইয়া সেই ধৌম্যকেই পৌরোহিত্যে বরণ করিলেন ॥৬॥

সর্ব্ববেদজ্ঞশ্রেষ্ঠ ধৌম্যও বন্য ফল-মূল দ্বারা তাঁহাদিগকে অতিথিরূপে গ্রহণ করিলেন এবং পৌরোহিত্য স্বীকার করিয়া আত্মীয়তা স্থাপন করিলেন ॥৭॥

সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে নরশার্দ্দূলা ভ্রাতরঃ পঞ্চ পাণ্ডবাঃ।
প্রযযুর্দ্রৌপদীং দ্রষ্টুং তঞ্চ দেশং মহোৎসবম্ ॥১॥
তে প্রয়াতা নরব্যাঘ্রা সহ মাত্রা পরন্তপাঃ।
ব্রাহ্মণান্ দদৃশুর্মার্গে গচ্ছতঃ সঙ্গতান্ বহূন্ ॥২॥
ত উচুর্ব্রাহ্মণা রাজন্! পাণ্ডবান্ ব্রহ্মচারিণঃ।
ক্ব ভবন্তো গমিষ্যন্তি কুতো বাভ্যাগতা ইহ ॥৩॥

যুধিষ্ঠির উবাচ।

আগতানেকচক্রায়াঃ সোদর্য্যানেকচারিণঃ।
ভবন্তো বৈ বিজানন্তু সহ মাত্রা দ্বিজর্ষভাঃ! ॥৪॥

ব্রাহ্মণা উচুঃ।

গচ্ছতাদ্যৈব পাঞ্চালান্ দ্রুপদস্য নিবেশনে।
স্বয়ংবরো মহাংস্তত্র ভবিতা সুমহাধনঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহান্ উৎসবো যত্র তম্, তং দ্রৌপদীসম্বন্ধিনং দেশঞ্চ দ্রষ্টুম্ ॥১॥
ত ইতি। প্রয়াতাঃ প্রয়ান্ত ইত্যর্থঃ। সঙ্গতান্ সম্মিলিতান্ ॥২॥
ত ইতি। ব্রহ্মচারিণো ব্রহ্মচারিবেশধরান্ ॥৩॥
আগতানিতি। সোদর্য্যান্ ভ্রাতৄনিত্যর্থঃ। একং সহিতং চরন্তীতি তান্ ॥৪॥
গচ্ছতেতি। সুমহান্তি বাণীভূতানি ধনানি ব্যয়োন্মুখানি যত্র সঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা পাঁচ ভাই দ্রৌপদীকে এবং মহোৎসবসম্পন্ন সেই দেশটীকে দেখিবার জন্য প্রস্থান করিলেন ॥১॥

মনুষ্যশ্রেষ্ঠ মহাবীর পাণ্ডবগণ কুন্তীর সহিত যাইতে থাকিয়া, পথে সম্মিলিত অবস্থায় বহু ব্রাহ্মণকে যাইতে দেখিলেন ॥২॥

মহারাজ! তখন সেই ব্রাহ্মণেরা ব্রহ্মচারি-বেশধারী পাণ্ডবগণকে বলিলেন—'আপনারা কোথায় যাইবেন? কোথা হইতেই বা আসিলেন?' ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনারা ইহাই জানুন যে, আমরা পাঁচ ভাই মাতার সহিত এক সঙ্গে একচক্রানগরী হইতে আসিয়াছি' ॥৪॥

একসার্থং প্রয়াতাঃ স্ম বয়ং তত্রৈব গামিনঃ।
তত্র হ্যদ্ভুতসঙ্কাশো ভবিতা সুমহোৎসবঃ ॥৬॥
যজ্ঞসেনস্য দুহিতা দ্রুপদস্য মহাত্মনঃ।
বেদীমধ্যাৎ সমুৎপন্না পদ্মপত্রনিভেক্ষণা ॥৭॥
দর্শনীয়াঽনবদ্যাঙ্গী সুকুমারী মনস্বিনী।
ধৃষ্টদ্যুম্নস্য ভগিনী দ্রোণশত্রোঃ প্রতাপিনঃ ॥৮॥ (যুগ্মকম্)
যো জাতঃ কবচী খড়্গী সশরঃ সশরাসনঃ।
সুসমিদ্ধে মহাবাহুঃ পাবকে পাবকোপমঃ ॥৯॥
স্বসা তস্যানবদ্যাঙ্গী দ্রৌপদী তনুমধ্যমা।
নীলোৎপলসমো গন্ধো যস্যাঃ ক্রোশাৎ প্রবাতি বৈ ॥১০॥
যজ্ঞসেনস্য চ সুতাং স্বয়ংবরকৃতক্ষণাম্।
গচ্ছামো বৈ বয়ং দ্রষ্টুং তঞ্চ দিব্যং মহোৎসবম্ ॥১১॥

ভারতকৌমুদী

একেতি। একে একত্র মিলিতাঃ সার্থাঃ সমানপ্রয়োজনা যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৬॥
যজ্ঞেতি। বেদীমধ্যাৎ যজ্ঞীয়বেদীতঃ। অনবদ্যাঙ্গী অনিন্দ্যসর্ব্বাবয়বা ॥৭-৮॥
ধৃষ্টদ্যুম্নং বিশিনষ্টি য ইতি। সুসমিদ্ধে প্রজ্বলিতে। পাবকে বহ্নৌ ॥৯॥
স্বসেতি। স্বসা একাগ্নিতো জাতত্বাদ্ভগিনী। তনুমধ্যমা কৃশকটীদেশা ॥১০॥
যজ্ঞেতি। স্বয়মাত্মনৈব বরে বরনির্দ্ধারণে কৃতঃ ক্ষণ ঔৎসুক্যং যয়া তাম্ ॥১১॥

ব্রাহ্মণেরা বলিলেন—'আপনারা অদ্যই পাঞ্চালদেশে গমন করুন; সেখানে দ্রুপদ রাজার বাড়ীতে বহু ব্যয়ে বিশাল একটি স্বয়ংবরসভা হইবে ॥৫॥

আমরাও একসঙ্গে মিলিয়া সেইখানেই যাইতেছি। কেন না, সেখানে একটী অদ্ভুত মহোৎসব হইবে ॥৬॥

মহাত্মা দ্রুপদ রাজার কন্যা পদ্মনয়না দ্রৌপদী যজ্ঞবেদী হইতে উৎপন্ন হইয়াছিলেন। আর তিনি প্রশস্তহৃদয় এবং দ্রোণশত্রু প্রতাপশালী ধৃষ্টদ্যুম্নের ভগিনী ॥৭—৮॥

যে মহাবীর ধৃষ্টদ্যুম্ন কবচ, তরবারি, ধনু ও বাণ ধারণ করিয়া প্রজ্বলিত যজ্ঞাগ্নি হইতে অগ্নির তুল্য উৎপন্ন হইয়াছিলেন ॥৯॥

অনিন্দ্যসুন্দরী ক্ষীণমধ্যা দ্রৌপদী সেই ধৃষ্টদ্যুম্নেরই ভগিনী, যাঁহার নীলোৎপলতুল্য শরীরের গন্ধ এক ক্রোশ দূর হইতে বহিত হইয়া থাকে ॥১০॥

সেই দ্রুপদকন্যা নিজেই বর নির্ব্বাচনের জন্য উৎসুক হইয়াছেন; তাঁহাকে দেখিবার জন্য এবং সেই মহোৎসব প্রত্যক্ষ করিবার জন্য আমরা যাইতেছি ॥১১॥

কৃতে বিবাহে দ্রুপদো ধনং দদৌ মহারথেভ্যো বহুরূপমুত্তমম্।
শতং রথানাং বরহেমমালিনাং চতুর্যুজাং হেমখলীনশালিনাম্ ॥২৪॥
শতং গজানামপি পদ্মিনাং তথা শতং গিরীণামিব হেমশৃঙ্গিণাম্।
তথৈব দাসীশতমগ্র্যযৌবনং মহার্হবেশাভরণাম্বরস্রজম্ ॥২৫॥

ভারতকৌমুদী

অথ কৃষ্ণায়াঃ পাণ্ডবেষু প্রত্যেকং কীদৃশঃ সম্বন্ধ আসীদিত্যাহ পতীতি। অত্র শ্বশুরপদং শ্বশুরবন্মাননীয়ত্বাৎ পত্যুর্জ্যেষ্ঠভ্রাতৃপরম্। স চ ভ্রাতৃশ্বশুর ইত্যুচ্যতে দায়ভাগাদিষু তথা দর্শনাৎ। দেবরপদঞ্চ পত্যুঃ কনিষ্ঠভ্রাতৃপরম্। তথা চ জ্যেষ্ঠে যুধিষ্ঠিরে, পাঞ্চাল্যা দ্রৌপদ্যাঃ, পতিশ্বশুরতা পরিণয়াৎ পতিত্বং পতিভূতভীমাদিজ্যেষ্ঠভ্রাতৃত্বাচ্চ ভ্রাতৃশ্বশুরতা, ন পুনর্দেবরত্বং কুতোঽপি, তস্য সর্ব্বজ্যেষ্ঠত্বাৎ। অনুজে কনিষ্ঠে সহদেবে, পতিদেবরতা পরিণয়াৎ পতিত্বম্, পতিভূতভীমাদিকনিষ্ঠভ্রাতৃত্বাচ্চ দেবরত্বম্, ন পুনর্ভ্রাতৃশ্বশুরত্বং কুতোঽপি, তস্য সর্ব্বকনিষ্ঠত্বাৎ। মধ্যমেষু চ ত্রিষু ভীমার্জ্জুননকুলেষু, ত্রিতয়ং ত্রিতয়ম্—পতিত্বং ভ্রাতৃশ্বশুরত্বং দেবরত্বঞ্চেতি ত্রয়ং ত্রয়মেবাসীৎ। তথা চ ভীমে পরিণয়াৎ পতিত্বম্, অর্জ্জুনাদ্যপেক্ষয়া জ্যেষ্ঠত্বাদ্ভ্রাতৃশ্বশুরত্বম্, যুধিষ্ঠিরতঃ কনিষ্ঠভ্রাতৃত্বাচ্চ দেবরত্বমিতি। এবমর্জ্জুননকুলয়োরপ্যূহ্যম্ ॥২৩।

কৃত ইতি। মহারথেভ্যঃ পাণ্ডবেভ্যঃ। চতুর্যুজাম্ অশ্বচতুষ্টয়যুক্তানাম্, হেমখলীনৈঃ সুবর্ণকবিকাভিঃ শালন্ত ইতি তেষাম্। "কবিকা তু খলীনোঽস্ত্রী" ইত্যমরঃ ॥২৪॥

শতমিতি। পদ্মিনাং পদ্মাকারশিরোভূষণযুক্তানাম্। হেমশৃঙ্গিণাং স্বর্ণময়শিখরশালিনাম্ গিরীণাং পর্ব্বতানামিব। অগ্র্যাণি উত্তমানি যৌবনানি যস্য তৎ। দদাবিত্যনুকর্ষঃ। স্রকৃশব্দাদৎপ্রত্যয় আর্ষঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তপঃ ॥২—৭॥ পৌষ্যং পুষ্যত্যনেনেতি তৎ ন তু পুষ্যং তস্যাবৈবাহিকত্বাৎ, পৌষ্পমিতি পাঠে পুষ্পায় হিতং বহুসম্মতিপ্রদমিত্যর্থঃ। হে আর্য্য! হে জ্যেষ্ঠ! ॥৮—২৩॥ চতুর্যুজামশ্বচতুষ্টয়যুজাম্, হেমময়ং খলীনমশ্বমুখস্থং নিয়ামকং "লগাম" ইতি ভাষয়া প্রসিদ্ধম্, রথপ্রসঙ্গাৎ

যুধিষ্ঠির দ্রৌপদীর পতি ও কেবল ভাসুর হইলেন এবং সহদেব তাঁহার পতি ও কেবল দেবর হইলেন, আর ভীম, অর্জ্জুন ও নকুল ইঁহারা প্রত্যেকেই তাঁহার পতি, ভাসুর ও দেবর হইলেন ॥২৩॥

বিবাহ হইয়া গেলে, দ্রুপদ রাজা পাণ্ডবগণকে নানাবিধ উৎকৃষ্ট ধন এবং এক শত রথ যৌতুক দিলেন; তাহার প্রত্যেক রথে সোণার ঝালর ও সোণার লাগামযুক্ত চারিটী করিয়া অশ্ব ছিল ॥২৪॥

স্বর্ণময়-শৃঙ্গযুক্ত এক শত পর্ব্বতের ন্যায় স্বর্ণভূষিত এক শত হস্তী এবং

(২৪)···হেমখলীনমালিনাম্।

পৃথক্ পৃথগ্ দিব্যদৃশাং পুনর্দদৌ তদা ধনং সৌমকিরগ্নিসাক্ষিকম্।
তথৈব বস্ত্রাণি বিভূষণানি প্রভাবযুক্তানি মহানুভাবঃ ॥২৬॥
কৃতে বিবাহে তু ততস্তু পাণ্ডবাঃ প্রভূতরত্নামুপলভ্য তাং শ্রিয়ম্।
বিজহ্রুরিন্দ্রপ্রতিমা মহাবলাঃ পুরে তু পাঞ্চালনৃপস্য তস্য হ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি বৈবাহিকে দ্রৌপদীবিবাহে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ভারতকৌমুদী

পৃথগিতি। দিব্যদৃশাং সুন্দরনয়নানাং দাসীনাং শতমিত্যনুকর্ষঃ। সৌমকিদ্রুপদঃ ॥২৬॥

কৃত ইতি। প্রভূতানি প্রচুরাণি রত্নালঙ্কারা যস্যাস্তাম্, শ্রিয়ং স্বর্গশ্রিয়োঽবতারভূতাং দ্রৌপদীম্। ইন্দ্রপ্রতিমা ইন্দ্রতুল্যাঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্বণি বৈবাহিকে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

— * —

ভারতভাবদীপঃ

বা খলীনং যুগং তেন মালিনাম্ যুক্তানিত্যর্থঃ ॥২৪॥ পদ্মানি গজোত্তমলক্ষণানি তদ্বতাং পদ্মিনাম্, শ্রীমতাং বা। যদ্বা হেমশৃঙ্গিণামিতি দৃষ্টান্তানুগুণ্যাৎ পদ্মাকারং গজপল্যাণমষ্টকোণমষ্টস্তম্ভং শিখরকলশাদিযুক্তং তদ্বতাম্ ॥২৬--২৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯১॥

—:০:—

মহামূল্য বেশ, আভরণ, বস্ত্র ও মাল্যযুক্ত পূর্ণযুবতি এক শত দাসী দান করিলেন ॥২৫॥

আর, মহাত্মা দ্রুপদ রাজা অগ্নিকে সাক্ষী করিয়া পাণ্ডবগণের প্রত্যেককেই পৃথক্ পৃথক্ ভাবে সুনয়না অনেক দাসী, প্রচুর ধন, মহামূল্য বস্ত্র ও অলঙ্কার দান করিলেন। ২৬॥

বিবাহ হইয়া গেলে, ইন্দ্রতুল্য বলবান্ পাণ্ডবগণ প্রচুর রত্নালঙ্কারে অলঙ্কৃতা স্বর্গলক্ষ্মীরূপা সেই দ্রৌপদীকে লইয়া দ্রুপদের পুরে বিহার করিতে লাগিলেন ॥২৭॥

—:০:—

* '...ষণ্ণবত্যধিকঃ...', '...অষ্টনবত্যধিকঃ...', '...দ্বিশততমঃ...', '...পঞ্চদশাধিকদ্বিশততমঃ...' ইতি পাঠভেদাঃ।

অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——:•:——

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তাঃ প্রয়াতাস্তে পাণ্ডবা জনমেজয়!।
রাজ্ঞা দক্ষিণপাঞ্চালান্ দ্রুপদেনাভিরক্ষিতান্ ॥১॥
ততস্তে তু মহাত্মানং শুদ্ধাত্মানমকল্মষম্।
দদৃশুঃ পাণ্ডবা বীরা মুনিং দ্বৈপায়নং তদা ॥২॥
তস্মৈ যথাবৎ সৎকারং কৃত্বা তেন চ সৎকৃতাঃ।
কথান্তে চাভ্যনুজ্ঞাতাঃ প্রযযুর্দ্রুপদক্ষয়ম্ ॥৩॥
পশ্যন্তো রমণীয়ানি বনানি চ সরাংসি চ।
তত্র তত্র বসন্তশ্চ শনৈর্জগ্মুর্মহারথাঃ ॥৪॥
স্বাধ্যায়বন্তঃ শুচয়ো মধুরাঃ প্রিয়বাদিনঃ।
আনুপূর্ব্ব্যেণ সম্প্রাপ্তাঃ পাঞ্চালান্ পাণ্ডুনন্দনাঃ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্রাহ্মণৈরেবমুক্তাঃ। প্রয়াতাঃ প্রস্থিতাঃ ॥১॥
তত ইতি। শুদ্ধাত্মানং পবিত্রচিত্তম্, অকল্মষং তপসা নির্ধূতপাপম্ ॥২॥
তস্মা ইতি। সৎকারং নমস্কারম্। সৎকৃতা আদৃতাঃ। দ্রুপদস্য ক্ষয়ং ভবনম্ ॥৩॥
পশ্যন্ত ইতি। তত্র তত্র বনেষু সরঃসু চ। মহারথাঃ পাণ্ডবাঃ ॥৪॥
স্বেতি। স্বাধ্যায়বন্তঃ কৃতবেদপাঠাঃ। মধুরা মনোহরাকৃতয়ঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, পাণ্ডবগণ দ্রুপদরক্ষিত দক্ষিণ পাঞ্চালদেশের দিকে প্রস্থান করিলেন ॥১॥

তাহার পর, তাঁহারা পবিত্রচিত্ত ও নিষ্পাপ মহাত্মা বেদব্যাসকে দেখিতে পাইলেন ॥২॥

তখন পাণ্ডবেরা বেদব্যাসকে নমস্কার করিলে, তিনিও তাঁহাদের আদর করিলেন। তৎপরে দুই চারিটী কথার পর বেদব্যাসের অনুমতিক্রমে পাণ্ডবেরা দ্রুপদনগরের দিকে প্রস্থান করিলেন ॥৩॥

তাঁহারা পথে মনোহর বন ও সরোবর দেখিতে থাকিয়া এবং সেই সেই স্থানে কিছু কাল কিছু কাল অবস্থান করিয়া ধীরে ধীরে যাইতে লাগিলেন ॥৪॥

বেদপাঠী, পবিত্রচিত্ত, মনোহরাকৃতি এবং প্রিয়বাদী পাণ্ডবগণ ক্রমে পাঞ্চালদেশে যাইয়া উপস্থিত হইলেন ॥৫॥

তে তু দৃষ্ট্বা পুরং তচ্চ স্কন্ধাবারঞ্চ পাণ্ডবাঃ।
কুম্ভকারস্য শালায়াং নিবাসং চক্রিরে তদা ॥৬॥
তত্র ভৈক্ষ্যং সমাজহ্রুর্ব্রাহ্মণীং বৃত্তিমাশ্রিতাঃ।
তান্ সম্প্রাপ্তাংস্তথা বীরান্ জজ্ঞিরে ন নরাঃ ক্বচিৎ ॥৭॥
যজ্ঞসেনস্য কামস্তু পাণ্ডবায় কিরীটিনে।
কৃষ্ণাং দদ্যামিতি সদা ন চৈতদ্বিবৃণোতি সঃ ॥৮॥
সোঽন্বেষমাণঃ কৌন্তেয়ং পাঞ্চাল্যো জনমেজয়!।
দৃঢ়ং ধনুরনানম্যং কারয়ামাস ভারত! ॥৯॥
যন্ত্রং বৈহায়সঞ্চাপি কারয়ামাস কৃত্রিমম্।
তেন যন্ত্রেণ সমিতং রাজা লক্ষ্যং চকার সঃ ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। স্কন্ধং সৈন্যব্যূহম্ আবৃণোতীতি স্কন্ধাবারঃ সেনানিবাসস্তম্ ॥৬॥

তত্রেতি। ব্রাহ্মণীং বৃত্তিমাশ্রিতাঃ, আপদি সর্ব্বেষামেব বৃত্ত্যন্তরবিধানাৎ ॥৭॥

যজ্ঞেতি। কিরীটিনে অর্জ্জুনায়। কৃষ্ণাং দ্রৌপদীম্। বিবৃণোতি লোকায় প্রকাশয়তি স্ম ॥৮॥

স ইতি। স দ্রুপদঃ, কৌন্তেয়ং দ্রোণেনাস্ত্রপরাজয়কালে পরীক্ষিতশক্তিকমর্জ্জুনম্। আনম্যম্ অন্যৈরানময়িতুমশক্যম্। অর্জ্জুনসদৃশপুরুষস্য গৃহদাহেন দাহঃ খল্বসম্ভব এব। তেন চাসৌ কুত্রাপি প্রচ্ছন্নস্তিষ্ঠেৎ ইমং স্বয়ংবরবৃত্তান্তং শ্রুত্বা চাগচ্ছেৎ স এব চেদং ধনুরানময়েৎ লক্ষ্যঞ্চ বিধ্যেৎ। এবঞ্চার্জ্জুনায় কৃষ্ণাদানং সিধ্যতীতি বিভাব্য দ্রুপদেনেদং কৃতমিতি বোধ্যম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ স্কন্ধাবারং রাজগৃহপ্রাকারং লোকসমূহস্থানং বা। "স্কন্ধঃ স্যান্নৃপতাবংসে সাম্পরায়সমূহয়োঃ" ইতি মেদিনী ॥৬॥ ন জজ্ঞিরে ন জ্ঞাতবন্তঃ ॥৭—৮॥ অনানম্যং নময়িতুমশক্যম্ ॥৯॥ বৈহায়সমন্তরিক্ষগতম্। যন্ত্রং তীব্রবেগবত্তয়া ভ্রমণেন লক্ষ্যমার্গ-

প্রথমে তাঁহারা রাজধানী এবং সেনানিবাস সকল দেখিয়া কোন কুম্ভকারের বাড়ী যাইয়া বাস করিতে লাগিলেন ॥৬॥

সেখানে তাঁহারা ব্রাহ্মণের বৃত্তি অবলম্বন করিয়া ভিক্ষা করিয়া খাইতে লাগিলেন; সুতরাং তত্রত্য লোকেরা কখনও তাঁহাদিগকে চিনিতে পারিল না ॥৭॥

দ্রুপদ রাজার সর্ব্বদাই এইরূপ ইচ্ছা ছিল যে, 'পাণ্ডুনন্দন অর্জ্জুনের হস্তে দ্রৌপদীকে দান করিব; কিন্তু তিনি এ ইচ্ছা ব্যক্ত করেন নাই ॥৮॥

সেই নিমিত্তই তিনি অর্জ্জুনকে অনুসন্ধান করিয়া বাহির করিবার জন্য এমন একখানি ধনু নির্ম্মাণ করাইলেন, যাহা অন্যে নোয়াইতে পারিবে না ॥৯॥

দ্রুপদ উবাচ।

ইদং সজ্যং ধনুঃ কৃত্বা সজ্জৈরেভিশ্চ সায়কৈঃ।
অতীত্য লক্ষ্যং যো বেদ্ধা স লব্ধা মৎসুতামিতি ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

ইতি স দ্রুপদো রাজা স্বয়ংবরমঘোষয়ৎ।
তচ্ছ্রুত্বা পার্থিবাঃ সর্বে সমীয়ুস্তত্র ভারত! ॥১২॥
ঋষয়শ্চ মহাত্মানঃ স্বয়ংবরদিদৃক্ষবঃ।
দুর্য্যোধনপুরোগাশ্চ সকর্ণাঃ কুরবো নৃপ! ॥১৩॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণাশ্চ মহাভাগা দেশেভ্যঃ সমুপাগমন্।
ততোঽর্চ্চিতা রাজগণা দ্রুপদেন মহাত্মনা ॥১৪॥

ভারতকৌমুদী

যন্ত্রমিতি। বিহায়সি আকাশে স্থিতমিতি বৈহায়সম্। সমিতং সংলগ্নম্ ॥১০॥
ইদমিতি। সজ্যম্ আরোপিতগুণকম্। অতীত্য অধঃস্থিতং যন্ত্রমতিক্রম্য ॥১১॥
ইতীতি। স্বয়ংবরে কন্যার্থিভিঃ কর্ত্তব্যম্। কর্ণেন সহেতি সকর্ণাঃ ॥১২—১৩॥
ব্রাহ্মণা ইতি। অর্চ্চিতা অন্নপানাদ্যৈঃ সৎকৃতাঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সঙ্কোচকমন্তরাবদ্ধম্। সমিতং যন্ত্রচ্ছিদ্রদ্বারোপলক্ষিতম্, লক্ষ্যমপি বৈহায়সমিত্যর্থঃ। অস্ত্রশিক্ষায়ামেকেনার্জ্জুনেনৈব চললক্ষ্যপাতনং কৃতম্, অতঃ স এব চলযন্ত্রদ্বারা লক্ষ্যং ভেৎস্যতি নান্য ইতি তদন্বেষণায়ায়ং যত্নো দ্রুপদেন কৃতঃ। যদ্যপি কর্ণস্যাপ্যেতৎ সুকরং তথাপি হীনকুলত্বাৎ স সুপরিহর ইতি ভাবঃ ॥১০॥ সজ্যং ধনুঃ কৃত্বা ইদং যন্ত্রমতীত্য লক্ষ্যং যো বেদ্ধা বেদ্ধুং সমর্থঃ ॥১১—১৪॥ উপোপবিষ্টাঃ পাদপূরণার্থা উপেত্যস্যাবৃত্তিঃ, "প্রসমুপোদঃ

আর, তিনি আকাশে একটি কৃত্রিম যন্ত্র নির্ম্মাণ করাইলেন এবং তাহার উপরিভাগে তৎসংলগ্নভাবে একটি লক্ষ্যও তৈয়ারী করাইলেন ॥১০॥

তাহার পর দ্রুপদ বলিলেন—'যিনি এই ধনুতে গুণারোপণ করিয়া এই বাণ কয়টী দ্বারা যন্ত্র অতিক্রমপূর্ব্বক এই লক্ষ্য বেধ করিতে পারিবেন, তিনিই আমার কন্যা লাভ করিবেন' ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রুপদ রাজা এই ভাবে স্বয়ংবরে কন্যাপ্রার্থীদের কর্ত্তব্য ঘোষণা করিলেন; তাহা শুনিয়া অন্যান্য রাজারা, কর্ণের সহিত দুর্য্যোধনপ্রভৃতি কুরুবংশীয়েরা এবং স্বয়ংবরদর্শনার্থী ঋষিরা সেখানে আসিলেন ॥১২—১৩॥

নানাদেশ হইতে ব্রাহ্মণেরাও দেখিতে আসিলেন। তাহার পর দ্রুপদ রাজা অন্নপানাদি দ্বারা আগন্তুক রাজাদের সংবর্দ্ধনা করিলেন ॥১৪॥

উপোপবিষ্টা মঞ্চেষু দ্রষ্টুকামাঃ স্বয়ংবরম্।
ততঃ পৌরজনাঃ সর্বে সাগরোদ্ধূতনিস্বনাঃ ॥১৫॥
শিশুমারশিরঃ প্রাপ্য ন্যবসংস্তে চ পার্থিবাঃ।
প্রাগুত্তরেণ নগরাদ্ভূমিভাগে সমে শুভে ॥১৬॥
সমাজবাটঃ শুশুভে ভবনৈঃ সর্বতো বৃতঃ।
প্রাকারপরিখোপেতো দ্বারতোরণমণ্ডিতঃ ॥১৭॥
বিতানেন বিচিত্রেণ সর্ব্বতঃ সমলঙ্কৃতঃ।
তূর্য্যৌঘশতসঙ্কীর্ণঃ পরার্দ্ধ্যাগুরুধূপিতঃ ॥১৮॥
চন্দনোদকসিক্তশ্চ মাল্যদামোপশোভিতঃ।
কৈলাসশিখরপ্রখ্যৈর্নভস্তলবিলেখিভিঃ ॥১৯॥

ভারতকৌমুদী

উপেতি। উপোপবিষ্টাঃ সমীপে সমীপে স্থিতাঃ। "উপ স্যাদধিকার্থে চ হীনার্থাসন্নয়োরপি" ইতি মেদিনী। সাগরেণেব উদ্ধৃত উত্তোলিতো নিস্বনঃ কোলাহলো যৈস্তে ॥১৫॥

শিখিতি। শিশুমারো নক্ষত্রসমূহাত্মকো নারায়ণস্য শির ঐশানী দিক্ তাং প্রাপ্য। "শিশুমারস্তু যঃ প্রোক্তঃ স ধ্রুবো যত্র তিষ্ঠতি" ইত্যাদিনা বিষ্ণুপুরাণে দ্বিতীয়াংশে দ্বাদশাধ্যায়ে "কেচিদেতজ্জ্যোতিরনীকং শিশুমারসংস্থানেন ভগবতো বাসুদেবস্য যোগধারণায়ানুবর্ণয়ন্তি" ইত্যাদিনা শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে ত্রয়োবিংশতিতমাধ্যায়ে চ শিশুমারো বর্ণিতঃ। অতএবাহ নগরাৎ প্রাগুত্তরেণ পূর্ব্বোত্তরকোণে ॥১৬॥

সভাস্থানং ষড়্ভিঃ কুলকেন বর্ণয়তি সমাজেতি। সমাজস্য আগন্তুকলোকসমূহস্য বাটো বাসস্থানম্। "বাটো মার্গে বৃতিস্থানে স্যাৎ কুটীবাস্তুনোঃ স্ত্রিয়াম্" ইতি মেদিনী। পরার্দ্ধ্যৈরুৎকৃষ্টৈরগুরুভির্ধূপিতঃ সন্তাপ্য সুরভীকৃতঃ। কৈলাসস্য গিরেঃ শিখরপ্রখ্যৈঃ শৃঙ্গতুল্যৈঃ

ভারতভাবদীপঃ

পাদপূরণে" ইতি ॥১৫॥ শিশুমারো জলজন্তুঃ, তদকারস্তারাসমূহাত্মকো বিষ্ণুঃ, তস্য শিরঃ-

তদনন্তর, পুরবাসী লোকেরা স্বয়ংবর দেখিবার ইচ্ছায় সমুদ্রের ন্যায় কোলাহল করিতে থাকিয়া মঞ্চের উপরে নিকটে নিকটে উপবেশন করিলেন ॥১৫॥

রাজধানীর পূর্ব্বোত্তরকোণে সমতল ও সুন্দর স্থানে রাজারা নক্ষত্রসমূহাত্মক নারায়ণের মস্তকের দিকে উপবেশন করিলেন ॥১৬॥

মধ্যে বিশাল সভামণ্ডপ, তাহার সকল দিকে অট্টালিকা, তাহার বাহিরে প্রাচীন পরিখা এবং দ্বারে দ্বারে তোরণ ছিল; উপরে বিচিত্র চন্দ্রাতপ দ্বারা আবরণ করা হইয়াছিল; কোন স্থানে বহুতর ভেরী ছিল; উৎকৃষ্ট অগুরুর সৌরভ বাহির হইতেছিল; সকল স্থানই চন্দনের জলে সিক্ত ছিল এবং পুষ্প-

(১৬)···স্তবিশংস্তে চ···।

সর্ব্বতঃ সংবৃতঃ শুভ্রৈঃ প্রাসাদৈঃ সুকৃতোচ্ছ্রয়ৈঃ।
সুবর্ণজালসংবীতৈর্মণিকুট্টিমভূষিতৈঃ ॥২০॥
সুখারোহণসোপানৈর্মহাসনপরিচ্ছদৈঃ।
স্রগ্দামসমবচ্ছন্নৈরগুরূত্তমবাসিতৈঃ ॥২১॥
হংসাচ্ছবর্ণৈর্ব্বহুভিরাযোজনসুগন্ধিভিঃ।
অসংবাধশতদ্বারৈঃ শয়নাসনশোভিতৈঃ।
বহুধাতুপিনদ্ধাঙ্গৈর্হিমবচ্ছিখরৈরিব ॥২২॥ (কুলকম্)
তত্র নানাপ্রকারেষু বিমানেষু স্বলঙ্কৃতাঃ।
স্পর্দ্ধমানাস্তদান্যোন্যং নিষেদুঃ সর্ব্বপার্থিবাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

শুভ্রত্বাৎ। সুষ্ঠু কৃত উচ্ছ্রয় ঔন্নত্যং যেষাং তৈঃ। সুবর্ণজালেন সংবীতৈর্বেষ্টিতৈঃ। কুট্টিমানি বদ্ধভূময়ঃ। অগুরুভিরুত্তমং যথা স্যাত্তথা বাসিতৈঃ। হংসবৎ অচ্ছবর্ণৈঃ শুভ্রবর্ণৈঃ। অসংবাধানি বিশালদ্বারসঙ্কীর্ণানি শতদ্বারাণি যেষাং তৈঃ। বহুভির্ধাতুভিঃ পিনদ্ধানি বদ্ধানি অঙ্গানি যেষাং তৈঃ। দ্বাবিংশপদ্যং ষট্পদম্ ॥১৭—২২॥

তত্রেতি। বিমানেষু সপ্ততলভবনেষু। নিষেদুরুপবিষ্টাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

প্রদেশে ঐশান্যাং দিশি, অতএব সা অপরাজিতা দিক্, তাং দিশং প্রাপ্য স্থবিশন্, তামেব দিশমাহ—প্রাগিতি। প্রাগুত্তরেণ প্রাগুদীচ্যোরন্তরালে নগরাৎ সমীপে। "এবমন্যতরস্যামদূরে পঞ্চম্যা" ইত্যেনবন্তমিদম্ ॥১৬—২২॥ বিমানেষু সপ্তভূমিগৃহেষু, "বিমানো ব্যোমযানে

মাল্যদ্বারা অলঙ্কৃত করা হইয়াছিল। কৈলাসপর্ব্বতের শৃঙ্গতুল্য উচ্চ ও শুভ্রবর্ণ বহুতর প্রাসাদ নির্ম্মিত হইয়াছিল; সেগুলির ভিতরে মণি দ্বারা বহুতর বেদী নির্ম্মাণ করিয়া সেগুলিকে আবার সোণার ঝালরযুক্ত বস্ত্রে আবৃত করা হইয়াছিল; সুখে আরোহণ করা যায় এইরূপ সোপান ছিল; সে গুলিকেও মালা দ্বারা আবৃত করিয়া অগুরু দ্বারা সুবাসিত করা হইয়াছিল; সেই প্রাসাদসমূহের ভিত্তি সকল হংসের ন্যায় শুভ্রবর্ণ ছিল, তাহার সৌরভ বহুদূরে যাইতেছিল; নানাবিধ ধাতু দ্বারা চিত্রিত থাকায় সে প্রাসাদগুলি হিমালয়ের শৃঙ্গের ন্যায় শোভা পাইতেছিল; আর তাহার ভিতরে মহামূল্য আসন, শয্যা ও পরিচ্ছদ ছিল ॥১৭—২২॥

সেইখানে নানাবিধ সপ্ততল অট্টালিকাতে রাজারা অলঙ্কৃত হইয়া পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২৩॥

(২২) হংসাংসবর্ণৈঃ…।

তত্রোপবিষ্টান্ দদৃশুর্মহাসত্ত্বপরাক্রমান্।
রাজসিংহান্ মহাভাগান্ কৃষ্ণাগুরুবিভূষিতান্ ॥২৪॥
মহাপ্রসাদান্ ব্রহ্মণ্যান্ স্বরাষ্ট্রপরিরক্ষিণঃ।
প্রিয়ান্ সর্বস্য লোকস্য স্বকৃতৈঃ কর্ম্মভিঃ শুভৈঃ ॥২৫॥ (যুগ্মকম্)
মঞ্চেষু চ পরার্দ্ধ্যেষু পৌরজানপদা জনাঃ।
কৃষ্ণাদর্শনসিদ্ধ্যর্থং সর্বতঃ সমুপাবিশন্ ॥২৬॥
ব্রাহ্মণৈস্তে চ সহিতাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্।
ঋদ্ধিং পাঞ্চালরাজস্য পশ্যন্তস্তামনুত্তমাম্ ॥২৭॥
ততঃ সমাজো ববৃধে স রাজন্! দিবসান্ বহূন্।
রত্নপ্রদানবহুলঃ শোভিতো নটনর্ত্তকৈঃ ॥২৮॥
বর্ত্তমানে সমাজে তু রমণীয়েঽহ্নি ষোড়শে।
আপ্লুতাঙ্গী সুবসনা সর্বাভরণভূষিতা ॥২৯॥

ভারতকৌমুদী

তত্রেতি। মহান্তৌ সত্ত্বপরাক্রমৌ অধ্যবসায়বিক্রমৌ যেষাং তান্, রাজসিংহান্ রাজশ্রেষ্ঠান্, মহাপ্রসাদান্ প্রজাস্বতীবপ্রসন্নান্, ব্রহ্মণ্যান্ ব্রাহ্মণহিতান্ ॥২৪—২৫॥

মঞ্চেদিতি। পরার্দ্ধ্যেষু উৎকৃষ্টেষু। কৃষ্ণয়া দ্রৌপদ্যা দর্শনস্য সিদ্ধ্যর্থং লাভার্থম্ ॥২৬॥

ব্রাহ্মণৈরিতি। ঋদ্ধিং সম্পদম্। অনুত্তমাং সর্ব্বোৎকৃষ্টাম্ ॥২৭॥

তত ইতি। সমাজো লোকসংঘঃ। রত্নপ্রদানি বহুলানি যত্র সঃ ॥২৮॥

উপস্থিত লোকেরা দেখিতে লাগিল যে, অসাধারণ অধ্যবসায়ী, পরাক্রমশালী, প্রজাবর্গের প্রতি বিশেষ প্রসন্ন, ব্রাহ্মণহিতৈষী, স্ব স্ব রাজ্যরক্ষক এবং আপন আপন লোকহিতকর কার্য্য দ্বারা সমস্ত লোকের প্রিয় রাজারা অগুরু-প্রভৃতি গন্ধদ্রব্যে অলঙ্কৃত হইয়া সেই সকল স্থানে উপবেশন করিয়া রহিয়াছেন ॥২৪—২৫॥

নগরবাসী ও দেশবাসী লোকেরা দ্রৌপদীকে দেখিবার জন্য সকল দিকে উৎকৃষ্ট উৎকৃষ্ট মঞ্চের উপরে উপবেশন করিল ॥২৬॥

আর পাণ্ডবেরা দ্রুপদ রাজার সেই অসাধারণ সম্পদ দেখতে থাকিয়া ব্রাহ্মণদের সঙ্গেই উপবেশন করিলেন ॥২৭॥

মহারাজ! তাহার পর, অনেক দিন ধরিয়া সেই লোকসমাজ বৃদ্ধি পাইল, প্রচুর ধন-রত্ন দান চলিতে লাগিল এবং নট ও নর্ত্তকগণ অভিনয় ও নৃত্য করিতে থাকিল ॥২৮॥

এইরূপ সমাজ সন্নিবিষ্ট হইলে, ষোল দিনের দিন দ্রৌপদী স্নান ও সুন্দর

মালাঞ্চ সমুপাদায় কাঞ্চনীং সমলঙ্কৃতাম্।
অবতীর্ণা ততো রঙ্গং দ্রৌপদী ভরতর্ষভ! ॥৩০॥ (যুগ্মকম্)
পুরোহিতঃ সোমকানাং মন্ত্রবিদ্ ব্রাহ্মণঃ শুচিঃ।
পরিস্তীর্য্য জুহাবাগ্নিমাজ্যেন বিধিবত্তদা ॥৩১॥
স তর্পয়িত্বা জ্বলনং ব্রাহ্মণান্ স্বস্তি বাচ্য চ।
বারয়ামাস সর্বাণি বাদিত্রাণি সমন্ততঃ ॥৩২॥
নিঃশব্দে তু কৃতে তস্মিন্ ধৃষ্টদ্যুম্নো বিশাংপতে!।
কৃষ্ণামাদায় বিধিবন্মেঘদুন্দুভিনিস্বনঃ ॥৩৩॥
রঙ্গমধ্যে গতস্তত্র মেঘগম্ভীরয়া গিরা।
বাক্যমুচ্চৈর্জগাদেদং শ্লক্ষ্ণমর্থবদুত্তমম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। আপ্লুতাঙ্গী গন্ধচন্দনাদিভিঃ সিক্তাবয়বা। কাঞ্চনীং সৌবর্ণীম্, সমলঙ্কৃতাং হীরকাদিভিঃ শোভিতাম্ ॥২৯—৩০॥

পুরোহিত ইতি। সোমকানাং দ্রুপদবংশীয়ানাম্। পরিস্তীর্য্য প্রণীয় ॥৩১॥

স ইতি। জ্বলনমগ্নিম্। বারয়ামাস, অন্যথা ধৃষ্টদ্যুম্নোক্তির্ন শ্রূয়েতেতি ভাবঃ ॥৩২॥

নিঃশব্দ ইতি। তস্মিন্ সমাজে। কৃষ্ণাং দ্রৌপদীম্। মেঘদুন্দুভ্যোরিব নিস্বনঃ স্বরো যস্য সঃ। শ্লক্ষ্ণং কোমলম্, অর্থবৎ সঙ্গতার্থকম ॥৩৩—৩৪॥

ভারতভাবদীপঃ

চ সপ্তভূমিগৃহেঽপি চ" ইতি মেদিনী ॥২৩—৩০॥ পরিস্তীর্য্য দর্ভৈঃ পরিতঃ স্তীর্ত্বা ॥৩১—৩৪॥

বস্ত্র পরিধান করিয়া সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া এবং মণিখচিত সুবর্ণমালা ধারণ করিয়া সেই রঙ্গস্থানে উপস্থিত হইলেন ॥২৯—৩০॥

তখন মন্ত্রজ্ঞ ও পবিত্র সোমকবংশীয়দিগের পুরোহিত অগ্নি স্থাপন করিয়া তাহাতে ঘৃত দ্বারা যথাবিধানে হোম করিলেন ॥৩১॥

তিনি হোম করিয়া এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন পাঠ করাইয়া, সকল দিকের সকল বাদ্য নিবারণ করিলেন ॥৩২॥

মহারাজ! সেই রঙ্গস্থানটীকে নীরব করা হইলে, মেঘ ও দুন্দুভির ন্যায় গম্ভীর-কণ্ঠধ্বনিসম্পন্ন ধৃষ্টদ্যুম্ন যথানিয়মে দ্রৌপদীকে লইয়া, সেই রঙ্গমধ্যে যাইয়া, মেঘের ন্যায় গম্ভীরভাবে উচ্চ স্বরে কোমল, সঙ্গত এবং মনোহর এই কথা কয়টি বলিলেন ॥৩৩—৩৪॥

(৩২) সন্তর্পয়িত্বা জ্বলনম্...।

ইদং ধনুর্লক্ষ্যমিমে চ বাণাঃ শৃণ্বন্তু মে ভূপতয়ঃ সমেতাঃ।
ছিদ্রেণ যন্ত্রস্য সমর্পয়ধ্বং লক্ষ্যং শিতৈর্ব্যোমচরৈর্দশার্দ্ধৈঃ ॥৩৫॥
এতন্মহৎ কর্ম্ম করোতি যো বৈ কুলেন রূপেণ বলেন যুক্তঃ।
তস্যাদ্য ভার্য্যা ভগিনী মমেয়ং কৃষ্ণা ভবিত্রী ন মৃষা ব্রবীমি ॥৩৬॥
তানেবমুক্ত্বা দ্রুপদস্য পুত্রঃ পশ্চাদিদং তাং ভগিনীমুবাচ।
নাম্না চ গোত্রেণ চ কর্ম্মণা চ সঙ্কীর্ত্তয়ন্ ভূমিপতীন্ সমেতান্ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে ধৃষ্টদ্যুম্নবাক্যে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥*

—০—

ভারতকৌমুদী

ইদমিতি। সমর্পয়ধ্বং বিধ্যত। ব্যোমচরৈর্ব্বাণৈঃ দশার্দ্ধৈঃ পঞ্চভিঃ ॥৩৫॥
এতদিতি। করোতি কর্ত্তুং শক্নোতি। কুলেনেতি সুতপুত্রকর্ণাদিব্যবচ্ছেদার্থম্ ॥৩৬॥
তানিতি। সঙ্কীর্ত্তয়ন্ পরিচয়ার্থং বর্ণয়ন্। সমেতান্ সমাগতান্ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

ইদং ধনুঃ, ইদঞ্চ লক্ষ্যম্, ইমে চ বাণাঃ, চলযন্ত্রচ্ছিদ্রদ্বারা যুগপৎ পঞ্চ বাণান্ লক্ষ্যে যঃ সমর্পয়তি তস্যাদ্য ভার্য্যা ভগিনী মমেয়মিতি দ্বয়োঃ সম্বন্ধঃ। ব্যোমচরৈঃ বাণৈঃ ॥৩৫—৩৬॥ তান্ নৃপান্ প্রতি ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৮॥

—০:০:০—

'সমবেত রাজগণ আমার কথা শ্রবণ করুন—এই ধনু, এই বাণ এবং ঐ লক্ষ্য; আপনারা এই সুধার পাঁচটী বাণ দ্বারা ঐ যন্ত্রের ছিদ্রের মধ্য দিয়া ঐ লক্ষ্যটাকে বিদ্ধ করুন ॥৩৫॥

উচ্চ বংশ, মনোহর রূপ এবং অসাধারণ বলশালী যে রাজপুত্র এই গুরুতর কার্য্য সম্পন্ন করিতে পারিবেন, আমার ভগিনী এই দ্রৌপদী আজ তাঁহারই ভার্য্যা হইবেন। ইহা আমি মিথ্যা বলিতেছি না'। ৩৬॥

ধৃষ্টদ্যুম্ন রাজগণকে এইরূপ বলিয়া, নাম, গোত্র ও কার্য্য দ্বারা উপস্থিত রাজগণের পরিচয় দিবার জন্য ভগিনী দ্রৌপদীর প্রতি এই কথা বলিলেন ॥৩৭॥

—:০:—

*'...ত্র্যশীত্যধিকঃ', '...পঞ্চাশীত্যধিকঃ...', '...ষড়শীত্যধিকঃ...', '...দ্বিশততমঃ...' ইতি পাঠান্তরাণি।

ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—— -ঃ০ঃ——

ধৃষ্টদ্যুম্ন উবাচ।

দুর্য্যোধনো দুর্বিষহো দুর্ম্মুখো দুষ্প্রধর্ষণঃ।
বিবিংশতির্বিকর্ণশ্চ সহো দুঃশাসনস্তথা ॥১॥
যুযুৎসুর্বায়ুবেগশ্চ ভীমবেগরবস্তথা।
উগ্রায়ুধো বলাকী চ কনকায়ুর্বিরোচনঃ ॥২॥
কুন্তজশ্চিত্রসেনশ্চ সুবর্চ্চাঃ কনকধ্বজঃ।
নন্দকো বাহুশালী চ তুহুণ্ডো বিকটস্তথা ॥৩॥
এতে চান্যে চ বহবো ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।
কর্ণেন সহিতা বীরাস্ত্বদর্থং সমুপাগতাঃ ॥৪॥ (কলাপকম্)
অসংখ্যাতা মহাত্মানঃ পার্থিবাঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
শকুনিঃ সৌবলশ্চৈব বৃষকোঽথ বৃহদ্বলঃ ॥৫॥
এতে গান্ধাররাজস্য সুতাঃ সর্ব্বে সমাগতাঃ।
অশ্বত্থামা চ ভোজশ্চ সর্ব্বশস্ত্রভৃতাং বরৌ ॥৬॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। বিকটান্তানি ধৃতরাষ্ট্রপুত্রনামানি ॥১—৪॥

ভারতভাবদীপঃ

দুর্য্যোধন ইত্যাদিঃ স্পষ্টার্থো গ্রন্থঃ ॥১ ২৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৯॥

ধৃষ্টদ্যুম্ন বলিলেন—'দ্রৌপদি! দুর্য্যোধন, দুর্বিষহ, দুর্ম্মুখ, দুষ্প্রধর্ষণ বিবিংশতি, বিকর্ণ, সহ, দুঃশাসন, যুযুৎসু, বায়ুবেগ, ভীমবেগ, উগ্রায়ুধ, বলাকী, কনকায়ু, বিরোচন, কুন্তজ, চিত্রসেন, সুবর্চ্চা, কনকধ্বজ, নন্দক, বাহুশালী, তুহুণ্ড এবং বিকট—এই সকল ধৃতরাষ্ট্রের পুত্র এবং বলবান্ ধৃতরাষ্ট্রের অন্যান্য পুত্রেরাও কর্ণের সহিত তোমার জন্য আসিয়াছেন ॥১ – ৪॥

উদারচেতা এবং ক্ষত্রিয়শ্রেষ্ঠ অন্যান্য অসংখ্য রাজাও আসিয়াছেন। শকুনি, সৌবল, বৃষক এবং বৃহদ্বল এই চারি জন গান্ধাররাজের পুত্র আসিয়াছেন; তা'র পর, অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অশ্বত্থামা ও ভোজরাজ ইঁহারা দুই জনও অলঙ্কৃত

(২)···ভীমবেগধরস্তথা...করকায়ুর্বিরোচনঃ। (৩) কুণ্ডজশ্চিত্রসেনশ্চ, সুকুণ্ডলশ্চিত্রসেনঃ..।

সমবেতৌ মহাত্মানৌ ত্বদর্থে সমলঙ্কৃতৌ ।
বৃহন্তো মণিমাংশ্চৈব দণ্ডধারশ্চ পার্থিবঃ ॥৭॥ (বিশেষকম্)
সহদেবজয়ৎসেনৌ মেঘসন্ধিশ্চ মাগধঃ ।
বিরাটঃ সহ পুত্রাভ্যাং শঙ্খোনৈবোত্তরেণ চ ॥৮॥
বার্দ্ধক্ষেমিঃ সুবর্চ্চাশ্চ সেনাবিন্দুশ্চ পার্থিবঃ ।
সুকেতুঃ সহ পুত্রেণ সুনাম্না চ সুবর্চ্চসা ॥৯॥
সুচিত্রঃ সুকুমারশ্চ বৃকঃ সত্যধৃতিস্তথা ।
সূর্য্যধ্বজো রোচমানো নীলশ্চিত্রায়ুধস্তথা ॥১০॥
অংশুমাংশ্চেকিতানশ্চ শ্রেণিমাংশ্চ মহাবলঃ ।
সমুদ্রসেনপুত্রশ্চ চন্দ্রসেনঃ প্রতাপবান্ ॥১১॥
জলসন্ধঃ পিতা পুত্রৌ বিদণ্ডো দণ্ড এব চ ।
পৌণ্ড্রকো বাসুদেবশ্চ ভগদত্তশ্চ বীর্য্যবান্ ॥১২॥

ভারতকৌমুদী

অসংখ্যাতা ইতি। ক্ষত্রিয়র্ষভাঃ সমুপাগতা ইতি পূর্ব্বানুকর্ষঃ। ভোজো ভোজরাজঃ। দণ্ডধারশ্চ পার্থিব এতেঽপি সমুপাগতা ইত্যনুবৃত্তিঃ ॥৫—৭॥

সহেতি। মাগধো-মগধরাজঃ। বিরাটশ্চ সমুপাগতঃ ॥৮॥

বার্দ্ধেতি। সুনাম্না সুবর্চ্চসা চ পুত্রেণ সহ সুকেতুরাগতঃ ॥৯॥

সুচিত্র ইতি। তথাপদদ্বয়েন সমবেত ইত্যস্যানুকর্ষঃ ॥১০॥

অংশুমানিতি। অত্রাপি পূর্ব্ববদনুকর্ষঃ ॥১১॥

হইয়া তোমার জন্য সমবেত হইয়াছেন। বৃহন্ত, মণিমান্ এবং দণ্ডধার রাজাও আসিয়াছেন ॥৫—৭॥

সহদেব, জয়ৎসেন, মগধরাজ মেঘসন্ধি এবং শঙ্খ ও উত্তরনামক দুই পুত্রের সহিত বিরাট রাজাও আসিয়াছেন ॥৮॥

বার্দ্ধক্ষেমি, সুবর্চ্চা, সেনাবিন্দু এবং সুনামা ও সুবর্চ্চা নামক পুত্রের সহিত সুকেতু রাজা আসিয়াছেন ॥৯॥

সুচিত্র, সুকুমার, বৃক, সত্যধৃতি, সূর্য্যধ্বজ, রোচমান, নীল এবং চিত্রায়ুধ রাজা আসিয়া সমবেত হইয়াছেন ॥১০॥

অংশুমান্, চেকিতান, মহাবল শ্রেণিমান্ এবং সমুদ্রসেনের পুত্র প্রতাপশালী চন্দ্রসেন উপস্থিত হইয়াছেন ॥১১॥

বিদণ্ড ও দণ্ডনামক পুত্রের সহিত জলসন্ধ, পৌণ্ড্রক, বাসুদেব এবং বলবান্ ভগদত্ত আসিয়াছেন ॥১২॥

(৮)...মেঘসন্ধিশ্চ পার্থিব...।

কলিঙ্গস্তাম্রলিপ্তশ্চ পত্তনাধিপতিস্তথা।
মদ্ররাজস্তথা শল্যঃ সহপুত্রো মহারথঃ ॥১৩॥
রুক্মাঙ্গদেন বীরেণ তথা রুক্মরথেন চ।
কৌরব্যঃ সোমদত্তশ্চ পুত্রাশ্চাস্য মহারথাঃ ॥১৪॥
সমবেতাস্ত্রয়ঃ শূরা ভূরির্ভূরিশ্রবাঃ শলঃ।
সুদক্ষিণশ্চ কাম্বোজো দৃঢ়ধন্বা চ পৌরবঃ ॥১৫॥
বৃহদ্বলঃ সুষেণশ্চ শিবিরৌশীনরস্তথা।
পটচ্চরনিহন্তা চ করূষাধিপতিস্তথা ॥১৬॥
সঙ্কর্ষণো বাসুদেবো রৌক্মিণেয়শ্চ বীর্য্যবান্।
শাম্বশ্চ চারুদেষ্ণশ্চ প্রাদ্যুম্নিঃ সগদস্তথা ॥১৭॥
অক্রূরঃ সাত্যকিশ্চৈব উদ্ধবশ্চ মহামতিঃ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ পৃথুবিপৃথুরেব চ ॥১৮॥
বিদূরথশ্চ কঙ্কশ্চ শঙ্খশ্চ সগবেষণঃ।
আশাবহোঽনিরুদ্ধশ্চ সমীকঃ সারিমেজয়ঃ ॥১৯॥
বীরো বাতপতিশ্চৈব ঝিল্লী পিণ্ডারকস্তথা।
উশীনরশ্চ বিক্রান্তো বৃষ্ণয়স্তে প্রকীর্ত্তিতাঃ ॥২০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

জলেতি। বিদণ্ডো দণ্ড এব চ জলসন্ধস্য পুত্রৌ ॥১২॥

কলিঙ্গ ইতি। পুত্রেণ সহেতি সহপুত্রঃ ॥১৩॥

রুক্মেতি। রুক্মাঙ্গদেন রুক্মরথেন চ সহেতি শেষঃ ॥১৪॥

সমবেতা ইতি। কাম্বোজস্তদ্দেশীয়ঃ ॥১৫॥

বৃহদ্বল ইতি। উশীনরস্যাপত্যমৌশীনরঃ। পটচ্চরনিহন্তা চৌরঘাতকঃ ॥১৬॥

সঙ্কর্ষণ ইতি। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ। গদেন সহেতি সগদঃ। সত্যকস্যাপত্যং সাত্যকিঃ। গবেষণেন সহেতি সগবেষণঃ। বৃষ্ণয়া বৃষ্ণিবংশীয়াঃ ॥১৭—২০॥

কলিঙ্গের রাজা, তাম্রলিপ্তের রাজা, পত্তনের রাজা এবং পুত্রের সহিত মদ্রদেশের রাজা মহারথ শল্য আসিয়া সমবেত হইয়াছেন ॥১৩॥

রুক্মাঙ্গদ ও রুক্মরথের সহিত কুরুবংশীয় সোমদত্ত এবং তাঁহার মহারথ পুত্রগণ আসিয়াছেন ॥১৪॥

মহাবীর ভূরি, ভূরিশ্রবা এবং শল ইঁহারা তিন জন, আর কাম্বোজদেশীয় সুদক্ষিণ এবং পুরুবংশীয় দৃঢ়ধন্বা আসিয়া সমবেত হইয়াছেন ॥১৫॥

বৃহদ্বল, সুষেণ, উশীনরপুত্র শিবি এবং চোরহন্তা করূষের রাজা আসিয়াছেন ॥১৬॥

ভগীরথো বৃহৎক্ষত্রঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ।
বৃহদ্রথো বাহ্লিকশ্চ শ্রুতায়ুশ্চ মহারথঃ ॥২১॥
উলূকঃ কৈতবো রাজা চিত্রাঙ্গদশুভাঙ্গদৌ ।
বৎসরাজশ্চ মতিমান্ কোশলাধিপতিস্তথা ।
শিশুপালশ্চ বিক্রান্তো জরাসন্ধস্তথৈব চ ॥২২॥
এতে চান্যে চ বহবো নানাজনপদেশ্বরাঃ ।
ত্বদর্থমাগতা ভদ্রে ! ক্ষত্রিয়াঃ প্রথিতা ভুবি ॥২৩॥
এতে ভেৎস্যন্তি বিক্রান্তাস্ত্বদর্থে লক্ষ্যমুত্তমম্ ।
বিধ্যেত য ইদং লক্ষ্যং বরয়েথাঃ শুভেঽদ্য তম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্বণি স্বয়ংবরে রাজনামকীর্ত্তনে উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভগীরথ ইতি। সৈন্ধবঃ সিন্ধুদেশরাজঃ ॥২১॥

উলূক ইতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

এত ইতি। ত্বদর্থং ত্বদ্বরণার্থম্ ॥২৩॥

এত ইতি। ভেৎস্যন্তি ভেত্তুং প্রবর্ত্তিষ্যন্তে। তত্র যো বিধ্যেত ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্বণি স্বয়ংবরে উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বলরাম, কৃষ্ণ, প্রদ্যুম্ন, শাম্ব, চারুদেষ্ণ, প্রদ্যুম্নের পুত্র, গদ, অক্রূর, সাত্যকি, উদ্ধব, কৃতবর্ম্মা, হার্দ্দিক্য, পৃথু, বিপৃথু, বিদূরথ, কঙ্ক, শঙ্খ, গবেষণ, আশাবহ, অনিরুদ্ধ, সমীপ, সারিমেজয়, বাতপতি, ঝিল্লী, পিণ্ডারক এবং উশীনর—এই সকল বৃষ্ণিবংশীয়েরা আসিয়াছেন ॥১৭—২০॥

ভগীরথ, বৃহৎক্ষত্র, সিন্ধুরাজ জয়দ্রথ, বৃহদ্রথ, বাহ্লিক এবং মহারথ শ্রুতায়ু আগমন করিয়াছেন ॥২১॥

উলূক, কৈতব, চিত্রাঙ্গদ, শুভাঙ্গদ, বৎসরাজ, কোশলরাজ, বিক্রমশালী শিশুপাল এবং জরাসন্ধ আসিয়াছেন ॥২২॥

ভদ্রে ! ইঁহারা এবং নানাদেশের অধীশ্বর অন্যান্য অনেক রাজা, আর জগৎপ্রসিদ্ধ বহুতর ক্ষত্রিয় তোমার জন্য আগমন করিয়াছেন ॥২৩॥

কল্যাণি ! এই বিক্রমশালী রাজারা তোমার জন্য লক্ষ্য ভেদ করিতে

* '...চতুরশীত্যধিকঃ...', '...ষড়শীত্যধিকঃ...', '...সপ্তাশীত্যধিকঃ...', '...একাধিকদ্বিশততমঃ...' ইতি পাঠান্তরাণি ।

অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

তেঽলঙ্কৃতাঃ কুণ্ডলিনো যুবানঃ পরস্পরং স্পর্দ্ধমানা নরেন্দ্রাঃ।
অস্ত্রং বলঞ্চাত্মনি মন্যমানাঃ সর্ব্বে সমুৎপেতুরুদায়ুধাস্তে ॥১॥
রূপেণ বীর্য্যেণ কুলেন চৈব শীলেন বিত্তেন চ যৌবনেন।
সমিদ্ধদর্পা মদবেগভিন্না মত্তা যথা হৈমবতা গজেন্দ্রাঃ ॥২॥
পরস্পরং স্পর্দ্ধয়া প্রেক্ষমাণাঃ সঙ্কল্পজেনাভিপরিপ্লুতাঙ্গাঃ।
কৃষ্ণা মমৈবেত্যভিভাষমাণা নৃপাসনেভ্যঃ সহসোদতিষ্ঠন্ ॥৩॥
তে ক্ষত্রিয়া রঙ্গগতাঃ সমেতা জিগীষমাণা দ্রুপদাত্মজাং তাম্।
চকাশিরে পর্ব্বতরাজকন্যামুমাং যথা দেবগণাঃ সমেতাঃ ॥৪॥

ভারতকৌমুদী

ত ইতি। অলঙ্কৃতা ইত্যনেনোপগন্তারপি পুনঃ কুণ্ডলিন ইত্যুপাদানং কুণ্ডলয়োঃ প্রাধান্যজ্ঞাপনার্থং গোবৃষন্যায়াৎ। অস্ত্রম্ অস্ত্রপ্রয়োগনৈপুণ্যম্। সমুৎপেতুঃ লক্ষ্যং ভেত্তুম্ ॥১॥

রূপেণেতি। সমিদ্ধদর্পা আবির্ভূতগর্ব্বাঃ। মদবেগেন ভিন্নাঃ প্রকাশিতগর্ব্বাঃ ॥২॥

পরস্পরমিতি। সঙ্কল্পজেন কামেন, অভিপরিপ্লুতাঙ্গা রোমাঞ্চাদিভির্ব্যাপ্তগাত্রাঃ ॥৩॥

ত ইতি। জিগীষমাণা জেতুমিচ্ছন্তো জয়েন লব্ধুমিচ্ছন্ত ইত্যর্থঃ ॥৪॥

প্রবৃত্ত হইবেন; ইঁহাদের মধ্যে যিনি এই লক্ষ্য ভেদ করিতে পারিবেন, তুমি আজ তাঁহাকেই বরণ করিবে' ॥২৪॥

—:০:—

বৈশম্পায়ন বলিলেন—কুণ্ডলপ্রভৃতি সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত যুবক রাজগণ অস্ত্রশিক্ষা ও দৈহিক বল নিজেদের আছে ইহা মনে করিয়া পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া, অস্ত্র উত্তোলনপূর্ব্বক লক্ষ্যভেদের জন্য গাত্রোত্থান করিলেন ॥১॥

কুল, শীল, রূপ, যৌবন, বল ও বিত্ত থাকায় হিমালয়বাসী মদমত্ত শ্রেষ্ঠ হস্তিগণের ন্যায় তাঁহাদের দর্প প্রকাশ পাইতে লাগিল ॥২॥

তাঁহারা পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিয়া, কামার্ত্ত হইয়া 'দ্রৌপদী আমারই হইবেন' এইরূপ বলিতে থাকিয়া, তৎক্ষণাৎ রাজাসন হইতে উঠিলেন ॥৩॥

পূর্ব্বকালে হিমালয়কন্যা উমাকে লাভ করিবার জন্য সমবেত দেবগণ যেমন শোভা পাইয়াছিলেন, সেই দ্রুপদনন্দিনীকে লাভ করিবার জন্য সমবেত সেই রাজগণও রঙ্গস্থানে যাইয়া শোভা পাইতে লাগিলেন ॥৪॥

কন্দর্পবাণাভিনিপীড়িতাঙ্গাঃ কৃষ্ণাগতৈস্তে হৃদয়ৈর্নরেন্দ্রাঃ।
রঙ্গাবতীর্ণা দ্রুপদাত্মজার্থং দ্বেষং প্রচক্রুঃ সুহৃদোঽপি তত্র ॥৫॥
অথাযযুর্দেবগণা বিমানৈ রুদ্রাদিত্যা বসবোঽথাশ্বিনৌ চ।
সাধ্যাশ্চ সর্ব্বে মরুতস্তথৈব যমং পুরস্কৃত্য ধনেশ্বরশ্চ ॥৬॥
দৈত্যাঃ সুপর্ণাশ্চ মহোরগাশ্চ দেবর্ষয়ো গুহ্যকাশ্চারণাশ্চ।
বিশ্বাবসুর্নারদপর্ব্বতৌ চ গন্ধর্ব্বমুখ্যাঃ সহ চাপ্সরোভিঃ ॥৭॥
হলায়ুধস্তত্র জনার্দ্দনশ্চ বৃষ্ণ্যন্ধকাশ্চৈব যথা প্রধানাঃ।
প্রেক্ষাং স্ম চক্রুর্যদুপুঙ্গবাস্তে স্থিতাশ্চ কৃষ্ণস্য মতে মহান্তঃ ॥৮॥
দৃষ্ট্বা তু তান্ মত্তগজেন্দ্ররূপান্ পঞ্চাভিপদ্মানিব বারণেন্দ্রান্।
ভস্মাবৃতাঙ্গানিব হব্যবাহান্ কৃষ্ণঃ প্রদধ্যৌ যদুবীরমুখ্যঃ ॥৯॥

ভারতকৌমুদী

কন্দর্পেতি। কৃষ্ণাগতৈর্দ্রৌপদীনিবিষ্টৈর্হৃদয়ৈরুপলক্ষিতাঃ। পরস্পরং দ্বেষং প্রচক্রুঃ ॥৫॥

অথেতি। ধনেশ্বরঃ কুবেরশ্চ ॥৬॥

দৈত্যা ইতি। সুপর্ণা গরুড়বংশীয়াঃ। পর্ব্বতো নাম মুনিঃ। আযযুরিতি পূর্ব্বানুকর্ষঃ ॥৭॥

হলেতি। প্রধানা দেবা ঋষয়শ্চ যথা, তথা প্রেক্ষাং দর্শনমেব চক্রুঃ ॥৮॥

দৃষ্ট্বেতি। পদ্মম্ অভীত্যভিপদ্মা একং পদ্মং লক্ষ্মীকৃত্য স্থিতাস্তান্ পাণ্ডবানামপ্যেকদ্রৌপদ্যা লক্ষ্মীকরণাদুপমাসিদ্ধিঃ। হব্যবাহান্ অগ্নীন্। তান্ পাণ্ডবান্ প্রদধ্যৌ তেষাং জীবিতত্বযুক্তিং প্রধ্যায় নিরূপয়ামাস ॥৯॥

ভারতভাবদীপঃ

তেঽলঙ্কৃতা ইতি ॥১—২॥ সঙ্কল্পজেন কামেন ॥৩—৮॥ অভিতঃ পদ্মা লক্ষ্মীর্যেষাং তান্

তাঁহাদের চিত্ত দ্রৌপদীর উপরে নিবিষ্ট হইয়াছিল বলিয়া তাঁহারা কামবাণে পীড়িত হইতে থাকিয়া, রঙ্গস্থানে যাইয়া, পরস্পর বন্ধু হইয়াও দ্রৌপদীর জন্য পরস্পরের প্রতি বিদ্বেষ করিতে লাগিলেন ॥৫॥

তদনন্তর একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, অশ্বিনীকুমারদ্বয়, সমস্ত সাধ্যগণ ও মরুদ্গণ এবং যমকে অগ্রবর্ত্তী করিয়া কুবের বিমানে আরোহণ করিয়া আগমন করিলেন ॥৬॥

দৈত্যগণ, গরুড়বংশীয়গণ, নাগগণ, দেবর্ষিগণ, গুহ্যকগণ, চারণগণ, বিশ্বাবসু, নারদমুনি, পর্ব্বতমুনি এবং অপ্সরাদের সহিত প্রধান গন্ধর্ব্বগণও আসিলেন ॥৭॥

তখন বলরাম, কৃষ্ণ, বৃষ্ণিবংশীয়গণ, অন্ধকবংশীয়গণ এবং প্রধান প্রধান যদুবংশীয়গণ কৃষ্ণের মতানুসারে দেবগণ ও ঋষিগণের মত কেবল দেখিতেই লাগিলেন ॥৮॥

(৯)···পঞ্চাতিপদ্মানিব, পঞ্চাতিমত্তানিব···।

শশংস রামায় যুধিষ্ঠিরং স ভীমং সজিষ্ণুঞ্চ যমৌ চ বীরৌ।
শনৈঃ শনৈস্তান্ প্রসমীক্ষ্য রামো জনার্দ্দনং প্রীতমনা দদর্শ ॥১০॥
অন্যে তু বীরা নৃপপুত্রপৌত্রাঃ কৃষ্ণাগতৈর্নেত্রমনঃস্বভাবৈঃ।
ব্যাযচ্ছমানা দদৃশুর্ন তান্ বৈ সন্দষ্টদন্তচ্ছদতাম্রনেত্রাঃ ॥১১॥
তথৈব পার্থাঃ পৃথুবাহবস্তে বীরৌ যমৌ চৈব মহানুভাবৌ।
তাং দ্রৌপদীং প্রেক্ষ্য তদা স্ম সর্বে কন্দর্পবাণাভিহতা বভূবুঃ ॥১২॥
দেবর্ষিগন্ধর্বসমাকুলং তৎ সুপর্ণনাগাসুরসিদ্ধজুষ্টম্।
দিব্যেন গন্ধেন সমাকুলঞ্চ দিব্যৈশ্চ পুষ্পৈরবকীর্য্যমাণম্ ॥১৩॥

ভারতকৌমুদী

শশংসেতি। স কৃষ্ণঃ। সজিষ্ণুং সার্জ্জুনম্। প্রীতমনাঃ পাণ্ডবনিরূপণাৎ ॥১০॥
অন্য ইতি। স্বভাবা মোট্টায়িতাদয়ঃ। ব্যাযচ্ছমানা জৃম্ভাং কুর্ব্বন্তঃ। তান্ পাণ্ডবান্ ॥১১॥
তথেতি। পৃথুবাহবো বিশালভুজাঃ। কন্দর্পবাণাভিহতা বভূবুঃ, তেন চ কৃষ্ণাদীন্ ন দদৃশুঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বাঙ্গসুন্দরানিত্যর্থঃ। "অতিপদ্মান্" ইতি পাঠেঽপি স এবার্থঃ। অতিমত্তানিত্যপপাঠঃ ॥৯-১০॥ ব্যাযচ্ছমানা ব্যাদদানাঃ, চক্ষুঃ প্রসার্য্য কৃষ্ণামেব দদৃশুঃ, ন পাণ্ডবান্ ॥১১॥ তথৈব পার্থা ইতি। কামাভিভূতত্বাৎ রামকৃষ্ণাদীন্ ন দদৃশুরিতি ভাবঃ ॥১২—১৩॥ বিমানসংবাধং

এই সময়ে মত্ত হস্তীর ন্যায় সবল দেহ, ভস্মাবৃত অগ্নির ন্যায় নিগূঢ়মূর্ত্তি এবং একটী পদ্মকে লক্ষ্য করিয়া অবস্থিত পাঁচটী হস্তীর ন্যায় পঞ্চ পাণ্ডবকে দেখিয়াই কৃষ্ণ চিনিতে পারিলেন ॥৯॥

তাহার পর, তিনি বলরামের নিকট যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের বিষয় বলিলেন; তখন বলরাম ধীরে ধীরে পাণ্ডবগণকে দেখিয়া আনন্দিত চিত্তে কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিলেন ॥১০॥

কিন্তু দ্রৌপদীর দিকে নয়ন ও মন গিয়াছিল এবং হাব-ভাব চলিতেছিল বলিয়া, অন্যান্য রাজা, রাজপুত্র বা রাজপৌত্রগণ হাই তুলিতে থাকিয়া পাণ্ডবগণকে দেখিতে পাইলেন না, কেবল আরক্তনয়ন হইয়া ওষ্ঠ দংশন করিতে থাকিলেন ॥১১॥

সেইরূপই লম্বিতবাহু যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব ইঁহারাও দ্রৌপদীকে দেখিয়া তখন সকলেই কামবাণে পীড়িত হইতে লাগিলেন ॥১২॥

এই সময়ে দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, গরুড়বংশীয়গণ, নাগগণ, অসুরগণ ও সিদ্ধগণ আকাশে আসিয়া উপস্থিত হইলেন; স্বর্গীয় সৌরভ ছুটিতে

মহাস্বনৈর্দুন্দুভিনাদিতৈশ্চ বভূব তৎ সঙ্কুলমন্তরীক্ষম্ ।
বিমানসংবাধমভূৎ সমন্তাৎ সবেণুবীণাপণবানুনাদম্ ॥১৪॥ (যুগ্মকম্)
ততস্তু তে রাজগণাঃ ক্রমেণ কৃষ্ণানিমিত্তং কৃতবিক্রমাশ্চ ।
সকর্ণ-দুর্য্যোধন-শাল্ব-শল্যা দ্রৌণায়ণি-ক্রাথ-সুনীথ-বক্রাঃ ॥১৫॥
কলিঙ্গ-বঙ্গাধিপ-পাণ্ড্য-পৌণ্ড্রা বিদেহরাজো যবনাধিপশ্চ ।
অন্যে চ নানা-নৃপ-পুত্র-পৌত্রা রাষ্ট্রাধিপাঃ পঙ্কজপত্রনেত্রাঃ ॥১৬॥
কিরীট-হারাঙ্গদ-চক্রবালৈর্বিভূষিতাঙ্গাঃ পৃথুবাহবস্তে ।
অনুক্রমং বিক্রমসত্ত্বযুক্তা বলেন দর্পেণ চ নর্দ্দমানাঃ ॥১৭॥
তৎ কার্ম্মুকং সংহননোপপন্নং সজ্যং ন শেকুর্মনসাপি কর্ত্তুম্ ।
তে বিক্রমন্তঃ স্ফুরিতাধরৌষ্ঠা বিক্ষিপ্যমাণা ধনুষা নরেন্দ্রাঃ ॥১৮॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

দেবেতি । সুপর্ণৈর্গরুড়বংশীয়ৈঃ নাগৈঃ অসুরৈঃ সিদ্ধৈর্দেবযোনিবিশেষৈশ্চ জুষ্টং সেবিতম্ । সঙ্কুলং ব্যাপ্তম্ । বিমানৈঃ সংবাধং নিরবকাশম্ ॥১৩—১৪॥

তত ইতি । অত্র কর্ণাদীনামুপাদানং তেষাং নর্দ্দনজ্ঞাপনার্থং ন পুনর্ধনুষঃ সজ্যত্বকরণা-সামর্থ্যবোধনার্থম্, পরত্র কর্ণস্য সজ্যত্বকরণদর্শনাৎ । পঙ্কজপত্রাণি পদ্মদলানীব নেত্রাণি যেষাং তে । চক্রবালানি কটকানি । পৃথুবাহবো দীর্ঘভুজাঃ । নর্দ্দমানা গর্জ্জন্তঃ । সংহন-নেন বিশালাকারেণ উপপন্নং যুক্তম্ । তথাপি বিক্রমন্তো জ্যারোপণেন বিক্রমং প্রকাশয়ন্তঃ । ধনুষা তদ্ধনুষ্কোট্যা বিক্ষিপ্যমাণা অভবন্নিতি শেষঃ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

বিমানসঙ্কীর্ণম্ ॥১৪—১৭॥ সংহননোপপন্নম্ অত্যন্তং কাঠিন্যেন যুক্তম্, স্ফুরন্তা নামন্নিতু-মসামর্থ্যাৎ করাগ্রিঃসরৎকোটিতয়া, অতএব বিক্ষিপ্যমাণাঃ দণ্ডেন বীটা ইব, ধনুষা ধনুষ্কোট্যা ।

থাকিল ; স্বর্গীয় পুষ্পবৃষ্টি হইতে লাগিল ; বিশাল দুন্দুভিধ্বনি হইতে থাকিয়া আকাশ ব্যাপ্ত করিল ; বেণু, বীণা ও পণবের বাদ্য হইতে লাগিল এবং বিমানে আকাশ ব্যাপ্ত হইয়া গেল ॥১৩—১৪॥

তাহার পর, কর্ণ, দুর্য্যোধন, শাল্ব, শল্য, দ্রৌণায়ণি, ক্রাথ, সুনীথ এবং বক্র—ইঁহারা দ্রৌপদীকে লাভ করিবার জন্য ক্রমশঃ বিক্রম প্রকাশ করিতে প্রবৃত্ত হইলেন ; আর কলিঙ্গ, বঙ্গ, পাণ্ড্য ও পৌণ্ড্রদেশের রাজা, বিদেহের রাজা, যবনদেশের রাজা এবং কিরীট, হার, কেয়ূর ও বলয়প্রভৃতি নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃত, পদ্মনয়ন, দীর্ঘবাহু, বিক্রম ও অধ্যবসায়শালী অন্যান্য রাজারা, রাজপুত্রেরা এবং রাজপৌত্রেরা ক্রমশঃ বল ও দর্পবশতঃ গর্জন করিতে লাগি-লেন বটে ; কিন্তু সেই বিশালাকৃতি ধনুতে গুণারোপণ করা মনেও করিতে

(১৭)···বলেন বীর্য্যেণ চ নর্দ্দমানাঃ ।

বিচেষ্টমানা ধরণীতলস্থা যথাবলং শৈক্ষ্যগুণক্রমাশ্চ।
গতৌজসঃ স্রস্তকিরীটহারা বিনিশ্বসন্তঃ শময়াম্বভূবুঃ ॥১৯॥
হাহাকৃতং তদ্ধনুষা দৃঢ়েন বিস্রস্তহারাঙ্গদচক্রবালম্।
কৃষ্ণানিমিত্তং বিনিবৃত্তকামঃ রাজ্ঞাং তদা মণ্ডলমার্ত্তমাসীৎ ॥২০॥
সর্বান্ নৃপাংস্তান্ প্রসমীক্ষ্য কর্ণো ধনুর্দ্ধরাণাং প্রবরো জগাম।
উদ্ধৃত্য তূর্ণং ধনুরুদ্যতং তৎ সজ্যঞ্চকারাশু যুযোজ বাণান্ ॥২১॥
দৃষ্ট্বা সূতং মেনিরে পাণ্ডুপুত্রা ভিত্ত্বা নীতং লক্ষ্যবরং ধরায়াম্।
ধনুর্দ্ধরা রাগকৃতপ্রতিজ্ঞমত্যগ্নিসোমার্কমথার্কপুত্রম্ ॥২২॥

ভারতকৌমুদী

বিচেষ্টমানা ইতি। শৈক্ষ্যঃ শিক্ষয়া লব্ধো গুণক্রমো গুণারোপণে পৌর্ব্বাপর্য্যব্যাপারো যেষাং তে, যথাবলং বিচেষ্টমানা গুণারোপণায় চেষ্টাং কুর্ব্বন্তঃ, ধনুষ্কোটীতাড়নেন ধরণীতলস্থাঃ সন্তঃ। শময়াম্বভূবুঃ দ্রৌপদ্যাশাং নিবর্ত্তয়ামাসুঃ ॥১৯॥

হাহেতি। কৃতমিতি কর্ত্তরি ক্তঃ। তদ্ধনুষা তদ্ধনুষ্কোটীতাড়নেন। মণ্ডলং সমূহঃ ॥২০॥

সর্ব্বানিতি। তান্ তথাবিধান্। উদ্যতং জ্যারোপণায় উদ্যমবিষয়ীকৃতম্ ॥২১॥

দৃষ্ট্বেতি। সূতং কর্ণম্। লক্ষ্যবরং ভিত্ত্বা, ধরায়াং মধ্যে, অনেন সূতেনৈব, লক্ষ্যবরং প্রধানোদ্দেশ্যং দ্রৌপদীরূপং স্ত্রীরত্নম্, নীতং মেনিরে। অথ অপরে ধনুর্দ্ধরাস্তু, অর্কপুত্রং কর্ণম্, রাগেণ দ্রৌপদ্যামনুরাগেণ কৃতা প্রতিজ্ঞা লক্ষ্যভেদে কর্ত্তব্যতানির্দ্ধারণং যেন তম্, অতএব অগ্নিসোমার্কানতিক্রান্ত ইত্যগ্নিসোমার্কস্তম্, মেনিরে ॥২২॥

পারিলেন না; তথাপি তাঁহারা স্পন্দিত ওষ্ঠে বিক্রম প্রকাশ করিতে যাইয়া (অর্থাৎ গুণারোপণ করিতে প্রবৃত্ত হইয়া) সেই ধনুরই আঘাতে বিক্ষিপ্ত হইয়া পড়িলেন ॥১৫—১৮॥

গুণ আরোপণ করিবার নিয়মাভিজ্ঞ সেই রাজারা শক্তি অনুসারে বিশেষ চেষ্টা করিয়াও ভূতলে পতিত হওয়ায় তাঁহাদের তেজ নষ্ট হইয়া গেল এবং কিরীট ও হারপ্রভৃতি অলঙ্কার ছড়াইয়া পড়িল; এই অবস্থায় তাঁহারা নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া দ্রৌপদী লাভের আশা ত্যাগ করিলেন ॥১৯॥

সেই ধনুর আঘাতে সেই রাজাদের হার, কেয়ূর ও বলয়প্রভৃতি অলঙ্কার ছড়াইয়া পড়িলে, অন্যান্য রাজারা হাহাকার করিয়া উঠিলেন এবং তাঁহারাও দ্রৌপদীর আশা ত্যাগ করিয়া দুঃখিত হইলেন ॥২০॥

তখন ধনুর্দ্ধরপ্রধান কর্ণ প্রায় সকল রাজারই সেই অবস্থা দেখিয়া ধনুর নিকট গেলেন এবং সত্বর সেই ধনু উত্তোলন করিয়া তাহাতে গুণারোপণ ও বাণ সংযোগ করিলেন ॥২১॥

পাণ্ডবগণ কর্ণকে দেখিয়া মনে করিলেন যে, পৃথিবীর মধ্যে এই কর্ণই লক্ষ্য

দৃষ্ট্বা তু তং দ্রৌপদী বাক্যমুচ্চৈর্জগাদ নাহং বরয়ামি সূতম্।
সামর্ষহাসং প্রসমীক্ষ্য সূর্য্যং তত্যাজ কর্ণঃ স্ফুরিতং ধনুস্তৎ ॥২৩॥

এবং তেষু নিবৃত্তেষু ক্ষত্রিয়েষু সমন্ততঃ।
চেদীনামধিপো বীরো বলবানন্তকোপমঃ ॥২৪॥
দমঘোষসুতো ধীরঃ শিশুপালো মহামতিঃ।
ধনুরাদায়মানস্তু জানুভ্যামগমন্মহীম্ ॥২৫॥ (যুগ্মকম্)
ততো রাজা মহাবীর্য্যো জরাসন্ধো মহাবলঃ।
ধনুষোঽভ্যাসমাগত্য তস্থৌ গিরিরিবাচলঃ ॥২৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। তং লক্ষ্যভেদে সম্ভাবিতশক্তিকং কর্ণম্। সূতং জাত্যা নিকৃষ্টম্। সূতত্বেনাবজ্ঞানাদমর্ষঃ, তদলীকোক্তিকৌতুকাচ্চ হাসঃ, তাভ্যাং সহেতি সামর্ষহাসং যথা স্যাত্তথা, সূর্য্যং প্রসমীক্ষ্য। সূর্য্যদর্শনেনাত্মনঃ সূর্য্যপুত্রত্বসূচনাৎ সূতত্বনিরাসঃ সূচিতঃ ॥২৩॥

এবমিতি। চেদীনাং চেদিদেশস্য। বলবান্ সাহসী। অন্তকোপমো যমতুল্যঃ। আদায়মানঃ শক্ত্যা সজ্যং কুর্ব্বন। "দৈপ্ শোধনে" ইতি ভৌবাদিকদৈপ্ ধাতোঃ "শক্তিবয়স্তাচ্ছীল্যে" ইতি শক্ত্যর্থে কর্ত্তরি শানঙ্। ধাতূনামনেকার্থত্বাৎ সজ্যকরণার্থত্বম্। মহীমগমৎ তদ্ধনুষ্কোট্যা তাড়নাদেবেতি ভাবঃ ॥২৪—২৫॥

তত ইতি। মহাবলো মহাসাহসিক ইতি ন পৌনরুক্ত্যম্। অভ্যাসং নিকটম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

শময়াম্বভূবুরিতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥১৮—১৯॥ চক্রবালং মণ্ডলম্ ॥২০—২২॥ সামর্ষহাসং নীচকুলযোগাদমর্ষঃ, সূর্য্যাপবাধত্বাৎ হাসঃ ॥২৩—২৪॥ ধনুরাদায়মানঃ পরীক্ষমাণঃ, "দৈপ্

ভেদ করিয়া দ্রৌপদীকে নিয়াছেন। আর অন্যান্য ধনুর্দ্ধরেরা মনে করিলেন যে, কর্ণ দ্রৌপদীর প্রতি অনুরাগবশতঃ লক্ষ্যভেদ করিবার জন্য প্রতিজ্ঞা করিয়াছেন; সুতরাং ইনি আপন তেজে অগ্নি, সূর্য্য এবং চন্দ্রকেও অতিক্রম করিয়াছেন ॥২২॥

কর্ণকে লক্ষ্যভেদ করিতে উদ্যত দেখিয়া দ্রৌপদী উচ্চ স্বরে বলিলেন যে, 'আমি সূতকে বরণ করিব না'। তখন কর্ণ ক্রোধ ও হাস্যের সহিত সূর্য্যের প্রতি দৃষ্টিপাত করিয়া, সেই স্পন্দিত ধনুখানা পরিত্যাগ করিলেন ॥২৩॥

এইভাবে সেই ক্ষত্রিয়েরা সকল দিক হইতেই নিবৃত্তি পাইলে, চেদিদেশের রাজা, যমের তুল্য বীর ও সাহসী, ধীরপ্রকৃতি ও অত্যন্ত বুদ্ধিমান্, দমঘোষপুত্র শিশুপাল সেই ধনুতে গুণ আরোপণ করিতে প্রবৃত্ত হইয়া তাহারই আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে বসিয়া পড়িলেন ॥২৪—২৫॥

(২৪) ইতঃ প্রভৃতি পঞ্চানুষ্টুব্বদ্ধাঃ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

ধনুষা পীড্যমানস্তু জানুভ্যামগমন্মহীম্।
তত উত্থায় রাজা স স্বরাষ্ট্রাণ্যভিজগ্মিবান্ ॥২৭॥
ততঃ শল্যো মহাবীরো মদ্ররাজো মহাবলঃ।
তদপ্যারোপ্যমাণস্তু জানুভ্যামগমন্মহীম্ ॥২৮॥
তস্মিংস্তু সম্ভ্রান্তজনে সমাজে বিক্ষিপ্তবাদেষু জনাধিপেষু।
কুন্তীসুতো জিষ্ণুরিয়েষ কর্ত্তুং সজ্যং ধনুস্তৎ সশরং প্রবীরঃ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
স্বয়ংবরে সর্ব্বরাজপরাঙ্মুখীভবনে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধনুষেতি। পীড্যমানঃ সজ্যীকরণারম্ভকালে। স জরাসন্ধঃ ॥২৭॥

তত ইতি। অত্রাপি মহাবল ইত্যস্য পূর্ব্ববদেব ব্যাখ্যানম্। অপিশব্দঃ শল্য ইত্যনেনান্বীয়তে। তৎ ধনুঃ আরোপ্যমাণো গুণারোপণবিষয়ীকুর্ব্বন্। কর্ত্তরি ষণ্প্রত্যয় আর্ষঃ ॥২৮॥

তস্মিন্নিতি। সম্ভ্রান্তা বিস্ময়চকিতা জনা যত্র তস্মিন্। বিক্ষিপ্তাঃ পরিত্যক্তা বাদা লক্ষ্যভেদাদিকথা অপি যৈস্তেষু তাদৃশেষু সৎসু। জিষ্ণুরর্জ্জুনঃ। সশরঞ্চ কর্ত্তুম্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শোধনে" অস্য রূপম্ ॥২৫॥ অভ্যাসং সমীপম্ ॥২৬॥ ধনুষা আকৃষ্যমাণেন ॥২৭॥ আরোপ্যমাণঃ সজ্জীকর্ত্তুমিচ্ছন্ ॥২৮॥ নিক্ষিপ্তবাদেষু ত্যক্তধনুরুক্ষ্যমনকথেষু ॥২৯॥

ইতি শ্রীমহাভারত আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮০॥

তাহার পর, মহাবীর ও মহাসাহসিক জরাসন্ধ রাজা ধনুর নিকটে যাইয়া পর্ব্বতের ন্যায় অচল হইয়া একটু দাঁড়াইলেন ॥২৬॥

তা'র পর, তিনি যেই সেই ধনুতে গুণারোপণ করিতে প্রবৃত্ত হইলেন, অমনি তাহার আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পড়িয়া গেলেন। তাহার পর, তিনি উঠিয়া নিজ রাজ্যে চলিয়া গেলেন ॥২৭॥

তদনন্তর, মহাবীর ও মহাসাহসিক মদ্ররাজ শল্যও সেই ধনুতে গুণারোপণ করিতে প্রবৃত্ত হইয়া তাহারই আঘাতে হাঁটু পাতিয়া ভূতলে পড়িয়া গেলেন ॥২৮॥

তখন সভার সমস্ত লোকই বিস্ময়ে চকিত হইল; রাজারাও লক্ষ্যভেদের কথা পর্য্যন্ত পরিত্যাগ করিলেন; এই সময়ে কুন্তীপুত্র মহাবীর অর্জ্জুন সেই ধনুতে গুণারোপণ করিয়া শরসংযোগ করিবার ইচ্ছা করিলেন' ॥২৯॥

* '...পঞ্চাশীত্যধিকঃ...', '...সপ্তাশীত্যধিকঃ...', '...অষ্টাশীত্যধিকঃ...', '...দ্ব্যধিকদ্বিশততম...' ইতি পাঠান্তরাণি।

একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

যদা নিবৃত্তা রাজানো ধনুষঃ সজ্যকর্ম্মণঃ।
অথোদতিষ্ঠদ্বিপ্রাণাং মধ্যাজ্জিষ্ণুরুদারধীঃ ॥১॥
উদক্রোশন্ বিপ্রমুখ্যা বিধুন্বন্তোঽজিনানি চ।
দৃষ্ট্বা সম্প্রস্থিতং পার্থমিন্দ্রকেতুসমপ্রভম্ ॥২॥
কেচিদাসন্ বিমনসঃ কেচিদাসন্ মুদা যুতাঃ।
আহুঃ পরস্পরং কেচিন্নিপুণা বুদ্ধিজীবিনঃ ॥৩॥
যৎ কর্ম্ম শল্যপ্রমুখৈঃ ক্ষত্রিয়ৈর্লোকবিশ্রুতৈঃ।
নাসাদিতং বলবদ্ভির্ধনুর্ব্বেদপরায়ণৈঃ ॥৪॥
তৎ কথং ত্বকৃতাস্ত্রেণ প্রাণতো দুর্ব্বলীয়সা।
বটুমাত্রেন শক্যং হি সজ্যং কর্ত্তুং ধনুর্দ্বিজাঃ! ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদেতি। সজ্যকর্ম্মণঃ সজ্যত্বকরণাৎ। জিষ্ণুরর্জ্জুনঃ ॥১॥
উদিতি। উদক্রোশন্ নিবর্ত্তস্ব নিবর্ত্তস্বেতি উচ্চৈরব্রুবন্ ॥২॥
কেচিদিতি। বিমনসঃ অসামর্থ্যসম্ভাবনয়া। মুদা যুতাঃ সামর্থ্যসম্ভাবনয়া ॥৩॥
কিমাহুরিত্যাহ যদিতি নাসাদিতং কর্ত্তুং ন শক্তম্। অকৃতাস্ত্রেণ ব্রাহ্মণত্বাৎ। প্রাণতো বলে। বটুমাত্রেণ শিক্ষাদিশূন্যত্বাৎ কেবলেন ব্রাহ্মণেন ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—যখন রাজারা ধনুতে গুণারোপণ করা হইতে নিবৃত্তি পাইলেন, তখন বুদ্ধিমান্ অর্জ্জুন ব্রাহ্মণদের মধ্য হইতে গাত্রোত্থান করিলেন ॥১॥

সেই সময়ে ইন্দ্রধ্বজের ন্যায় দীর্ঘাকৃতি অর্জ্জুন যাইতেছেন দেখিয়া প্রধান প্রধান ব্রাহ্মণেরা মৃগচর্ম্ম আন্দোলিত করিয়া 'নিবৃত্ত হও নিবৃত্ত হও' বলিয়া কোলাহল করিয়া উঠিলেন ॥২॥

কতকগুলি লোক উদ্বিগ্ন হইল, কতকগুলি লোক আনন্দিত হইল, আর বুদ্ধিমান্ কতকগুলি লোক পরস্পর এইরূপ বলিতে লাগিল—॥৩॥

'হে ব্রাহ্মণগণ! লোকবিখ্যাত বলবান্ ও ধনুর্ব্বেদনিরত শল্যপ্রভৃতি ক্ষত্রিয়েরা যে কার্য্য সম্পন্ন করিতে পারিলেন না, অস্ত্রে অশিক্ষিত এবং অত্যন্ত

(৩)…মুদান্বিতাঃ…। (৪) যৎ কর্ণশল্যপ্রমুখৈঃ…নানতং বলবদ্ভির্হি…।

অবহাস্যা ভবিষ্যন্তি ব্রাহ্মণাঃ সর্ব্বরাজসু।
কর্ম্মণ্যস্মিন্নসংসিদ্ধে চাপলাদপরীক্ষিতে ॥৬॥
যদ্যেষ দর্পাদ্ধর্ষাদ্বাঽপ্যথ ব্রাহ্মণচাপলাৎ।
প্রস্থিতো ধনুরায়ন্তুং বার্য্যতাং সাধু মা গমৎ ॥৭॥

ব্রাহ্মণা ঊচুঃ।

নাবহাস্যা ভবিষ্যামো ন চ লাঘবমাস্থিতাঃ।
ন চ বিদ্বিষ্টতাং লোকে গমিষ্যামো মহীক্ষিতাম্ ॥৮॥
কেচিদাহুর্যুবা শ্রীমান্ নাগরাজকরোপমঃ।
পীনস্কন্ধোরুবাহুশ্চ ধৈর্য্যেণ হিমবানিব ॥৯॥
সিংহখেলগতিঃ শ্রীমান্ মত্তনাগেন্দ্রবিক্রমঃ।
সম্ভাব্যমস্মিন্ কর্ম্মেদমুৎসাহাচ্চানুমীয়তে ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবেতি। অস্মিন্ লক্ষ্যভেদে। অপরীক্ষিতে ইতঃ প্রাক্ ॥৬॥
যদীতি। হর্ষাৎ দ্রৌপদীলাভানন্দাৎ। আয়ন্তং নময়িতুম্। সাধু সম্যক্ ॥৭॥
নেতি। বিদ্বিষ্টতাং লক্ষ্যভেদায় প্রবৃত্ত্যা প্রতিপক্ষতাচরণাদিত্যাশয়ঃ ॥৮॥
কেচিদিতি। শ্রীমান্ কান্তিমান্, নাগরাজকরোপমো দীর্ঘ ইতি শেষঃ। সিংহস্যেব খেলা সলীলা গতির্যস্য সঃ। শ্রীমান্ বলসম্পত্তিমান্ ॥৯—১০॥

ভারতভাবদীপঃ

যদেতি। জিষ্ণুরর্জ্জুনঃ ॥১—৪॥ প্রাণতঃ শক্তিতঃ ॥৫—৬॥ দর্পাৎ গর্ব্বাৎ, হর্ষাদৌৎ

দুর্ব্বল শরীর ক্ষুদ্র একটি ব্রাহ্মণ ধনুতে সেই গুণারোপণ কি করিয়া সম্পন্ন করিতে পারিবে? ॥৪—৫॥

এই ব্যক্তি পূর্ব্বে লক্ষ্যভেদ পরীক্ষা করিয়া দেখে নাই, অথচ এখন চাঞ্চল্যবশতঃ এই কার্য্য যদি সম্পন্ন করিতে না পারে, তবে সমস্ত রাজাদের মধ্যে ব্রাহ্মণেরা হাস্যাস্পদ হইবেন ॥৬॥

এই ব্যক্তি গর্ব্ব, হর্ষ বা ব্রাহ্মণচাপল্যবশতঃ যদি ধনু নোয়াইবার জন্য প্রস্থান করিয়া থাকে, তবে উহাকে ভাল করিয়া বারণ করুন; ও যেন যায় না' ॥৭॥

ব্রাহ্মণেরা বলিলেন—'আমরা জগতে উপহাস্য বা হাল্কা হইব না কিংবা রাজাদের বিদ্বেষের পাত্রও হইব না' ॥৮॥

কতকগুলি লোক বলিল—'এই ব্যক্তি যুবা, সুশ্রী, ঐরাবতের শুঁড়ের মত দীর্ঘ এবং ধৈর্য্যে হিমালয়ের তুল্য; উহার স্কন্ধযুগল, উরুযুগল ও বাহুযুগল

শক্তিরস্য মহোৎসাহা নহ্যশক্তঃ স্বয়ং ব্রজেৎ।
ন চ তদ্বিদ্যতে কিঞ্চিৎ কর্ম্ম লোকেষু যদ্ভবেৎ ॥১১॥
ব্রাহ্মণানামসাধ্যঞ্চ নৃষু সংস্থানচারিষু।
তদ্ভুক্ষা বায়ুভক্ষাশ্চ ফলাহারা দৃঢ়ব্রতাঃ ॥১২॥
দুর্ব্বলা অপি বিপ্রা হি বলীয়াংসঃ স্বতেজসা।
ব্রাহ্মণো নাবমন্তব্যঃ সদসদ্বা সমাচরন্ ॥১৩॥
সুখং দুঃখং মহদ্ধ্রস্বং কর্ম্ম যৎ সমুপাগতম্।
জামদগ্ন্যেন রামেণ নির্জিতাঃ ক্ষত্রিয়া যুধি ॥১৪॥ (কলাপকম্)
পীতঃ সমুদ্রোঽগস্ত্যেন হ্যগাধো ব্রহ্মতেজসা।
তস্মাদ্ব্রুবন্তু সর্ব্বেঽত্র বটুরেষ ধনুর্মহান্ ॥১৫॥

ভারতকৌমুদী

শক্তিরিতি। মহান্ উৎসাহো যস্যাং সা। সংস্থানচারিষু স্থলবর্ত্তিষু, ন পুনর্যোগবলাৎ খেচরেষ্বিত্যর্থঃ, নৃষু মধ্যে, ব্রাহ্মণানাং যৎ কর্ম্ম অসাধ্যং ভবেৎ, তত্তাদৃশং কিঞ্চিদপি কর্ম্ম লোকেষু ন বিদ্যতে। তত্র হেতুমাহ তদ্ভুক্ষা ইত্যাদি। স্বতেজসা স্বকীয়যোগপ্রভাবেণ। সুখং সুখজনকম্ দুঃখং দুঃখজনকম্ মহৎ হ্রস্বং বা যৎ কর্ম্ম সমুপাগতম্, তৎ সদসদ্বা সমাচরন্ ব্রাহ্মণো নাবমন্তব্যঃ, যোগপ্রভাবেণ সর্ব্বাতিশায়িত্বাৎ। উক্তার্থে দৃষ্টান্তমাহ জামদগ্ন্যেনেতি ॥১১—১৪॥

ভারতভাবদীপঃ

সুক্ষ্যাৎ, চাপলাৎ অনবস্থিতত্বাৎ ॥৭—১০॥ লোকেষু ব্রহ্মলোকান্তেষু, নৃষু পুরুষেষু, সংস্থানচারিষু দেব সুরাদ্যাকারৈশ্চরৎসু, তৎ কর্ম্ম ন বিদ্যতে যৎ ব্রাহ্মণানামসাধ্যমিতি সম্বন্ধঃ ॥১১—১৩॥ মহৎ হ্রস্বং মহদপি ক্ষুদ্রং ভবতি যত্র তৎ কর্ম্ম, তদেবোদাহরতি, জামদগ্ন্যেনেতি

স্থূল, সিংহের ন্যায় সলীল গতি, বলিষ্ঠ দেহ এবং মত্ত হস্তীর ন্যায় বিক্রম রহিয়াছে; সুতরাং এ, লক্ষ্যভেদ করিতে পারিবে বলিয়াই সম্ভাবনা করা যায় এবং উৎসাহ দেখিয়া তাহাই অনুমান হয় ॥৯—১০॥

ইহার দেহে শক্তি এবং মনে গুরুতর উৎসাহ রহিয়াছে; এ, সমর্থ না হইলে নিজে যাইত না। প্রাকৃত মনুষ্যের মধ্যে ব্রাহ্মণদের যাহা অসাধ্য, এমন কার্য্য জগতে নাই। কেন না, ব্রাহ্মণেরা কেবল জল, বায়ু বা ফল আহার করিয়া সুদৃঢ়ভাবে যোগ অভ্যাস করিয়া থাকেন; সুতরাং তাঁহারা দেহে দুর্ব্বল হইলেও যোগপ্রভাবে অত্যন্ত বলবান্। তাহার দৃষ্টান্ত—পরশুরাম একাকী যুদ্ধে সমস্ত ক্ষত্রিয়কে জয় করিয়াছিলেন; সুতরাং সুখজনক বা দুঃখজনক, বিশাল বা ক্ষুদ্র এবং সৎ বা অসৎ যে কোন কার্য্যই ব্রাহ্মণ করুন না কেন, তাঁহাকে অবজ্ঞা করা উচিত নহে ॥১১—১৪॥

আরোপয়তু শীঘ্রং বৈ তথেত্যূচুর্দ্বিজর্ষভাঃ।
এবং তেষাং বিলপতাং বিপ্রাণাং বিবিধা গিরঃ ॥১৬॥ (যুগ্মকম)
অর্জ্জুনো ধনুষোঽভ্যাসে তস্থৌ গিরিরিবাচলঃ।
স তদ্ধনুঃ পরিক্রম্য প্রদক্ষিণমথাকরোৎ ॥১৭॥
প্রণম্য শিরসা দেবমীশানং বরদং প্রভুম্।
কৃষ্ণঞ্চ মনসা কৃত্বা জগৃহে চার্জ্জুনো ধনুঃ ॥১৮॥
যৎ পার্থিবৈ রুক্মিসুনীথবক্রৈ রাধেয়দুর্য্যোধনশল্যশাল্বৈঃ।
তদা ধনুর্ব্বেদপরৈর্নৃসিংহৈঃ কৃতং ন সজ্যং মহতোঽপি যত্নাৎ ॥১৯॥
তদর্জ্জুনো বীর্য্যবতাং সদর্পস্তদৈন্দ্রিরিন্দ্রাবরজপ্রভাবঃ।
সজ্যঞ্চ চক্রে নিমিষান্তরেণ শরাংশ্চ জগ্রাহ দশার্দ্ধসংখ্যান্ ॥২০॥

ভারতকৌমুদী

দৃষ্টান্তান্তরমাহ পীত ইতি। সর্ব্বে ব্রাহ্মণাঃ, ব্রুবন্তু, ব্রাহ্মণবচনানামমোঘত্বাদিতি ভাবঃ। বটুরপি ব্রাহ্মণত্বাদেব মহান্। বিলপতাং ব্রুবতাম্। গিরঃ অভবন্নিতি শেষঃ ॥১৫—১৬॥

অর্জ্জুন ইতি। অভ্যাসে সমীপে, তস্থৌ কিয়ৎকালম্। অথানন্তরম্ ॥১৭॥

প্রণম্যেতি। ঈশানং জগদীশ্বরম্। মনসা কৃত্বা চ। জগৃহে জগ্রাহ ॥১৮॥

যদিতি। অত্র রাধেয়ো ব্যক্ত্যন্তরং ন তু কর্ণঃ, তস্য পূর্ব্বং সজ্যত্বাদিকরণস্যোক্তত্বাৎ ॥১৯॥

তদিতি। বীর্য্যবতাং মধ্যে। ইন্দ্রিরিন্দ্রপুত্রঃ, ইন্দ্রাবরজো বামনো বিষ্ণুস্তুল্য-

ভারতভাবদীপঃ

॥১৪॥ ব্রাহ্মণবচসা ক্ষুদ্রেণাপি মহৎ কর্ম্ম কর্ত্তুং শক্যমিত্যভিপ্রেত্য সর্ব্বেঽপ্যেকমত্যেনাহুঃ

(ব্রাহ্মণ যে অসাধ্য সাধন করিতে পারেন, তাহার আর একটি দৃষ্টান্ত—) অগস্ত্য আপন ব্রহ্মতেজে অগাধ সমুদ্র পান করিয়াছিলেন; অতএব আপনারা সকলেই বলুন যে, এ ব্যক্তি ক্ষুদ্র হইলেও ব্রহ্মতেজে মহান্; সুতরাং ইনি সত্বরই ধনুতে গুণ আরোপণ করিতে সমর্থ হউন।' ব্রাহ্মণেরা তাহাই বলিলেন। ব্রাহ্মণগণের এইরূপ নানাবিধ বাক্য চলিতে লাগিল ॥১৫—১৬॥

তখন অর্জ্জুন ধনুর নিকটে যাইয়া কিছুকাল পর্ব্বতের ন্যায় অচল হইয়া থাকিলেন; পরে তিনি ভ্রমণ করিয়া সেই ধনুখানাকে প্রদক্ষিণ করিলেন ॥১৭॥

তাহার পর, অর্জ্জুন মস্তক অবনত করিয়া, ঈশ্বর, বরদাতা ও জগতের নিয়ন্তা কৃষ্ণকে প্রণাম ও মনে মনে ধ্যান করিয়া, ধনু ধারণ করিলেন ॥১৮॥

পূর্ব্বে রুক্মী, সুনীথ, বক্র, রাধেয়, দুর্য্যোধন, শল্য এবং শাল্বপ্রভৃতি ধনুর্ব্বেদচর্চ্চায় নিরত প্রধান প্রধান রাজারা বিশেষ যত্ন করিয়াও যে ধনুতে গুণারোপণ করিতে পারেন নাই ॥১৯॥

বিব্যাধ লক্ষ্যং নিপপাত তচ্চ চ্ছিদ্রেণ ভূমৌ সহসাতিবিদ্ধম্।
ততোঽন্তরীক্ষে চ বভূব নাদঃ সমাজমধ্যে চ মহান্ নিনাদঃ।
পুষ্পাণি দিব্যানি ববর্ষ দেবঃ পার্থস্য মূর্দ্ধ্নি দ্বিষতাং নিহন্তুঃ ॥২১॥
চেলানি বিব্যধুস্তত্র ব্রাহ্মণাশ্চ সহস্রশঃ।
বিলক্ষিতাস্ততশ্চক্রুর্হাহাকারাংশ্চ সর্ব্বশঃ ॥২২॥
ন্যপতংশ্চাত্র নভসঃ সমন্তাৎ পুষ্পবৃষ্টয়ঃ।
শতাঙ্গানি চ তূর্য্যাণি বাদকাঃ সমবাদয়ন্।
সূতমাগধসংঘাশ্চাঽপ্যস্তুবংস্তত্র সুস্বরাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। ছিদ্রেণ অধঃস্থযন্ত্রবন্ধেন, অতিবিদ্ধং সৎ। নাদো দেবানাং কোলাহলঃ নিনাদশ্চ মানুষাণাং কোলাহলঃ। দেবো দেবতাবর্গঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

চেলানীতি। চেলানি উত্তরীয়াঞ্চলানি, বিব্যধুঃ স্বজাতিজয়ানন্দাৎ বিশেষেণ ব্যধুঃ কম্পিতানি চক্রুঃ। বিদ্বয়পূর্ব্বকধাধাতোরদ্যতন্যা অনি রূপমিদম্। বিলক্ষিতাঃ স্বৈরবশক্তস্বাদপ্রতিভা রাজানশ্চ নির্ব্বেদেন হাহাকারান্ চক্রুঃ ॥২২॥

শতমিতি। পূর্বং কেবলদেবগণঃ পুষ্পাণি ববর্ষ, ইদানীন্তু সিদ্ধাদয়োঽপীতি সূচয়িতুং সমন্তাদিত্যুক্তম্। অতো ন পৌনরুক্ত্যম্। শতাঙ্গানি বাদ্যবিশেষান্। ষট্পদমিদং পদ্যম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

তস্মাদিতি ॥১৫—১৮॥ রাধেয়ঃ কর্ণঃ ॥১৯—২১॥ বিব্যধুঃ বিজয়ধ্বজস্তুচ্ছ্রিতবন্তঃ, বিলক্ষিতাঃ বিষমং লক্ষিতং দৃষ্টির্যেষাং তে তথা তাঃ, শত্রবঃ লক্ষ্যেণ বিনা কৃতা বা ॥২২॥ শতমনন্তানি অঙ্গানি নখাঙ্গুলিদণ্ডধর্জ্জ্যাবক্ত্রাদীনি বাদনোপায়া যেষাং তানি। "অঙ্গং গাত্রাস্তিকোপায়

দর্পশালী এবং বিষ্ণুর তুল্য প্রভাবযুক্ত ইন্দ্রপুত্র অর্জ্জুন বীরগণের সমক্ষে নিমেষমধ্যে সেই ধনুতে গুণারোপণ করিলেন এবং সেই পাঁচটী বাণ হাতে লইলেন ॥২০॥

পরে সেই লক্ষ্য বিদ্ধ করিলেন; তৎক্ষণাৎ সে লক্ষ্য যন্ত্রের রন্ধ্র দিয়া অত্যন্ত বিদ্ধ হইয়া ভূতলে পতিত হইল; তখন আকাশে দেবগণের এবং সমাজমধ্যে সভ্যগণের বিশাল কোলাহল উত্থিত হইল এবং দেবতারা শত্রুহন্তা অর্জ্জুনের মস্তকে স্বর্গীয় পুষ্প বর্ষণ করিলেন ॥২১॥

তখন সহস্র সহস্র ব্রাহ্মণ উত্তরীয়বস্ত্রের অঞ্চল আন্দোলিত করিতে লাগিলেন এবং রাজারা লজ্জিত হইয়া সকল দিক হইতেই হাহাকার করিতে থাকিলেন ॥২২॥

এই সময়ে আকাশের সকল দিক্ হইতেই পুষ্পবৃষ্টি পড়িতে লাগিল, বাদ্য-

(২২) পূর্ব্বার্দ্ধং কস্মিংশ্চিৎ পুস্তকে নাস্তি।

তং দৃষ্ট্বা দ্রুপদঃ প্রীতো বভূব রিপুসূদনঃ।
সহ সৈন্যৈশ্চ পার্থস্য সাহায্যার্থমিয়েষ সঃ ॥২৪॥
তস্মিংস্তু শব্দে মহতি প্রবৃদ্ধে যুধিষ্ঠিরো ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ।
আবাসমেবোপজগাম শীঘ্রং সার্দ্ধং যমাভ্যাং পুরুষোত্তমাভ্যাম্ ॥২৫॥
বিদ্ধন্তু লক্ষ্যং প্রসমীক্ষ্য কৃষ্ণা পার্থঞ্চ শক্রপ্রতিমং নিরীক্ষ্য।
স্বভ্যস্তরূপাপি নবেব নিত্যং বিনাপি হাসং হসতীব কন্যা ॥২৬॥
মদাদৃতেঽপি স্খলতীব ভাবৈর্ব্বাচা বিনা ব্যাহরতীব দৃষ্ট্যা।
আদায় শুক্লং বরমাল্যদাম জগাম কুন্তীসুতমুৎস্ময়ন্তী ॥২৭॥

ভারতকৌমুদী

তমিতি। সাহায্যার্থমিতি বিদ্বেষিভিঃ ক্ষত্রিয়ৈঃ পার্থাক্রমণসম্ভবাদিতি ভাবঃ ॥২৪॥

তস্মিন্নিতি। আবাসমেবোপজগাম তত্রস্থায়া মাতুঃ পরিরক্ষার্থমিত্যাশয়ঃ ॥২৫॥

বিদ্ধমিতি। শক্রপ্রতিমং শৌর্য্যে সৌন্দর্য্যে চেন্দ্রতুল্যম্। স্বভ্যস্তরূপাপি বহুশো দৃষ্টরূপাপি, নিত্যং নবেব সৌন্দর্য্যাতিরেকাৎ দ্রষ্টৃনেত্রেষু নূতনেব হসতী স্মেব সর্ব্বদৈবোৎফুল্লমুখত্বাৎ ॥২৬॥

মদাদিতি। মদাদৃতেঽপি মত্ততাং বিনাপি, ভাবৈঃ শৃঙ্গারচেষ্টাবিশেষৈঃ, স্খলতীব স্থানাৎ চ্যবতে স্মেব। উৎস্ময়ন্তী উত্তমং মৃদু চ হসন্তী, কুন্তীসুতমর্জ্জুনং জগাম ॥২৭॥

ভারতভাবদীপঃ

প্রতীকেষু" ইতি বিশ্বঃ ॥২৩॥ সাহায্যার্থং দ্রৌপদ্যলাভাৎ ক্ষুব্ধৈর্নৃপান্তরৈর্যুদ্ধপ্রসক্তৌ সত্যাম্

কারেরা শতাঙ্গ ও তূর্য্য বাজাইতে থাকিল এবং সূত ও মাগধগণ সুন্দর স্বরে স্তুতিপাঠ করিতে লাগিল ॥২৩॥

আর, শত্রুহন্তা দ্রুপদরাজা অর্জ্জুনকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন এবং সৈন্যগণ লইয়া তাঁহার সাহায্য করিবার ইচ্ছা করিলেন ॥২৪॥

সেই বিশাল শব্দ ক্রমে বৃদ্ধি পাইতে থাকিল, ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠির নকুল ও সহদেবের সহিত সত্বরই বাসস্থানে চলিয়া গেলেন ॥২৫॥

আর, লক্ষ্য বিদ্ধ হইয়াছে দেখিয়া এবং বিদ্ধকারী অর্জ্জুনকে শৌর্য্যে ও সৌন্দর্য্যে ইন্দ্রের তুল্য নিরীক্ষণ করিয়া দ্রৌপদী বহুদৃষ্ট হইয়াও লোকের চক্ষে নূতন বলিয়াই যেন প্রতীত হইতে থাকিলেন এবং হাস্য না করিয়াও যেন হাসিতে লাগিলেন ॥২৬॥

দ্রৌপদী মত্ততা ব্যতীতও হাব-ভাবেই যেন পড়িয়া যাইতে লাগিলেন এবং বাক্য ব্যতীত দৃষ্টি দ্বারাই যেন কিছু বলিতে থাকিলেন; এইভাবে তিনি

(২৬) দ্বিতীয়ার্দ্ধাদারভ্য শ্লোকত্রয়ং কতিপয়পুস্তকে ন দৃশ্যতে।

গত্বা চ পশ্চাৎ প্রসমীক্ষ্য কৃষ্ণা পার্থস্য বক্ষস্যবিশঙ্কমানা ।
ক্ষিপ্ত্বা স্রজং পার্থিববীরমধ্যে বরায় বব্রে দ্বিজসংঘমধ্যে ॥২৮॥
শচীব দেবেন্দ্রমথাগ্নিদেবং স্বাহেব লক্ষ্মীশ্চ যথা মুকুন্দম্ ।
উষেব সূর্য্যং মদনং রতীব মহেশ্বরং পর্ব্বতরাজপুত্রী ॥২৯॥
স তামুপাদায় বিজিত্য রঙ্গে দ্বিজাতিভিস্তৈরভিপূজ্যমানঃ ।
রঙ্গান্নিরক্রামদচিন্ত্যকর্ম্মা পত্ন্যা তয়া চাপ্যনুগম্যমানঃ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
স্বয়ংবরে লক্ষ্যচ্ছেদনে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গত্বেতি । স্রজং বরণমাল্যম্ । বরায় বরণায় । বব্রে অর্জ্জুনমিতি শেষঃ ॥২৮॥
উক্তার্থে মালোপমামাহ শচীতি । মুকুন্দং নারায়ণম্ । উষা প্রাতঃ ॥২৯॥
স ইতি । স পার্থঃ, তাং দ্রৌপদীম্ । অভিপূজ্যমান আদ্রিয়মাণঃ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥২৪—২৬॥ উত্তমপতিলাভাৎ অত্যন্তং গর্ব্বং কুর্ব্বতী ॥২৭—৩০॥
ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮১॥

শুভ্রবর্ণ বরমাল্য লইয়া মনোহর মৃদু হাস্য করিতে করিতে অর্জ্জুনের নিকটে গমন করিলেন ॥২৭॥

যাইয়া পর দ্রৌপদী শুভদৃষ্টি করিয়া, নিঃশঙ্কচিত্তে রাজগণ ও ব্রাহ্মণগণের মধ্যে বরণের জন্য অর্জ্জুনের বক্ষে সেই বরমাল্য সমর্পণ করিয়া তাঁহাকেই বরণ করিলেন ॥২৮॥

পূর্ব্বকালে শচী যেমন দেবরাজকে, স্বাহা যেমন অগ্নিকে, লক্ষ্মী যেমন নারায়ণকে, উষা যেমন সূর্য্যকে, রতি যেমন কামদেবকে এবং পার্ব্বতী যেমন মহাদেবকে বরণ করিয়াছিলেন ॥২৯॥

তখন ব্রাহ্মণেরা সেই রঙ্গবিজয়ী অচিন্ত্যকর্ম্মা অর্জ্জুনের বিশেষ গৌরব করিতে থাকিলে, তিনি দ্রৌপদীকে লইয়া রঙ্গস্থান হইতে নির্গত হইলেন; আর দ্রৌপদী তাঁহার পিছনে পিছনে যাইতে লাগিলেন ॥৩০॥

* '...ষড়শীত্যধিকঃ...', '...অষ্টাশীত্যধিকঃ...', '...উননবত্যধিকঃ...', '...ত্র্যধিকদ্বিশততমঃ...' ইতি পাঠান্তরাণি ।

দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্মৈ দিৎসতি কন্যান্তু ব্রাহ্মণায় তদা নৃপে।
কোপ আসীন্মহীপানামালোক্যান্যোন্যমন্তিকাৎ ॥১॥
অস্মানয়মতিক্রম্য তৃণীকৃত্য চ সঙ্গতান্।
দাতুমিচ্ছতি বিপ্রায় দ্রৌপদীং যোষিতাং বরাম্ ॥২॥
অবরোপ্যেহ বৃক্ষস্তু ফলকালে নিপাত্যতে।
নিহন্মৈনং দুরাত্মানং যোঽয়মস্মান্ন মন্যতে ॥৩॥
মহ্যর্হত্যেষ সম্মানং নাপি বৃদ্ধক্রমং গুণৈঃ।
হন্মৈনং সহ পুত্রেণ দুরাচারং নৃপদ্বিষম্ ॥৪॥
অয়ং হি সর্ব্বানাহূয় সৎকৃত্য চ নরাধিপান্।
গুণবদ্ভোজয়িত্বান্নং ততঃ পশ্চান্ন মন্যতে ॥৫॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। দিৎসতি দাতুমিচ্ছতি সতি। নৃপে দ্রুপদে ॥১॥
ক্রুদ্ধানাং রাজ্ঞামুক্তিমাহ অস্মানিতি। তৃণীকৃত্য তৃণবদেবাবজ্ঞাপাত্রীকৃত্য ॥২॥
অবেতি। অবরোপ্য রোপয়িত্বা। সম্মানপূর্ব্বকমস্মাকমবজ্ঞানমিতি ভাবঃ ॥৩॥
নহীতি। গুণৈঃ সম্মানম্। বৃদ্ধক্রমং বৃদ্ধপ্রাপ্যগৌরবাদিকম্ ॥৪॥
অয়মিতি। সৎকৃত্য সম্মান্য। গুণবদুৎকৃষ্টম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তখন দ্রুপদরাজা ব্রাহ্মণরূপী অর্জ্জুনকে কন্যা দান করিতে ইচ্ছা করিলে, নিকটবর্ত্তী রাজারা পরস্পর পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিয়া ক্রুদ্ধ হইলেন (এবং বলিতে লাগিলেন—) ॥১॥

'আমরা সম্মিলিত রহিয়াছি এই অবস্থায় দ্রুপদ আমাদিগকে তৃণের মত অগ্রাহ্য করিয়া স্ত্রীরত্ন দ্রৌপদীকে একটা ব্রাহ্মণের হাতে দিতে ইচ্ছা করিতেছে! ॥২॥

বৃক্ষ রোপণ করিয়া ফল জন্মিবার সময়ে সেটাকে নষ্ট করিতেছে; সুতরাং যে আমাদিগকে গ্রাহ্য করিতেছে না, সেই দুরাত্মাকে আমরা বধ করিব ॥৩॥

এ, গুণনিবন্ধন সম্মান কিংবা বৃদ্ধের গৌরব পাইতে পারে না; সুতরাং পুত্রের সহিতই এই দুরাচার রাজদ্বেষী দ্রুপদকে বধ করিব ॥৪॥

(৩) অবরোপ্যেহ বৃক্ষস্তু…। (৪)…নাপিবৃদ্ধতমো গুণৈঃ…।

অস্মিন্ রাজসমাবায়ে দেবানামিব সন্নয়ে।
কিময়ং সদৃশং কঞ্চিন্নৃপতিং নৈব দৃষ্টবান্ ॥৬॥
ন চ বিপ্রেষ্বধীকারো বিদ্যতে বরণং প্রতি।
স্বয়ংবরঃ ক্ষত্রিয়াণামিতীয়ং প্রথিতা শ্রুতিঃ ॥৭॥
অথবা যদি কন্যেয়ং ন চ কঞ্চিদ্বুভূষতি।
অগ্নাবেনাং পরিক্ষিপ্য যাম রাষ্ট্রাণি পার্থিবাঃ ॥৮॥
ব্রাহ্মণো যদি চাপল্যাল্লোভাদ্বা কৃতবানিদম্।
বিপ্রিয়ং পার্থিবেন্দ্রাণাং নৈষ বধ্যঃ কথঞ্চন ॥৯॥
ব্রাহ্মণার্থং হি নো রাজ্যং জীবিতঞ্চ বসূনি চ।
পুত্রপৌত্রঞ্চ যচ্চান্যদস্মাকং বিদ্যতে ধনম্ ॥১০॥
অবমানভয়াচ্চৈব স্বধর্ম্মস্য চ রক্ষণাৎ।
স্বয়ংবরাণামন্যেষাং মা ভূদেবংবিধা গতিঃ ॥১১॥

ভারতকৌমুদী

অস্মিন্নিতি। রাজ্ঞাং সমাবায়ে সমূহে। সন্নয়ে সমূহে। সদৃশং কন্যানুরূপম্ ॥৬॥

নেতি। অধীকার ইতি "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘঃ। শ্রুতিঃ কিংবদন্তী ॥৭॥

অথবেতি। বুভূষতি ভবিতুমিচ্ছতি পতিত্বেন প্রাপ্তুমিচ্ছতীত্যর্থঃ। "ভূ প্রাপ্তাবাত্মনেপদী বা" ইতি চৌরাদিকবিকল্পেনন্তভূধাতোর্বৈকল্পিকপরস্মৈপদে সনি রূপম্ ॥৮॥

ব্রাহ্মণ ইতি। ইদং লক্ষ্যভেদনরূপম্, বিপ্রিয়ম্ অপ্রিয়াচরণম্ ॥৯॥

অবধ্যত্বে হেতুমাহ ব্রাহ্মণার্থমিতি। পুত্রপৌত্রমিতি সমাহারদ্বন্দ্বে ক্লীবত্বমেকত্বঞ্চ ॥১০॥

এ বেটা সমস্ত রাজাকে ডাকিয়া আনিয়া, সম্মানিত করিয়া এবং উৎকৃষ্ট অন্ন ভোজন করাইয়া, তাহার পরে গ্রাহ্য করিতেছে না! ॥৫॥

দেবগণের ন্যায় এই রাজগণের মধ্যে কোন রাজাকেই কি এ বেটা কন্যার উপযুক্ত দেখিল না! ॥৬॥

তা'র পর, কন্যা বরণ করিবার বিষয়ে ব্রাহ্মণেরও অধিকার নাই। কেন না, 'স্বয়ংবর ক্ষত্রিয়দের' এই কিংবদন্তীই জগতে প্রসিদ্ধ রহিয়াছে ॥৭॥

পক্ষান্তরে এই কন্যাটা যদি কোন রাজাকে বরণ করিতে না চায়, তবে আমরা ওটাকে অগ্নিতে নিক্ষেপ করিয়া আপন আপন রাজ্যে চলিয়া যাইব ॥৮॥

কিন্তু যদিও এই ব্রাহ্মণ চাঞ্চল্যবশতঃ বা লোভবশতঃ রাজগণের এই অপ্রিয় কার্য্য করিয়াছে, তথাপি কোন প্রকারেই উহাকে বধ করা উচিত নহে ॥৯॥

কেন না, আমাদের রাজ্য, জীবন, ধন, পুত্র-পৌত্রাদি এবং অন্য যে কিছু দ্রব্য আছে, সে সমস্তই ব্রাহ্মণের জন্য ॥১০॥

(৬)···দেবানামিব মানুষে···।

ইত্যুক্ত্বা রাজশার্দ্দূলা হৃষ্টাঃ পরিঘবাহবঃ।
দ্রুপদস্তু জিঘাংসন্তঃ সায়ুধাঃ সমুপাদ্রবন্ ॥১২॥
তান্ গৃহীতশরাবাপান্ ক্রুদ্ধানাপততো বহূন্।
দ্রুপদো বীক্ষ্য সন্ত্রাসাদ্ব্রাহ্মণান্ শরণং গতঃ ॥১৩॥
ন ভয়ান্নাপি কার্পণ্যান্ন প্রাণপরিরক্ষণাৎ।
জগাম দ্রুপদো বিপ্রান্ শমার্থী প্রত্যপদ্যত ॥১৪॥
বগেনাপততস্তাংস্তু প্রভিন্নানিব বারণান্।
পাণ্ডুপুত্রৌ মহেষ্বাসৌ প্রতিযাতাবরিন্দমৌ ॥১৫॥
ততঃ সমুৎপেতুরুধায়ুধাস্তে মহীক্ষিতো বদ্ধতলাঙ্গুলিত্রাঃ।
জিঘাংসমানাঃ কুরুরাজপুত্রাবমর্ষয়ন্তোঽর্জ্জুনভীমসেনৌ ॥১৬॥

ভারতকৌমুদী

অবেতি। স্বধর্ম্মস্য ক্ষত্রিয়স্যায়স্য, রক্ষণাৎ রক্ষণমুদ্দিশ্যেতি ল্যব্লোপে পঞ্চমী, এনং হন্ম ইতি শেষঃ। এবংবিধা ব্রাহ্মণাদিবরণরূপা ॥১১॥

ইতীতি। পরিঘা অস্ত্রবিশেষা ইব বাহবো যেষাং তে ॥১২॥

তানিতি। গৃহীতাঃ শরাবাপা অঙ্গুলীত্রাণি যৈস্তান্। আপততঃ আগচ্ছতঃ ॥১৩॥

ব্রাহ্মণশরণগমনে হেতুমাহ নেতি। কার্পণ্যাৎ দুর্ব্বলত্বাৎ, প্রাণপরিরক্ষণাৎ তদুদ্দিশ্য। শমার্থী বিবাদশান্ত্যর্থী। মান্যানাং ব্রাহ্মণানামনুরোধাৎ ক্ষত্রিয়াঃ শাম্যেয়ুরিতি ভাবঃ ॥১৪॥

বেগেনেতি। প্রভিন্নান্ প্রকাশিতমদান্, বারণান্ হস্তিনঃ। পাণ্ডুপুত্রৌ ভীমার্জ্জুনৌ ॥১৫॥

তত ইতি। বদ্ধে ধৃতে তলাঙ্গুলিত্রে হস্তাবাপাঙ্গুলিত্রে যৈস্তে। অমর্ষয়ন্তঃ ক্রুধ্যন্তঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তস্মৈ দিৎসতীতি ॥১—৫॥ অবরোপ্যেত্যস্য ব্যাখ্যা অয়ং হীতি ব্যবহিতশ্লোকেন

তবে, আমরা অপমানের ভয়ে এবং স্বধর্ম্মরক্ষার উদ্দেশে অবশ্যই দ্রুপদকে বধ করিব। কারণ, অন্যান্য স্বয়ংবরেও এইরূপ ঘটনা না ঘটে' ॥১১॥

এই কথা বলিয়া পরিঘতুল্য-বাহুশালী রাজারা অস্ত্রধারণপূর্ব্বক হৃষ্টচিত্তে দ্রুপদকে বধ করিবার জন্য ধাবিত হইলেন ॥১২॥

তাঁহারা ক্রুদ্ধ হইয়া অঙ্গুলীত্র ধারণপূর্ব্বক আসিতেছেন দেখিয়া দ্রুপদরাজা উদ্বেগে ব্রাহ্মণগণের শরণাপন্ন হইলেন ॥১৩॥

কিন্তু দ্রুপদরাজা ভয়বশতঃ, দুর্ব্বলতাবশতঃ কিংবা প্রাণরক্ষার উদ্দেশ্যে ব্রাহ্মণদের শরণাগত হইয়াছিলেন না, বিবাদনিবৃত্তির জন্যই হইয়াছিলেন ॥১৪॥

মদস্রাবী হস্তিগণের ন্যায় সেই রাজারা বেগে আসিতে লাগিলে, শত্রুহন্তা মহাধনুর্দ্ধর ভীম ও অর্জ্জুন তাঁহাদের সম্মুখীন হইলেন ॥১৫॥

(১৪) অয়ং শ্লোকঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যতে।

ততস্তু ভীমোঽদ্ভুতভীমকর্ম্মা মহাবলো বজ্রসমানসারঃ।
উৎপাট্য দোর্ভ্যাং দ্রুমমেকবীরো নিষ্পত্রয়ামাস যথা গজেন্দ্রঃ ॥১৭॥
তং বৃক্ষমাদায় রিপুপ্রমাথী দণ্ডীব দণ্ডং পিতৃরাজ উগ্রম্।
তস্থৌ সমীপে পুরুষর্ষভস্য পার্থস্য পার্থঃ পৃথুদীর্ঘবাহুঃ ॥১৮॥
তৎ প্রেক্ষ্য কর্ম্মাতিমনুষ্যবুদ্ধিজিষ্ণুঃ স হি ভ্রাতুরচিন্ত্যকর্ম্মা।
বিসিস্মিয়ে চাপি ভয়ং বিহায় তস্থৌ ধনুর্গৃহ্য মহেন্দ্রকর্ম্মা ॥১৯॥
তৎ প্রেক্ষ্য কর্ম্মাতিমনুষ্যবুদ্ধিজিষ্ণোঃ সহভ্রাতুরচিন্ত্যকর্ম্মা।
দামোদরো ভ্রাতরমুগ্রবীর্য্যং হলায়ুধং বাক্যমিদং বভাষে ॥২০॥
য এষ সিংহর্ষভখেলগামী মহদ্ধনুঃ কর্ষতি তালমাত্রম্।
এষোঽর্জ্জুনো নাত্র বিচার্য্যমস্তি যদ্যস্মি সঙ্কর্ষণ! বাসুদেবঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। বজ্রস্য সমানঃ সারো দার্ঢ্যং যস্য সঃ। নিষ্পত্রয়ামাস পত্রশূন্যং চকার ॥১৭॥
তমিতি। দণ্ডী দণ্ডধারী, পিতৃরাজো যমঃ। পার্থস্য অর্জ্জুনস্য, পার্থো ভীমঃ ॥১৮॥
তদিতি। জিষ্ণুরর্জুনঃ। বিসিস্মিয়ে বিস্ময়াপন্নো বভূব ॥১৯॥
তদিতি। ভ্রাত্রা ভীমেন সহেতি সহভ্রাতা তস্য। দামোদরঃ কৃষ্ণঃ ॥২০॥
য ইতি। তালমাত্রং পাদাবধিসমুত্তোলিতহস্তপ্রমাণম্, "ঊর্দ্ধবিস্তৃতদোর্মানে তালমিত্যভিধীয়তে" ইতি রত্নকোষঃ। যদি বাসুদেবোঽস্মীতি বিচার্য্যত্বাভাবে প্রৌঢ়োক্তিঃ ॥২১॥

তাহার পর, হস্তাবাপ ও অঙ্গুলিত্রধারী সেই রাজারা ক্রুদ্ধ হইয়া অস্ত্রধারণপূর্ব্বক ভীম ও অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥১৬॥

তখন অদ্বিতীয় বীর, বজ্রের তুল্য দৃঢ়শরীর, অত্যন্ত বলবান্ এবং অদ্ভুত ও ভয়ঙ্কর কার্য্যকারী ভীম বাহুযুগল দ্বারা একটা বৃক্ষ উৎপাটন করিয়া হস্তীর ন্যায় সেটাকে পত্রশূন্য করিলেন ॥১৭॥

শত্রুহন্তা এবং স্থূল ও দীর্ঘবাহু ভীমসেন সেই বৃক্ষ উত্তোলন করিয়া, ভয়ঙ্করদণ্ডধারী যমের ন্যায় অর্জ্জুনের নিকটে অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

অমানুষবুদ্ধি এবং অচিন্তনীয়কর্ম্মা অর্জ্জুন ভ্রাতার সেই কার্য্য দেখিয়া ভয় পরিত্যাগ করিয়া বিস্ময়াপন্ন হইলেন এবং অস্ত্রধারণ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৯॥

তখন অসাধারণ বুদ্ধিমান্ এবং অচিন্তনীয়কর্ম্মা কৃষ্ণ ভীমের সহিত অর্জ্জুনের সেই কার্য্য দেখিয়া ভয়ঙ্কর বলশালী ভ্রাতা বলরামকে এই কথা বলিলেন—॥২০॥

'আর্য্য! সঙ্কর্ষণ! সিংহ ও বৃষের ন্যায় সলীলগামী এই যে ব্যক্তি তালপ্রমাণ বিশাল ধনু আকর্ষণ করিতেছে, এ ব্যক্তি অর্জ্জুন; আমি যদি বাসুদেব হই, তবে এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

যস্ত্বেষ বৃক্ষং তরসাঽবভজ্য রাজ্ঞাং নিকারে সহসা প্রবৃত্তঃ।
বৃকোদরান্নান্য ইহৈতদস্য কর্ত্তুং সমর্থঃ সমরে পৃথিব্যাম্ ॥২২॥
যোঽসৌ পুরস্তাৎ কমলায়তাক্ষো মহাতনুঃ সিংহগতির্বিনীতঃ।
গৌরঃ প্রলম্বোজ্জ্বলচারুঘোণো বিনিঃসৃতঃ সোঽপ্যুত ধর্ম্মপুত্রঃ ॥২৩॥
যৌ তৌ কুমারাবিব কার্ত্তিকেয়ৌ দ্বাবাশ্বিনেয়াবিতি মে বিতর্কঃ।
মুক্তা হি তস্মাজ্জতুবেশ্মদাহান্ময়া শ্রুতাঃ পাণ্ডুসুতাঃ পৃথা চ ॥২৪॥
তমব্রবীন্নির্জলতোয়দাভো হলায়ুধোঽনন্তরজং প্রতীতঃ।
প্রীতোঽস্মি দিষ্ট্যা হি পিতৃষ্বসা নঃ পৃথা বিমুক্তা সহ কৌরবাগ্র্যৈঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি স্বয়ংবরে কৃষ্ণবাক্যে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। নিকারে পরাভবে। 'নিকারস্তু পরাভবে। ধান্যোৎক্ষেপে" ইতি হেমচন্দ্রঃ ॥২২॥

য ইতি। পুরস্তাৎ পূর্ব্বম্। প্রলম্বা উজ্জ্বলা চারী চ ঘোণা নাসিকা যস্য সঃ ॥২৩॥

যাবিতি। কুমারৌ অল্পবয়স্কৌ, দ্বৌ কার্ত্তিকেয়াবিবেতি দ্রব্যোৎপ্রেক্ষা পুনরুক্তবদাভাসশ্চেত্যনয়োরেকাশ্রয়ানুপ্রবেশরূপঃ সঙ্কর ইত্যলঙ্কারঃ। আশ্বিনেয়ৌ নকুলসহদেবৌ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥৩—১২॥ সম্বাসাৎ ব্রাহ্মণকোপেন সর্ব্বং ক্ষয়ং নশ্যেদিতি শঙ্কোত্থাৎ ভয়াৎ ॥১৩-২২॥

এই যিনি বলপূর্ব্বক বৃক্ষ ভগ্ন করিয়া তৎক্ষণাৎ রাজগণকে পরাভূত করিতে প্রবৃত্ত হইয়াছেন, ইনি ভীমসেন! কেন না, ভীমসেন ভিন্ন পৃথিবীর মধ্যে অন্য কোন ব্যক্তিই যুদ্ধে এরূপ কার্য্য করিতে সমর্থ হয় না ॥২২॥

আর, ঐ যিনি পূর্ব্বে এস্থান হইতে চলিয়া গিয়াছেন, যাঁহার নয়নযুগল পদ্মপত্রের ন্যায় দীর্ঘ, শরীরটি বিশাল, সিংহের ন্যায় গমন, স্বভাবটি বিনীত, শরীরের কান্তি গৌরবর্ণ এবং নাসিকাটি লম্বিত, উন্নত ও মনোহর, তিনি ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ॥২৩॥

তা'র পর, দুইটী কার্ত্তিকের ন্যায় বলেই যে দুইটী কুমার চলিয়া গিয়াছেন, তাঁহারাই নকুল ও সহদেব; ইহাই আমার ধারণা। কারণ, আমি শুনিয়াছিলাম যে, কুন্তীদেবী ও পাণ্ডবগণ সেই জতুগৃহদাহ হইতে মুক্তিলাভ করিয়াছেন' ॥২৪॥

(২২) রাজ্ঞাং বিকারে সহসাভিবৃত্তঃ…। (২৩)…কমলায়তাক্ষস্তনুমহাসিংহগতিঃ…।

* '…সপ্তাশীত্যধিকঃ…', '…উননবত্যধিকঃ…', '…নবত্যধিকঃ…', '…চতুরধিকদ্বিশততমঃ…' ইতি পাঠান্তরাণি।

ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

অজিনানি বিধূন্বন্তঃ করকাংশ্চ দ্বিজর্ষভাঃ।
ঊচুস্তে ভীর্ন কর্ত্তব্যা বয়ং যোৎস্যামহে পরান্ ॥১॥
তানেবং বদতো বিপ্রানর্জ্জুনঃ প্রহসন্নিব।
উবাচ প্রেক্ষকা ভূত্বা যূয়ং তিষ্ঠত পার্শ্বতঃ ॥২॥
অহমেনানজিহ্মাগ্রৈঃ শতশো বিকিরন্ শরৈঃ।
বারয়িষ্যামি সংক্রুদ্ধান্ মন্ত্রৈরাশীবিষানিব ॥৩॥

ভারতকৌমুদী

তমিতি। নির্জ্জলো যস্তোয়দো মেঘস্তদাভঃ শ্বেতবর্ণ ইত্যর্থঃ। অনন্তরজম্ অনুজম্। প্রতীতঃ সংহৃষ্টঃ। দিষ্ট্যা ভাগ্যেন। কৌরবাগ্র্যো যুধিষ্ঠিরাদিভিঃ ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

অজিনানীতি। অজিনানি মৃগচর্ম্মাণি। করকান্ কমণ্ডলূংশ্চ, "কমণ্ডলৌ চ করকঃ" ইত্যমরঃ ॥১॥

তানিতি। অজিনকমণ্ডলুভ্যাং যোধনং বিভাব্য কৌতুকাদর্জ্জুনস্য প্রহাসঃ ॥২॥

অহমিতি। অজিহ্মাগ্রৈঃ সরলমুখৈঃ। আশীবিষান্ সর্পান্ ॥৩॥

ভারতভাবদীপঃ

ঘোণা নাসা ॥২৩॥ কার্ত্তিকেয়ানিত্যভূতোপমা ॥২৪—২৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮২॥

——:০:——

জলশূন্য মেঘের তুল্য শুভ্রবর্ণ বলরাম আনন্দিত হইয়া কনিষ্ঠ ভ্রাতা কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! বড়ই আনন্দিত হইলাম যে, আমাদের পিসী কুন্তীদেবী কৌরবপ্রধান যুধিষ্ঠিরপ্রভৃতির সহিত ভাগ্যবশতঃ মুক্তিলাভ করিয়াছেন' ।১৫॥

——০——

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণেরা মৃগচর্ম্ম ও কমণ্ডলু আন্দোলিত করিয়া অর্জ্জুনকে কহিলেন—'তুমি ভীত হইও না, আমরা শত্রুদের সহিত যুদ্ধ করিব' ॥১॥

ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, অর্জ্জুন হাস্য করিয়া তাঁহাদিগকে বলিলেন—'আপনারা দর্শক হইয়া এক পার্শ্বে থাকুন ॥২॥

ইত্যুক্ত্বা ধনুরায়ম্য শুল্কাবাপ্তং মহাবলঃ।
ভ্রাত্রা ভীমেন সহিতস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪॥
ততঃ কর্ণমুখান্ দৃষ্ট্বা ক্ষত্রিয়ান্ যুদ্ধদুর্ম্মদান্।
সম্পেততুরভীতৌ তৌ গজৌ প্রতিগজানিব ॥৫॥
ঊচুশ্চ বাচঃ পরুষাস্তে রাজানো যুযুৎসবঃ।
আহবে হি দ্বিজস্যাপি বধো দৃষ্টো যুযুৎসতঃ ॥৬॥
ইত্যেবমুক্ত্বা রাজানঃ সহসা দুদ্রুবুর্দ্বিজান্।
ততঃ কর্ণো মহাতেজা জিষ্ণুং প্রতি যযৌ রণে ॥৭॥
যুদ্ধার্থী বাসিতাহেতোর্গজঃ প্রতিগজং যথা।
ভীমসেনং যযৌ শল্যো মদ্রাণামীশ্বরো বলী ॥৮॥
দুর্য্যোধনাদয়ঃ সর্ব্বে ব্রাহ্মণৈঃ সহ সঙ্গতাঃ।
মৃদুপূর্বমযত্নেন প্রত্যযুধ্যংস্তদাহবে ॥৯॥

ভারতকৌমুদী

ইতীতি। শুল্কাবাপ্তং পণলব্ধং যেন ধনুষা লক্ষ্যং বিভেদ তদেব ধনুরিত্যর্থঃ ॥৪॥
তত ইতি। কর্ণমুখান্ কর্ণপ্রভৃতীন। সম্পেততুঃ যুদ্ধায় জগ্মতুঃ ॥৫॥
ঊচুরিতি। আহবে যুদ্ধে. দ্বিজস্য ব্রাহ্মণস্যাপি। অতো যুবাং নোপেক্ষ্যমহে ॥৬॥
ইতীতি। দুদ্রুবুর্ধাবিতবন্তঃ। জিষ্ণুমর্জ্জুনম্ ॥৭॥
যুদ্ধেতি। বাসিতা হস্তিনী। "বাসিতা স্ত্রীকরেণোশ্চ" ইত্যমরঃ ॥৮॥

মন্ত্রদ্বারা যেমন সর্পগণকে বারণ করে, তেমন আমিই সরলমুখ শত শত বাণদ্বারা এই ক্রুদ্ধ রাজগণকে বারণ করিব' ॥৩॥

এই কথা বলিয়া মহাবল অর্জ্জুন পণলব্ধ ধনুখানাকেই আয়ত করিয়া ভীমের সহিত পর্ব্বতের ন্যায় অচল হইয়া দাঁড়াইলেন ॥৪॥

তাহার পর, দুইটী হস্তী যেমন বিপক্ষ হস্তীদিগের প্রতি ধাবিত হয়, তেমন ভীম ও অর্জ্জুন যুদ্ধবিশারদ কর্ণপ্রভৃতি ক্ষত্রিয়গণকে দেখিয়া, নির্ভয় হইয়া তাঁহাদের প্রতি ধাবিত হইলেন ॥৫॥

তখন সেই যুদ্ধার্থী রাজারা এই নিষ্ঠুর কথা বলিলেন—'ওহে! যুদ্ধার্থী ব্রাহ্মণেরও কিন্তু যুদ্ধে বধ দেখিতে পাওয়া যায়' ॥৬॥

এই কথা বলিয়া রাজারা তৎক্ষণাৎ ব্রাহ্মণগণের প্রতি ধাবিত হইলেন; আর মহাবল কর্ণ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭॥

হস্তিনীর জন্য একটা হস্তী যেমন অপর হস্তীর প্রতি ধাবিত হয়, তেমন বলবান্ মদ্ররাজ শল্য ভীমের প্রতি ধাবিত হইলেন ॥৮॥

ততোঽর্জ্জুনঃ প্রত্যবিধ্যদাপতন্তং শিতৈঃ শরৈঃ।
কর্ণং বৈকর্ত্তনং শ্রীমান্ বিকৃষ্য বলবদ্ধনুঃ ॥১০॥
তেষাং শরাণাং বেগেন শিতানাং তিগ্মতেজসাম্।
বিমুহ্যমানো রাধেয়ো যত্নাত্তমনুধাবতি ॥১১॥
তাবুভাবপ্যনির্দ্দেশ্যৌ লাঘবাজ্জয়তাং বরৌ।
অযুধ্যেতাং সুসংরব্ধাবন্যোন্যজয়কাঙ্ক্ষিণৌ ॥১২॥
কৃতে প্রতিকৃতং পশ্য পশ্য বাহুবলঞ্চ মে।
ইতি শূরার্থবচনৈরভাষেতাং পরস্পরম্ ॥১৩॥
ততোঽর্জ্জুনস্য ভুজয়োর্বীর্য্যমপ্রতিমং ভুবি।
জ্ঞাত্বা বৈকর্ত্তনঃ কর্ণঃ সংরব্ধঃ সমযোধয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। সঙ্গতাঃ সম্মিলিতাঃ। মৃদুপূর্ব্বং কোমলতাপূর্ব্বকম্, অযোগ্যবিপক্ষত্বাৎ ॥৯॥
তত ইতি। বৈকর্ত্তনং সূর্য্যপুত্রম্। কর্ণান্তরব্যাবৃত্ত্যর্থমিদং বিশেষণম্ ॥১০॥
তেষামিতি। বিমুহ্যমানো বিস্ময়বিমুগ্ধঃ সন্। তমর্জ্জুনম্, অনুধাবিত স্ম ॥১১॥
তাবিতি। লাঘবাৎ সমানলঘুহস্তত্বাৎ, অনির্দ্দেশ্যৌ প্রধানতরত্বেনানির্ব্বচনীয়ৌ ॥১২॥
কৃত ইতি। প্রতিকৃতং তত্তুল্যকরণম্। শূরার্থবচনৈঃ শৌর্য্যবোধকবাক্যৈঃ ॥১৩॥
তত ইতি। অপ্রতিমং নিরুপমম্। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। সমযোধয়দিতি স্বার্থে ইন্নার্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অজিনানীতি ॥১—৩॥ শুল্কাবাপ্তং পণপ্রাপ্তম্ ॥৪—১১॥ বিজিগীষিণৌ বিজিগীষাবন্তৌ

আর, দুর্য্যোধন প্রভৃতি অন্যান্য রাজারা সেই যুদ্ধে ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া অযত্নের সহিত কোমলভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর, মনোহর মূর্ত্তি অর্জ্জুন সুদৃঢ় ধনু আকর্ষণ করিয়া সুধার বাণদ্বারা সম্মুখাগত কর্ণকে বিদ্ধ করিলেন ॥১০॥

নিশিত ও তীক্ষ্ণ সেই বাণগুলির বেগ দেখিয়া, বিস্ময়ে বিমুগ্ধ হইয়া, কর্ণ যত্নপূর্ব্বক অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥১১॥

তখন বীরশ্রেষ্ঠ কর্ণ ও অর্জ্জুন দুই জনই ক্রুদ্ধ হইয়া, পরস্পর জয় ইচ্ছা করিয়া, এমন লঘুহস্ততা দেখাইয়া যুদ্ধ করিতে লাগিলেন যে, তাঁহাদের তারতম্য বুঝা গেল না ॥১২॥

'তোমার কার্য্যের অনুরূপ কার্য্য দেখ, আমার বাহুবল দেখ' এইরূপ বীরত্বব্যঞ্জক বাক্য দ্বারা তাঁহারা পরস্পর আলাপ করিতে থাকিলেন ॥১৩॥

(১০)...আপতন্তং ত্রিভিঃ শরৈঃ...। (১২)...অন্যোন্যবিজিগীষিণৌ।

অর্জ্জুনেন প্রযুক্তাংস্তান্ বাণান্ বেগবতস্তদা।
প্রতিহন্য ননাদোচ্চৈঃ সৈন্যানি তদপূজয়ন্ ॥১৫॥

কর্ণ উবাচ।

তুষ্যামি তে বিপ্রমুখ্য! ভুজবীর্য্যস্য চ সংযুগে।
অবিষাদস্য চৈবাস্য শস্ত্রাস্ত্রবিজয়স্য চ ॥১৬॥
কিং ত্বং সাক্ষাদ্ধনুর্বেদো রামো বা বিপ্রসত্তম!।
অথ সাক্ষাদ্ধরিহয়ঃ সাক্ষাদ্বা বিষ্ণুরচ্যুতঃ ॥১৭॥
আত্মপ্রচ্ছাদনার্থং বৈ বাহুবীর্য্যমুপাশ্রিতঃ।
বিপ্ররূপং বিধায়েদং মন্যে মাং প্রতিযুধ্যসে ॥১৮॥ (যুগ্মকম্)
নহি মামাহবে ক্রুদ্ধমন্যঃ সাক্ষাচ্ছচীপতেঃ।
পুমান্ যোধয়িতুং শক্তঃ পাণ্ডবাদ্বা কিরীটিনঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেনেতি। তৎ অর্জ্জুনবাণপ্রতিহননম্, অপূজয়ন্ প্রাশংসন্ ॥১৫॥

তুষ্যামীতি। ভুজবীর্য্যস্য দর্শনাদিতি শেষঃ। অস্যত্রাপ্যেবম্। সংযুগে যুদ্ধে ॥১৬॥

কিমিতি। হরিহয় ইন্দ্রঃ। অচ্যুতঃ শৌর্য্যাদভ্রষ্টঃ। আত্মনঃ প্রচ্ছাদনার্থং গোপনার্থম্। বহুকালাদর্শনাৎ বেশবৈষম্যাচ্চ কর্ণস্যাপ্যর্জ্জুনে সম্ভাবনেয়ম্ ॥১৭—১৮॥

নহীতি। আহবে যুদ্ধে। শচীপতেরিন্দ্রাৎ। কিরীটিনোঽর্জ্জুনাৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥১২॥ শূরাণাম্ অর্থবদ্ভির্বচনৈঃ শূরার্থবচনৈঃ ॥১৩—২৪॥ প্রতিহন্য প্রতিহত্য, "বা ল্যপি" ইতি পক্ষে অনুনাসিকলোপাভাবাৎ ন তুক্। তৎ প্রতিহননম্ ॥১৫—১৭॥ মন্যে ত্বাং

তাহার পর, সূর্য্যপুত্র কর্ণ অর্জ্জুনের বাহুবল জগতে অতুলনীয় বুঝিয়া, ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

তিনি তখন অর্জ্জুননিক্ষিপ্ত বেগশালী সেই সকল বাণ প্রতিহত করিয়া উচ্চ স্বরে সিংহনাদ করিলেন; সৈন্যেরা সে ঘটনার প্রশংসা করিল ॥১৫॥

তখন কর্ণ বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! যুদ্ধে তোমার বাহুবল, অনবসন্নতা, এবং এই শস্ত্র ও অস্ত্র নিবারণ দেখিয়া আমি সন্তুষ্ট হইলাম ॥১৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! তুমি কি সাক্ষাৎ ধনুর্বেদ, না পরশুরাম, না ইন্দ্র, না সাক্ষাৎ বিষ্ণু, আত্মগোপনের জন্য এই ব্রাহ্মণরূপ ধারণ করিয়া বাহুবল অবলম্বনপূর্ব্বক আমার সহিত যুদ্ধ করিলে? ॥১৭—১৮॥

কারণ, আমি যুদ্ধে ক্রুদ্ধ হইলে, সাক্ষাৎ ইন্দ্র কিংবা পাণ্ডব অর্জ্জুন ব্যতীত অন্য কোন পুরুষই আমার সহিত যুদ্ধ করিতে সমর্থ হয় না' ॥১৯॥

তমেবংবাদিনং তত্র ফাল্গুনঃ প্রত্যভাষত।
নাস্মি কর্ণ! ধনুর্ব্বেদো নাস্মি রামঃ প্রতাপবান্ ॥২০॥
ব্রাহ্মণোঽস্মি যুধাং শ্রেষ্ঠ! সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
ব্রাহ্মে পৌরন্দরে চাস্ত্রে নিষ্ঠিতো গুরুশাসনাৎ ॥২১॥
স্থিতোঽস্ম্যদ্য রণে জেতুং ত্বাং বৈ বীর! স্থিরো ভব।
নির্জিতোঽস্মীতি বা ব্রূহি ততো ব্রজ যথাসুখম্ ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বাথ কর্ণস্য ধনুশ্চিচ্ছেদ পাণ্ডবঃ।
ততোঽন্যদ্ধনুরাদায় সংযোদ্ধুং সন্দধে শরম্ ॥২৩॥
দৃষ্ট্বা তচ্চাপি কৌন্তেয়শ্ছিত্ত্বা তদ্ধনুরাশুগৈঃ।
তথা বৈকর্ত্তনং কর্ণং বিভেদ সমরেঽর্জ্জুনঃ ॥২৪॥
ততঃ কর্ণস্তু রাধেয়শ্ছিন্নধন্বা মহাবলঃ।
শরৈরতীববিদ্ধাঙ্গঃ পলায়নমথাকরোৎ ॥২৫॥

ভারতকৌমুদী

তমিতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২০॥
ব্রাহ্মণ ইতি। পৌরন্দরে ঐন্দ্রে। নিষ্ঠিতঃ শিক্ষিতঃ, গুরোঃ শাসনাদুপদেশাৎ ॥২১॥
স্থিত ইতি। নির্জিতস্ত্বয়াহং পরাজিতঃ ॥২২॥
এবমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। সন্দধে কর্ণ ইতি শেষঃ ॥২৩॥
দৃষ্ট্বেতি। আশুগৈর্বাণৈঃ। বিভেদ বিব্যাধ ॥২৪॥

কর্ণ এইরূপ বলিলে, অর্জ্জুন প্রত্যুত্তর করিলেন—'কর্ণ! আমি ধনুর্ব্বেদও নহি, প্রতাপশালী পরশুরামও নহি ॥২০॥

যোদ্ধৃশ্রেষ্ঠ! আমি সমস্ত অস্ত্রজ্ঞের মধ্যে শ্রেষ্ঠ একজন ব্রাহ্মণ; গুরুর উপদেশে ব্রাহ্ম ও ঐন্দ্র অস্ত্রে শিক্ষিত হইয়াছি ॥২১॥

বীর! আজ তোমাকে জয় করিবার জন্য যুদ্ধে অবস্থান করিতেছি, তুমি স্থির হও; অথবা বল যে, পরাজিত হইয়াছি, পরে ইচ্ছানুসারে চলিয়া যাও' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া অর্জ্জুন কর্ণের ধনু ছেদন করিলেন। তাহার পর কর্ণ অন্য ধনু লইয়া যুদ্ধ করিবার জন্য বাণ সন্ধান করিলেন ॥২৩॥

তাহা দেখিয়া অর্জ্জুন বাণদ্বারা সে ধনুও ছেদন করিয়া যুদ্ধে কর্ণকে বিদ্ধ করিলেন ॥২৪॥

(২১)…যুধাং শ্রেষ্ঠঃ…। (২২) কুত্রচিৎ দ্বিতীয়ার্দ্ধং নাস্তি।
(২৩) ইত্যাদয়ঃ পঞ্চ শ্লোকাঃ কতিপয়পুস্তকে ন দৃশ্যন্তে।

পুনরায়ান্মুহূর্ত্তেন গৃহীত্বা সশরং ধনুঃ।
ববর্ষ শরবর্ষাণি পার্থং বৈকর্ত্তনস্তথা ॥২৬॥
তানি বৈ শরজালানি কৌন্তেয়োঽভ্যহনচ্ছরৈঃ।
জ্ঞাত্বা সর্ব্বান্ শরান্ ঘোরান্ কর্ণোঽধাবদ্দ্রুতং বহিঃ।
ব্রাহ্মং তেজস্তদাঽজয্যং মন্যমানো মহারথঃ ॥২৭॥
অপরস্মিন্ রণোদ্দেশে বীরৌ শল্যবৃকোদরৌ।
বলিনৌ যুদ্ধসম্পন্নৌ বিদ্যয়া চ বলেন চ ॥২৮॥
অন্যোন্যমাহ্বয়ন্তৌ তু মত্তাবিব মহাগজৌ।
মুষ্টিভির্জানুভিশ্চৈব নিঘ্নন্তাবিতরেতরম্ ॥২৯॥ (যুগ্মকম্)
বিকর্ষণাকর্ষণাভ্যামভ্যাকর্ষনিকর্ষণৈঃ।
আচকর্ষতুরন্যোন্যং মুষ্টিভিশ্চাপি জঘ্নতুঃ।
ততশ্চটচটাশব্দঃ সুঘোরঃ সমপদ্যত ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। ছিন্নং ধনুর্যস্য সঃ ॥২৫॥

পুনরিতি। পার্থমর্জ্জুনং প্রতি। বৈকর্ত্তনঃ কর্ণঃ ॥২৬॥

তানীতি। শরান্ ব্যর্থানিতি শেষঃ। অজয্যং জেতুমশক্যম্। ষট্পাদমিদং পদ্যম্ ॥২৭॥

অপরস্মিন্নিতি। যুদ্ধং সম্পন্নৌ প্রাপ্তৌ। নিঘ্নন্তৌ প্রহরন্তৌ ॥২৮—২৯॥

বিকর্ষণেতি। বিকর্ষণং পুরতো দূরে প্রেরণম্ আকর্ষণং সম্মুখে আনয়নং তাভ্যাম্।

ভারতভাবদীপঃ

যস্মাদ্ধাং প্রতিযুধ্যসে ॥১৮—২৭॥ বনোদ্দেশে রঙ্গদৃশ্যাং নিবাসস্থানে, "বনং নপুংসকং নীরে

ধনু ছিন্ন ও অঙ্গ অত্যন্ত বিদ্ধ হইলে, মহাবল কর্ণ পলায়ন করিলেন ॥২৫॥

তিনি মুহূর্ত্তমধ্যে অন্য ধনু ও বাণ লইয়া পুনরায় যুদ্ধে আসিলেন এবং অর্জ্জুনের প্রতি বাণবৃষ্টি করিতে লাগিলেন ॥২৬॥

তখন অর্জ্জুন বাণদ্বারা কর্ণের সেই সকল বাণ প্রতিহত করিলেন। সেই সময়ে কর্ণ নিজের ভয়ঙ্কর বাণ সকল ব্যর্থ হইয়াছে দেখিয়া, ব্রাহ্ম তেজকে অজেয় মনে করিয়া, তৎক্ষণাৎ বাহিরে চলিয়া গেলেন ॥২৭॥

সমরাঙ্গনের অন্য স্থানে মহাবীর শল্য ও ভীম পরস্পর আহ্বান এবং মুষ্টি ও জানু দ্বারা পরস্পর আঘাত করিতে থাকিয়া দুইটা মত্ত হস্তীর ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন ॥২৮—২৯॥

(২৭) বৈশম্পায়ন উবাচ। এবমুক্তস্তু রাধেয়ো যুদ্ধাৎ কর্ণো ন্যবর্ত্তত। ব্রাহ্মং তেজস্তদাঽজয্যং মন্যমানো মহারথঃ॥ ইতি পাঠঃ কতিপয়পুস্তকে। (২৮) অপরস্মিন্ বনোদ্দেশে…। (৩০) অত্র বহব এব পাঠভেদা দৃশ্যন্তে।

পাষাণসম্পাতনিভৈঃ প্রহারৈরভিজঘ্নতুঃ।
মুহূর্ত্তং তৌ তদাঽন্যোন্যং সমরে পর্য্যকর্ষতাম্ ॥৩১॥
ততো ভীমঃ সমুৎক্ষিপ্য বাহুভ্যাং শল্যমাহবে।
অপাতয়ৎ কুরুশ্রেষ্ঠো ব্রাহ্মণা জহসুস্তদা ॥৩২॥
তত্রাশ্চর্য্যং ভীমসেনশ্চকার পুরুষর্ষভঃ।
যচ্ছল্যং পাতিতং ভূমৌ নাবধীদ্বলিনং বলী ॥৩৩॥
পাতিতে ভীমসেনেন শল্যে কর্ণে চ শঙ্কিতে।
শঙ্কিতাঃ সর্বরাজানঃ পরিবব্রুর্বৃকোদরম্ ॥৩৪॥
উচুশ্চ সহিতাস্তত্র সাধ্বিমৌ ব্রাহ্মণর্ষভৌ।
বিজ্ঞায়েতাং কজন্মানৌ ক্বনিবাসৌ তথৈব চ ॥৩৫॥

ভারতকৌমুদী

অভ্যাকর্ষো দক্ষিণে প্রেরণং নিকর্ষণঞ্চ বামে প্রেরণং তৈঃ, তৎক্রিয়াবহুত্বাদ্বহুবচনম্। আচকর্ষতুরিতি গুণ আর্ষঃ। সমপদ্যত অজায়ত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

পাষাণেতি। প্রহারৈশ্চপেটাঘাতাদিভিঃ। পর্য্যকর্ষতাং সমন্তাৎ কর্ষণং কৃতবন্তৌ ॥৩১॥

তত ইতি। আহবে যুদ্ধে। জহসুঃ স্বপক্ষজয়াৎ কৌতুকাচ্চেতি ভাবঃ ॥৩২॥

তত্রেতি। পাতিতম্ আত্মনৈব নিক্ষিপ্তম্ ॥৩৩॥

পাতিত ইতি। শঙ্কিতে অর্জ্জুনাস্তীতে সতি। পরিবব্রুঃ প্রষ্টুং বেষ্টিতবন্তঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

নিবাসালয়কাননে" ইতি মেদিনী ॥২৮—২৯॥ প্রকর্ষণং দূরে নোদনম্। আকর্ষণম্ অর্ব্বাকর্ষণম্। অভ্যাকর্ষণমভিমুখমাস্ফালনম্। বিকর্ষণং তির্য্যক্‌পাতনম্ ॥৩০—৩১॥ সমুৎপিক্ষ্য

তাঁহারা সম্মুখে দূরে প্রেরণ, নিকটে আনয়ন, দক্ষিণ পার্শ্বে প্রেরণ ও বাম পার্শ্বে প্রেরণ, এইরূপ পরস্পর কর্ষণ করিতে লাগিলেন এবং মুষ্টি দ্বারা আঘাত করিতে থাকিলেন ; তাহা হইতে 'চট্‌চট্' শব্দ হইতে লাগিল ॥৩০॥

তাঁহারা কিছুকাল পাষাণপাততুল্য চপেটাঘাত দ্বারা পরস্পর প্রহার করিলেন, তৎপরে পরস্পর আকর্ষণ করিতে লাগিলেন ॥৩১॥

তাহার পর, ভীম হস্তযুগল দ্বারা শল্যকে উত্তোলন করিয়া ভূতলে পাতিত করিলেন ; তখন ব্রাহ্মণেরা হাসিয়া উঠিলেন ॥৩২॥

তখন বলবান্ ভীমসেন এইটাই আশ্চর্য্য ব্যাপার করিলেন যে, বলবান্ শল্যকে ভূপাতিত করিয়াও বধ করিলেন না ॥৩৩॥

ভীম শল্যকে পাতিত করিলেন এবং কর্ণও আশঙ্কিত থাকিলে, সকল রাজাই আশঙ্কিত হইয়া জিজ্ঞাসা করিবার জন্য ভীমকে পরিবেষ্টন করিয়া দাঁড়াইলেন ॥৩৪॥

কো হি রাধাসুতং কর্ণং শক্তো যোধয়িতুং রণে।
অন্যত্র রামাদ্দ্রোণাদ্বা পাণ্ডবাদ্বা কিরীটিনঃ ॥৩৬॥
কৃষ্ণাদ্বা দেবকীপুত্রাৎ কৃপাদ্বাপি শরদ্বতঃ।
কো বা দুর্য্যোধনং শক্তঃ প্রতিযোধয়িতুং রণে ॥৩৭॥ (যুগ্মকম্)
তথৈব মদ্রাধিপতিং শল্যং বলবতাং বরম্।
বলদেবাদৃতে বীরাৎ পাণ্ডবাদ্বা বৃকোদরাৎ ॥৩৮॥
বীরাদ্দুর্য্যোধনাদ্বাঽন্যঃ শক্তঃ পাতয়িতুং রণে।
ক্রিয়তামবহারোঽস্মাদ্যুদ্ধাদ্ব্রাহ্মণসংবৃতাৎ ॥৩৯॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণা হি সদা রক্ষ্যাঃ সাপরাধাপি নিত্যদা।
অথৈতানুপলভ্যেহ পুনর্যোৎস্যাম হৃষ্টবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

উচুরিতি। সাধু কৃতবন্তৌ। ক জন্ম যয়োস্তৌ। পরত্রাপ্যেবম্ ॥৩৫॥

ক ইতি। যোধয়িতুম্ আত্মনা সহ যুদ্ধং কারয়িতুম্। শরদ্বতঃ পুত্রাৎ কৃপাদ্বাপীত্যর্থঃ। অন্যত্রেতি প্রথমান্তমব্যয়ং মন্তব্যম্ ॥৩৬—৩৭॥

তথেতি। ঋতে বিনা। অবহারো নিবৃত্তিঃ। ব্রাহ্মণৈঃ সংবৃতাৎ পূর্ণাৎ ॥৩৮—৩৯॥

ব্রাহ্মণা ইতি। সাপরাধাপীতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। উপলভ্য পরিচিত্য ॥৪০॥

ভারতভাবদীপঃ

কুষ্মাণ্ডফলবদপাতয়ৎ ॥৩২—৩৮॥ অবহারো যুদ্ধান্নিবর্ত্তনম্ ॥৩৯॥ সাপরাধা অপীতি সন্ধিরার্ষঃ। অথ অথবা কালান্তরে উপলভ্য ॥৪০॥ (পাঠান্তরে) সংযুগে তৎকর্ম্ম কৃত্বা তূষ্ণীম্ভূতাবিতি

সকলে মিলিয়া তখন বলিলেন—'এই ব্রাহ্মণশ্রেষ্ঠ দুই জন বিশেষ প্রশংসার কার্য্য করিয়াছেন; এখন আমরা ইহা জানিতে চাই যে, ইঁহাদের কোথায় জন্ম এবং কোথায়ই বা নিবাস? ॥৩৫॥

পরশুরাম, দ্রোণাচার্য্য, কৃষ্ণ, কৃপাচার্য্য এবং অর্জ্জুন ব্যতীত অন্য কোন্ ব্যক্তি কর্ণের সহিত যুদ্ধ করিতে পারে এবং কোন্ ব্যক্তিই বা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়? ॥৩৬—৩৭॥

এবং মহাবীর বলরাম, পাণ্ডব ভীমসেন ও মহাবীর দুর্য্যোধন ব্যতীত অন্য কোন্ লোক বীরশ্রেষ্ঠ মদ্ররাজ শল্যকে যুদ্ধে ভূপাতিত করিতে পারে; অতএব ব্রাহ্মণের সহিত যুদ্ধ হইতে বিরত হউন ॥৩৮—৩৯॥

কারণ, ব্রাহ্মণেরা অপরাধ করিলেও তাঁহাদিগকে রক্ষা করা আমাদের সর্ব্বদা কর্ত্তব্য। ত'ার পর, ইঁহাদের পরিচয় লইয়া আনন্দিত হইয়া পুনরায় আমরা যুদ্ধ করিব' ॥৪০॥

(৪০) শ্লোকাৎ পরম্ অন্যমধিকঃ শ্লোকঃ কচিৎ—'তাংস্তথাবাদিনঃ সর্ব্বান্ প্রসমীক্ষ্য ক্ষিতীশ্বরান্। অথাজ্ঞান্ পুরুষাংশ্চাপি কৃত্বা তৎ কর্ম্ম সংযুগে ॥"

বৈশম্পায়ন উবাচ।

তৎ কর্ম্ম ভীমস্য সমীক্ষ্য কৃষ্ণঃ কুন্তীসুতৌ তৌ পরিশঙ্কমানঃ।
নিবারয়ামাস মহীপতীংস্তান্ ধর্ম্মেণ লব্ধেত্যনুনীয় সর্ব্বান্ ॥৪১॥

এবং তে বিনিবৃত্তাস্তু যুদ্ধাদ্‌যুদ্ধবিশারদাঃ।
যথাবাসং যযুঃ সর্ব্বে বিস্মিতা রাজসত্তমাঃ ॥৪২॥

বৃত্তো ব্রহ্মোত্তরো রঙ্গঃ পাঞ্চালী ব্রাহ্মণৈর্বৃতা।
ইতি ব্রুবন্তঃ প্রযযুর্যে তত্রাসন্ সমাগতাঃ ॥৪৩॥

ব্রাহ্মণৈস্তু প্রতিচ্ছন্নৌ রৌরবাজিনবাসিভিঃ।
কৃচ্ছ্রেণ জগ্মতুস্তৌ তু ভীমসেনধনঞ্জয়ৌ ॥৪৪॥

বিমুক্তৌ জনসংবাধাচ্ছত্রুভিরপরিক্ষতৌ।
কৃষ্ণয়ানুগতৌ তত্র নৃবীরৌ তৌ বিরেজতুঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তদিতি। পরিশঙ্কমানঃ সম্ভাবয়ন্। লব্ধা দ্রৌপদীতি শেষঃ ॥৪১॥

এবমিতি। আবাসং স্বস্বরাজধানীমনতিক্রম্যেতি যথাবাসম্ ॥৪২॥

বৃত্ত ইতি। ব্রহ্মাণো ব্রাহ্মণা এব উত্তরাঃ প্রধানা যস্মিন্ সঃ। বৃত্তো নিষ্পন্নঃ ॥৪৩॥

ব্রাহ্মণৈরিতি। প্রতিচ্ছন্নৌ আবৃতৌ। রৌরবাজিনবাসিভির্মৃগচর্ম্মপরিধায়িভিঃ ॥৪৪॥

বিমুক্তাবিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। তৌ ভীমার্জ্জুনৌ। ঘনৈর্মেঘৈঃ। মাতা কুন্তী।

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ ভীমসেনের সেই কার্য্য দেখিয়া, তাঁহাদিগকে কুন্তীপুত্র মনে করিয়া, সেই সকল রাজাকে এই বলিয়া অনুনয় করিয়া বারণ করিলেন যে, 'ইনি ধর্ম্ম অনুসারেই দ্রৌপদীকে লাভ করিয়াছেন' ॥৪১॥

এই ভাবে যুদ্ধবিশারদ সেই সকল রাজা বিস্মিত হইয়া যুদ্ধ হইতে নিবৃত্তি পাইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৪২॥

আর, অন্য যে সকল লোক সেখানে আসিয়াছিল, তাহারাও এইরূপ বলিতে বলিতে চলিয়া গেল যে, 'ব্রাহ্মণপ্রধান স্বয়ংবর সম্পন্ন হইল, দ্রৌপদীকেও ব্রাহ্মণেরাই পাইলেন' ॥৪৩॥

এবং মৃগচর্ম্মধারী ব্রাহ্মণে পরিবেষ্টিত ভীম ও অর্জ্জুন তাঁহাদের মধ্য হইতে কষ্টেই বাহির হইয়া গেলেন ॥৪৪॥

শত্রুগণকর্ত্তৃক অপরিক্ষতদেহ মনুষ্যবীর ভীম ও অর্জ্জুন দ্রৌপদীর সহিত সেই জনসংঘ হইতে মুক্ত হইয়া, পূর্ণিমা তিথিতে মেঘমুক্ত চন্দ্র ও সূর্য্যের ন্যায়

---

(৪৫)···শত্রুভিঃ পরিবিক্ষতৌ... ।

কো হি রাধাসুতং কর্ণং শক্তো যোধয়িতুং রণে।
অন্যত্র রামাদ্দ্রোণাদ্বা পাণ্ডবাদ্বা কিরীটিনঃ ॥৩৬॥
কৃষ্ণাদ্বা দেবকীপুত্রাৎ কৃপাদ্বাপি শরদ্বতঃ।
কো বা দুর্য্যোধনং শক্তঃ প্রতিযোধয়িতুং রণে ॥৩৭॥ (যুগ্মকম্)
তথৈব মদ্রাধিপতিং শল্যং বলবতাং বরম্।
বলদেবাদৃতে বীরাৎ পাণ্ডবাদ্বা বৃকোদরাৎ ॥৩৮॥
বীরাদ্দুর্য্যোধনাদ্বাঽন্যঃ শক্তঃ পাতয়িতুং রণে।
ক্রিয়তামবহারোঽস্মাদ্যুদ্ধাদ্ব্রাহ্মণসংবৃতাৎ ॥৩৯॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণা হি সদা রক্ষ্যাঃ সাপরাধাপি নিত্যদা।
অথৈতানুপলভ্যেহ পুনর্যোৎস্যাম হৃষ্টবৎ ॥৪০॥

ভারতকৌমুদী

উচুরিতি। সাধু কৃতবন্তৌ। ক জন্ম যয়োস্তৌ। পরত্রাপ্যেবম্ ॥৩৫॥

ক ইতি। যোধয়িতুম্ আত্মনা সহ যুদ্ধং কারয়িতুম্। শরদ্বতঃ পুত্রাৎ কৃপাদ্বাপীত্যর্থঃ। অন্যত্রেতি প্রথমান্তমব্যয়ং মন্তব্যম্ ॥৩৬—৩৭॥

তথেতি। ঋতে বিনা। অবহারো নিবৃত্তিঃ। ব্রাহ্মণৈঃ সংবৃতাৎ পূর্ণাৎ ॥৩৮—৩৯॥

ব্রাহ্মণা ইতি। সাপরাধাপীতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ। উপলভ্য পরিচিত্য ॥৪০॥

ভারতভাবদীপঃ

কুষ্মাণ্ডফলবদপাতয়ৎ ॥৩২—৩৮॥ অবহারো যুদ্ধান্নিবর্ত্তনম্ ॥৩৯॥ সাপরাধা অপীতি সন্ধিরার্ষঃ। অথ অথবা কালান্তরে উপলভ্য ॥৪০॥ (পাঠান্তরে) সংযুগে তৎকর্ম্ম কৃত্বা তূষ্ণীম্ভূতাবিতি

সকলে মিলিয়া তখন বলিলেন—'এই ব্রাহ্মণশ্রেষ্ঠ দুই জন বিশেষ প্রশংসার কার্য্য করিয়াছেন; এখন আমরা ইহা জানিতে চাই যে, ইঁহাদের কোথায় জন্ম এবং কোথায়ই বা নিবাস? ॥৩৫॥

পরশুরাম, দ্রোণাচার্য্য, কৃষ্ণ, কৃপাচার্য্য এবং অর্জ্জুন ব্যতীত অন্য কোন্ ব্যক্তি কর্ণের সহিত যুদ্ধ করিতে পারে এবং কোন্ ব্যক্তিই বা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়? ॥৩৬—৩৭॥

এবং মহাবীর বলরাম, পাণ্ডব ভীমসেন ও মহাবীর দুর্য্যোধন ব্যতীত অন্য কোন্ লোক বীরশ্রেষ্ঠ মদ্ররাজ শল্যকে যুদ্ধে ভূপাতিত করিতে পারে; অতএব ব্রাহ্মণের সহিত যুদ্ধ হইতে বিরত হউন ॥৩৮—৩৯॥

কারণ, ব্রাহ্মণেরা অপরাধ করিলেও তাঁহাদিগকে রক্ষা করা আমাদের সর্ব্বদা কর্ত্তব্য। ত'ার পর, ইঁহাদের পরিচয় লইয়া আনন্দিত হইয়া পুনরায় আমরা যুদ্ধ করিব' ॥৪০॥

(৪০) শ্লোকাৎ পরম্ অন্যমধিকঃ শ্লোকঃ কচিৎ—'তাংস্তথাবাদিনঃ সর্ব্বান্ প্রসমীক্ষ্য ক্ষিতীশ্বরান্। অথাজ্ঞান্ পুরুষাংশ্চাপি কৃত্বা তৎ কর্ম্ম সংযুগে ॥"

চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

গত্বা তু তাং ভার্গবকর্ম্মশালাং পার্থৌ পৃথাং প্রাপ্য মহানুভাবৌ।
তাং যাজ্ঞসেনীং পরমপ্রতীতৌ ভিক্ষেত্যথাবেদয়তাং নরাগ্র্যৌ ॥১॥
কুটীগতা সা ত্বনবেক্ষ্য পুত্রৌ প্রোবাচ ভুঙ্‌ক্তেতি সমেত্য সর্ব্বে।
পশ্চাচ্চ কুন্তী প্রসমীক্ষ্য কৃষ্ণাং কষ্টং ময়া ভাষিতমিত্যুবাচ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। পৃথা কুন্তী। মহতি অবসিতপ্রায়ে। ঘনৈর্মেঘৈঃ। ব্রাহ্মণানাং কৃষ্ণমৃগচর্ম্মাবৃতত্বাদ্‌ঘনসাদৃশ্যম্। জিষ্ণুরর্জ্জুনঃ। ভার্গবো নাম কুম্ভকারস্তস্য বেশ্ম ॥৪৯—৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি স্বয়ংবরে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

গত্বেতি। ভার্গবো নাম কুম্ভকার ইতি প্রাগেবোক্তং তস্য কর্ম্মশালাং ভূতপূর্ব্বকর্ম্মগৃহম্। এতেন তস্যাং শালায়ামেব তেষাং বাস আসীদিতি বোধ্যম্। পার্থৌ ভীমার্জ্জুনৌ। পরমপ্রতীতৌ দ্রৌপদীলাভাদত্যন্তানন্দিতৌ। ভিক্ষা মাতরিয়ং ভিক্ষা আনীতা ইতি আবেদয়তাং ব্যজ্ঞাপয়তাম্। প্রতিদিনং যথা তদ্বদিতি ভাবঃ। কৌতুকেন নর্ম্মোক্তিরূপত্বান্নাত্র মিথ্যোক্তিদোষঃ "ন নর্ম্মযুক্তং বচনং হিনস্তি" ইতি প্রাগুক্তত্বাৎ ॥১॥

কুটীতি। কুটীগতা কুটীবাভ্যন্তরস্থিতা। সমেত্য মিলিত্বা। কৃষ্ণাং দ্রৌপদীম্। কষ্টং কষ্টজনকং বাক্যম্, একস্যাঃ স্ত্রিয়া বহুভিঃ পুরুষৈর্ভোগানৌচিত্যাদিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

গচ্ছতি উপস্থিতে সতি ॥৪৭—৪৯॥ ভার্গববেশ্ম কুলালগৃহম্ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৩॥

——০:০:০——

বৈশম্পায়ন বলিলেন মহাপ্রভাবশালী মনুষ্যশ্রেষ্ঠ ভীম ও অর্জ্জুন সেই কুম্ভকারের কর্ম্মশালায় যাইয়া, কুন্তীকে লক্ষ্য করিয়া, আনন্দিতচিত্তে দ্রৌপদীর বিষয় জানাইলেন যে, 'মা! ভিক্ষা আনিয়াছি' ॥১॥

কিন্তু কুন্তী ঘরের ভিতরে ছিলেন বলিয়া ভীমার্জ্জুনকে না দেখিয়াই বলিয়া ফেলিলেন যে, 'তোমরা সকলে মিলিয়াই উহা ভোগ কর'। পরে, তিনি দ্রৌপদীকে দেখিয়া বলিলেন যে, 'হায়! আমি বড়ই কষ্টের কথা বলিয়া ফেলিয়াছি!' ॥২॥

সাঽধর্ম্মভীতা পরিচিন্তয়ন্তী তাং যাজ্ঞসেনীং পরমপ্রতীতাম্।
পাণৌ গৃহীত্বোপজগাম কুন্তী যুধিষ্ঠিরং বাক্যমুবাচ চেদম্ ॥৩॥

কুন্ত্যুবাচ।

ইয়ন্তু কন্যা দ্রুপদস্য রাজ্ঞস্তবানুজাভ্যাং ময়ি সন্নিসৃষ্টা।
যথোচিতং পুত্র! ময়াপি চোক্তং সমেত্য ভুঙ্‌ক্তেতি নৃপ! প্রমাদাৎ ॥৪॥
এতৎ কথং নানৃতমুক্তমদ্য ময়া ভবেদ্‌ব্রূহি যদত্র যুক্তম্।
পাঞ্চালরাজস্য সুতামধর্ম্মো ন চোপবর্ত্তেত ন বিভ্রমেচ্চ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

স এবমুক্তো মতিবান্ নৃবীরো মাত্রা মুহূর্ত্তন্তু বিচিন্ত্য রাজা।
কুন্তীং সমাশ্বাস্য কুরুপ্রবীরো ধনঞ্জয়ং বাক্যমিদং বভাষে ॥৬॥

ভারতকৌমুদী

সেতি। অধর্ম্মাৎ দ্রৌপদ্যা বহুপুরুষভোগনিবন্ধনপাপাদ্ভীতা। পরমপ্রতীতম্ উপযুক্তপতিলাভাদত্যন্তপ্রীতাম্। এতেন যুধিষ্ঠিরনকুলসহদেবা যুদ্ধাবসানং নিশম্য ভীমার্জ্জুনাগমনাৎ প্রাগেব কুম্ভকারভবনমাগতা ইত্যপি বোদ্ধব্যম্ ॥৩॥

ইয়মিতি। সন্নিসৃষ্টা সমর্পিতা। যথোচিতং ভিক্ষাত্বেনাবেদনাৎ ॥৪॥

এতদিতি। অনৃতং মিথ্যা। ন চোপবর্ত্তেত ন চাক্রামেৎ, ন বিভ্রমেচ্চ তেনাধর্ম্মেণ নরকাদৌ ন বিচরেচ্চ, সা পাঞ্চালরাজসুতেতি শেষঃ ॥৫॥

স ইতি। রাজেতি যোগ্যতামাশ্রিত্যোক্তম্, পাণ্ডোরনন্তরং তস্যৈব রাজত্বযোগ্যত্বাৎ ॥৬॥

ভারতভাবদীপঃ

গত্বেতি ॥১—২॥ অধর্ম্মো বহুভর্ত্তৃতারূপাঃ তস্মাদ্ভীতা ॥৩—৪॥ অধর্ম্মো বহুভর্ত্তৃতারূপঃ,

---

তাহার পর, কুন্তী দ্রৌপদীর অধর্ম্মের ভয়ে ভীত হইয়া, চিন্তা করিতে থাকিয়া, দ্রৌপদীর হস্তধারণপূর্ব্বক যুধিষ্ঠিরের নিকট গেলেন এবং তাঁহাকে এই কথা বলিলেন ॥৩॥

কুন্তী বলিলেন—'পুত্র! তোমার কনিষ্ঠ সহোদর ভীম ও অর্জ্জুন এই দ্রুপদরাজার কন্যাটীকে আমার নিকট ভিক্ষা বলিয়া দিতে চাহিয়াছিল; তখন আমিও অনবধানতাবশতঃ ভিক্ষা মনে করিয়া তাহার উপযুক্ত কথাই বলিয়া ফেলিয়াছি যে, 'তোমরা সকলে মিলিয়া ভোগ কর' ॥৪॥

আমার এই কথা কি প্রকারে সত্য হইতে পারে; এবিষয়ে যাহা সঙ্গত হয়, যাহাতে ইঁহার পাপ না হয় এবং সেই পাপে ইনি নরকে না যান, সেইরূপ উপায় বল' ॥৫॥

---

(৫) ময়া কথং নানৃতমুক্তমদ্য ভবেৎ কুরূণামৃষভ! ব্রবীহি…।

ত্বয়া জিতা ফাল্গুন ! যাজ্ঞসেনী ত্বয্যেব শোভিষ্যতি রাজপুত্রী ।
প্রজ্বাল্যতামগ্নিরমিত্রসাহ ! গৃহাণ পাণিং বিধিবত্ত্বমস্যাঃ ॥৭॥

অর্জ্জুন উবাচ ।

মা মাং নরেন্দ্র ! ত্বমধর্ম্মভাজং কৃথা ন ধর্ম্মোঽয়মশিষ্টদৃষ্টঃ ।
ভবান্ নিবেশ্যঃ প্রথমং ততোঽয়ং ভীমো মহাবাহুরচিন্ত্যকর্ম্মা ॥৮॥
অহং ততো নকুলোঽনন্তরং মে পশ্চাদয়ং সহদেবস্তরস্বী ।
বৃকোদরোঽহঞ্চ যমৌ চ রাজন্ ! ইয়ঞ্চ কন্যা ভবতো নিযোজ্যাঃ ॥৯॥
এবং গতে যৎ করণীয়মত্র ধর্ম্ম্যং যশস্যং কুরু তদ্বিচিন্ত্য ।
পাঞ্চালরাজস্য হিতঞ্চ যৎ স্যাৎ প্রশাধি সর্ব্বে স্ম বশে স্থিতাস্তে ॥১০॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। অমিত্রান্ শত্রূন্ সহত ইতি অমিত্রসাহঃ কর্ম্মণ্যণি সম্বোধনম্ ॥৭॥

মেতি। অয়ং ন ধর্ম্মঃ, অপি ত্বয়ং ব্যবহারঃ অশিষ্টেষু ম্লেচ্ছাদিষ্বেব দৃষ্টঃ ; "জ্যেষ্ঠেঽনিবিষ্টে কনীয়ান্ নির্বিশন্ পরিবেত্তা ভবতি" ইত্যাদিস্মৃতেরিতি ভাবঃ। নিবেশ্যঃ পরিণয়সম্পাদনেন গার্হস্থ্যধর্ম্মে গুরুভিঃ প্রবেশনীয়ঃ, জ্যেষ্ঠত্বাদিত্যাশয়ঃ ॥৮॥

অহমিতি। তরস্বী বলবান্। নিযোজ্যা আদেশ্যাঃ। অতঃ কর্ত্তব্যমাদিশেতি ভাবঃ ॥৯॥

এবমিতি। গতে স্থিতে। প্রশাধি উপদিশ। স্মেতি পাদপূরণে ॥১০॥

ভারতভাবদীপঃ

বিভ্রমেচ্চ তেন অধর্ম্মেণ তির্য্যগ্‌যোনৌ পুনঃপুনঃ বিশেষেণ ভ্রমেৎ ॥৫—৭॥ ন ধর্ম্মোঽয়ং দৃষ্টঃ

বৈশম্পায়ন বলিলেন—কুন্তী এইরূপ বলিলে, বুদ্ধিমান্ যুধিষ্ঠির একটুকাল চিন্তা করিয়া এবং কুন্তীকে আশ্বস্ত করিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৬॥

'অর্জ্জুন! তুমিই দ্রৌপদীকে জয় করিয়াছ; সুতরাং এই রাজকন্যা তোমাতেই শোভা পাইবেন। অতএব তুমি অগ্নি প্রজ্বালিত কর এবং যথাবিধানে তুমিই ইঁহার পাণি গ্রহণ কর' ॥৭॥

অর্জ্জুন বলিলেন—'মহারাজ! আপনি আমাকে অধর্ম্মভাগী করিবেন না, ইহা ধর্ম্ম নহে, এরূপ ব্যবহার অশিষ্ট জনেই দেখা যায়। প্রথমে আপনি বিবাহ করিবেন, তৎপরে ভীম বিবাহ করিবে ॥৮॥

তাহার পরে আমি, তৎপরে নকুল এবং তাহার পরে সহদেব বিবাহ করিবে। ভীম, আমি, নকুল, সহদেব এবং এই কন্যা, আমরা সকলেই আপনার আজ্ঞাবহ ॥৯॥

এইরূপ হইলে, এবিষয়ে যাহা ধর্ম্মসঙ্গত ও যশের কারণ বলিয়া কর্ত্তব্য হয়, আপনি চিন্তা করিয়া তাহাই করুন, আর যাহা পাঞ্চালরাজের হিত হয়, সে বিষয়ে উপদেশ দিন, আমরা সকলেই আপনার বশে রহিয়াছি' ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

জিষ্ণোর্বচনমাজ্ঞায় ভক্তিস্নেহসমন্বিতম্।
দৃষ্টিং নিবেশয়ামাসুঃ পাঞ্চাল্যাং পাণ্ডুনন্দনাঃ ॥১১॥
দৃষ্ট্বা তে তত্র পশ্যন্তীং সর্বে কৃষ্ণাং যশস্বিনীম্।
সম্প্রেক্ষ্যান্যোন্যমাসীনা হৃদয়ৈস্তামধারয়ন্ ॥১২॥
তেষান্তু দ্রৌপদীং দৃষ্ট্বা সর্ব্বেষামমিতৌজসাম্।
সম্প্রমথ্যেন্দ্রিয়গ্রামং প্রাদুরাসীন্মনোভবঃ ॥১৩॥
কাম্যং হি রূপং পাঞ্চাল্যা বিধাত্রা বিহিতং স্বয়ম্।
বভূবাধিকমন্যাভ্যঃ সর্বভূতমনোহরম্ ॥১৪॥
তেষামাকারভাবজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
দ্বৈপায়নবচঃ কৃৎস্নং সস্মার মনুজর্ষভঃ ॥১৫॥
অব্রবীৎ স হি তান্ ভ্রাতৄন্ মিথো ভেদভয়ান্নৃপঃ।
সর্ব্বেষাং দ্রৌপদী ভার্য্যা ভবিষ্যতি হি নঃ শুভা ॥১৬॥

ভারতকৌমুদী

জিষ্ণোরিতি। দৃষ্টিং নিবেশয়ামাসুঃ, তদ্ভঙ্গীজ্ঞানেন তদভিপ্রায়জ্ঞানার্থম্ ॥১১॥
দৃষ্ট্বেতি। পশ্যন্তীং সর্ব্বানেব পাণ্ডবানিতি শেষঃ। অধারয়ন্ পত্নীত্বেন ॥১২॥
তেষামিতি। সম্প্রমথ্য বিজিত্য। মনোভবঃ কামঃ ॥১৩॥
কাম্যমিতি। কাম্যং সর্ব্বপুরুষবাঞ্ছনীয়ম্। অন্যাভ্যঃ স্ত্রীভ্যঃ ॥১৪॥
তেষামিতি। তেষাং ভ্রাতৄণাম্, আকারং ভঙ্গীং ভাবমভিপ্রায়ঞ্চ জানাতীতি সঃ। দ্বৈপায়নবচঃ দ্বিষষ্ট্যধিকশততমাধ্যায়োক্তং ব্যাসবচনম্ ॥১৫॥

বৈশম্পায়ন বলিলেন—তখন পাণ্ডবগণ অর্জ্জুনের কথাগুলিকে ভক্তি ও স্নেহযুক্ত বুঝিয়া দ্রৌপদীর উপরে দৃষ্টিপাত করিলেন ॥১১॥

তখন দ্রৌপদী সমস্ত পাণ্ডবকেই দেখিতেছিলেন, ইহা দেখিয়া তাঁহারা সকলেই পরস্পর মুখাবলোকন করিয়া দ্রৌপদীকে হৃদয়ে ধারণ করিলেন ॥১২॥

তখন দ্রৌপদীকে দেখার পর, তাঁহাদের সকলেরই ইন্দ্রিয়সমূহকে জয় করিয়া প্রবল কামবেগ উপস্থিত হইল ॥১৩॥

কারণ, স্বয়ং বিধাতাই দ্রৌপদীর রূপটীকে সমস্ত পুরুষেরই স্পৃহণীয় করিয়া সৃষ্টি করিয়াছিলেন; তাহাতেই সেইরূপ অন্যান্য স্ত্রী হইতে অধিক এবং সকলেরই মনোহর ছিল ॥১৪॥

মনুষ্যশ্রেষ্ঠ যুধিষ্ঠির, ভীমপ্রভৃতি ভ্রাতৃগণের ভঙ্গী ও অভিপ্রায় বুঝিয়া বেদব্যাসের সমস্ত উক্তি স্মরণ করিলেন ॥১৫॥

(১৬) ইতঃ পরমধ্যায়সমাপ্তিঃ ক্বচিৎ।

বৈশম্পায়ন উবাচ।

ভ্রাতুর্বিচস্তং প্রসমীক্ষ্য সর্বে জ্যেষ্ঠস্য পাণ্ডোস্তনয়াস্তদানীম্।
তমেবার্থং ধ্যায়মানা মনোভিঃ সর্ব্বে চ তে তস্থুরদীনসত্ত্বাঃ ॥১৭॥
বৃষ্ণিপ্রবীরস্তু কুরুপ্রবীরান্ আশংসমানঃ সহরৌহিণেয়ঃ।
জগাম তাং ভার্গবকর্ম্মশালাং যত্রাসতে তে পুরুষপ্রবীরাঃ ॥১৮॥
তত্রোপবিষ্টং পৃথুদীর্ঘবাহুং দদর্শ কৃষ্ণঃ সহরৌহিণেয়ঃ।
অজাতশত্রুং পরিবার্য্য তাংশ্চাপ্যুপোপবিষ্টান্ জ্বলনপ্রকাশান্ ॥১৯॥
ততোঽব্রবীদ্বাসুদেবোঽভিগম্য কুন্তীসুতং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্।
কৃষ্ণোঽহমস্মীতি নিপীড্য পাদৌ যুধিষ্ঠিরস্যাজমীঢ়স্য রাজ্ঞঃ ॥২০॥

ভারতকৌমুদী

অব্রবীদিতি। স যুধিষ্ঠিরঃ। মিথোভেদভয়াৎ পরস্পরৈকতাভঙ্গভয়াৎ ॥১৬॥

ভ্রাতুরিতি। প্রসমীক্ষ্য পর্য্যালোচ্য। অদীনসত্ত্বা অক্ষুদ্রাধ্যবসায়াঃ ॥১৭॥

বৃষ্ণীতি। বৃষ্ণিপ্রবীরঃ কৃষ্ণঃ। আশংসমানঃ সম্ভাবয়ন্। রৌহিণেয়েন বলরামেণ সহেতি সহরৌহিণেয়ঃ। আসতে তিষ্ঠন্তি, তে পাণ্ডবাঃ ॥১৮॥

তত্রেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। তান্ ভীমাদীন্। জ্বলনপ্রকাশান্ অগ্নিদ্যুতীন্ ॥১৯॥

তত ইতি। নিপীড্য প্রণামায় ধৃত্বা। আজমীঢস্য অজমীঢ়কুলোৎপন্নস্য ॥২০॥

ভারতভাবদীপঃ

অয়ং কঃ যং মাং ভবান্ অশিষ্ট শাসিতবান্, নিবেশ্যঃ বিবাহ্যঃ ॥৮—১৫॥ ভেদভয়ং যস্য

তাহার পর তিনি পরস্পর ভেদের ভয়ে ভ্রাতৃগণকে বলিলেন—'কল্যাণী দ্রৌপদী আমাদের সকলেরই ভার্য্যা হইবেন' ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—তখন ভীমপ্রভৃতি পাণ্ডবগণ জ্যেষ্ঠ ভ্রাতার কথা পর্য্যালোচনা করিয়া, মনে মনে সেই বিষয়ই চিন্তা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৭॥

এই সময়ে কৃষ্ণ সেই পাঁচটি পুরুষকে পঞ্চ পাণ্ডব মনে করিয়া বলরামের সহিত কুম্ভকারের সেই কর্ম্মশালায় আসিলেন, যেখানে পাণ্ডবেরা অবস্থান করিতেছিলেন ॥১৮॥

কৃষ্ণ বলরামের সহিত সেখানে আসিয়া দেখিলেন—স্থূল ও দীর্ঘবাহু যুধিষ্ঠির বসিয়া আছেন, আর তাঁহাকে পরিবেষ্টন করিয়া অগ্নিতুল্য তেজস্বী ভীম প্রভৃতি উপবেশন করিয়া রহিয়াছেন ॥১৯॥

তাহার পর, কৃষ্ণ যুধিষ্ঠিরের নিকট যাইয়া তাঁহার চরণ ধারণ করিয়া বলিলেন—'আমি কৃষ্ণ' ॥২০॥

তথৈব তস্যাপ্যনু রৌহিণেয়স্তৌ চাপি হৃষ্টাঃ কুরবোঽভ্যনন্দন্।
পিতৃষ্বসুশ্চাপি যদুপ্রবীরাবগৃহ্নতাং ভারতমুখ্য! পাদৌ ॥২১॥
অজাতশত্রুশ্চ কুরুপ্রবীরঃ পপ্রচ্ছ কৃষ্ণং কুশলং বিলোক্য।
কথং বয়ং বাসুদেব! ত্বয়েহ গূঢ়া বসন্তো বিদিতাশ্চ সর্বে ॥২২॥
তমব্রবীদ্বাসুদেবঃ প্রহস্য গূঢ়োঽপ্যগ্নির্জ্জায়ত এব রাজন্!।
তং বিক্রমং পাণ্ডবেয়ানতীত্য কোঽন্যঃ কর্ত্তা বিদ্যতে মানুষেষু ॥২৩॥
দিষ্ট্যা সর্বে পাবকাদ্বিপ্রমুক্তা যূয়ং ঘোরাৎ পাণ্ডবাঃ শত্রুসাহাঃ।
দিষ্ট্যা পাপো ধৃতরাষ্ট্রস্য পুত্রঃ সহামাত্যো ন সকামোঽভবিষ্যৎ ॥২৪॥

ভারতকৌমুদী

তথেতি। অনু পশ্চাৎ, রৌহিণেয়ো বলরামোঽপি, তথৈব কৃষ্ণবদেব, তস্য যুধিষ্ঠিরস্য। পাদৌ নিপীড্য রামোঽস্মীত্যব্রবীদিত্যর্থঃ। হৃষ্টাঃ কুরবো যুধিষ্ঠিরাদয়শ্চাপি তৌ রামকৃষ্ণৌ অভ্যনন্দন্ যথাযোগ্যম্ আশীঃপ্রণামাভ্যামাদৃতবন্তঃ। যদুপ্রবীরৌ রামকৃষ্ণৌ পিতৃষ্বসুঃ কুন্ত্যাশ্চাপি পাদৌ অগৃহ্নতাম্ ॥২১॥

অজাতেতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ। গূঢ়া গুপ্তা অপি বিদিতা ইত্যপি পপ্রচ্ছ ॥২২॥

তমিতি। তং লক্ষ্যভেদাদিরূপম্। অতীত্য বিনেত্যর্থঃ। কর্ত্তেতি তৃন্প্রত্যয়ঃ ॥২৩॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। শত্রুসাহাঃ শত্রুবেগসহনযোগ্যাঃ। অভবিষ্যদভূৎ ॥২৪॥

ভারতভাবদীপঃ

দ্রৌপদী তস্যোত্তরে শত্রবঃ স্যুরিতি ভেদঃ। ১৬—১৭॥ রৌহিণেয়ো বলদেবঃ ॥১৮—২৩॥

তাহার পর, বলরামও কৃষ্ণেরই মত যুধিষ্ঠিরের চরণ ধারণ করিয়া বলিলেন—'আমি বলরাম'। তখন পাণ্ডবেরাও আনন্দিত হইয়া তাঁহাদের যথাযোগ্য আদর করিলেন। তৎপরে রাম ও কৃষ্ণ পিতৃষ্বসা কুন্তীদেবীরও চরণ ধারণ করিলেন ॥২১॥

তদনন্তর যুধিষ্ঠির কৃষ্ণের দিকে দৃষ্টিপাত করিয়া তাঁহার কুশল জিজ্ঞাসা করিলেন এবং বলিলেন 'কৃষ্ণ! আমরা সকলেই এখানে গুপ্তভাবে বাস করিতেছি, তুমি কি করিয়া জানিলে' ॥২২॥

তখন কৃষ্ণ হাস্য করিয়া বলিলেন মহারাজ! অগ্নি গুপ্তভাবে থাকিলেও জানা যায়। পাণ্ডব ব্যতীত মানুষের মধ্যে অন্য কোন্ ব্যক্তি সেইরূপ বিক্রম প্রকাশ করিতে পারে? ॥২৩॥

শত্রুগণের বেগ সহকারী আপনারা সকলেই ভাগ্যবশতঃ সেই অগ্নি হইতে মুক্তিলাভ করিয়াছেন; আর ভাগ্যবশতই পাপাত্মা দুর্য্যোধন মন্ত্রীদের সহিত সফলকাম হয় নাই ॥২৪॥

ভদ্রং বোঽস্তু নিহিতং যদ্‌গুহায়াং বিবর্দ্ধধ্বং জ্বলনা ইবৈধমানাঃ।
মা বো বিদ্যুঃ পার্থিবাঃ কেচিদেব যাস্যাবহে শিবিরায়ৈব তাবৎ।
সোঽনুজ্ঞাতঃ পাণ্ডবেনাব্যয়শ্রীঃ প্রায়াচ্ছীঘ্রং বলদেবেন সার্দ্ধম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি বৈবাহিকে রামকৃষ্ণাগমনে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

ধৃষ্টদ্যুম্নস্তু পাঞ্চাল্যঃ পৃষ্ঠতঃ কুরুনন্দনৌ।
অন্বগচ্ছত্তদা যান্তৌ ভার্গবস্য নিবেশনে ॥১॥

ভারতকৌমুদী

ভদ্রমিতি। গুহায়ামস্মাকমন্তঃকরণে। জ্বলনা বহ্নয়ঃ, এধমানাঃ কাষ্ঠৈর্বর্দ্ধমানাঃ। বো যুষ্মান্, বিদ্যুঃ পাণ্ডবতয়া জানীয়ুঃ। জ্ঞানার্থকাদ্বিদের্যন্ আর্ষঃ। অব্যয়শ্রীঃ অবিনশ্বরলক্ষ্মীকঃ, স কৃষ্ণঃ। পাণ্ডবেন যুধিষ্ঠিরেণ। সট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি বৈবাহিকে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০—

পূর্ব্বং বৃত্তান্তমাহ ধৃষ্টেতি। তদা যুদ্ধজয়াৎ পরম্, পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রো ধৃষ্টদ্যুম্নঃ।

ভারতভাবদীপঃ

শক্রসাহাঃ শক্রবেগস্য সোঢারঃ ॥২৪॥ যৎ ভদ্রং গুহায়াং বুদ্ধৌ বো নিহিতং তৎ বোঽস্তু ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৪॥

—০—

আমাদের মনে যেরূপ রহিয়াছে, আপনাদের সেইরূপ মঙ্গল হউক; বর্দ্ধমান অগ্নির মত আপনারা বৃদ্ধি লাভ করুন এবং কোন রাজাই যেন আপনাদিগকে জানিতে পারেন না। আমরা এখনই শিবিরে যাইব।' তাহার পর, অক্ষয়লক্ষ্মী কৃষ্ণ বলরামের সহিত যুধিষ্ঠিরের অনুমতিক্রমে সত্বর চলিয়া গেলেন ॥২৫॥

—:০:—

বৈশম্পায়ন বলিলেন ভীম ও অর্জ্জুন যুদ্ধে জয় লাভ করিয়া যখন সেই

* '...উননবত্যধিকঃ...', '...একনবত্যধিকঃ...', '...ত্রিনবত্যধিকঃ...', '...ষড়ধিক-দ্বিশততমঃ...' ইতি পাঠভেদাঃ। (১)...ভার্গবস্য নিবেশনম্।

সোঽজ্ঞায়মানঃ পুরুষানবধায় সমন্ততঃ।
স্বয়মারান্নিলীনোঽভূদ্ভার্গবস্য নিবেশনে ॥২॥
সায়ঞ্চ ভীমস্তু রিপুপ্রমাথী জিষ্ণুর্যমৌ চাপি মহানুভাবৌ।
ভৈক্ষ্যং চরিত্বা তু যুধিষ্ঠিরায় নিবেদয়াঞ্চক্রুরদীনসত্ত্বাঃ ॥৩॥
ততস্তু কুন্তী দ্রুপদাত্মজাং তামুবাচ কালে বচনং বদান্যা।
ত্বমগ্রমাদায় কুরুষ্ব ভদ্রে! বলিঞ্চ বিপ্রায় চ দেহি ভিক্ষাম্ ॥৪॥
যে চান্নমিচ্ছন্তি দদস্ব তেভ্যঃ পরিশ্রিতা যে পরিতো মনুষ্যাঃ।
ততশ্চ শেষং প্রবিভজ্য শীঘ্রম্ অর্দ্ধং চতুর্ধা মম চাত্মনশ্চ ॥৫॥

ভারতকৌমুদী

ভার্গবস্য কুম্ভকারস্য, নিবেশনে ভবনে, যান্তৌ গচ্ছন্তৌ, কুরুনন্দনৌ ভীমার্জ্জুনৌ, পৃষ্ঠতঃ, অন্বগচ্ছৎ গুপ্তভাবেন সহাগচ্ছৎ, তয়োঃ পরিচয়লাভার্থমিতি ভাবঃ ॥১॥

স ইতি। ভীমার্জ্জুনাভ্যামজ্ঞায়মানঃ স ধৃষ্টদ্যুম্নঃ, সমন্ততঃ কুম্ভকারভবনস্য সর্ব্বাসু দিক্ষু, পুরুষান্ স্বসহচরান্ অবধায় তয়োঃ কার্য্যাপর্য্যবেক্ষণার্থং সংস্থাপ্য, ভার্গবস্য নিবেশনে, স্বয়ম্, আরাৎ তয়োঃ সমীপ এব, নিলীনঃ প্রচ্ছন্নোঽভূৎ ॥২॥

সায়মিতি। জিষ্ণুরর্জ্জুনঃ। যমৌ নকুলসহদেবৌ। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ ॥৩॥

তত ইতি। কালে আত্মনা পাকাৎ পরম্। অগ্রম অন্নাগ্রভাগম। বলিং দেবোপহারম্ ॥৪॥

য ইতি। পরিশ্রিতা ভোজনার্থমবস্থিতাঃ। পরিতঃ সমন্তাৎ। শেষমবশিষ্টমন্নম্ প্রথমমর্দ্ধং প্রবিভজ্য তয়োরেকমর্দ্ধঞ্চ চতুর্দ্ধা চতুর্ভাগম, মমার্থে একভাগম, আত্মনোঽর্থে

ভারতভাবদীপঃ

ধৃষ্টদ্যুম্ন ইতি ॥১॥ সঃ অজ্ঞায়মানঃ পাণ্ডবৈরিতরৈশ্চ আরাৎ সমীপে ॥২—৩॥ অগ্রং প্রথমমাদায় বলিং কুরুষ্ব ভিক্ষাঞ্চ দেহি ॥৪॥ পরিশ্রিতাঃ অন্যে অল্পোপজীবিনঃ, চতুর্দ্ধা মম

কুম্ভকারের বাড়ীতে যাইতেছিলেন, তখন রাজপুত্র ধৃষ্টদ্যুম্ন, তাঁহাদের পিছনে পিছনে গিয়াছিলেন ॥১॥

তিনি তাঁহাদের অজ্ঞাতসারে যাইয়া, সেই বাড়ীর সকল দিকে লোক রাখিয়া, নিজে নিকটে কোন স্থানে গুপ্তভাবে রহিলেন ॥২॥

তাহার পর, শত্রুহন্তা ভীম ও অর্জ্জুন এবং উদারচেতা নকুল ও সহদেব এই অধ্যবসায়ী চারি ভ্রাতা সন্ধ্যাকালে ভিক্ষা করিয়া আসিয়া সেই ভিক্ষান্ন সকল যুধিষ্ঠিরের নিকট সমর্পণ করিলেন ॥৩॥

তৎপরে উদারস্বভাবা কুন্তীদেবী তাহা পাক করিয়া দ্রৌপদীকে বলিলেন— 'ভদ্রে! তুমি ইহার অগ্রভাগ লইয়া দেবতাদিগকে উপহার এবং ব্রাহ্মণদিগকে ভিক্ষা দাও ॥৪॥

অর্দ্ধন্তু ভীমায় চ দেহি ভদ্রে ! য এষ নাগর্ষভতুল্যরূপঃ।
গৌরো যুবা সংহননোপপন্ন এষো হি বীরো বলভুক্ সদৈব ॥৬॥ (যুগ্মকম্)
সা হৃষ্টরূপৈব তু রাজপুত্রী তস্যাঃ বচঃ সাধু বিশঙ্কমানা।
যথাবদুক্তং প্রচকার সাধ্বী তে চাপি সর্ব্বে বুভুজুস্তদন্নম্ ॥৭॥
কুশৈস্তু ভূমৌ শয়নঞ্চকার মাদ্রীপুত্রঃ সহদেবস্তরস্বী।
অথাত্মকীয়ান্যজিনানি সর্ব্বে সংস্তীর্য্য বীরাঃ সুষুপুর্ধরণ্যাম্ ॥৮॥
অগস্ত্যকান্তামভিতো দিশস্তু শিরাংসি তেষাং কুরুসত্তমানাম্।
কুন্তী পুরস্তাত্তু বভূব তেষাং পাদান্তরে চাথ বভূব কৃষ্ণা ॥৯॥

ভারতকৌমুদী

‡ "সমুদ্রযাত্রাস্বীকারঃ কমণ্ডলুবিধারণম্ ।.....তীর্থসেবাতিদূরতঃ.....। এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ মহাত্মভিঃ। নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ"। উদ্বাহতত্ত্বধৃত আদিত্যপুরাণ।

* রাজতরঙ্গিণী-প্রথমতরঙ্গ-৫২ শ্লোক—"লৌকিকেঽব্দে চতুর্ব্বিংশে শককালস্য সাম্প্রতম্। সপ্তত্যাভ্যধিকং যাতং সহস্রং পরিবৎসরাঃ॥" রাজতরঙ্গিণী রচনা করিবার সময়ে কাশ্মীরাব্দ ২৪ এবং শকাব্দ ১০৭০ অতীত হইয়াছিল। শকাব্দের সহিত ৭৮ যোগ করিলে খৃষ্টাব্দ হয়। সুতরাং ১০৭০+৭৮=১১৪৮।

এই কিংবদন্তীর অস্তিত্ব স্বীকার করিয়া গিয়াছেন। তিনি বলিয়াছেন—".....ভারতং দ্বাপরান্তেঽভূদ্বার্ত্তয়েতি বিমোহিতাঃ।" (রাজতরঙ্গিণী-প্রথমতরঙ্গ-৪৯ শ্লোকাংশ) অর্থাৎ দ্বাপরযুগের শেষে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল এইরূপ কিংবদন্তী দ্বারা অনেক লোকই মোহিত। বঙ্কিমবাবুও এই কিংবদন্তী শুনিয়া তাঁহার কৃষ্ণচরিত্রে লিখিয়া গিয়াছেন যে, "ভরসা করি, এই সকল প্রমাণের পর আর কেহই বলিবেন না যে, মহাভারতের যুদ্ধ দ্বাপরের শেষে পাঁচ হাজার বৎসর পূর্ব্বে হইয়াছিল।" সুতরাং প্রায় আটশত বৎসর পূর্ব্বে কাশ্মীরের কহ্লণ এবং অনধিক পূর্ব্বে বঙ্গের বঙ্কিম এই কিংবদন্তী স্বীকার করায় ইহা যে দীর্ঘকাল হইতে ভারতের সর্ব্বত্র চলিতেছে, তাহাতে কোন সন্দেহ নাই।

৩। এই কিংবদন্তী এবং উক্ত মহাভারতের বচন অনুসারে এই পর্য্যন্ত জানা গেল যে, দ্বাপর ও কলিযুগের সন্ধিসময়ে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল। এখন কল্যব্দ কত, তাহা জানিতে পারিলেই সাধারণভাবে যুধিষ্ঠিরের সময় জানা যাইবে। ভাস্করাচার্য্য তাঁহার সিদ্ধান্তশিরোমণি-গ্রন্থে কালমানাধ্যায়ে কল্যব্দের বিষয় বলিয়া গিয়াছেন—

"যাতাঃ ষণ্মনবো যুগানি ভমিতান্যন্যদ্‌যুগাঙ্ঘ্রিত্রয়ং
নন্দাদ্রীন্দুগুণাস্তথা শকনৃপস্যান্তে কলের্বৎসরাঃ।...†

দ্বিতীয় পাদের স্থূলার্থ—শকাব্দ আরম্ভ হইবার পূর্ব্বে কলিযুগের ৩১৭৯ বৎসর অতীত হইয়াছিল।

প্রসিদ্ধ জ্যোতিষী মকরন্দকারও বলিয়াছেন—

"শাকো নবাগেন্দুকৃশানুযুক্তঃ কলের্ভবত্যব্দগণো যুগস্য" ॥ ‡

যখন কলিযুগের ৩১৭৯ বৎসর অতীত হইয়াছিল, তখন শকাব্দ আরম্ভ হইয়াছিল।

এখন হিসাব করিয়া দেখা যাউক, বর্ত্তমান সময়ে কল্যব্দ কত হয়। বর্ত্তমান সময়ে ১৮৫২ শকাব্দ (১৯৩০ খৃষ্টাব্দ) চলিতেছে। সুতরাং উক্ত কল্যব্দের ৩১৭৯ সংখ্যার সহিত, শকাব্দের ১৮৫২ যোগ করিলেই বর্ত্তমান কল্যব্দ পাওয়া যাইবে; ৩১৭৯+১৮৫২=৫০৩১। অতএব জানা গেল যে, আজ হইতে পাঁচ হাজার একত্রিশ বৎসর পূর্ব্বে (অর্থাৎ খৃষ্টপূর্ব্ব ৩১০১ অব্দে) কলিযুগ আরম্ভ হইয়াছিল; সুতরাং বর্ত্তমান কল্যব্দ ৫০৩১ *। এখন পূর্ব্বোক্ত মহাভারতের বচন ও কিংবদন্তী অনুসারে এইটুকু জানা গেল যে, **উক্ত কল্যব্দ আরম্ভের অনধিক পূর্ব্বে বা সেই বৎসরে, কিংবা তাহার অনধিক পরে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল।**

৪। এখন যুধিষ্ঠিরের প্রকৃত সময় জানা অত্যন্ত সহজ হইয়া আসিয়াছে। কেন না, মহারাজ যশোধর্ম্মদেব-বিক্রমাদিত্যের নবরত্ন সভার ‡ অন্যতম রত্ন জগদ্বিখ্যাত মহাকবি

† শকনৃপস্য শকাব্দস্য, অন্তে আরম্ভাদৌ, নন্দাদ্রীন্দুগুণাঃ কলের্বৎসরাঃ, তথা যাতাঃ। নন্দাঃ ৯, অদ্রয়ঃ ৭, ইন্দুঃ ১, গুণাঃ ৩, অঙ্কস্য বামা গতিরিতি ৩১৭৯।

‡ যদা কলের্যুগস্য নবাগেন্দুকৃশানুযুক্তঃ অব্দগণো ভবতি, তদা শাকঃ শকাব্দারম্ভঃ। নব ৯, অগাঃ পর্ব্বতাঃ ৭, ইন্দুঃ ১, কৃশানবঃ ৩, অঙ্কস্য বামা গতিরিতি ৩১৭৯।

* আধুনিক পঞ্জিকাসমূহে এই কল্যব্দই ব্যবহৃত হইয়া থাকে।

‡ "ধন্বন্তরি-ক্ষপণকামর-সিংহ-শঙ্কু-বেতালভট্ট-ঘটকর্পর-কালিদাসাঃ।
খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য।"

জ্যোতির্বিদাভরণ ২২ অধ্যায় ১০ শ্লোক।

কালিদাস ৩০৬৮ কল্যব্দে † (খৃষ্টজন্মের ৩৩ বৎসর পূর্ব্বে) তাঁহার "জ্যোতির্বিদাভরণ" ‡ গ্রন্থের দশমাধ্যায়ে লিখিয়া গিয়াছেন—

"যুধিষ্ঠিরো বিক্রমশালিবাহনৌ নরাধিনাথৌ বিজয়াভিনন্দনঃ।
ইমেঽমু নাগার্জ্জুনমেদিনীবিভুর্বলিঃ ক্রমাৎ ষট্ শককারকা নৃপাঃ ॥১১০॥"

যুধিষ্ঠির, বিক্রমাদিত্য, শালিবাহন, বিজয়াভিনন্দন, নাগার্জ্জুন এবং বলি এই ছয় জন রাজা ক্রমশঃ শকাব্দ-(লৌকিক গণনাব্দ) প্রবর্ত্তক।

তৎপরে লিখিয়াছেন—

"যুধিষ্ঠিরাব্দেদযুগাম্বরাগ্নয়ঃ কলম্ববিশ্বেহভ্র-খ-খাষ্টভূময়ঃ।
ততোঽযুতং লক্ষচতুষ্টয়ং ক্রমাদ্ধরা-দৃগষ্টাবিতি শাকবৎসরাঃ ॥১১১॥"

এই জ্যোতির্ব্বিদাভরণের "সুখবোধিকা" নাম্নী টীকা অনুসারে এইরূপ অর্থ জানা যায়—যুধিষ্ঠির হইতে ৩০৪৪ বৎসর, বিক্রমাদিত্য হইতে ১৩৫ বৎসর, শালিবাহন হইতে ১৮০০০, বিজয়াভিনন্দন হইতে ১০০০০ বৎসর, নাগার্জ্জুন হইতে ৪০০০০০ বৎসর এবং বলি হইতে ৮২১ বৎসর, এইভাবে গণনাব্দ চলিয়াছিল, চলিতেছে এবং চলিবে। ইহার তাৎপর্য্য এই যে, যুধিষ্ঠিরাব্দের ৩০৪৪ বৎসর অতীত হইলে, বিক্রমাব্দ বা বিক্রমসংবৎ আরম্ভ হইয়াছে; তাহাতে এখন আর সর্ব্বত্র যুধিষ্ঠিরাব্দ চলে না; আবার এই বিক্রমাব্দের ১৩৫ বৎসর অতীত হইলে, শকাব্দ বা শালিবাহনাব্দ আরম্ভ হইবে, তখনও আর এ বিক্রমাব্দ সর্ব্বত্র চলিবে না ইত্যাদি। এখন যুধিষ্ঠির, বিক্রমাদিত্য ও শালিবাহনের ঐ অব্দসংখ্যাগুলি যোগ করিলে কি হয় তাহা দেখা যাউক—

যুধিষ্ঠিরাব্দ	...	৩০৪৪
বিক্রমাব্দ	...	১৩৫
শকাব্দ বা শালিবাহনাব্দ (বর্ত্তমান)		১৮৫২
		৫০৩১

এখন দেখা যাইতেছে যে, পূর্ব্বে যে কল্যব্দ ৫০৩১ জানা গিয়াছে, যুধিষ্ঠিরাব্দও অবিকল তাহাই ৫০৩১।

সম্ভবতঃ এবিষয়ে জগতের সকল মনস্বীই একবাক্যে স্বীকার করিবেন যে, মহারাজ বিক্রমাদিত্যের সভায় 'নবরত্ন' বলিয়া বিখ্যাত যে নয় জন পণ্ডিত ছিলেন, তাঁহারা পণ্ডিতমণ্ডলীর

---

† "বর্ষৈঃ সিন্ধুর-দর্শনাম্বর-গুণৈর্যাতে কলৌ সম্মিতে মাসে মাধবসংজ্ঞিতে চ বিহিতো গ্রন্থক্রিয়োপক্রমঃ।
নানাকালবিধানশাস্ত্রগদিতজ্ঞানং বিলোক্যাদরাৎ উর্দ্ধে গ্রন্থসমাপ্তিরত্র বিহিতা জ্যোতির্বিদাং প্রীতয়ে।"
জ্যোতির্বিদাভরণ ২২ অধ্যায় ২১ শ্লোক।

"সিন্ধুরঃ (পুং) হস্তী" শব্দকল্পদ্রুমঃ। সিন্ধুর ৮, দর্শন ৬, অম্বর ০, গুণ ৩, "অঙ্কস্য বামা গতিঃ" এই নিয়মে ৩০৬৮। কালিদাসের এই সময়সম্বন্ধে আমার টীকা ও বঙ্গানুবাদের সহিত প্রকাশিত মালবিকাগ্নিমিত্র ও অভিজ্ঞান-শকুন্তলপ্রভৃতিগ্রন্থের মুখবন্ধে বিস্তৃতভাবে সমালোচনা করা হইয়াছে।

‡ "জ্যোতির্বিদাভরণকালবিধানশাস্ত্রং শ্রীকালিদাসকবিতো হি ততো বভূব।"...
জ্যোতির্বিদাভরণ, ২২ অধ্যায়। এই অধ্যায়ে বিক্রমাদিত্যসম্বন্ধে অনেক কথা লিখিত আছে।

শীর্ষস্থানীয়ই ছিলেন। তাঁহাদের মধ্যে আবার কালিদাস কবিত্বে যেমন সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছিলেন, তেমন জ্যোতিষশাস্ত্রেও অসাধারণ নৈপুণ্য লাভ করিয়াছিলেন, তাহা তাঁহার 'জ্যোতির্বিদাভরণ' গ্রন্থ দেখিলে এবং কাব্যগ্রন্থগুলি পর্য্যালোচনা করিলে প্রমাণিত হইবে *। তা'র পর, জ্যোতির্বিদাভরণগ্রন্থ যে সেই নবরত্নসভায় আলোচিত, সম্মত ও আদৃত হইয়াছিল, তাহাতেও কোন সন্দেহ করিবার কারণ নাই। অতএব যুধিষ্ঠিরের সময়নিরূপণসম্বন্ধে প্রাচীন বা অর্ব্বাচীন যত রকম প্রমাণ পাওয়া যায়, তাহার মধ্যে এই জ্যোতির্বিদাভরণোক্ত প্রমাণের গুরুত্ব যে সর্ব্বাপেক্ষা অধিক, সে সম্বন্ধে কাহারও আপত্তি থাকিতে পারে না। তবে, উক্ত বিষয়ে জিজ্ঞাস্য হইতে পারে যে কালিদাস মহাকবি এবং অসাধারণ জ্যোতিষী ছিলেন বটে, কিন্তু বেদব্যাসপ্রভৃতির ন্যায় ত্রিকালজ্ঞ মহর্ষি ছিলেন না, সুতরাং তিনি যুধিষ্ঠিরাব্দ বা বিক্রমসংবৎ চলিতেছিল বলিয়া তাহার কথা লিখিতে পারিয়াছিলেন, কিন্তু তাঁহার সময়ে দূর ও সুদূর ভবিষ্যতের গর্ভে নিহিত শকাব্দপ্রভৃতির কথা তিনি লিখিয়া গেলেন কি করিয়া? যদিও এবিষয় পর্য্যালোচনা করা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে, তথাপি আমরা সংক্ষেপে একথা বলিতে পারি যে, অসাধারণ জ্যোতির্বিৎ কালিদাস জ্যোতিষগণনার সাহায্যেই জ্যোতির্বিদাভরণে ঐ শকাব্দপ্রভৃতির কথা লিখিয়া গিয়াছেন। বর্ত্তমান সময়েও জ্যোতিষিকদিগকে দূর ভবিষ্যৎ গণনা করিতে দেখা যায় এবং সে গণনাও ফলের সঙ্গে মিলিয়া থাকে।

৫। সে যাহা হউক, এখনও এই সন্দেহ রহিয়াছে যে, "যুধিষ্ঠিরাব্দেদযুগাম্বরাগ্নয়ঃ" এই জ্যোতির্বিদাভরণের লেখা দ্বারা যুধিষ্ঠির হইতে যে ৩০৪৪ বৎসর পাওয়া যাইতেছে, তাহা যুধিষ্ঠিরের জন্ম হইতে, বা তাঁহার রাজ্যলাভ হইতে, অথবা তাঁহার স্বর্গারোহণ হইতে ধরা হইয়াছিল? এই সন্দেহ ভঞ্জনেরও পর্য্যাপ্ত প্রমাণই রহিয়াছে। ৬৩৪ খৃষ্টাব্দে † গুজরাটের চালুক্যবংশীয় রাজা দ্বিতীয় পুলিকেশী রবিকীর্ত্তিনামক কোন কবিদ্বারা ‡ রচনা করাইয়া কতকগুলি শ্লোক একখানি শিলাফলকে উৎকীর্ণ করিয়া রাখিয়া গিয়াছেন; তাহার মধ্যে এই দুইটী শ্লোক দেখা যায়—

"...ত্রিংশৎসু ত্রিসহস্রেষু ভারতাদাহবাদিতঃ।
সপ্তাব্দ-শত-যুক্তেষু গতেষ্বব্দেষু পঞ্চসু॥
পঞ্চাশৎসু কলৌ কালে ষট্সু পঞ্চশতাসু চ।
সমাসু সমতীতাসু শকানামপি ভূভুজাম্॥"§

---

* "...ছায়া হি ভূমেঃ শশিনো মলত্বেনারোপিতা শুদ্ধিমতঃ প্রজাভিঃ।" রঘুবংশ ১৪ সর্গ, ৪০ শ্লোক। এই বিষয়টা যুক্তিদ্বারাও নিরূপিত হইতে পারে।

"গ্রহৈস্ততঃ পঞ্চভিরুচ্চসংশ্রয়ৈরসূর্য্যগৈঃ সূচিতভাগ্যসম্পদম্।" রঘুবংশ ৩য় সর্গ, ১৩ শ্লোক।

"...অঙ্গারও রাসিং বিঅ অণুবন্ধং পড়িগমণং ণ করেদি।" মালবিকাগ্নিমিত্র ৩য় অঙ্ক।

† ৫৫৬ শকাব্দে এই শিলালিপি খোদিত হইয়াছিল, ইহা এই শিলালিপি হইতেই জানা যাইতেছে এবং শকাব্দের সহিত ৭৮ যোগ করিলে খৃষ্টাব্দ হয়-ইহাও দেখা গিয়াছে। অতএব ৫৫৬+৭৮=৬৩৪ খৃষ্টাব্দ জানা গেল।

‡ রবিকীর্ত্তিনামক কোন কবি যে এই শ্লোকগুলি রচনা করিয়াছিলেন, তাহা এই শিলালিপিতেই আছে।

§ এই শ্লোক দুইটীর ব্যাখ্যা—"ভারতাৎ আহবাৎ কুরুপাণ্ডবীয়াদ্ যুদ্ধাৎ পঞ্চম্, ইতঃ পূর্ব্বঞ্চ ত্রিসহস্রেষু সপ্তাব্দশতযুক্তেষু ত্রিংশৎসু পঞ্চসু চ অব্দেষু গতেষু সৎসু; শকানাং ভূভুজামপি পঞ্চশতাসু পঞ্চাশৎসু ষট্সু চ সমাসু বৎসরেষু, সমতীতাসু সতীষু, কলৌ কালে ইদমুৎকীর্ণমিত্যর্থঃ।

ইহার মর্ম্মার্থ এই যে, কুরু-পাণ্ডবের যুদ্ধ হইতে ৩৭৩৫ বৎসর অতীত হইলে এবং শকাব্দের ৫৫৬ বৎসর অতীত হইলে, (এই শিলাফলক উৎকীর্ণ হইল।)

ইহাতে বুঝা গেল যে, কুরু-পাণ্ডবের যুদ্ধ হইতে যখন ৩৭৩৫ বৎসর, তখন শকাব্দের ৫৫৬ বৎসর ছিল। অতএব ৩৭৩৫ হইতে ৫৫৬ বাদ দিলে ৩১৭৯ থাকে ; ঐ ৩১৭৯ যুধিষ্ঠিরাব্দেই শকাব্দ আরম্ভ হইয়াছিল ইহা আমরা পূর্ব্বেই দেখাইয়া আসিয়াছি। সুতরাং এখন এই যুধিষ্ঠিরাব্দ এবং শকাব্দ যোগ করিয়া দেখা যাউক কি হয়—

যুধিষ্ঠিরাব্দ	...	৩১৭৯
বর্ত্তমান শকাব্দ	...	১৮৫২
		৫০৩১

বর্ত্তমান ১৯৩০ খৃষ্টাব্দে কল্যব্দও ৫০৩১ ইহা আমরা পূর্ব্বেই বলিয়া আসিয়াছি। অতএব এই শিলালিপি অনুসারে নিঃসন্দেহে জানা যাইতেছে যে, **কুরুপাণ্ডবের যুদ্ধ শেষ হইবার পরদিন অর্থাৎ যুধিষ্ঠিরের রাজ্যলাভের দিন হইতেই যুধিষ্ঠিরাব্দ আরম্ভ হইয়াছিল।**

কুরুপাণ্ডবের যুদ্ধ শেষ হইবার পরদিনই যে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন, তাহা বুঝিবার কারণ এই যে, "সপ্ত বিত্তাগমা ধর্ম্মা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ....." এই মনুবচন অনুসারে জয়কেও একটী স্বত্বের কারণ বলিয়া জানা যায়, অর্থাৎ জয় হইলেই বিজিত দ্রব্যে বিজেতার স্বত্ব জন্মে। সুতরাং যুদ্ধে জয় হওয়ার পরেই রাজ্যে যুধিষ্ঠিরের স্বত্ব জন্মিয়াছিল।

এই ক্ষণ মহাভারত হইতে উদ্ধৃত "অন্তরে চৈব সম্প্রাপ্তে" ইত্যাদি বচন, ভারতবর্ষের সর্ব্বত্র প্রচলিত উল্লিখিত চিরকিংবদন্তী, ভাস্করাচার্য্য ও মকরন্দকারের কল্যব্দনিরূপণ, কালিদাসের জ্যোতির্বিদাভরণ এবং গুর্জ্জররাজ দ্বিতীয় পুলিকেশীর শিলালিপি, এই কয়টী বিষয়ের অভূতপূর্ব্ব সামঞ্জস্য দেখিয়া, যুধিষ্ঠিরের এই সময়নিরূপণসম্বন্ধে সন্দেহ না থাকায় বস্তুতই হৃদয় অত্যন্ত প্রসন্ন হইয়াছে এবং আনন্দে উদ্বেলিত হইতেছে। সে যাহা হউক, এখন সাহস করিয়া বলা যাইতে পারে যে, **আজ হইতে ৫০৩১ বৎসর পূর্ব্বে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল এবং সেই বৎসরেই যুধিষ্ঠিরাব্দ এবং কল্যব্দ গণনা আরম্ভ হইয়াছিল।**

তবে একমাসে বা একদিনে যুধিষ্ঠিরাব্দ এবং কল্যব্দ গণনা আরম্ভ হইয়াছিল না। ইহার প্রমাণ, ভারতসাবিত্রীতে পাওয়া যায়। †

"হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্।
প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥
... ...
অমাবস্যান্তু মধ্যাহ্নে নিহতঃ শল্য এব চ।
অমাবস্যান্তু সন্ধ্যায়াং রাজা দুর্য্যোধনো হতঃ॥"

বেদে অগ্রহায়ণ ও পৌষমাসকে হেমন্ত ঋতু বলা হইয়াছে, আর যমদৈবতনক্ষত্র ভরণী *।

† ভারতসাবিত্রী যে কোন্ গ্রন্থের অন্তর্গত তাহা খুঁজিয়া পাওয়া গেল না। তবে, ইহা যে আর্ষ এবং প্রমাণিত সে বিষয়ে কোন সন্দেহ নাই। কেন না, অনেক স্থানে শ্রাদ্ধে এই ভারতসাবিত্রী পঠিত হইয়া থাকে এবং ভীষ্মপর্ব্বের ১৭ অধ্যায়ের ২য় শ্লোকের টীকায় নীলকণ্ঠ ইহার অনেক শ্লোক উদ্ধৃত করিয়াছেন।

* ".....সহাশ্চ সহস্যশ্চ হৈমন্তিকাবৃতুঃ..." তিথিতত্ত্বধৃত শ্রুতিঃ। "অগ্নি-যম-দহন-কমলজ-শশি-শূলভৃদদিতি-জীব-ফণি-পিতরঃ..." ইত্যাদি জ্যোতিষবচন অনুসারে ভরণী যমদৈবতনক্ষত্র।

সুতরাং অগ্রহায়ণমাসের শুক্লপক্ষের ত্রয়োদশীর দিন ভরণীনক্ষত্রে কুরুপাণ্ডবের যুদ্ধ আরম্ভ হইয়াছিল এবং পরবর্ত্তী অমাবস্যার দিন মধ্যাহ্নকালে শল্য রাজা এবং সন্ধ্যাকালে কুরুরাজ দুর্য্যোধন ধরাশায়ী হইয়াছিলেন। অতএব মুখ্যচান্দ্র অগ্রহায়ণমাসের অমাবস্যাতে যুদ্ধ শেষ হইয়াছিল, তাহার পরদিনই পৌষমাসের শুক্লপক্ষের প্রতিপদে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন এবং সেই দিন হইতেই যুধিষ্ঠিরাব্দ গণনা আরম্ভ হইয়াছিল; আর সেই পৌষমাসের শুক্লপ্রতিপদ হইতে দেড় মাস অর্থাৎ ৪৫ দিন পরে মাঘী পূর্ণিমায় কলিযুগ আরম্ভ হইয়াছিল বলিয়া সেই মাঘী পূর্ণিমা হইতেই কল্যব্দ গণনা চলিয়া আসিতেছে। মাঘী পূর্ণিমাতেই যে কলিযুগ আরম্ভ হইয়াছিল, তাহার প্রমাণ তিথিতত্ত্বধৃত বিষ্ণুপুরাণের বচন—

"বৈশাখমাসস্য তু যা তৃতীয়া, নবম্যসৌ কার্ত্তিকশুক্লপক্ষে।
নভস্যমাসস্য তমিস্রপক্ষে ত্রয়োদশী, পঞ্চদশী চ মাঘে॥
এতা যুগাদ্যাঃ কথিতাঃ পুরাণৈরনন্তপুণ্যাস্তিথয়শ্চতস্রঃ।"

অতএব একই বৎসরে পৌষী শুক্লপ্রতিপদে যুধিষ্ঠিরাব্দ এবং তৎপরবর্ত্তী মাঘী পূর্ণিমাতে কল্যব্দ আরম্ভ হইয়াছিল।

সুতরাং যুধিষ্ঠির দ্বাপরযুগের শেষ দেড়মাস এবং কলিযুগের প্রথম অবস্থায় রাজত্ব করিয়াছিলেন ইহা স্পষ্ট বুঝা যাইতেছে। অতএব আধুনিক পঞ্জিকাকারগণ যে, যুধিষ্ঠিরকে দ্বাপরের শেষরাজা এবং কলিযুগের প্রথম রাজা বলিয়া লিখিয়া থাকেন, তাহাও ইহা দ্বারা সমর্থিত হইল।

———:০:———

পঞ্চ পাণ্ডব এবং দুর্য্যোধনের জন্ম ও মৃত্যুর সময়।

প্রাচ্য ও পাশ্চাত্য অনেক মনস্বী যুধিষ্ঠিরের সময়নিরূপণে প্রবৃত্ত হইয়া আপন আপন মতানুসারে সুদীর্ঘ এক এক শতাব্দী বা তদন্তর্গত একটী মাত্র বৎসরই নিরূপণ করিয়া চরিতার্থ এবং সাধারণের ধন্যবাদভাজন হইয়া গিয়াছেন; কিন্তু আমাদের সে শতাব্দী বা তাহার অন্তর্গত একটী বৎসরমাত্র নিরূপণ করিলে চলিবে না। কারণ, আমরা মহাভারতের যথাস্থানে যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন এবং দুর্য্যোধনের কোষ্ঠী সন্নিবেশিত করিবার সঙ্কল্প করিয়াছি; তাহাতে যুধিষ্ঠিরপ্রভৃতির জন্মসম্বন্ধীয় বৎসর, মাস, দিন, এমন কি দণ্ডপর্য্যন্ত আমাদের নিরূপণ করা আবশ্যক; তবে তাহা অসম্ভব হইবে বলিয়া মনে হয় না। কেন না, মহাভারত যুধিষ্ঠিরপ্রভৃতির ইতিহাস; সুতরাং তাহাতে উঁহাদের প্রায় সমস্ত বৃত্তান্তই পাওয়া যায়।

যুধিষ্ঠির যে বৎসর রাজা হইয়াছিলেন, সে বৎসরের কথা আমরা পূর্ব্ব পরিচ্ছেদেই বলিয়া আসিয়াছি, এখন সেই সময়ে তাঁহার ও ভীমপ্রভৃতির কত বৎসর করিয়া বয়স হইয়াছিল, ইহা জানিতে পারিলেই অনায়াসে তাঁহাদের জন্মবৎসর জানা যাইবে; তা'র পর মহাভারতের আদিপর্ব্ব ১১৭ অধ্যায়ে উঁহাদের জন্ম-মাস-তিথি এবং লগ্নপ্রভৃতি কোষ্ঠী করিবার উপকরণ প্রায় সমস্তই সুস্পষ্ট পাওয়া যায়। সুতরাং উঁহাদের কোষ্ঠী করা দুষ্কর হইবে বলিয়া মনে হয় না। সে যাহা হউক, যুধিষ্ঠির যখন রাজা হইয়াছিলেন, তখন তাঁহার ও ভীমপ্রভৃতির কত বৎসর করিয়া বয়স হইয়াছিল, ইহাই এখন পর্য্যালোচনা করিয়া দেখা যাউক। মহাভারত-

আদিপর্ব্ব ১২০ অধ্যায়ে (মুম্বয়ী নির্ণয়সাগরযন্ত্রে মুদ্রিত পুস্তকে আদিপর্ব্ব ১৩৪ অধ্যায়ে) এই কয়টী বচন দেখা যায়—

"পাণ্ডবানামিহায়ুষ্যং শৃণু কৌরবনন্দন ।।
জগাম হাস্তিনপুরং ষোড়শাব্দো যুধিষ্ঠিরঃ ॥১০॥
ভীমসেনঃ পঞ্চদশো বীভৎসুর্ব্বৈ চতুর্দ্দশঃ ।
ত্রয়োদশাব্দৌ চ যমৌ জগ্মতুর্নাগসাহ্বয়ম্ ॥১১॥
তত্র ত্রয়োদশাব্দানি ধার্ত্তরাষ্ট্রৈঃ সহোষিতাঃ ।
ষণ্মাসান্ জাতুষগৃহান্মুক্তা জাতো ঘটোৎকচঃ ॥১২॥
ষণ্মাসানেকচক্রায়াং বর্ষং পাঞ্চালকে গৃহে ।
ধার্ত্তরাষ্ট্রৈঃ সহোষিত্বা পঞ্চ বর্ষাণি ভারত ! ॥১৩॥
ইন্দ্রপ্রস্থে বসন্তস্তে ত্রীণি বর্ষাণি বিংশতিম্ ।
দ্বাদশাব্দানথৈকঞ্চ বভূবুর্দ্যূতনির্জ্জিতাঃ ।।১৪॥
ভুক্ত্বা ষট্‌ত্রিংশতং রাজন্ ! সাগরান্তাং বসুন্ধরাম্ ।
মাসৈঃ ষড়্‌ভির্মহাত্মানঃ সর্ব্বে কৃষ্ণপরায়ণাঃ ॥১৫॥
রাজ্যে পরীক্ষিতং স্থাপ্য দিষ্টাং গতিমবাপ্নুবন্ ।
এবং যুধিষ্ঠিরস্যাসীদায়ুরষ্টোত্তরং শতম্ ॥১৬॥

এই বচনগুলির মর্ম্মার্থ—যুধিষ্ঠিরের ১৬ বৎসর, ভীমের ১৫ বৎসর, অর্জ্জুনের ১৪ বৎসর এবং নকুল ও সহদেবের ১৩ বৎসর বয়সের সময় তাঁহারা জন্মস্থান শতশৃঙ্গপর্ব্বত (হিমালয়ের অংশবিশেষ) হইতে হস্তিনারাজধানীতে গমন করেন। সেখানে তাঁহারা দুর্য্যোধনপ্রভৃতির সঙ্গে ১৩ বৎসর বাস করেন, পরে জতুগৃহে যাইয়া ৬ মাস থাকিয়া তথা হইতে চলিয়া যান ; পথে ঘটোৎকচের জন্ম হয় ; তৎপরে তাঁহারা একচক্রাপুরীতে ৬ মাস থাকিয়া দ্রুপদ রাজার ভবনে ১ বৎসর থাকেন, তথা হইতে আসিয়া আবার হস্তিনায় দুর্য্যোধনপ্রভৃতির সঙ্গে ৫ বৎসর থাকিয়া ইন্দ্রপ্রস্থে যাইয়া ২৩ বৎসর অতিবাহিত করেন, তৎপরে দ্যূতক্রীড়ায় পরাজিত হইয়া ১২ বৎসর বনবাস এবং ১ বৎসর অজ্ঞাত বাস করেন, (তাহার পর কুরুক্ষেত্রযুদ্ধে জয়লাভ করিয়া যুধিষ্ঠির রাজা হন) তৎপরে তিনি ৩৬ বৎসর রাজত্ব করেন। তদনন্তর তাঁহারা পরীক্ষিৎকে রাজ্যে স্থাপন করিয়া মহাপ্রস্থান করেন। তৎপরে যুধিষ্ঠির ৬ মাসে স্বর্গলোকে যাইয়া উপস্থিত হন। (আর, ভীমপ্রভৃতি সকলেই স্বর্গে যাইবার পথে পর্ব্বত হইতে পতিত হন) এই হিসাবে স্বর্গারোহণ করিবার সময়ে যুধিষ্ঠিরের ১০৮ বৎসর ৬ মাস বয়স হইয়াছিল।

হস্তিনায় উপস্থিত হইবার সময়ে যুধিষ্ঠিরপ্রভৃতির যে উক্তরূপই বয়স হইয়াছিল, তাহা আদিপর্ব্ব-প্রথম অধ্যায়ের ৭৭ শ্লোকটী পর্য্যালোচনা করিলেও বুঝিতে পারা যায়। যথা—

"ঋষিভিশ্চ তদা নীতা ধার্ত্তরাষ্ট্রান্ প্রতি স্বয়ম্ ।
শিশবশ্চাভিরূপাশ্চ জটিলা ব্রহ্মচারিণঃ ॥৭৭॥"

মুনিরা নিজেরাই দুর্য্যোধনপ্রভৃতির নিকটে তখন ব্রহ্মচারী, জটাধারী ও সুন্দরাকৃতি সেই বালক কয়টীকে নিয়া গেলেন ॥৭৭॥

উপনয়ন না হইলে ব্রহ্মচারী হয় না ; অথচ ক্ষত্রিয়ের উপনয়ন একাদশ বৎসরে বিহিত *। সুতরাং নকুল ও সহদেবের একাদশ বৎসরে উপনয়ন হইলে এবং তাহার পর এক বৎসরের কিছু অধিক কাল সেই পর্ব্বতে থাকিয়া পাণ্ডু পরলোক গমন করিলে, নকুল ও সহদেবের ১৩ বৎসর বয়স হয় ; তাহাতে যুধিষ্ঠিরের ১৬, ভীমের ১৫ এবং অর্জ্জুনের ১৪ বৎসর বয়সই দাঁড়ায়।

সে যাহা হউক, উক্ত বচনগুলি পর্য্যালোচনা করিয়া ইহাই বুঝা যায় যে, কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে যুধিষ্ঠিরের ৭২, ভীমের ৭১, অর্জ্জুনের ৭০ এবং নকুল ও সহদেবের ৬৯ বৎসর বয়স হইয়াছিল †। তাহার পর, জ্যোতিষপ্রভৃতি শাস্ত্রের নিয়ম আছে যে, বয়স হিসাবে যে বৎসর, মাস বা দিন লিখিত হয়, তাহা অতীতই ধরিতে হয়। সুতরাং বুঝিতে হইবে যে, কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে যুধিষ্ঠিরপ্রভৃতির যথাক্রমে ৭২, ৭১, ৭০ ও ৬৯ বৎসর এবং কয়েক মাস ও দিন অতীত হইয়াছিল। ওদিকে পূর্ব্ব পরিচ্ছেদে আমরা বলিয়া আসিয়াছি যে, অগ্রহায়ণমাসে কুরুক্ষেত্রযুদ্ধ এবং পরবর্ত্তী মাঘী পূর্ণিমায় কলিযুগ ও কল্যব্দ আরম্ভ হইয়াছিল, আবার আদিপর্ব্বেরই ১১৭ অধ্যায়ের সুস্পষ্ট বচন ও যুক্তি অনুসারে জানা যায় যে, জ্যৈষ্ঠমাসের পূর্ণিমায় যুধিষ্ঠিরের, চৈত্রমাসের শুক্লত্রয়োদশীতে ভীম ও দুর্য্যোধনের এবং ফাল্গুনমাসের পূর্ণিমায় অর্জ্জুনের জন্ম হইয়াছিল ‡। এখন ইহা জানা গেল যে, সেই জ্যৈষ্ঠমাসের পূর্ণিমায় যুধিষ্ঠিরের ৭২ বৎসর, চৈত্রমাসের শুক্লা ত্রয়োদশীতে ভীমের ৭১ বৎসর, এবং ফাল্গুনমাসের পূর্ণিমায় অর্জ্জুনের ৭০ বৎসর বয়স হইয়াছিল ; তখন তাঁহারা অজ্ঞাতবাস হইতে মুক্ত হইয়া দুর্য্যোধনের সহিত সন্ধির চেষ্টা করেন এবং তাহাতে অকৃতকার্য্য হইয়া যুদ্ধের আয়োজন করিতে থাকেন ; তাহাতে আষাঢ়মাস হইতে অগ্রহায়ণমাসের শুক্লাদ্বাদশীপর্য্যন্ত সময় অতীত হয়। তাহার পর, অগ্রহায়ণমাসের শুক্লত্রয়োদশীতে যুদ্ধ আরম্ভ করিয়া আঠার দিনের দিন অমাবস্যাতে জয়লাভ করেন, তাহার পরদিন পৌষী শুক্লপ্রতিপদে যুধিষ্ঠির রাজা হন এবং তৎপরবর্ত্তী মাঘী-পূর্ণিমাতে কলিযুগ ও কল্যব্দ আরম্ভ হয়। সুতরাং এই হিসাবে নিম্নে যুধিষ্ঠিরপ্রভৃতির জন্ম ও মৃত্যুর সময় লিখিত হইল।

১। কল্যব্দ আরম্ভের ৭২ বৎসর, ৭ মাস, ২৯ দিন পূর্ব্বে, (৩১৭৪ খৃষ্টপূর্ব্বাব্দে) জ্যৈষ্ঠ-মাসে, পূর্ণিমা তিথিতে, দিনের বেলা ১৬ দণ্ডসময়ে শতশৃঙ্গপর্ব্বতে যুধিষ্ঠিরের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) স্বর্গারোহণ হইয়াছিল।

২। কল্যব্দ আরম্ভের ৭১ বৎসর, ১০ মাস ২ দিন পূর্ব্বে (৩১৭৩ খৃষ্টপূর্ব্বাব্দে) চৈত্র-মাসে, শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে, দিনের বেলা ১৬ দণ্ড সময়ে শতশৃঙ্গপর্ব্বতে ভীমসেনের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু।

৩। কল্যব্দ আরম্ভের ৭১ বৎসর, ১০ মাস, ২ দিন পূর্ব্বে (৩১৭৩ খৃষ্টপূর্ব্বাব্দে) চৈত্র-

---

* "গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনায়নম্। রাজ্ঞামেকাদশে সৈকে বিশামেকে যথা কুলম্॥" যাজ্ঞবল্ক্যসংহিতা।

† এই বয়সে যুধিষ্ঠিরপ্রভৃতি বৃদ্ধ এবং অক্ষম হইবারই সম্ভাবনা ; এরূপ ধারণা করা সঙ্গত নহে। কারণ, উঁহাদেরই, পিতামহ ভীষ্ম এবং দ্রোণপ্রভৃতি যথানিয়মে বৃদ্ধ করিয়াছিলেন ইহা মহা-ভারতেই দেখা যায়। তা'র পর, ইয়ুরোপীয় মহাযুদ্ধের সময় জার্ম্মানসেনাপতি হিণ্ডেনবার্গেরও ৮২ বৎসর বয়স ছিল বলিয়া শুনা যায় এবং বর্ত্তমান সময়েও ঐরূপ বয়সের অনেক লোককেই সমস্তকার্য্যক্ষম দেখা যায়।

‡ এই আদিপর্ব্বের ১১৭ অধ্যায়ে নকুল ও সহদেবের জন্মমাসপ্রভৃতির কোন উল্লেখ নাই। সুতরাং উঁহাদের কোষ্ঠী দেওয়া যাইবে না।

মাসে, শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে, রাত্রি ৬ দণ্ডসময়ে হস্তিনারাজধানীতে দুর্য্যোধনের জন্ম এবং কল্যব্দ আরম্ভের দেড় মাস পূর্ব্বে (৩০২৮ খৃষ্টপূর্ব্বাব্দে) রণক্ষেত্রে মৃত্যু। *

৪। কল্যব্দ আরম্ভের ৭০ বৎসর, ১০ মাস ২৯ দিন পূর্ব্বে (৩১৭২ খৃষ্টপূর্ব্বাব্দে) ফাল্গুনমাসে, পূর্ণিমা তিথিতে, দিনের বেলা ২১ দণ্ডসময়ে, শতশৃঙ্গপর্ব্বতে অর্জ্জুনের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু।

৫। কল্যব্দ আরম্ভের ৬৯ বৎসর পূর্ব্বে (৩১৭১ খৃষ্টপূর্ব্বাব্দে) শতশৃঙ্গপর্ব্বতে নকুল ও সহদেবের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু। †

অদ্য ৫০৩১ কল্যব্দের, ১৮৫২ শকাব্দের এবং ১৩৩৭ সালের ১৯শে অগ্রহায়ণ (১৯৩০ খৃষ্টাব্দের ৫ই ডিসেম্বর)। সুতরাং অদ্য হইতে ৫১০৩ বৎসর পূর্ব্বে যুধিষ্ঠিরের জন্ম হইয়াছিল। এই নিয়মে ভীমপ্রভৃতিরও গণনা করিতে হইবে।

—:*:—

বিরোধ সমাধান।

এই সন্দর্ভে জানা গেল যে, যুধিষ্ঠির যে দিন রাজা হইয়াছিলেন, সেই দিন হইতে যুধিষ্ঠিরাব্দ এবং তাহার দেড় মাস পর হইতে কল্যব্দ আরম্ভ হইয়াছিল। ওদিকে কিন্তু শ্রীমদ্ভাগবত, বিষ্ণুপুরাণ, ব্রহ্মপুরাণ ও কল্কিপুরাণে দেখা যায় যে, শ্রীকৃষ্ণ যে দিন মহাপ্রয়াণ করিয়াছিলেন, সেই দিন কলি প্রবেশ করিয়াছিল। যথা—

'যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাঽহনি।
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ॥" শ্রীমদ্ভাগবত ১২-২ ৩৩ শ্লোক।

"যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাঽহনি।
প্রতিপন্নং কলিযুগং তস্য সংখ্যাং নিবোধ মে॥ "বিষ্ণুপুরাণ ৪-৩৪-৪০ শ্লোক।

"যস্মিন্ দিনে হরির্যাতো দিবং সন্ত্যজ্য মেদিনীম্।
তস্মিন্ দিনেঽবতীর্ণোঽয়ং কালকায়ঃ কলিঃ কিল॥"ব্রহ্মপুরাণ২১২-অ-৮৫শ্লোক।

"গতে কৃষ্ণে স্বনিলয়ং প্রাদুর্ভূতো যথা কলিঃ।" কল্কিপুরাণ ১অ-১৩ শ্লোক।

এই বচনগুলি যুক্তিসঙ্গতও বটে। কেন না, সাক্ষাৎ ধর্ম্মপ্রবর্ত্তক শ্রীকৃষ্ণ বিদ্যমান থাকিতে, পাপপ্রবর্ত্তক কলি প্রবেশ করিতে সমর্থ ছিল না। এদিকে যুধিষ্ঠির রাজ্যলাভ করিয়া ৩৬ বৎসর রাজত্ব করেন এবং সেই ষট্‌ত্রিংশত্তম বৎসরেই শ্রীকৃষ্ণ মহাপ্রয়াণ করেন। যথা—

"ষট্‌ত্রিংশেত্বথ সম্প্রাপ্তে বর্ষে কৌরবনন্দনঃ।
দদর্শ বিপরীতানি নিমিত্তানি যুধিষ্ঠিরঃ॥
ষট্‌ত্রিংশেঽথ ততো বর্ষে বৃষ্ণীনামনয়ো মহান্।
অন্যোন্যং মুসলৈস্তে তু নিজঘ্নুঃ কালচোদিতাঃ॥"

(মহাভারত, মৌসলপর্ব, প্রথম অধ্যায়, প্রথম ও ত্রয়োদশ শ্লোক)

* "যস্মিন্নহনি ভীষ্মস্তু জজ্ঞে ভরতসত্তম। দুর্য্যোধনোঽপি তত্রৈব প্রজজ্ঞে বসুধাধিপ।।" আদিপর্ব্ব ১১৭ অধ্যায় ২১ শ্লোক। ইহাতে জানা যায়—ভীষ্ম ও দুর্য্যোধনের এক তারিখেই জন্ম; মধ্যাহ্নসময়ে ভীষ্মের জন্ম সেখানে লিখিতই আছে, আর যুক্তি দ্বারা জানা যায় যে, সেই রাত্রিতে তুলালগ্নে দুর্য্যোধনের জন্ম হইয়াছিল। তত্রত্য ভারতকৌমুদীটীকার যুক্তি দ্রষ্টব্য।

† নকুল ও সহদেবের জন্মমাসপ্রভৃতি মূলে লিখিত নাই বলিয়া তাহা লেখা গেল না। সুতরাং ইঁহাদের কোষ্ঠীও দেওয়া যাইবে না।

অতএব যুধিষ্ঠিরাব্দের ৩৬ বৎসর পরে কল্যব্দের আরম্ভ ধরা উচিত ছিল। ইহার উত্তরে আমরা বলিব—যেমন সূর্য্যোদয়ের চারি দণ্ড পূর্ব্ব হইতেই শাস্ত্রে দিন বলিয়া ধরা হয় *, অথচ সূর্য্যোদয় হয় তাহার পরে; তেমন এক্ষেত্রেও বিধাতার নিয়মানুসারে যুধিষ্ঠিরের রাজ্যলাভের দেড়মাস পর হইতেই কলির অধিকার হইয়াছিল; কিন্তু শ্রীকৃষ্ণ বিদ্যমান ছিলেন বলিয়া তৎকালে প্রবেশ করিতে না পারায় ৩৬ বৎসর পরে শ্রীকৃষ্ণের মহাপ্রয়াণ হইলেই কলি প্রবেশ করিয়াছিল বা নিজের প্রভাব ব্যক্ত করিতে আরম্ভ করিয়াছিল। সুতরাং ভাস্করাচার্য্যপ্রভৃতি কলির অধিকার ধরিয়া কল্যব্দ গণনা আরম্ভ করিয়াছেন; আর শ্রীমদ্ভাগবতপ্রভৃতি কলির প্রভাব ব্যক্ত করাকেই কলির প্রবেশ বলিয়াছেন। অতএব উভয় মতের কোন বিরোধ নাই।

২। বরাহমিহির তাঁহার বৃহৎসংহিতার ১৩ অধ্যায়ে লিখিয়াছেন—

"আসন্ মঘাসু মুনয়ঃ শাসতি পৃথ্বীং যুধিষ্ঠিরে নৃপতৌ।
ষড়্দ্বিপঞ্চদ্বিযুতঃ শককালস্তস্য রাজ্ঞশ্চ ॥
একৈকস্মিন্নৃক্ষে শতং শতং তে চরন্তি বর্ষাণাম্।"...

ইহার তাৎপর্য্য এই—যুধিষ্ঠিরের রাজ্যলাভ হইতে ২৫২৬ বৎসর গত হইলে শকাব্দ আরম্ভ হইয়াছিল। সুতরাং বর্ত্তমান শকাব্দ ১৮৫২, তাহার সহিত ঐ ২৫২৬ যোগ করিলে ৪৩৭৮ হয়। এদিকে বর্ত্তমান কল্যব্দ ৫০৩১, তাহা হইতে ঐ ৪৩৭৮ বাদ দিলে ৬৫৩ থাকে। অতএব জানা যাইতেছে যে, বরাহমিহিরের মতে ৬৫৩ কল্যব্দে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন।

বরাহমিহিরের এই মত অনুসরণ করিয়াই কহ্লণমিশ্র ১১৪৮ খৃষ্টাব্দে তাঁহার রাজতরঙ্গিণী-গ্রন্থের প্রথমাধ্যায়ে লিখিয়া গিয়াছেন—

"শতেষু ষট্সু সার্দ্ধেষু ত্র্যধিকেষু চ ভূতলে।
কলের্গতেষু বর্ষাণামভবন্ কুরুপাণ্ডবাঃ ॥৫১॥"

(কুরুপাণ্ডবান্তেষাং যুদ্ধানি) ৬৫৩ কল্যব্দে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল। এই দুই মতেও কল্যব্দ ঠিকই আছে, কিন্তু যুধিষ্ঠিরাব্দ তাহা হইতে ৬৫৩ বৎসর পরবর্ত্তী হইতেছে ইহাই বিরোধ।

আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, মহারাজ বিক্রমাদিত্যের সভায় যে নয়জন পণ্ডিত "নবরত্ন" নামে বিখ্যাত ছিলেন, তাঁহাদের মতের গুরুত্ব অন্যান্য পণ্ডিতের মত অপেক্ষা অনেক অধিক। তা'র পর, এই বরাহমিহিরও সেই নবরত্নসভার বরাহমিহির নহেন। কেন না, আমরা পূর্ব্বেই দেখাইয়াছি যে, সেই নবরত্নসভা খৃষ্টজন্মের ৩৩ বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিল, আর এই বরাহমিহির খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দীর প্রথমভাগে প্রাদুর্ভূত হইয়া তাহার শেষ ভাগে তিরোভূত হন †। সুতরাং জ্যোতির্বিদাভরণকার কালিদাসের মত অপেক্ষা এই বরাহমিহিরের মত বিশেষ দুর্ব্বল। দ্বিতীয় কথা এই যে, কুরুপাণ্ডবের সমস্ত বৃত্তান্ত বলাই যে গ্রন্থের প্রধান উদ্দেশ্য, সেই মহাভারতের সুস্পষ্ট বচনের সঙ্গে যে মতের মিল হইবে, সেই মত গ্রহণ করাই সর্ব্বতোভাবে উচিত। অতএব পূর্ব্বোক্ত "অন্তরে চৈব সম্প্রাপ্তে" ইত্যাদিমহাভারতবচনের সহিত কালিদাসের মত ও উক্ত শিলালিপিকারের মত মিলিত হয় বলিয়া তাহাই গ্রাহ্য।

* "ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্তচতুষ্টয়ম্। নাড়ীনাং তদুভে সন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিতে।" তিথিতত্ত্বধৃত।

† ব্রহ্মগুপ্তরচিত খণ্ডখাদ্যের টীকায় আমরাজ লিখিয়াছেন—"নবাধিকপঞ্চশতসংখ্যশাকে বরাহমিহিরাচার্য্যো দিবং গতঃ"।

ইহাতে বরাহমিহির ও কহ্লণমিশ্রের মত পরিত্যাগ করিতে বলা হইল না; কিন্তু পণ্ডিতসম্প্রদায়সিদ্ধ এই রীতির অনুসরণ করিতে বলা হইল যে, স্মৃতির মধ্যে মনুস্মৃতি প্রধান † সুতরাং তাহার সঙ্গে অন্য স্মৃতির বিরোধ হইলে, সেই মনুস্মৃতির যথাশ্রুত অর্থ রাখিয়া, ‡ অন্য স্মৃতির বিভিন্নার্থ করিয়া, সেই অন্য স্মৃতিকে যেমন মনুস্মৃতির সহিত মিলিত করিবার রীতি আছে; এ ক্ষেত্রেও তেমন কালিদাস ও শিলালিপিকারের মতের সহিত বিরোধ হইয়াছে বলিয়া এই ভাবে বরাহমিহির ও কহ্লণমিশ্রের মতের মিল করিতে হইবে যে, কলি ও দ্বাপরের সুদীর্ঘ সন্ধিকালের মধ্যে দ্বাপরের অন্তঃপাতী শেষ ৬৫৩ বৎসর ধরিয়া বরাহমিহির ও কহ্লণমিশ্র ঐ কথাগুলি বলিয়া গিয়াছেন। এতদ্ভিন্ন এই বিরোধভঞ্জনের অন্য কোন উপায় আছে বলিয়া মনে হয় না।

৩। তা'র পর অপেক্ষাকৃত অত্যন্ত আধুনিক প্রাচ্য ও পাশ্চাত্য কতিপয় পণ্ডিত শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণের কয়েকটী বচন দেখিয়া ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। সে বচন কয়টী এই—

"আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্বর্ষসহস্রন্তু শতং পঞ্চদশোত্তরম্ ॥২৬॥
সপ্তর্ষীণান্তু যৌ পূর্ব্বৌ দৃশ্যেতে উদিতৌ দিবি।
তয়োস্তু মধ্যে নক্ষত্রং দৃশ্যতে যৎ সমং নিশি ॥২৭॥
তেনৈব ঋষয়ো যুক্তাস্তিষ্ঠন্ত্যব্দশতং নৃণাম্।
তে ত্বদীয়ে দ্বিজাঃ কালে অধুনা চাশ্রিতা মঘাঃ ॥২৮॥
... ...
যদা দেবর্ষয়ঃ সপ্ত মঘাসু বিচরন্তি হি।
তদা প্রবৃত্তস্তু কলির্দ্বাদশাব্দশতাত্মকঃ ॥৩১॥
যদা মঘাভ্যো যাস্যন্তি পূর্ব্বাষাঢ়াং মহর্ষয়ঃ।
তদা নন্দাৎ প্রভৃত্যেষ কলির্বৃদ্ধিং গমিষ্যতি ॥৩২॥"

(শ্রীমদ্ভাগবত, দ্বাদশ স্কন্ধ, দ্বিতীয় অধ্যায়)

রাজা পরীক্ষিতের নিকট শুকদেব বলিতেছেন—'আপনার জন্ম হইতে আরম্ভ করিয়া নন্দের অভিষেকপর্য্যন্ত এক হাজার এক শত পঞ্চদশ বৎসর। নক্ষত্ররূপী সপ্তর্ষিগণের মধ্যে যে দুই জন ঋষিকে আকাশে প্রথম উদিত হইতে দেখা যায়, তাঁহাদের মধ্যে আবার যাঁহাকে রাত্রিতে সমান দেখা যায়, সেই নক্ষত্রের সহিত মিলিত হইয়া সপ্তর্ষিগণ মনুষ্যপরিমাণের এক শত বৎসর অবস্থান করেন। সেই সপ্তর্ষিগণ এখন আপনার সময়ে মঘানক্ষত্রে আছেন। সপ্তর্ষিগণ যখন (এখন) মঘা নক্ষত্রে বিচরণ করিতেছেন, তখন (এখন) কলি দ্বাদশ শত বৎসর প্রবৃত্ত হইয়াছে। যখন ঐ সপ্তর্ষিরা মঘা হইতে পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে যাইবেন, তখন নন্দ হইতেই এই কলি বৃদ্ধি পাইবে (যথাশ্রুত অনুবাদ)।

† "মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে। বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্।" বৃহস্পতিসংহিতা।

‡ "স্মৃত্যন্তরবিরোধে মনুস্মৃতিরেব গ্রাহ্যা"। শ্রাদ্ধবিবেকের টীকায় শ্রীকৃষ্ণতর্কালঙ্কার।

"যাবৎ পরীক্ষিতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্বর্ষসহস্রন্তু জ্ঞেয়ং পঞ্চদশোত্তরম্ ॥৩২॥"

(বিষ্ণুপুরাণ, চতুর্থ অংশ, চতুর্বিংশ অধ্যায়)

এই অধ্যায়ে আরও কতিপয় বচন, উক্ত শ্রীমদ্ভাগবতের বচনগুলিরই প্রায় অনুরূপ দেখা যায়। আবার এই অধ্যায়ে আরও দেখা যায়—

"মহানন্দিসুতঃ শূদ্রাগর্ভোদ্ভবো মহাপদ্মো নন্দঃ পরশুরাম ইবাখিলক্ষত্রিয়ান্তকারী ভবিতা। ...মহাপদ্মস্ত্বৎসুতাশ্চৈকং বর্ষশতমবনীপতয়ো ভবিষ্যন্তি। নবৈব তান্ নন্দান্ কৌটিল্যো ব্রাহ্মণঃ সমুদ্ধরিষ্যতি। তেষামভাবে মৌর্য্যাশ্চ পৃথিবীং ভোক্ষ্যন্তি। কৌটিল্য এব চন্দ্রগুপ্তং রাজ্যেঽভিষেক্ষ্যতি।"

শ্রীমদ্ভাগবতের দ্বাদশ স্কন্ধে প্রথমাধ্যায়েও প্রায় অবিকল এইরূপ বচন দেখা যায়—

"মহানন্দিসুতো রাজন্। শূদ্রাগর্ভোদ্ভবো বলী।
মহাপদ্মপতিঃ কশ্চিন্নন্দঃ ক্ষত্রবিনাশকৃৎ ॥
তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ।
য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ ॥
নব নন্দান্ দ্বিজঃ কশ্চিৎ প্রপন্নানুদ্ধরিষ্যতি।
তেষামভাবে জগতীং মৌর্য্যা ভোক্ষ্যন্তি বৈ কলৌ ॥
স এব চন্দ্রগুপ্তং বৈ দ্বিজো রাজ্যেঽভিষেক্ষ্যতে।"

পুরাণের এই বচনগুলিতে চন্দ্রগুপ্তের কথা পর্য্যন্ত পাওয়া গেল। তাহার পর ইতিহাসে দেখা যায় এই চন্দ্রগুপ্তের সময়ে ৩২৭ খৃষ্টপূর্ব্বাব্দে * সুপ্রসিদ্ধ গ্রীকবীর আলেকজাণ্ডার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন; তাহার কয়েক বৎসর পরে আলেকজাণ্ডারের সেনাপতি সেলুকাসের সঙ্গে যুদ্ধ করিয়া চন্দ্রগুপ্ত জয় লাভ করেন এবং সেলুকাসের কন্যাকে বিবাহ করেন।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া প্রাচ্য ও পাশ্চাত্য কতিপয় মনস্বী লোক যুধিষ্ঠিরের সময়-নিরূপণে নানাবিধ মতের আবিষ্কার করিয়া ঐতিহাসিক তথ্যকে অত্যন্ত সন্দেহসঙ্কুল করিয়া রাখিয়া গিয়াছেন। রমেশচন্দ্র ১২৫০ খৃষ্টপূর্ব্বাব্দে, বঙ্কিমচন্দ্র ১৪৩০ খৃষ্টপূর্ব্বাব্দে, প্রাট্ ১২০০ খৃষ্টপূর্ব্বাব্দে, বুকানন ১৩০০ খৃষ্টপূর্ব্বাব্দে এবং উইলসন, কোলব্রুক ও এল্‌ফিন্‌ষ্টোন্ ১৪০০ খৃষ্টপূর্ব্বাব্দে, এতদ্ভিন্ন কোন কোন পাশ্চাত্য পণ্ডিত ইহারও বহুপরে যুধিষ্ঠিরের সময়নিরূপণ করিয়া গিয়াছেন। ইহার প্রত্যেক মতের অনুকূল যুক্তি-প্রমাণ উদ্ধৃত করিতে হইলে, প্রবন্ধ অত্যন্ত বিস্তৃত হইয়া পড়ে; সুতরাং সে বিষয়ে বিরত থাকা গেল।

উক্ত মতগুলি পর্য্যালোচনা করিয়া ইহা জানা যায় যে, পরীক্ষিতের জন্ম অর্থাৎ যুধিষ্ঠিরের রাজ্যলাভ হইতে নন্দের অভিষেককালের মধ্যে এইরূপ ব্যবধান হয়; রমেশচন্দ্রের মতে ৯২৩ বৎসর, বঙ্কিমচন্দ্রের মতে ১১০৩, প্রাটের মতে ৮৭৩, বুকাননের মতে ৯৭৩ এবং উইলসন-প্রভৃতির মতে ১০৭৩ বৎসর মাত্র।

ইহার প্রতিবাদে আমাদের প্রথম বক্তব্য এই যে, ইহারা যে মহাভারতের নায়ক

* এমনই আশ্চর্য্য যে, এই আলেকজাণ্ডারের ভারত আক্রমণ নিয়াও তিনটী মতভেদ আছে। কেহ ৩২৩, কেহ ৩২৫ এবং কেহ ৩২৭ খৃষ্টপূর্ব্বাব্দে আলেকজাণ্ডারের ভারত আক্রমণ বলেন।

যুধিষ্ঠিরের সময়নিরূপণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, সেই মহাভারতেরই দুইটী বচন পর্য্যালোচনা করিলে, নিশ্চয়ই যুধিষ্ঠিরকে এত অর্ব্বাচীন করিতে পারিতেন না। সে বচন দুইটী এই—

"ততস্ত্বং পুরুষশ্রেষ্ঠ! ধর্ম্মেণ প্রতিপেদিবান্।
ইদং বর্ষসহস্রাণি সর্ব্বভূতানুপালকঃ ॥১৮॥"
"পরিশ্রান্তো বয়স্থশ্চ ষষ্টিবর্ষো জরান্বিতঃ।
ক্ষুদিতঃ স মহারণ্যে দদর্শ মুনিসত্তমম্ ॥২৬॥"

(মহাভারত, আদিপর্ব্ব, ৪৪ অধ্যায়। পুস্তকবিশেষে আদিপর্ব্ব ৪৯ অধ্যায়।) প্রাচীন টীকায় প্রথম বচনটীর কোন অর্থ দেখা যায় না।

(জনমেজয়ের নিকট বৃদ্ধমন্ত্রিগণ বলিতেছেন)—"তৎপরে আপনি কুলক্রমাগত এই রাজ্যতন্ত্র ধর্ম্মতঃ লাভ করিয়াছেন এবং অতিশৈশবাবস্থাতেই রাজ্যে অভিষিক্ত হইয়া সহস্র বৎসর প্রজাবর্গ শাসন করিতেছেন ॥১৮॥" ৺কালীপ্রসন্নসিংহকৃত অনুবাদ।

(জনমেজয়ের নিকট বৃদ্ধমন্ত্রিগণই বলিতেছেন)—"তৎকালে তিনি (পরীক্ষিৎ) ষষ্টিবর্ষ বয়স্ক ও অতিজীর্ণকলেবর হইয়াছিলেন, এই নিমিত্ত অতি অল্পকালের মধ্যে একান্ত ক্লান্ত ও ও ক্ষুৎপিপাসায় নিতান্ত আক্রান্ত হইলেন। পরে ইতস্ততঃ পর্য্যটন করিতে করিতে অরণ্যমধ্যে এক মুনিকে দেখিতে পাইলেন ॥২৬॥" ৺কালীপ্রসন্নসিংহকৃত অনুবাদ।

মহাভারতের এই স্থান হইতে জানা যায় যে, ইহার পরে সেই মুনি পরীক্ষিতের কথার উত্তর না দেওয়ায় পরীক্ষিৎ ক্রুদ্ধ হইয়া মুনির গলায় মড়া সাপ ঝুলাইয়া দেন, এই বৃত্তান্ত জানিয়া ঐ মুনির পুত্র পরীক্ষিৎকে অভিসম্পাত করেন. তাহাতেই সপ্তমদিনে তক্ষকদংশনে পরীক্ষিতের মৃত্যু হয়। তৎপরে জনমেজয় রাজা হন।

এখন মহাভারতেরই সুস্পষ্ট বচন অনুসারে জানা যাইতেছে যে, পরীক্ষিতের জন্ম হইতে ৬০ বৎসর এবং তাঁহার পুত্র জনমেজয়ের রাজত্বকাল ১০০০ বৎসর এই ১০৬০ বৎসরের মধ্যে জনমেজয়ের রাজত্বকালেই রমেশচন্দ্র, প্রাট্ ও বুকাননের মতে নন্দের অভিষেক হইয়াছিল; আর, জনমেজয়ের পুত্র শতানীকের রাজত্বকালেই বঙ্কিমচন্দ্র ও উইলসনপ্রভৃতির মতে নন্দের অভিষেক হইয়াছিল, ইহা বাধ্য হইয়াই স্বীকার করিতে হয়; অথচ ইঁহাদের রাজ্য-কাল হইতে অতিদূর ভবিষ্যতে নন্দের রাজ্যাভিষেক হইয়াছিল, ইহা সর্ব্ববাদিসিদ্ধ। অতএব এমন অদ্ভুত সিদ্ধান্ত কোন ঐতিহাসিকই স্বীকার করিতে পারেন না।

তবে, জনমেজয়ের এক হাজার বৎসর রাজত্ব করা অসম্ভব মনে করিয়া, উক্ত বচন দুইটীকে প্রক্ষিপ্ত বা অতিরঞ্জক বলিয়া, বা পাঠান্তর কল্পনা করিয়া, কিংবা ব্যাখ্যান্তর ঘটাইয়া, উঁহারা আপন আপন মত রাখিবার চেষ্টা করিতে পারেন। তাহা হইলেও আমরা বলিব যে, উঁহাদের মধ্যে অনেকেই আপন সিদ্ধান্তের অনুকূলে শ্রীমদ্ভাগবতের যে বচনটীকে প্রধান অবলম্বন বলিয়া ধরিয়াছেন, সে বচনটীর শ্রীধরস্বামীর ব্যাখ্যা দেখিলে, তাঁহারা সম্ভবতঃ উক্ত-রূপ ভ্রমে পতিত হইতেন না। সে বচনটী ও তাহার শ্রীধরস্বামিকৃত ব্যাখ্যা এই—

"আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্বর্ষসহস্রন্তু শতং পঞ্চদশোত্তরম্ ॥" শ্রীমদ্ভাগবত ১২-২-২৬

"কলিযুগাবান্তরবিশেষং বক্তুমাহ আরভ্যেত্যাদিনা। বর্ষসহস্রং পঞ্চদশোত্তরং শতঞ্চেতি **কয়াপি বিবক্ষয়া অবান্তরসংখ্যেয়ম্**"। শ্রীধরস্বামিকৃত টীকা।

ইহার তাৎপর্য্য এই—"এই যে এক হাজার এক শত পনর সংখ্যা বলিয়াছেন, ইহা শুকদেব কোন উদ্দেশ্যবশতঃ কোন বৃহত্তর সংখ্যার অন্তর্গত সংখ্যাই বলিয়াছেন।"

ইহাতে বেশ বুঝা গেল যে, ঋষিকল্প শ্রীধরস্বামীর মতেও পরীক্ষিতের জন্মকাল হইতে নন্দের অভিষেককালের মধ্যে এক হাজার এক শত পনর বৎসর অপেক্ষা অনেক অধিক বৎসর গিয়াছিল।

এখন যদি অপর পক্ষ শ্রীধরস্বামীর এই যুক্তিসঙ্গত ব্যাখ্যাটীকেও প্রক্ষিপ্ত বলিয়া অগ্রাহ্য করেন, তবে আমাদের বাধ্য হইয়াই সেই দায়ভাগলিখিত জীমূতবাহনের উপহাসোক্তিটীর উল্লেখ করিতে হইবে যে, **"পরমপ্রেক্ষাবন্মনুগৌতম-দক্ষাদিপ্রযুক্তপদানাং প্রতিক্ষণমবিবক্ষামাচক্ষাণঃ স্বস্যৈব সাক্ষাদবিবক্ষিতত্বং খ্যাপয়তি।"**

তার' পর, বঙ্কিমবাবু, হিন্দুসভ্যতার অর্ব্বাচীনতাবাদী যে সাহেবদের উপর নানাবিধ ব্যঙ্গোক্তি করিতে ছাড়েন নাই, সেই সাহেবদের মধ্যেই হিপার্কস্ ও মাস্কোলাইনের দেখার উপর নির্ভর করিয়া, জ্যোতিষগণনা দেখাইয়া, তাঁহার কৃষ্ণচরিত্রে এক প্রৌঢ়িবাদ বলিয়াছেন যে, "ভরসা করি, এই সকল প্রমাণের পর আর কেহই বলিবেন না যে, মহাভারতের যুদ্ধ দ্বাপরের শেষে পাঁচ হাজার বৎসর পূর্ব্বে হইয়াছিল।" আমরা কিন্তু ঐ সাহেব দুইটীর দেখাকে অভ্রান্ত বলিয়া মনে করি না, সুতরাং বঙ্কিমবাবুর এই সিদ্ধান্তকেও অভ্রান্ত বলিয়া স্বীকার করি না।

এখন দেখা যাউক, প্রকৃত সিদ্ধান্ত ঠিক রাখিয়া শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণের ঐ বচন গুলির সামঞ্জস্য করা যায় কি না। আমরা পূর্ব্বেই সিদ্ধান্ত করিয়া আসিয়াছি যে, আজ (১৯৩০ খৃষ্টাব্দ) হইতে ৫০৩১ বৎসর পূর্ব্বে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল, আর ইহাও যুক্তির সাহায্যে বলিয়াছি যে, কুরুপাণ্ডবসম্বন্ধে মহাভারতের প্রমাণই সর্ব্বাপেক্ষা প্রবল এবং অন্যান্য প্রমাণ দুর্ব্বল; তৎপরে আবার দেখাইয়াছি যে, পরস্পর বিরোধস্থানে প্রবল প্রমাণের যথাশ্রুত অর্থ রাখিয়া দুর্ব্বল প্রমাণের অর্থান্তর করিতে হইবে। পাঠকমহোদয়গণ! এইগুলি মনে রাখিয়া পর্য্যালোচনা করিবেন।

"অন্তরে চৈব সম্প্রাপ্তে কলিদ্বাপরয়োরভূৎ।
সমন্তপঞ্চকে যুদ্ধং কুরুপাণ্ডবসেনয়োঃ॥"

এই মহাভারতোক্ত প্রবল প্রমাণের সঙ্গে শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণোক্ত

"আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।"
এতদ্বর্ষসহস্রন্তু শতং পঞ্চদশোত্তরম্॥"

এই বচনের বিরোধ হয় বলিয়া, "পঞ্চদশোত্তরম্" **এই পঞ্চদশ শব্দের অর্থ পঞ্চদশ শত।** ইহাতে লক্ষণা হইল বটে, তবে তাহা অজহৎস্বার্থা বলিয়া তত দোষাবহ নহে; বিশেষতঃ ঋষিকল্প শ্রীধরস্বামীই এই লক্ষণা করিবার ইঙ্গিত করিয়া গিয়াছেন। তাহা আমরা অনতিপূর্ব্বেই দেখাইয়াছি। সুতরাং এই শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণের বচনেই পাওয়া গেল ১০০০+১০০+১৫০০=২৬০০ বৎসর। তা'র পর,

"তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ।
য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ॥"

এই শ্রীমদ্ভাগবতের বচন অনুসারে ইহা জানা যাইতেছে যে, মহাপদ্মনন্দের পুত্রেরাই একশত বৎসর রাজত্ব করিয়াছিলেন। সুতরাং বিষ্ণুপুরাণোক্ত গদ্যেরও এইরূপই অর্থ করিতে হইবে। তাহাতে মহাপদ্মনন্দের নির্দ্দিষ্ট রাজত্বকাল পাওয়া না গেলেও বাধ্য হইয়াই বলিতে হইবে যে, মহাপদ্মনন্দ ৭৪ বৎসর রাজ করিয়া পরলোকে গমন করিয়াছিলেন; * না হইলে, উক্ত মহাভারতবচনের সহিত সামঞ্জস্য হয় না। এক্ষণে খৃষ্টজন্মের ৩২৭ বৎসর পূর্ব্বে আলেকজাণ্ডার ভারত আক্রমণ করিয়াছিলেন, সেই ৩২৭ বৎসর ধরিতে হইবে। তাহা হইলেই আমরা যে খৃষ্টজন্মের ৩১০১ বৎসর পূর্ব্বে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল বলিয়া সিদ্ধান্ত করিয়াছি, তাহা বর্ণে বর্ণে মিলিয়া যাইবে। যথা—

"আরভ্য ভবতো জন্ম"—ইত্যাদি শ্রীমদ্ভাগবতোক্ত—	২৬০০ বৎসর।
মহাপদ্মনন্দের রাজত্বকাল	৭৪ "
মহাপদ্মনন্দের পুত্রগণের রাজত্বকাল	১০০ "
খৃষ্টজন্মের পূর্ব্ব হইতে আলেকজাণ্ডারের ভারতাক্রমণকাল	৩২৭ "
	৩১০১

এখন শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণের অবশিষ্ট বচন কয়টীর সামঞ্জস্য দেখাইয়া এই প্রবন্ধের উপসংহার করিব। সে বচন কয়টী এই—

"সপ্তর্ষীণাস্তু যৌ পূর্ব্বৌ দৃশ্যেতে উদিতৌ দিবি।
তয়োস্তু মধ্যে নক্ষত্রং দৃশ্যতে যৎ সমং নিশি॥২৭॥
তেনৈব ঋষয়ো যুক্তাস্তিষ্ঠন্ত্যব্দশতং নৃণাম্।
তে ত্বদীয়ে দ্বিজাঃ কালে অধুনা চাশ্রিতা মঘাঃ॥২৮॥
যদা দেবর্ষয়ঃ সপ্ত মঘাসু বিচরন্তি হি।
তদা প্রবৃত্তস্তু কলির্দ্বাদশাব্দশতাত্মকঃ॥৩১॥
যদা মঘাভ্যো যাস্যন্তি পূর্ব্বাষাঢ়াং মহর্ষয়ঃ।
তদানন্দাৎ প্রভৃত্যেষ কলির্বৃদ্ধিং গমিষ্যতি॥৩২॥"†

* মহাপদ্মনন্দের ১৭৪ বৎসর বয়স এবং তাঁহার পুত্রগণের ঐ হিসাবে যথাসম্ভব বয়স ছিল; এমন অবস্থায় চাণক্য তাঁহাদিগকে বিনষ্ট করেন; ইহা স্বীকার করিলে, চাণক্যকর্ত্তৃক নয় জন নন্দের হত্যাও সম্ভবপর হয়। ঐরূপ দীর্ঘ জীবনলাভ অসম্ভব নহে। কেন না, মৃচ্ছকটিকে দেখা যায়—"লব্ধ্বা চায়ুঃ শতাব্দং দশদিনসহিতং শূদ্রকোঽগ্নিং প্রবিষ্টঃ"; আমরাও ১২০ বৎসর এবং ১৩২ বৎসর বয়সের লোক দেখিয়াছি। সংবাদপত্রে দেখা যায় বর্ত্তমানে কনষ্টাণ্টীনোপলের জারো আখা নামক এক ব্যক্তির বয়স ১৫৬ বৎসর এবং বুলগেরিয়ায় ল্যাত্‌কা মিড্‌ভা নামক একটী স্ত্রীলোকের বয়স ১৫২ বৎসর। এই দুই জনই বর্ত্তমান সময়ে কার্য্যক্ষম আছেন। তা'র পর, রাজতরঙ্গিণী প্রথমতরঙ্গ ৩০৯ শ্লোক (স বর্ষসপ্ততিং ভুক্ত্বা ভুবং ভূলোকভৈরবঃ।"...) ইহাতে জানা যায় কাশ্মীররাজ মিহিরকুল ৭০ বৎসর রাজত্ব করিয়াছিলেন এবং ইংলণ্ডেশ্বরী ভিক্টোরিয়াও ৬৪ বৎসর রাজত্ব করিয়া গিয়াছেন। সুতরাং নন্দের ৭৪ বৎসর রাজত্ব করা অসম্ভব বলিয়া মনে করা সঙ্গত নহে।

† ৩১-৩২ শ্লোকয়োরর্থঃ—যদা সপ্ত দেবর্ষয়ো মঘাসু বিচরন্তি, তদা যুধিষ্ঠিররাজত্বসময়ে পরীক্ষিতস্য শৈশবযৌবনসময়ে কলিঃ প্রবৃত্তঃ। তু কিন্তু যদা তে মহর্ষয়ো মঘাভ্যঃ পূর্ব্বাষাঢ়াং যাস্যন্তি, তদা প্রভৃতি দ্বাদশাব্দশতে

ইহার শেষ বচনটীর "তদানন্দাৎ" এইখানে নন্দশব্দ ধরিলে এবং তাহার অর্থ মহাপদ্মনন্দ করিলেই অত্যন্ত অসামঞ্জস্য উপস্থিত হয়। সুতরাং পূর্ব্ব বচন দুইটীর অর্থ, সকলের মতেই সমান থাকিবে, পরের বচন দুইটীর অর্থ এইরূপ করিতে হইবে—যখন সপ্তর্ষিগণ মঘানক্ষত্রে আসিয়াছিলেন, তখন (যুধিষ্ঠিরের রাজত্বকালে এবং পরীক্ষিতের শৈশব ও যৌবনকালে) কলি উপস্থিত হইয়াছিল। কিন্তু যখন সেই সপ্তর্ষিরা মঘানক্ষত্র হইতে পূর্ব্বাষাঢ়া নক্ষত্র ভোগ করিয়া যাইবেন, তখন হইতে, (কলির প্রবৃত্তি অবধি) বার শত বৎসর আরম্ভ হইবার উপক্রমে, এই কলি নিজের অনুকূল রাজা ও প্রজা লাভ করায় আনন্দে বৃদ্ধি লাভ করিবে।

সপ্তর্ষিরা এক একটী নক্ষত্রে এক এক শত বৎসর অবস্থান করেন, মঘা হইতে পূর্ব্বাষাঢ়া এগার নক্ষত্র; সুতরাং সপ্তর্ষিদের এগারটী নক্ষত্র ভোগ করিতে এগার শত বৎসর লাগে। অতএব এখন আর কোথাও কোন অসামঞ্জস্য দেখা যায় না। সুতরাং এই প্রবন্ধটী সংস্কৃত-ভাষায় লিখিলে, অবশ্যই এখন লিখিতাম যে, "ইতি সর্ব্বমবদাতম্।"

———:০:———

মহাভারতরচনার সময়।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন এক বেদকে চারি ভাগে বিভক্ত করেন *। এই বেদবিভাগ অত্যন্ত জ্ঞান ও গবেষণা-সাধ্য বলিয়া সম্ভবতঃ তৎকালবর্ত্তী জ্ঞানীরা তাঁহাকে 'বেদব্যাস' উপাধি দান করিয়া সম্মানিত করিয়াছিলেন; তাহার পর তিনি মহাভারত রচনা করেন। ইহার প্রমাণ আমরা মহাভারতেই দেখিতে পাই। আদিপর্ব্ব-প্রথম অধ্যায়-৫৪ শ্লোক—

"তপসা ব্রহ্মচর্য্যেণ ব্যস্য বেদং সনাতনম্।
ইতিহাসমিমং চক্রে পুণ্যং সত্যবতীসুতঃ॥"

আর, প্রথম হইতে শেষপর্য্যন্ত প্রত্যেক অধ্যায়সমাপ্তিতেই 'বৈয়াসিক্যাম্' এই শব্দটী লেখা আছে।

এখন জিজ্ঞাস্য হইতে পারে যে, প্রথম হইতে আস্তীকোপাখ্যান ও কথানুবন্ধপর্য্যন্ত পঞ্চান্নটী অধ্যায় মহাভারতের প্রস্তাবনা; তাহার বক্তা সূত; সুতরাং সে অংশ বেদব্যাস রচনা করেন নাই; তথাপি সে অংশের অধ্যায়সমাপ্তিতেও 'বৈয়াসিক্যাম্' এইরূপ লেখা আছে কেন? ইহার উত্তরে বক্তব্য যে, প্রসিদ্ধ মৃচ্ছকটিকপ্রকরণ শূদ্রককৃত; তাহার প্রস্তাবনায় লিখিত আছে—"লব্ধ্বা চায়ুঃ শতাব্দং দশদিনসহিতং শূদ্রকোঽগ্নিং প্রবিষ্টঃ"। একথা তৎকালমৃত শূদ্রককবি লিখিতে পারেন নাই, নিশ্চয়ই অন্য কোন কবি লিখিয়াছেন; তথাপি সেই প্রস্তাবনা যেমন শূদ্রককৃত মৃচ্ছকটিকের সহিত সম্বদ্ধ থাকায় শূদ্রককৃত বলিয়াই প্রসিদ্ধ রহিয়াছে; সেইরূপ মহাভারতের ঐ প্রস্তাবনা তৎকালবর্ত্তী অন্য কোন ঋষির রচিত হইলেও বৈয়াসকী মহাভারতসংহিতার সহিত সম্বদ্ধ থাকায় 'বৈয়াসকী' বলিয়া লিখিত ও প্রসিদ্ধ হইয়াছে। অথবা কালিদাসপ্রভৃতি কবিগণ যেমন শাকুন্তলপ্রভৃতি নাটকের প্রস্তাবনা হইতে সমস্ত অংশ রচনা করিয়া তাহার প্রস্তাবনা অংশ সূত্রধার দ্বারা এবং প্রকৃত অংশ দুষ্মন্তপ্রভৃতি দ্বারা বলাইয়াছেন; বেদব্যাসও তেমন মহাভারতের প্রথম হইতে সমস্ত অংশ রচনা করিয়া

দ্বাদশাব্দশতোপক্রমে আত্মা স্বয়ংং বস্য স তাদৃশঃ, এষ কলিঃ, আনন্দাৎ স্বানুকূলরাজপ্রজালাভামোদাৎ বৃদ্ধিং গমিষ্যতি।

* "বিব্যাসৈকং চতুর্দ্ধা যো বেদং বেদবিদাং বরঃ।" আদিপর্ব্ব—৫৫ অধ্যায়—৫ শ্লোক।

তাহার প্রস্তাবনা অংশ সূত দ্বারা এবং প্রকৃত অংশ বৈশম্পায়ন দ্বারা বলাইয়াছেন। সুতরাং প্রস্তাবনাভাগেও 'বৈয়াসিক্যাম্' এইরূপ লেখা সঙ্গতই হইয়াছে।

"ইতিহাসমিমং চক্রে পুণ্যং সত্যবতীসুতঃ" এই মহাভারতের বচন অনুসারেই জানা যায় যে, মহাভারত একখানি ইতিহাসগ্রন্থ। সুতরাং তাহা উপন্যাসের ন্যায় কবিকল্পনাপ্রসূত হইতে পারে না। অতএব যুধিষ্ঠিরপ্রভৃতির জীবনচরিত শেষ হইলে পরই বেদব্যাস যে মহাভারত রচনা করিয়াছিলেন তাহা অনায়াসেই বুঝা যায় এবং মহাভারতের একটী বচনের আভাসেও তাহা জানা যায়। আদিপর্ব্ব—প্রথম অধ্যায় ৫৮ শ্লোক—

"তেষু জাতেষু বৃদ্ধেষু গতেষু পরমাং গতিম্।
অব্রবীদ্ভারতং লোকে মানুষেঽস্মিন্ মহানৃষিঃ॥"

অর্থাৎ ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুর জন্মিয়া বৃদ্ধ হইয়া স্বর্গলাভ করিলে পর, মহর্ষি বেদব্যাস এই মনুষ্যলোকে মহাভারত বলিয়াছিলেন। পূর্ব্বেই পাণ্ডুর মৃত্যু হইয়াছিল, তাহার অনেক পরে কুরুক্ষেত্রযুদ্ধ এবং যুধিষ্ঠিরের রাজ্যলাভ হয়, সেই রাজত্বের শেষ সময়ে ধৃতরাষ্ট্র আশ্রমে বাস করিয়া স্বর্গারোহণ করেন, তৎপরে যদুবংশধ্বংস হয় এবং কৃষ্ণ মহাপ্রয়াণ করেন এই সময়ে যুধিষ্ঠিরের ৩৬ বৎসর রাজত্ব করা হইয়াছিল; ইহা আমরা পূর্ব্বেই (যুধিষ্ঠিরের সময়-প্রবন্ধে ৩৭ পৃষ্ঠে) বলিয়া আসিয়াছি। তখন ৩৬ বৎসরবয়স্ক পরীক্ষিৎকে রাজা করিয়া যুধিষ্ঠির মহাপ্রস্থান ও স্বর্গারোহণ করেন; তাহার পর পরীক্ষিৎ ২৪ বৎসর রাজত্ব করিয়া ৬০ বৎসর বয়সে তক্ষকদংশনে মৃত্যুমুখে পতিত হন†। এই সমস্ত বৃত্তান্ত মহাভারতেই লিখিত আছে; আবার সেই পরীক্ষিতের পুত্র জনমেজয়ের সর্পসত্র সমাপ্ত হইলে, বৈশম্পায়ন ব্যাসরচিত মহাভারত বলিতেছেন, ইহাও মহাভারতেই দেখা যায়‡। সুতরাং বাধ্য হইয়াই স্বীকার করিতে হইবে যে, **পরীক্ষিতের মৃত্যুর পরে জনমেজয়ের সর্পসত্রের পূর্ব্বে প্রকৃত মহাভারত রচিত হইয়াছিল** এবং জনমেজয়ের নিকট প্রকৃত মহাভারত বলার পরে অন্য কোন ঋষি, অথবা স্বয়ং বেদব্যাসই সমগ্র উপাখ্যানটীকে সুসংলগ্ন করিবার জন্য প্রস্তাবনাভাগ রচনা করিয়া প্রকৃত মহাভারতের সহিত যোগ করিয়া দিয়াছিলেন।

এখন মহাভারতরচনার সময় জানা সহজ হইয়া আসিয়াছে। কেন না, আমরা পূর্ব্বেই (৩৬ পৃষ্ঠে) নানাবিধ প্রমাণ প্রয়োগ দ্বারা দেখাইয়া আসিয়াছি যে, ৩৭ কল্যব্দে অর্থাৎ ৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে যুধিষ্ঠির স্বর্গারোহণ করিয়াছিলেন; আর এখন মহাভারতের প্রমাণ দ্বারাই দেখাইলাম যে, তৎকালে পরীক্ষিৎ রাজা হইয়া ২৪ বৎসর রাজত্ব করিয়া পরলোক গমন করেন এবং তাহার পর মহাভারত রচিত হয়। অতএব এখন নিঃসন্দেহে বলা যাইতে পারে যে, ৩৭ কল্যব্দের (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দের) ২৪ বৎসর পরে অর্থাৎ **৬১ কল্যব্দে (৩০৪১ খৃষ্টপূর্ব্বাব্দে) বেদব্যাস মহাভারত রচনা আরম্ভ করেন এবং তিন বৎসরে সে রচনা সমাপ্ত করেন।** বেদব্যাস

† "পরিশ্রান্তো বয়স্থশ্চ ষষ্টিবর্ষো জরান্বিতঃ। ক্ষুধিতঃ স মহারণ্যে দদর্শ মুনিসত্তমম্॥" আদিপর্ব্ব ৪৪ অধ্যায় ২৬ শ্লোক।

‡ "জনমেজয় উবাচ। "কথিতং বৈ সমাসেন ত্বয়া সর্ব্বং দ্বিজোত্তম।। মহাভারতমাখ্যানং কৃষ্ণাং চরিতং মহৎ। ... ... বৈশম্পায়ন উবাচ। ... ... "ত্রিভির্বর্ষৈঃ সদোত্থায়ী কৃষ্ণদ্বৈপায়নো মুনিঃ। মহাভারতমাখ্যানং কৃতবানিদমন্তুতম্॥" আদিপর্ব্ব ৫৭ অধ্যায় ১ ও ৫০ শ্লোক।

তিন বৎসরে যে মহাভারত রচনা করেন, তাহার প্রমাণও মহাভারতেই পাওয়া যায়। যথা—আদিপর্ব্ব-৫৭ অধ্যায়-৪০ শ্লোক—

"ত্রিভির্বর্ষৈর্মহাভাগঃ কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ।
নিত্যোত্থিতঃ শুচিঃ শক্তো মহাভারতমাদিতঃ॥"

মহাভারতের প্রস্তাবনাভাগে বৌদ্ধসন্ন্যাসী ও বৌদ্ধমঠের উল্লেখ * দেখিয়া অনেকে মনে করেন যে, মহাভারতের ঘটনা অতিপ্রাচীন হইলেও মহাভারতগ্রন্থ বা অন্ততঃ তাহার প্রস্তাবনা-ভাগ বুদ্ধ শাক্যসিংহের ধর্ম্মপ্রচারের পরে রচিত হইয়াছিল। আমরা কিন্তু ঐরূপ ধারণাকে অত্যন্ত অসমীচীন বলিয়া মনে করি। কারণ, মহাভারতের ঐ প্রস্তাবনাভাগেই দেখা যায় যে, বৌদ্ধসন্ন্যাসি-রূপী তক্ষক কুণ্ডল হরণ করিলে, উতঙ্ক পাতালে যাইয়া, সেই কুণ্ডল আনিয়া, তাহাই গুরুদক্ষিণা দেন এবং তক্ষকের উপরে ক্রুদ্ধ হইয়া, তাহার প্রতিশোধ লইবার জন্য হস্তিনায় যাইয়া জনমেজয় রাজাকে উত্তেজিত করেন †। ইহাতে ঐ বৌদ্ধসন্ন্যাসী ও জনমেজয় রাজা সমসাময়িক ছিলেন, ইহাই বুঝা যায়; তা'র পর, বৌদ্ধসন্ন্যাসী জনমেজয়ের সময়ে থাকিলে বৌদ্ধ-মঠও তখন ছিল, ইহাও বুঝিতে হইবে। কেন না, বিহার বা বৌদ্ধমঠ বৌদ্ধসন্ন্যাসীদিগেরই আশ্রয়স্থান। ওদিকে যুধিষ্ঠিরের স্বর্গারোহণের পরে পরীক্ষিৎ রাজা হইয়া ২৪ বৎসর রাজত্ব করিয়া পরলোক গমন করিলে, তাঁহার পুত্র জনমেজয় রাজা হন, ইহা মহাভারতেই দেখা যায়। অতএব জনমেজয় যুধিষ্ঠিরের স্বর্গারোহণের পূর্ব্বে বা অব্যবহিত পরে জন্মিয়াছিলেন এবং খৃষ্ট-পূর্ব্ব ৩১০০ শতাব্দীতে বিদ্যমান ছিলেন, ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে। আর শাক্যসিংহ খৃষ্টপূর্ব্ব ৬৩৩ অব্দে জন্মিয়াছিলেন, ইহা ঐতিহাসিক বৃত্তান্ত। অতএব শাক্যসিংহ জনমেজয় হইতে প্রায় আড়াই হাজার বৎসরের পরবর্ত্তী ছিলেন বলিয়া তাঁহার প্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী বৌদ্ধ-সন্ন্যাসী কখনই জনমেজয়ের সময়ে থাকিতে পারেন না। তা'র পর, মহাভারতরচয়িতা বেদব্যাসেরই রচিত বেদান্তদর্শন বা শারীরকসূত্রের দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদে বৌদ্ধমত খণ্ডন দেখিতে পাওয়া যায় ‡। অতএব স্বীকার করিতে হইবে যে, শাক্যসিংহের বহুপূর্ব্ব কাল হইতেই বৌদ্ধমত, বৌদ্ধধর্ম্ম, বৌদ্ধসন্ন্যাসী ও বৌদ্ধমঠ চলিয়া আসিতেছিল। তাহা আমরা সংস্কৃতভাষায় লিখিত ললিতবিস্তরসূত্র, বুদ্ধচরিতকাব্য, লঙ্কাবতারসূত্র ও অবদানকল্পলতাপ্রভৃতি গ্রন্থে এবং পালিভাষায় লিখিত জাতকপ্রভৃতিগ্রন্থেও দেখিতে পাই। ঐ গ্রন্থগুলি পর্য্যালোচনা করিলে ইহাও জানিতে পারি যে, ক্রকুচ্ছন্দনামক বুদ্ধ খৃষ্টপূর্ব্ব ৩১০১ অব্দে, কনকমুনিনামক বুদ্ধ খৃষ্টপূর্ব্ব ২০৯০ অব্দে, কাশ্যপনামক বুদ্ধ খৃষ্টপূর্ব্ব ১০১৪ অব্দে এবং শাক্যসিংহ খৃষ্টপূর্ব্ব ৬৩৩ অব্দে জন্মিয়াছিলেন; আবার ইহাদের পূর্ব্বেও ১২০ জন বুদ্ধ জন্মিয়াছিলেন। সুতরাং মহা-ভারতে বা বেদান্তদর্শনে বৌদ্ধসন্ন্যাসী বা বৌদ্ধমত খণ্ডন থাকায় তাহা শাক্যসিংহের পরে রচিত বলিয়া অনুমান করা যায় না।

---

* "সোঽপশ্যদথ পথি নগ্নং ক্ষপণকমাগচ্ছন্তম্……। আদিপর্ব্ব ৩ অধ্যায় ১৩৪ শ্লোক। "ইমাং মহীং শৈলবনোপপন্নাং সসাগরগ্রামবিহারপত্তনাম্ ……।" আদিপর্ব্ব ৩১ অধ্যায় ১৯ শ্লোক।

† "স উপাধ্যায়েনানুজ্ঞাতো ভগবানুতঙ্কঃ ক্রুদ্ধস্তক্ষকং প্রতিচিকীর্ষমাণো হাস্তিনপুরং প্রতস্থে ॥১৮৩॥……অস্মিন্ কর্ম্মণ্যেষ তু কার্য্যে পার্থিবসত্তম।। বাল্যাদিবাস্মদেব ত্বং কুরুষে নৃপসত্তম।" ॥১৯০॥ আদিপর্ব্ব ৩ অধ্যায়।

‡ "সমুদায় উভয়হেতুকেঽপি তদপ্রাপ্তিঃ" ইত্যাদি সূত্র, ভাষ্য ও টীকাপ্রভৃতি দ্রষ্টব্য।

STATE CENTRAL LIBRARY
WEST BENGAL
CALCUTTA